



বাংলা সাময়িক-পত্র

১৮১৮—১৮১৮


শ্রীযুত অমল হোম

প্রিয়বরেষু


সংবাদপত্র-পরিচালনায় তোমার নিষ্ঠা তোমার প্রতিষ্ঠারই সমতুল্য ।
সেজ্ঞা 'বাংলা সাময়িক-পত্র' তোমারই হাতে সমর্পণ করিলাম ।

বাংলা সাময়িক-পত্র

(১৮৬৮ ইং) ৪১৮ — (১৮৮৮ ইং) ৪২২৫



শ্রী ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়



বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কলিকাতা

প্রকাশক
শ্রীরামকমল সিংহ
বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

প্রথম সংস্করণ — মাঘ ১৩৪২
দ্বিতীয় সংস্করণ — মাঘ ১৩৪৬
নূতন সংস্করণ — মাঘ ১৩৫৪

মূল্য পাঁচ টাকা

১৯৫৪

মুদ্রাকর—শ্রীসজনীকান্ত দাস
শনিরঞ্জন প্রেস, ২৫।২ মোহনবাগান রো, কলিকাতা
৫.২—২৫।১।১৯৪৮

নিবেদন


বাংলা-সাহিত্যের প্রসারের সহিত বাংলা সাময়িক-পত্রের ঘনিষ্ঠ যোগ আছে ; ১২২৫ (ইং ১৮১৮) সালে প্রথম বাংলা সাময়িক-পত্র প্রকাশের সঙ্গে সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্য ক্রম উন্নতির পথে অগ্রসর হইয়াছে। কোন্ কোন্ ব্যক্তি বা প্রতিষ্ঠানের চেষ্টায় সাময়িক-পত্রের মধ্য দিয়া বাংলা দেশের সাহিত্য, সমাজ ও রাষ্ট্রে নব জাগরণ আসিয়াছে, তাহাব একটি নির্ভরযোগ্য ইতিহাসের প্রয়োজনীয়তা অস্বীকার করিবাব উপায় নাই। বর্তমান গ্রন্থে বাংলা সাময়িক-পত্রের জন্মাবদি ১২৭৪ (ইং ১৮৬৮) সাল পর্যন্ত ইতিহাস আলোচিত হইয়াছে। আলোচ্য বিষয়ে চূড়ান্ত উপকরণ সংগ্রহ করিতে পারিয়াছি এ-কথা জোরের সহিত বলিতে না পারিলেও চেষ্টার ক্রটি করি নাই। শহর ও মফস্বলের প্রাচীন পরিবারে রক্ষিত পত্র-পত্রিকা অক্ষুণ্ণ করিণে হস্ত এখনও কিছু নূতন উপাদান আবিষ্কৃত হইতে পারে।

কলিকাতা। মাঘ ১৩৫৪

শ্রী ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়



W. W. Hunter



রামমোহন রায়



রামগোপাল ঘোষ



দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়



বাংলা সাময়িক-পত্র

প্রথম পরিচ্ছেদ (১৮১৮—১৮২২)

আজকাল সভ্য-সমাজে সংবাদপত্র নিত্যব্যবহার্য বস্তু হইয়া দাঁড়াইয়াছে, সংবাদপত্র মুদ্রণ ও বিতরণের বিধিব্যবস্থাও একটা বিরাট ব্যবসাতে পরিণত হইয়াছে। অথচ সংবাদপত্রের ইতিহাস খুব প্রাচীন নয়। ইউরোপীয় জাতিদের মধ্যেও মাত্র গত দুই শত বৎসরের মধ্যে সংবাদপত্রের সম্যক্ বিকাশ হইয়াছে। তাহার পূর্বে ইউরোপের মফস্বলবাসী বড়লোক ও ব্যবসায়ীরা হাতে-লেখা সংবাদের চিঠি হইতে সংবাদ সংগ্রহ করিতেন।

আমাদের দেশেও মোগল আমলে বাদশাহরা প্রতি প্রদেশে এবং বড় বড় শহরে চব্বি রাখিতেন; এই চব্বির স্থানীয় সংবাদ সংগ্রহ করিয়া কখনও মাসে একবার, কখনও বা সপ্তাহে সপ্তাহে লিখিয়া পাঠাইত। গোপনীয় রাজকীয় কথা না থাকিলে এই সকল সংবাদের চিঠি রাজদরবারে প্রকাশে পড়া হইত, এবং সভায় উপস্থিত সকল লোক নানা স্থানের সংবাদ পাইত। এই প্রথার অমুকরণে সেনাপতি, শাসনকর্তা এবং করদ-রাজারাও রাজদরবারের ঘটনা, রাজধানীর ও অশান্ত প্রদেশের সংবাদ জানিবার জন্ত সম্রাটের সভায় নিজ নিজ সংবাদ-লেখক—‘ওয়াকেনা-নবিস’ রাখিতেন। ফৌজদার, থানাদারের মত ছোটখাট রাজকর্মচারীরাও উপরিতন কর্মচারী অর্থাৎ সুবাদার বা প্রাদেশিক শাসনকর্তার সভায় নিজস্ব পত্র-লেখক নিযুক্ত করিতেন। এই সকল লেখক নিজ নিজ প্রভুর নিকট নিয়মিতরূপে যে সংবাদ লিখিয়া পাঠাইত, তাহাই সাধারণতঃ মুখে মুখে সমাজে প্রচারিত হইত। বড় বড় মহাজন এবং ধনী বণিকেরাও নিজ নিজ কারবারের দুরবর্তী শাখাগুলিতে অথবা বড় বড় শহরে অবস্থিত স্বকীয় প্রতিনিধিগণের নিকট হইতে নিয়মিতরূপে স্থানীয় সংবাদ পাইবার ব্যবস্থা করিয়া রাখিতেন। সংবাদ জানিবার জন্ত মাছবের যে একটা স্বাভাবিক কৌতূহল আছে, এইরূপে মোগল-যুগে সমাজের প্রায় সকল স্তরের লোকের মধ্যেই তাহা চরিতার্থ করিবার উপায় ছিল। এই সকল সংবাদ-লিপির নাম ছিল ‘আখবার’ বা ভলম বহুবচনে ‘আখবারাৎ’। এগুলি ফার্সীতে লিখিত হইত; মারোয়াড়ী মহাজনদের প্রতিনিধিরা হিন্দী ভাষা ব্যবহার করিত। সংবাদ-বিতরণ উদ্দেশ্য হইলেও এই পত্রগুলি আধুনিক পদ্ধতির সংবাদপত্র হইতে সম্পূর্ণ ভিন্ন ধরণের ছিল। আখবারাতে শুধু বিশেষ ঘটনারই উল্লেখ থাকিত,—রাজনৈতিক মন্তব্য অথবা শাসন-ব্যবস্থা সম্বন্ধে কোন সমালোচনা থাকিত না।

ইংরেজ-আমলে ইংরেজী সংবাদপত্রের অমুকরণে এ-দেশের এই প্রাচীন ব্যবস্থার পরিবর্তন হইল। অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে বাংলা দেশে সর্বপ্রথম মুদ্রাবদ্ধ স্থাপিত হয়। তাহার ফলে জ্ঞান ও শিক্ষার ক্ষেত্রে যে নবজাগরণ শুরু হয়, সংবাদপত্র-প্রকাশ উহার একটি

দিক্। বাংলা দেশের—তথা ভারতবর্ষের প্রথম মুদ্রিত সংবাদপত্র ইংরেজী; উহা 'বেঙ্গল গেজেট,' ১৭৮০ সনের ২৯ জাছুয়ারি হিকি (Hicky) কর্তৃক প্রকাশিত হয়। গবর্ণর-জেনারেল ওয়ারেন হেস্টিংসের স্ত্রী ও জনকয়েক পদস্থ লোকের বিরুদ্ধে মানহানিকর প্রবন্ধ প্রকাশ করায় দুই বৎসর বাইতে-না-বাইতেই এই সাপ্তাহিক পত্রিকার প্রচার বন্ধ করিয়া দেওয়া হয়। ইহার পর 'ইণ্ডিয়া গেজেট', 'ক্যালকাটা গেজেট', 'হরকরা' প্রভৃতি আরও কতকগুলি সংবাদপত্রের জন্ম হইয়াছিল।

সংবাদপত্র-শাসন

সে-মুগে কোম্পানীর গবর্নমেন্ট সংবাদপত্রের উপর প্রেস ছিলেন না। তাঁহার অধিকাংশ সংবাদপত্রের রচনা-ভঙ্গি উগ্র এবং ভাষা ইতর ও অশ্লীল বলিয়া বিবেচনা করিতেন। এই কারণে এবং সৈন্যসামন্তের গতিবিধি, জাহাজ-গমনাগমনের সংবাদ প্রভৃতি যাহাতে অবাধে সংবাদপত্রে প্রচারিত না হইতে পারে, তজ্জন্ম ১৭৯৯ সনের মে মাসে লর্ড ওয়েলেসলী সর্বপ্রথম সংবাদপত্রের স্বাধীনতার সংকোচবিধান করেন। তখন হইতে নিয়ম হয়, সেক্রেটারির দ্বারা পরীক্ষিত হইবার পূর্বে এ-দেশে কোন সংবাদপত্রই প্রকাশিত হইতে পারিবে না; নিয়মভঙ্গ করিলে সম্পাদককে ইউরোপে নির্বাসিত হইতে হইবে। স্বরণ রাখা প্রয়োজন, তখন পর্যন্ত এ-দেশের সকল সংবাদপত্রই ইংরেজী ভাষাতে এবং ইউরোপীয়ের সম্পাদকত্বে প্রকাশিত হইত। এই নিয়মের ফলে সংবাদপত্রের সমস্ত লেখাই, এমন কি, বিজ্ঞাপন পর্যন্ত, মুদ্রণের পূর্বে অমুমোদনার্থ সরকারের সেক্রেটারির নিকট পেশ করিতে হইত। সরকার কর্তৃক সংবাদপত্র-শাসন কিরূপ কাঠিন্যভাবে চলিয়াছিল, শ্রীরামপুর মিশনের জে. সি. মার্শম্যানের একখানি পত্র হইতে তাহা বেশ বুঝা যায়। তিনি লিখিয়াছেন, "সম্পাদকীয় মন্তব্যের স্থলে সংবাদপত্রের অনেক স্তম্ভই তারকা-চিহ্নিত হইয়া বাহির হইত; কেন না, সে-সকল অংশে 'সেন্সর' তাঁহার সাজ্বাতিক কলম চালাইতেন, শেষ মুহূর্ত্তে শূন্য অংশগুলি পূরণ করিয়া দেওয়া সম্ভব হইত না।" দমনকার্য এই ভাবে কয়েক বৎসর চলিবার পর এমন একটি ঘটনা ঘটিল, যাহার ফলে গবর্ণর-জেনারেল লর্ড হেস্টিংস 'সেন্সর' বা সংবাদপত্র-পরীক্ষকের পদ তুলিয়া দেওয়া সমীচীন বোধ করিলেন। হিটলী নামে এ-দেশীয় এক জন সাহেব 'মর্গিং পোস্ট' পত্রের স্বত্বাধিকারী ও সম্পাদক হন। ১৮১৮ খ্রীষ্টাব্দের এপ্রিল মাসে সংবাদপত্র-পরীক্ষক বেলী সাহেব 'মর্গিং পোস্ট'র একটি সংখ্যার কিয়দংশ ছাপিতে নিষেধ করেন। কিন্তু হিটলী তাহাতে কর্ণপাত করেন নাই; তিনি জানাইয়াছিলেন যে, বঙ্গদেশে তাঁহার জন্ম, তাঁহার মাতা এদেশবাণিনী; এ অবস্থায় সেন্সরের আদেশ অমান্য করিলেও তাঁহার কোন শাস্তি হইতে পারে না, যেহেতু এরূপ অপরাধে কেবলমাত্র ইউরোপীয় সম্পাদকগণেরই শাস্তির বিধান আছে। এই ব্যাপারে সংবাদপত্র-পরীক্ষক-পদের অসারতা উপলব্ধি করিয়া লর্ড হেস্টিংস বিশেষ বিবেচনার পর সেন্সরের পদ রহিত করিয়া তৎপরিবর্তে সম্পাদকদের নির্দেশের স্তম্ভ কতকগুলি

दिगर्शन ।—

पुथम भाग ।—

आमिरिकार दर्शन विषय ।—

पृथिवी चारि भागे विभक्त आहे इंडुरोप ओ आमिया
ओ आफ्रिका ओ आमेरिका । इंडुरोप ओ आमिया ओ
आफ्रिका एहे तिन भाग एक महाद्वीपे आहे इहारा कौन
समूदुद्वारा विभक्त नय किन्तु आमेरिका पृथक् एक द्वीपे
पुथम द्वीपहैते से दुई हांजार कोश अक्षर । अनुमान
हय तिन शत छाहिन बत्सर हैल आठ शत आठानहै
शाले आमेरिका पुथम जाना गेल ताहार पूहे आमे
रिका कौन लोककर्तृक जाना छिल ना एहे निमित्ते
ताहार पुथम दर्शनेर विवरण लिधि ।—

येहेतुरुक पृथिवीर यवै ये कर्म हैयाछे से
कर्महैते ए कर्म बड । अनुमान पाँठ शत बत्सर गत
हैल त्मुक पाथरेर ण पुथम जाना गेल ताहार ण
एहे ये ताहाके कौन लोहे द्यविले से लोह सर्ददा दुई
केन्दु अर्थात् उत्तर ओ दक्षिण भागे थाके सेहे लोह
कोम्लामेर यवै दिले समूदु किम्बा मृत्तिकार ङपरे ये
कौन माले कौन लोक थाके सेहे कोम्लामेर द्वारा पृथि
वीर सकल भाग से जानिते पावे । कोम्लामेर गठन एहे
यत एक कागजेर ङपरे मण्डलाकृति करिया बत्रिण सम्या
नाम करिया तदुर्दिके सकल दिग ओ विदिग् ओ ङपदिग्

क

ना

['दिगदर्शन' पत्रेर बाला संस्करणेर एकटि पृष्ठार प्रतिलिपि]

সাধারণ নিয়ম প্রবর্তন করিয়াছিলেন (১২ আগষ্ট ১৮১৮) ; দেশীয় সম্পাদকগণকে শাসন করিবার ক্ষমতা তখন সরকারের হাতে না থাকায় কেবলমাত্র ইউরোপীয় সম্পাদকগণের জন্ত সেন্সরের পদ বাহাল রাখা তিনি সঙ্গত মনে করেন নাই ।

লর্ড হেষ্টিংস কর্তৃক নূতন ব্যবস্থা প্রবর্তিত হইবার পূর্বেই বাংলা ভাষায় একাধিক সাময়িক-পত্র প্রকাশিত হইয়াছিল ।

দিগ্দর্শন (মাসিক) । এপ্রিল ১৮১৮ ।

১৮১৮ সনের এপ্রিল মাসে বাংলা দেশে বাংলা ভাষায় মুদ্রিত প্রথম সাময়িক-পত্র জন্মলাভ করে । ইহা একটি মাসিক, নাম 'দিগ্দর্শন,' প্রকাশক—শ্রীরামপুর ব্যাপটিষ্ট মিশন । জ্যোত্ত্স্না মার্শম্যানের পুত্র জন ক্লার্ক মার্শম্যান ইহা সম্পাদন করিতেন । “সুবলোকের কারণ সংগৃহীত নানা উপদেশ” এই পত্রিকার কলেবর পূর্ণ করিত । 'দিগ্দর্শন' পত্রিকার প্রথম দুই সংখ্যার স্থচী এইরূপ :—

(প্রথম ভাগ, পৃ. ১-১৬)

আমেরিকায় দর্শন বিষয় ।— বহুদূরদূরীণ সাদলর সাহেবের আকাশগমন ।—
 হিন্দুস্থানের সীমার বিবরণ ।— মহারাাজ কৃষ্ণচন্দ্ররায়ের বিবরণ ।—
 হিন্দুস্থানের বাণিজ্য ।— শব্দর তরঙ্গের কথা ।

(দ্বিতীয় ভাগ, পৃ. ১৭-৩২)

উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া ইউরোপহইতে ইংলণ্ডের বাদশাহের পৌত্রীর মৃত্যু বিবরণ ।—
 ভারতবর্ষে প্রথম আলিবার কথা ।— বাম্পের দ্বারা নৌকা চলানোর বিষয় ।
 ভারতবর্ষে কয়েক অশচ ইংলণ্ডে না কোমিল্লার পাঠশালার বিষয় ।—
 কয়েক যে২ বৃক্ষ তাহারদের বিবরণ ।— মহারাাজ কৃষ্ণচন্দ্ররায় বাহাদুরের কথা ।—

স্কুলের পাঠ্য-হিসাবে এই মাসিক পত্রের উপযোগিতা অল্পভব করিয়া স্কুলবুক-সোসাইটি ইহার বহু খণ্ড ক্রয় এবং উহার একটি ইংরেজী সংস্করণ প্রকাশের জন্ত সম্পাদককে অনুরোধ করিয়াছিলেন । ১৮১৮ সনের ডিসেম্বর মাসে 'ফ্রেন্ড-অব-ইণ্ডিয়া' লিখিয়াছিলেন :—

The Dig-darshana. It has been suggested that certain articles in the Monthly Dig-darshana, might not be wholly uninteresting to our youth in general. As it appears reasonable, therefore, that nothing should be withheld from our Indian Youth from which they can derive the slightest information, it is proposed in future to publish separately an English translation of each Number ; and for the use of such youth as may wish to read it in both languages, a few copies in both, so as to make the English agree page for page with the Bengalee. An English Translation of the Numbers already published having been requested, the publishing of the original work will in consequence be suspended for a short season till this can be completed.

'দিগ্দর্শন' পত্রের তিনটি বিভিন্ন সংস্করণের প্রকাশিত সংখ্যার তালিকা নিচে দেওয়া হইল :— বাংলা সংস্করণ ... ১-২৬ সংখ্যা । ইংরেজী-বাংলা সংস্করণ ... ১-১৬ সংখ্যা । ইংরেজী সংস্করণ ... ১-১৬ সংখ্যা ।

সমাচার দর্পণ (সাপ্তাহিক...)। ২৩ মে ১৮১৮।

প্রথম বাংলা মাসিকপত্র 'দিগ্‌দর্শন' প্রকাশের মাসপানেক যাইতে-না-যাইতেই মিশন একখানি সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশে উদ্যোগী হইলেন। এই সাপ্তাহিক পত্রের নাম 'সমাচার দর্পণ'। ইহারও সম্পাদক হইলেন জে. সি. মার্শম্যান।* ১৮১৮ সনের ২৩ মে (১০ জ্যৈষ্ঠ ১২২৫, শনিবার) 'সমাচার দর্পণের' প্রথম সংখ্যা বাহির হয়। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য প্রথম সংখ্যায় মুদ্রিত এই বিজ্ঞপ্তি হইতে জানা যাইবে :—

সমাচার দর্পণ।—কথক মাস হইল জীৱামপুরের ছাপাখানাহইতে এক ক্ষুদ্র পুস্তক প্রকাশ হইয়াছিল ও সেই পুস্তক মাসে ছাপাইবার কল্পে ছিল তাহার অভিপ্রায় এই যে এতদেশীয় লোকেরদের নিকটে সকল প্রকার বিজ্ঞা প্রকাশ হয় কিন্তু সে পুস্তকে সকলের সম্মতি হইল না এই প্রযুক্ত যদি সে পুস্তক মাসে ছাপা যাইত তবে কাহারো উপকার হইত না অতএব তাহার পরীবর্তে এই সমাচারের পত্র ছাপাইতে আরম্ভ করা গিয়াছে। ইহা নাম সমাচার দর্পণ।—

এই সমাচারের পত্র প্রতিসপ্তাহে ছাপান যাইবে তাহার মধ্যে এই২ সমাচার মেওরা যাইবে।

১ এতদেশের জ্ঞ ও কলেজের সাহেবেরদের ও অন্ত রাজকর্ম্মাধ্যক্ষেরদের নিয়োগ।—

২ খ্রীস্টীয় যুত বড় সাহেব যে২ নূতন আয়িন ও হুকুম প্রভৃতি প্রকাশ করিবেন।

৩ ইংলণ্ড ও ইউরোপের অন্ত২ প্রদেশহইতে যে২ নূতন সমাচার আইসে এবং এই দেশের নানা সমাচার।

৪ বাণিজ্যাদির নূতন বিবরণ।

৫ লোকেরদের জন্ম ও বিবাহ ও মরণ প্রভৃতি জিন্মা।

৬ ইউরোপ দেশীয় লোককর্তৃক যে২ নূতন সৃষ্টি হইয়াছে সেই সকল পুস্তকহইতে ছাপান যাইবে এবং যে২ নূতন পুস্তক মাসে ইংলণ্ডহইতে আইসে সেই সকল পুস্তকে যে২ নূতন শিল্প ও কল প্রভৃতির বিবরণ থাকে তাহাও ছাপান যাইবে।

৭ এবং ভারতবর্ষের প্রাচীন ইতিহাস ও বিজ্ঞা ও জ্ঞানবান লোক ও পুস্তক প্রভৃতির বিবরণ।

* অনেকের ধারণা, উইলিয়ম কেরীই 'সমাচার দর্পণ' প্রকাশ করিয়াছিলেন। এই প্রসঙ্গে মার্শম্যান 'সমাচার দর্পণে' (১৫ নবেম্বর ১৮৩৪) লিখিয়াছিলেন :—“চন্দ্রিকাসম্পাদক মহাশয়... লিখিয়াছেন দুর্গপত্র প্রথমতঃ ডাক্তার কেরী সাহেবকর্তৃক প্রকাশিত হয় ইহা প্রকৃত নহে দর্পণের এইক্ষণকার সম্পাদক যে ব্যক্তি কেবল সেই ব্যক্তির বুদ্ধিতেই যৌল বৎসরেরও অধিক হইল অর্থাৎ দর্পণের আরম্ভাবধি এই পর্যন্ত প্রকাশ হইয়া আসিতেছে। কলতঃ ডাক্তার কেরী সাহেব ভাবিয়াছিলেন যে এতদেশীয় ভাষাতে কোন সম্বাদপত্র যত্নপি অতিবিবেচনাপূর্বকও প্রকাশিত হয় তথাপি তাহাতে গবর্ণমেন্টের অসন্তোষ হইতে পারে অতএব তিনি এই দৈর্ঘ ব্যাপারে অস্বকুল না থাকিয়া বরং একপ্রকার প্রতিকূলই ছিলেন...।”

এই সমাচারের পত্র প্রতি শনিবারে প্রাতঃকালে সর্বত্র দেওয়া যাইবে তাহার মূল্য প্রতি মাসে দেড় টাকা। প্রথম দুই সপ্তাহের সমাচারের পত্র বিনামূল্যে দেওয়া যাইবে। ইহাতে যে লোকের বাসনা হইবেক তিনি আপন নাম ত্রীরামপুরের ছাপাখানাতে পাঠাইলে প্রতি সপ্তাহে তাহার নিকটে পাঠান যাইবে।

প্রথম তিন সপ্তাহের 'সমাচার দর্পণ' বিনামূল্যে বিতরিত হইয়াছিল ইহা প্রতি শনিবার ত্রীরামপুর হইতে প্রকাশিত হইত। ৪ জুলাই ১৮১৮ হইতে ২৫ ফেব্রুয়ারি ১৮২৬ পর্যন্ত 'সমাচার দর্পণ'র কঠে নিম্নলিখিত শ্লোকটি শোভা পাইত :—

দর্পণে মুখ সৌন্দর্যমিব কার্যবিচক্ষণাঃ ।

স্বভাস্তানিহ জানন্ত সমাচারস্ত দর্পণে ॥

মাশম্যান নামে সম্পাদক হইলেও কার্যতঃ পত্রিকা-সম্পাদনের ভার এ-দেশীয় পণ্ডিতগণেব উপরই ছাড় ছিল। এমন কি, পণ্ডিতেরা অল্পপস্থিত থাকিলে 'সমাচার দর্পণে' নূতন সংবাদ প্রকাশও বন্ধ থাকিত। ইহার একটি দৃষ্টান্ত দিতেছি। ২৬ অক্টোবর ১৮৩৩ তারিখে 'সমাচার দর্পণ'-সম্পাদক জানান, "আমাদের পণ্ডিতগণ আগামি সোমবাবপর্ষ্যন্ত স্থং বাটা হইতে প্রত্যাগত হইবেন না অতএব এই কালের মধ্যে দর্পণে নূতনং সন্থাদ প্রকাশ না হওয়াতে পাঠক মহাশয়েরা ক্রটি মার্জনা করিবেন।" 'সমাচার দর্পণ'র প্রথমাবস্থায় সম্পাদকীয়-বিভাগে ছিলেন পণ্ডিত জয়গোপাল তর্কালঙ্কার :

ত্রীযুক্ত জয়গোপাল তর্কালঙ্কার...পূর্বে অনেক কালাবধি দর্পণ সম্পাদনামূল্যে নিযুক্ত ছিলেন এইক্ষণে দশ বৎসর হইল কলিকাতার গবর্ণমেন্টের প্রধান সংস্কৃত বিভাগমন্দিরে কাব্যাধ্যাপকতায় নিযুক্ত আছেন। ('সমাচার দর্পণ,' ২ জুলাই ১৮৩৬)

ইহার পর পণ্ডিত তারিণীচরণ শিরোমণি চার বৎসর 'সমাচার দর্পণ'-সম্পাদনে সহায়তা করিয়াছিলেন। ১৮২৮ সনের জুন মাসে তাঁহার মৃত্যু হইলে পরবর্তী ৫ই জুলাই তারিখে সম্পাদক লেখেন :—

...পণ্ডিত তারিণীচরণ শিরোমণি...সংস্কৃত ব্যাকরণ ও সাহিত্যাদি শাস্ত্রে অতিশয় ব্যুৎপন্ন এবং ইন্দরেজী ও হিন্দী ও বাঙ্গলা ও নানাদেশীয় ভাষা ও লিপিতে বিদ্বান ছিলেন। ...গত চারি বৎসরের মধ্যে আমাদের সমাচার দর্পণ কি ছাপাখানার অন্তঃপুস্তকে যে সকল শব্দ বিভ্রাসের স্রীতি ও ব্যাকোক্তি দ্বারা লিখনের পারিপাট্য তাহা কেবল তৎকর্তৃক প্রকাশিত হইয়াছে। বিশেষতঃ বালককালাবধি এই কঠে নিযুক্ত হওয়াতে তর্কমাকরণে নীচকারী এবং ছাপাখানার অন্তঃ কঠে অত্যন্ত পারক হইয়াছিলেন।

যাঁহারা বাংলা ভাষায় অনভিজ্ঞ, তাঁহাদের জন্ম ৬ মে ১৮২৬ তারিখে ত্রীরামপুর হইতে 'সমাচার দর্পণ'র ফার্সী সংস্করণ—'আখবारे ত্রীরামপুর' প্রকাশিত হয়। এই সাপ্তাহিক পত্র বেশী দিন স্থায়ী হয় নাই।

১৮১৭ সনে কলিকাতায় হিন্দুকলেজ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে এ-দেশে ইংরেজী শিক্ষার সাড়া পড়িয়া যায়। এই কারণে ত্রীরামপুর মিশন ১৮২৯ সন হইতে 'সমাচার দর্পণ'কে

সমাচার দর্পণ।

৪ সপ্তম্যা]

শনিবার। ১৩ মে মন ৪৮৪৮। ১০ জ্যৈষ্ঠ মন ৪১১৫।

()।

সমাচার দর্পণ।

কথক যাম হইল জীরামপুরের
 জাপাখানা হইতে এক ক্ষুদ্র পুস্তক
 প্রকাশ হইয়াছিল এ সেই পুস্তক
 যাম জাপাইবার কল্প ও জিল তা
 হার অভিনয় এই যে এতদেশীয়
 লোকেরদের নিকটে সকল পুকার
 বিদ্যা প্রকাশ হয় কিন্তু সে পুস্তকে
 সকলের সম্মতি হইল না এই
 পুস্তক যদি সে পুস্তক যাম জাপা
 যাইত তবে কাহারো ওপকার
 হইত না অতএব তাহার পরী
 বর্তে এই সমাচারের পত্র জা
 পাইতে আরম্ভ করা গিয়াছে।
 ইহার নাম সমাচার দর্পণ।—

এই সমাচারের পত্র পুতিমস্তাহ
 জাপান যাইবে তাহার মবে
 এই সমাচার দেওয়া যাইবে।

এতদেশের অজ ও কলেক্টর
 সাহেবেরদের ও অন্য রাজকর্ম্মাধি
 ক্ষেরদের নিয়োগ।—

১ জ্ঞানী যুত বড় সাহেব যে
 নূতন আয়িদ ও স্বকুম পুভূতি
 প্রকাশ করিবেন।

৩ ইংলুও ও ইয়ুরোপের অন্য
 পুদেশ হইতে যে নূতন সমাচার
 আইসে এবং এই দেশের নানা
 সমাচার।

৪ বানিজ্যাদির নূতন বিবরণ।

৫ লোকেরদের জন্ম ও বিবাহ ও
 মরণ পুভূতি ফিয়া।

৬ ইয়ুরোপ দেশীয় লোককর্তৃক
 যে নূতন মৃষ্টি হইয়াছে সেই
 মকল পুস্তক হইতে জাপান যাইবে
 এবং যে নূতন পুস্তক যামে
 ইংলুও হইতে আইসে সেই
 মকল পুস্তকে যে নূতন শিল্প
 ও কল পুভূতির বিবরণ থাকে
 তাহাও জাপান যাইবে।

৭ এবং ভারতবর্ষের প্রাচীন ইতি
 হাস ও বিদ্যা ও আনবান লোক
 ও পুস্তক পুভূতির বিবরণ।

এই সমাচারের পত্র পুতি শনিবারে
 পুতি ৪ কালে সর্বত্র দেওয়া যাইবে
 তাহার মূল্য পুতি যামে বেত টাকা।
 পুথম দুই মস্তাহের সমাচারের
 পত্র বিনামূল্যে দেওয়া যাইবে।
 ইহাতে যে লোকের বাসনা হই
 বেত তিনি আপন নাম জীরামপুরের
 জাপাখানাতে পাঠাইলে পুতি মস্তাহ
 হে তাহার নিকটে পাঠান যাইবে।

মসলা বিক্রয় ইত্যাদি।

সমাচার দেওয়া যাইতেছে ৮ জুন
 সোমবার সাড়ে দশ ঘণ্টার সময়
 কোম্পানির পুরাণা কুঠীর মবে।
 খাড়াবাটীতে মোকাম বান্দা আম
 দানী মসলা জাহাজ মুরব্বা ও
 মেনতুন আইসে তাহা নিলাম

বিক্রয় হইবেক নীচে দফা ও আরী
 লিখিত মতে জানিবা।

বান্দা জায়ফল পুথম রকম	৭৫০০ পোন
দফে দোমরা রকম	৭৫০০
মাঝা নীরম	১০০৪
এমবোয়ানা জায়ফল	
খোমামযেত	৮
বান্দা জৈত্রী পুথম রকম	৪০০০
মাঝা নীরম	১০৪
এমবোয়ানা নীরম	৪৪৪
১ দফা এক টাকা ফিলিট বায়না ও আমানত ফিশত ১০ দশ টাকার ওপর দিতে হইবেক নিলামের সময় মাড়বরির কারণ তাহাতে কোন কমুরি করে তবে ঐ শাট পুনরায় বিক্রয় হইবেক কমুরিতে কোন নোকমান হয় তাহা পুথম খরিদারকে দিতে হইবেক মুনাজ হইলে কোম্পানির হইবেক।—	
ও তিন দফা ইস্তক নিলামের তারিখ লাগাইদ এক মাহার মবে মসলা খরিদার বেবাক টাকা দিয়া মাল খালাস করিয়া লইয়া যাইবেক যদি এই মাফিক না করে তবে ঐ আমানত এবং বায়নার টাকা কোম্পানিতে ওলাগার হইবেক এবং মসলা নগদ টাকায় পুন রায় বিক্রয় হইবেক বিক্রয় করিতে যে নোকমান হইবেক এবং বাজে	

দ্বিভাষিক (বাংলা ও ইংরেজী) করিবার ব্যবস্থা করেন । ১১ জুলাই ১৮২৯ (২৯ আষাঢ় ১২৩৬) তারিখের সংখ্যায় প্রকাশ :—

পাঠকবর্গের প্রতি বিজ্ঞাপন । সমাচারদর্পণ প্রকাশক এগার বৎসরের অধিক কালাবধি কেবল বাদলা ভাষায় এই কাগজ প্রকাশকরণানন্তর বর্তমান তারিখ অবধি সম্বাদ ইংরেজী ও বাদলা ভাষায় প্রকাশ করিতে মনস্থ করিয়াছেন । কিন্তু কাগজের মূল্য মাসিক এক টাকা করিয়া যেরূপ পূর্বে স্থির হইয়াছিল তদতিরিক্ত কিছু না লইতে স্থির করা গিয়াছে । বাদলা তর্জমায় মূল কথাইর ভাব থাকিবে কিন্তু তাহা এতদেশীয় পত্রের সহিত ঐক্য থাকিবে । প্রকাশক এই ভরসা করেন যে ঝাঁহার সম্বাদপ্রাপণেচ্ছক আছেন কেবল যে ঝাঁহারদের উপকারক এমত নহে কিন্তু ঝাঁহার ইংরেজী ভাষা শিক্ষাকরণবিষয়ে ব্যগ্র আছেন ঝাঁহারদেরও উপকার দর্শিবে । কলিকাতাস্থ এতদেশীয় সমাচারপত্র হইতে যাহা বাচনী করিয়া লওয়া যাইবে তাহাকেও ইংরেজী পরিচ্ছদ দেওয়া যাইবে ।

১৮৩২ সন হইতে 'সমাচার দর্পণ' সপ্তাহে দুই বার প্রকাশ করা আবশ্যক বোধ হইল । ৩১ ডিসেম্বর ১৮৩১ তারিখে এই বিজ্ঞপ্তি প্রচারিত হয় :—

প্রতিসপ্তাহে দর্পণ দুইবার প্রকাশকরণের আবশ্যক হওয়াতে দেড় টাকা করিয়া মূল্য স্থির করা গেল... । অতিরিক্ত দর্পণের প্রথম সংখ্যা আগামি ১১ জাহুআরি বুধবার প্রকাশ পাইবে ।

'সমাচার দর্পণ'র এই অতিরিক্ত সংস্করণ দীর্ঘকাল স্থায়ী হয় নাই । ১৮৩৪, ৫ই নবেম্বর বুধবার সম্পাদক জানাইলেন :—

পাঠক মহাশয়েরদিগকে অতিবেদপূর্বক আমরা জ্ঞাপন করিতেছি যে ইহার পূর্বে এতদেশীয় সম্বাদপত্রে যে মাসুল নির্দিষ্ট ছিল তাহা সংপ্রতি গবর্নমেন্টের হুকুমক্রমে দ্বিগুণ হওয়াতে ইহার পর অবধিই আমারদের বুধবাসরীয় দর্পণ প্রকাশ রহিত করিতে হইল ।

৮ নবেম্বর ১৮৩৪ হইতে 'সমাচার দর্পণ' সাপ্তাহিক আকারে পুনরায় প্রতি শনিবার প্রকাশিত হইতে লাগিল । ১৮৪০ সনের ১লা জুলাই হইতে মার্শম্যানের উপর অশ্রু একখানি নূতন বাংলা সাপ্তাহিক পত্র—'গবর্নমেন্ট-গেজেট'র সম্পাদনভার পড়ে । এই কর্তব্যবাহুল্যের ফলে সম্পাদককে শীঘ্রই 'সমাচার দর্পণ'র প্রচার রহিত করিতে হইল । ২৫ ডিসেম্বর ১৮৪১ তারিখে ইহার শেষ সংখ্যা প্রকাশিত হয় ।* সাপ্তাহিক 'ফ্রেন্ড-অব-ইণ্ডিয়া' ৩০ ডিসেম্বর ১৮৪১ তারিখে লেখেন :—

THE SUMACHAR DURPUN.—The Editor of the *Sumachar Durpun* finds himself under the necessity of closing that journal with the termination of the present year. With two other journals, the *Friend of India* and the *Bengalee Government Gazette*, to attend to, it is not possible to do that justice to the *Durpun*, whether in reference to the supply of editorial observations and intelligence, or to the translation of them into

* ১৮১৮ হইতে ১৮৪০ সনের মধ্যে 'সমাচার দর্পণ' প্রকাশিত সমস্ত জ্ঞাতব্য সংবাদ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্তৃক প্রকাশিত 'সংবাদপত্রে সেকালের কথা' গ্রন্থে মুদ্রিত হইয়াছে ।

Bengalee, which a due regard for the interests of his subscribers and his own reputation, require. The claims of this paper, coming as they did week after week, immediately between those of two others, left none of that leisure which the mind of every individual who attempts to write for the public, demands. The pleasure which the publication of the journal once afforded, has changed into a severe task, and it appeared most judicious to bring it at once to a close...(P. 817.)

‘সমাচার দর্পণ’ একখানি উৎকৃষ্ট সমাচারপত্র ছিল। শ্রীরামপুর মিশন হাল ছাড়িয়া দিলেও বাঙালীদের চেষ্টায় ইহা অচিরে পুনর্জীবিত হইল। দ্বিতীয় পর্যায়ের ‘সমাচার দর্পণ’ ইংরেজী ও বাংলা—উভয় ভাষায় ১৮৪২ সনের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত হয় বলিয়া মনে হইতেছে। ২৪ ফেব্রুয়ারি ১৮৪২ তারিখের ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’ পত্রে প্রকাশ :—

NATIVE NEWSPAPERS —We are happy to perceive that the *Sumachar Durpun*, which the Editor was constrained to discontinue at the close of last year for want of sufficient leisure to do it justice, has been taken up and continued in Calcutta. Two numbers have already appeared. The first efforts of the Editors necessarily demand indulgence ; and they will, we hope, receive it. They exhibit a strong desire to satisfy public expectations, but leave much room for improvement. We trust the spirited proprietors* will not be discouraged by the disappointments inseparable from a novel undertaking,...Theirs is the only journal which now appears in both English and Bengalee ; and they must not lie on their oars because there is no direct competition...

* ‘সমাচার দর্পণ’র প্রচার রহিত হইলে রামগোপাল ঘোষ ও তদীয় বন্ধুবর্গ উহা পুনঃপ্রকাশের সঙ্কল্প করিয়াছিলেন। রামগোপাল ১৮৪২ খ্রিষ্টাব্দের ১০ই জানুয়ারি বন্ধু পোবিন্দ্রচন্দ্র বসাককে লিখিয়াছিলেন :—

“The necessity of establishing a paper I had long been convinced of, and I have never failed to agitate the subject on all suitable occasions, and when I heard of the extinction of the [*Sumachar*] *Durpun*, I have viewed it in the same light as you have done, and after much discussion, we have now come to a satisfactory conclusion. On last Tuesday evening the 7th, Tara Chand [Chuckerbarty], Peary [Ochand Miter], myself met at Krishna's [Rev. K. M. Banerjee's], and we resolved upon establishing a monthly magazine in Bengalee and English, and also the *Durpun* in case the receipts on account of the latter will enable us to employ a competent person versed in English and Bengalee to render the translations of both the papers. This important duty no one seems willing to undertake and unless we can secure an intelligent young man to devote all his time, which would perhaps cost us Rs. 100, we cannot venture to take up two papers. And in my humble opinion they are both, under present circumstance, equally necessary. The magazine is to keep up a spirit of enquiry amongst the educated natives, to revive their dying institutions such as the Library [Calcutta Public], The Society for A. G. K. [Acquisition of General Knowledge], to arouse them from their lethargic state, to discuss such subjects as female education, the remarriage of Hindu widows, etc. It is in short to be *our peculiar organ*. The *Durpun* on the other hand is for the native community in general, to be easy and simple in its style, not to run into any lengthened discussion of any subject—to avoid abstract questions, to be extremely cautious of awakening the prejudices of the orthodox, to give items of news likely to be interesting to the native community, and gradually to extend their information, quickly to purge them of their prejudices, and open their minds to the enlightenment of

দ্বিতীয় পর্যায়ের 'সমাচার দর্পণ' সম্পাদন করিতেন ভূতপূর্ব 'জ্ঞানদীপিকা'-সম্পাদক ভগবতীচরণ চট্টোপাধ্যায়। সমসাময়িক পত্রে ইহার একাধিক উল্লেখ আছে।—

একবার ত্রীরামপুরের গঙ্গায় দর্পণ বিসর্জন হয়, দ্বিতীয়বারে ভগবতীর ঝড়গে বলিদান হইয়াছে, এইবার তৃতীয়বার দিব্যদেহ হইয়া দেখা দিয়াছে, ...। ('সম্বাদ ভাস্কর,' ৬ মে ১৮৫১)

বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায়, যিনি একবার যুত দর্পণের প্রাণ দান করত মার্ম্যান সাহেব হইয়াছিলেন, তিনিই আরবার চকোর হইয়া চঞ্জিকায় চক্ষুপ্রহার পূর্বক স্তম্ভাপান করিবেন। ('সংবাদ প্রভাকর,' ১৭ এপ্রিল ১৮৫২)

দ্বিতীয় পর্যায়ের 'সমাচার দর্পণ' ১৮৪৩ সনের জাম্বুয়ারি মাসেও জীবিত ছিল। ইহার পর বোধ হয় আর প্রকাশিত হয় নাই।

ত্রীরামপুর মিশন পুনরায় 'সমাচার দর্পণ' প্রকাশ করিবার সঙ্কল্প করিলেন। ১৮৫১ সনের ৩রা মে শনিবার (১২৫৮, ২১ বৈশাখ) নবপর্যায়ের 'সমাচার দর্পণ' "১ বালাম, ১ সংখ্যা" প্রকাশিত হয়। ইহার মুখপত্র হইতে সম্পাদকীয় বিবৃতিটি উদ্ধৃত হইল :—

সমাচার দর্পণের নমস্কার। পাঠক মহাশয়েরদের সমীপে প্রাচীন দর্পণের নামে ও আকারপ্রকারে উপস্থিত হওয়াতে ভ্রমসা করি অনেক পাঠক মহাশয় আমারদিগকে বহুকালীন যুদ্ধ বন্ধ স্বরূপ দর্শন করিয়া গ্রহণ করিবেন। যখন ১৮৪১ সালের ২৫ ডিসেম্বর তারিখে দর্পণের অদর্শন হইল তখন পুনরুদয় হওনের প্রত্যাশা ছিল না পরন্তু দেখুন, পুনরুদ্ভিত হইলাম। এই দর্পণের নাম ও বেশ যুদ্ধ প্রবীণের, সাহস ও শক্তি নবীনের। পূর্বকার দর্পণে সাধারণ লোকের অনেক হিত বিষয় প্রতিবিদিত হইত। বর্তমান দর্পণেও তদনুরূপ হওয়াই বাঞ্ছা। বিশেষ ব্যক্তিরদের গ্লানি প্রকাশ করণ সম্বাদ পত্রের প্রধান অভিপ্রায়, এমত ষাঁহার বাধা করেন তাঁহারদের সঙ্গে আমারদের কোন মতে ঐক্য নাই। তাদৃশ ব্যাপার হইতে সর্বতোভাবেই নির্লিপ্ত থাকিব। গোপাল যদি রামের চতুর্দশ পুরুষের গ্লানি করিয়া ঘেষপূর্ণ করিতে ইচ্ছা করেন করুন কিন্তু এমন সংকার্য্য দর্পণের দ্বারা করিতে পারিবেন না কিন্তু কোন বিশেষ ব্যক্তিরদিগের কদাচরণ প্রকাশ করণ সমুচিত হইলে ক্ষান্ত হইব না। অনেক প্রতিজ্ঞা ও অনেক ক্রটি এই দুই প্রায় সমান কথা। অতএব এইমাত্র প্রতিজ্ঞা করিতেছি এক বৎসর পর্যন্ত যথাসাধ্য উত্তোগে যাহা করিতে পারি তাহাই করিব।

knowledge and civilization. It should make the extinct *Durpan* its model. The two objects of the two papers are quite distinct, and though I have very inadequately expressed myself, you will perceive the difference, and I think you will concur with me as to the wisdom of the plan I have proposed...."—Ram Gopal Sanyal : *Dengal Celebrities*, p. 181.

২য় পর্যায়ের 'সমাচার দর্পণ' পরিচালন করিতেন ভগবতীচরণ চট্টোপাধ্যায়। তিনি 'ইয়ং বেঙ্গল'দের প্রতিনিধি-হিসাবেই উহা পরিচালন করিতেন কি না, জানা যায় নাই।

দর্পণের দ্বিভাষিতা গুণের বিষয়ে এই বক্তব্য। হুই ভাষার বিশেষ বিধ্যমুখারে আমারদের মত প্রকাশ করিতে মনস্থ করিতেছি এই হেতুক কখনও পদের অবিকল অহুবাদ করা হইবেক না সামান্ততঃ উভয় ভাষার রস যথাসাধ্য রক্ষা করিয়া ভাষান্তরীকৃত হইবেক। অনেকে কহিয়া থাকেন বঙ্গভাষা অতি নীরসপ্রযুক্ত ইংলণ্ডীয় কথার সম্পূর্ণ রস তাহাতে প্রকাশ হয় না। পরন্তু এই কথার অনর্থকতার প্রমাণ এই পত্র হয় এতদ্রূপ আমারদের সম্পূর্ণ আশা।

নব-পর্ধ্যায়ের 'সমাচার দর্পণ' দেড় বৎসর চলিয়া চিরতরে লুপ্ত হয়। ১ বৈশাখ ১২৬০ (১২ এপ্রিল ১৮৫৩) তারিখের 'সংবাদ প্রভাকর' প্রকাশ :—

অগ্রহায়ণ (১২৫৯) ।...সমাচার দর্পণ পত্র শ্রীরামপুরে গঙ্গার জলে প্রাণ ত্যাগ করে।

বাঙ্গাল গেজেট (সাপ্তাহিক)। জুন (?) ১৮১৮।

শ্রীরামপুর হইতে যখন 'সমাচার দর্পণ' প্রকাশিত হয়, প্রায় সেই সময়ে কলিকাতাতেও 'বাঙ্গাল গেজেট' নামে একখানি বাংলা সাপ্তাহিক পত্রের সৃষ্টি হইয়াছিল। ইহাই বাঙালী-পরিচালিত প্রথম বাংলা সংবাদপত্র।

এই পত্রিকাখানির প্রকাশক—গঙ্গাকিশোর ভট্টাচার্য্য। গঙ্গাকিশোরের নিবাস শ্রীরামপুরের নিকটবর্তী বহরা গ্রামে। ব্যাপটিস্ট মিশনরীরা প্রচারকার্যের সুবিধার জন্ত শ্রীরামপুরে বাংলা মুদ্রায়ন্ত্র প্রতিষ্ঠিত করিলে তিনি কম্পোজিটর-রূপে মিশনের ছাপাখানায় প্রবেশ করেন। তথায় কিছু দিন চাকরি করিবার পর, স্বাধীনভাবে জীবিকা অর্জন করিবার মানসে উদ্যোগী পুরুষ গঙ্গাকিশোর কলিকাতায় আসিয়া পুস্তক প্রকাশ ও বিক্রয়ের ব্যবসায়ে হস্তক্ষেপ করেন। এদিকে তখনও কোন বাঙালীর নজর পড়ে নাই। 'সমাচার দর্পণ' গঙ্গাকিশোর সম্বন্ধে লিখিয়াছিলেন :—

এতদেদ্বীয় লোকের মধ্যে বিক্রয়ার্থে বাঙ্গালা পুস্তক মুদ্রিতকরণের প্রথমোক্তোপ কেবল ১৬ বৎসরাবধি হইতেছে ইহা দেখিয়া আমারদের আশ্চর্য্য বোধ হয় যে এত অল্প কালের মধ্যে এতদেদ্বীয় লোকেরদের ছাপার কর্মের এমত উন্নতি হইয়াছে। প্রথম যে পুস্তক মুদ্রিত হয় তাহার নাম অন্নদামঙ্গল শ্রীরামপুরের ছাপাখানার এক জন কর্মকারক শ্রীযুত গঙ্গাকিশোর ভট্টাচার্য্য তাহা বিক্রয়ার্থে প্রকাশ করেন। (৩০ জাম্বয়ারি ১৮৩০)

গঙ্গাকিশোর প্রথমে (ইং ১৮১৬) ফেরিস এণ্ড কোম্পানীর ছাপাখানায় বাংলা বই ছাপিতে সুরু করেন ; তদ্ব্যতীত ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' উল্লেখযোগ্য ; ইহাই বোধ হয় ছাপার হরফে প্রথম সচিত্র বাংলা পুস্তক। স্বরচিত হুই-তিনখানি পুস্তক ছাড়া তিনি 'গঙ্গাভক্তিতরঙ্গিনী', 'লক্ষ্মীচরিত্র', 'বেতাল পঞ্চবিংশতি', 'চাগক্যলোক' এবং ললুলালের সহযোগে রামমোহন রায়ের কোন কোন পুস্তক প্রকাশ করিয়াছিলেন। পুস্তকগুলির কাটতি ক্রমশঃ বাড়িতে থাকায় গঙ্গাকিশোর কলিকাতায় একটি আপিস ও বইয়ের

দোকান খোলেন। পুস্তকের ব্যবসায়ে তাঁহার বিশেষ লাভ হইয়াছিল। তিনি ভরসা করিয়া অতঃপর একটি বাংলা মুদ্রায়ন্ত্র স্থাপন করেন। তাঁহার মুদ্রায়ন্ত্রটি ১৮১৮ খ্রীষ্টাব্দে স্থাপিত হয়। ইহার নাম—বাক্সাল গেজেটি প্রেস বা আপিস।

মুদ্রায়ন্ত্র স্থাপনের সঙ্গে সঙ্গে গঙ্গাকিশোরের দৃষ্টি পড়ে সংবাদপত্র-প্রকাশের উপর। তখন পর্য্যন্ত খাস কলিকাতা হইতে কোন বাংলা সাময়িক-পত্র বাহির হয় নাই; বাঙালীর একখানি বাংলা সংবাদপত্র হইলে অনেক পাঠক জুটিতে পারে। এই অভাব পূরণ হয় 'বাক্সাল গেজেটি'র দ্বারা। পত্রিকা-প্রকাশের সঙ্কল্পের কথা ১৮১৮ সনের ১৪ই মে তারিখের 'গবর্নেন্ট গেজেট' নামক ইংরেজী সাপ্তাহিক পত্রে মুদ্রিত নিম্নোক্ত বিজ্ঞাপন হইতে জানা যায় :—

HURROCHUNDER ROY begs leave to inform his Friends and the Public in general, that he has established a BENGALÉE PRINTING PRESS, at No. 45, Chorebagaun Street, where he intends to publish a WEEKLY BENGAL GAZETTE, to comprise the Translation of Civil Appointments, Government Notifications, and such other Local Matter, as may be deemed interesting to the Reader, into a plain, concise, and correct Bengalee Language; to which will be added the Almanack, for the subsequent Months, with the Hindoo Births, Marriages, and Deaths.

Advertisement for insertion in this Gazette, will be received at 2 Annas per line. English and Persian, the same Price.

Gentlemen wishing to become Subscribers to this Weekly Publication, will be pleased to send their Names to HURROCHUNDER ROY, at his PRESS, No. 45, Chorebagaun Street, where every information will be thankfully received.

The Price of Subscription is 2 Rupees per Month. Extras included. *Calcutta, 19th May, 1818.*

ইহার অব্যবহিত পরেই 'বাক্সাল গেজেটি' প্রকাশিত হয়। পত্রিকা প্রকাশের পর ৯ জুলাই ১৮১৮ তারিখের 'গবর্নেন্ট গেজেটে' এই বিজ্ঞাপনটি মুদ্রিত হয় :—

HURROCHUNDER ROY

Having established a BENGALÉE PRINTING PRESS and a WEEKLY BENGAL GAZETTE, which he publishes on Fridays, containing the Translation of Civil Appointments, Government Notifications and Regulations, and such other LOCAL MATTER as are deemed interesting to the Reader, into a plain, concise and correct Bengalee language, and having spared no pains or trouble to render it as interesting as possible, earnestly hopes that in consideration of the heavy expenses which he has incurred, Gentlemen who have a knowledge and proficiency in that language, will be pleased to patronize his undertaking, by becoming subscribers to the BENGAL GAZETTE. No publication of this nature having hitherto been before the Public, HURROCHUNDER ROY trusts that the community in general will encourage and support his exertions in the attempt which he has made, and afford him a small share of their Patronage.

Gentlemen wishing to become Subscribers to this WEEKLY PUBLICATION will be pleased to send their names to HURROCHUNDER ROY, at his Press, No. 45, Chorebagan Street, where every information will be thankfully received. The Price of Subscription is 2 Rupees per month. Extras included.

Calcutta, Chorebagan Street, No. 45

উপরের বিজ্ঞাপনে 'বঙ্গাল গেজেট'র প্রকাশকরূপে গঙ্গাকিশোর ভট্টাচার্যের নামের স্থলে আমরা হরচন্দ্র রায়ের নাম পাইতেছি। অল্পসম্মানে জানা গিয়াছে, হরচন্দ্রেরও বাড়ী ছিল শ্রীরামপুরে। রামমোহন রায়ের 'আত্মীয় সভা'র সহিত তাঁহার যোগ ছিল; রামমোহন রায়ের 'কবিতাকারের সহিত বিচার' পুস্তকের শেষ পৃষ্ঠায় তাঁহার নাম পাওয়া যায়। গঙ্গাকিশোরের 'বঙ্গাল গেজেট' যন্ত্রালয়ের তিনিও এক জন মালিক ছিলেন—এ কথা প্রমাণ পরে পাওয়া যাইবে। স্মরণ্য প্রকাশকরূপে হরচন্দ্র রায়ের নাম বিজ্ঞাপনে মুদ্রিত হইলেও 'বঙ্গাল গেজেট' পত্রের সহিত গঙ্গাকিশোরের কোন সম্পর্ক ছিল না, এরূপ মনে করিবার হেতু নাই।

উক্ত বিজ্ঞাপন দুইটি হইতে নিঃসন্দেহে জানা যাইতেছে, ১৮১৮ খ্রীষ্টাব্দের ১৪ই মে হইতে ২ই জুলাই তারিখের মধ্যে কোন দিন 'বঙ্গাল গেজেট' প্রকাশিত হইয়াছিল। ঠিক কোন তারিখে প্রকাশিত হয়, জানা না গেলেও ১৮২০ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে ত্রৈমাসিক 'ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া' অতি স্পষ্টভাবে বলিয়াছেন যে, 'সমাচার দর্পণ' প্রকাশের (২৩ মে ১৮১৮) এক পক্ষ মধ্যে 'বঙ্গাল গেজেট'র জন্ম হইয়াছিল। 'ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া' লেখেন :—

The first Hindoo who established a press in Calcutta was Baboo-ram, a native of Hindoosthan...He was followed by Gunga-Kishore, formerly employed at the Serampore press, who appears to have been the first who conceived the idea of printing works in the current language as a means of acquiring wealth. To ascertain the pulse of the Hindoo public, he printed several works at the press of a European, for which having obtained a ready sale, he established an office of his own, and opened a book-shop For more than six years, he continued to print in Calcutta various works in the Bengalee language, but having disagreed with his coadjutor, he has now removed his press to his native village. He appointed agents in the chief towns and villages in Bengal, from whom his books were purchased with great avidity, and within a fortnight after the publication from the Serampore press of the Somachar Durpun, the first native Weekly Journal printed in India, he published another, which we hear has since failed.—"On the effect of the Native Press in India," *The Friend of India*, Quarterly Series, No. I. Sept. 1820, pp. 134-85.

এই সময়ে 'বঙ্গাল গেজেট'র দুই জন পরিচালক—গঙ্গাকিশোর ভট্টাচার্য ও হরচন্দ্র রায় জীবিত, কিন্তু তাঁহাদের কেহই এই উক্তির প্রতিবাদ করিয়াছিলেন বলিয়া আমার জানা নাই। ইহা ছাড়া, 'সমাচার দর্পণ'-সম্পাদকও দৃঢ়তার সহিত অতুরূপ কথা বলেন। তাঁহার উক্তি উদ্ধৃত করিতেছি :—

দর্পণ ও বঙ্গাল গেজেট।—চন্দ্রিকায় এক পত্র লেখক দর্পণে প্রকাশিত এক পত্রের উত্তর দেওনেতে কহেন দর্পণ যে প্রথম বঙ্গলা ভাষায় প্রকাশিত হয় ইহা তিনি স্বীকার করেন না এবং তিনি কহেন যে দর্পণ প্রকাশ হওনের পূর্বে গঙ্গাকিশোর নামক এক ব্যক্তি প্রথম বঙ্গাল গেজেটনামে সম্বাদ পত্র প্রকাশ করিয়াছিলেন।

ইহাতে আমারদের এই উত্তর যে আমারদের প্রথম সংখ্যক দর্পণ প্রকাশ হওনের দুই সপ্তাহ পরে অমুমান হয় যে বাঙ্গাল গেজেটনামে পত্র প্রকাশ হয় কিন্তু কদাচ পূর্বে নহে। চন্দ্রিকার পত্রপ্রেরক মহাশয় যত্বপি অমুগ্রহপূর্বক ঐ বাঙ্গাল গেজেটের প্রথম সংখ্যার তারিখ আমারদিগকে নির্দিষ্ট করিয়া দেন তবে দর্পণের প্রথম সংখ্যার সঙ্গে ঐক্য করিয়া ইহার পৌর্বাপর্ধ্যের মীমাংসা শীঘ্র হইতে পারে। যত্বপি তাঁহার নিকটে ঐ পত্রের প্রথম সংখ্যা না থাকে তবে ১৮১৮ খ্রীষ্টাব্দের যে ইঙ্গলণ্ডীয় সম্বাদ পত্রে তৎপত্রের ইশ্তেহার প্রকাশ হয় তাহাতে অবেষণ করিতে হইবে। যেহেতুক ভারতবর্ষের মধ্যে বঙ্গভাষায় যে সকল সম্বাদ পত্র প্রকাশ হয় তন্মধ্যে দর্পণ আদি পত্র ইহা আমরা স্পষ্ট জ্ঞাত হইয়া তৎসম্ভ্রম অনিবার্য্য প্রমাণ প্রাপ্ত না হইলে অমনি কদাচ উপেক্ষা করা যাইবে না।—‘সমাচার দর্পণ’, ১১ জুন ১৮৩১।

প্রথম বাংলা সংবাদপত্র প্রসঙ্গে একটি সংবাদ সস্মৃতি জানা গিয়াছে। ১৮১৯ খ্রীষ্টাব্দের জাম্ময়ারি-সংখ্যা ‘এশিয়াটিক জর্ণালে’ ১৬ মে ১৮১৮ তারিখের ‘ওরিয়েন্টাল স্টার’ হইতে নিম্নের সংবাদটি উদ্ধৃত হইয়াছে :—

BENGALEE NEWSPAPER

From the Oriental Star, May 16.—Amongst the improvements which are taking place in Calcutta, we observe with satisfaction that the publication of a Bengalee newspaper has been commenced. The diffusion of general knowledge and information amongst the natives must lead to beneficial effects; and the publication we allude to, under proper regulations, may become of infinite use, by affording the more ready means of communication between the natives and the European residents.—*The Asiatic Journal and Monthly Register* (London) for January 1819, p. 59.

দেখা যাইতেছে, ১৬ মে ১৮১৮ তারিখে ‘ওরিয়েন্টাল স্টার’ কলিকাতায় বাঙালী-প্রবর্তিত একখানি বাংলা সংবাদপত্রের কথা জ্ঞাপন করিতেছেন। এই সংবাদপত্র যে ‘বাঙ্গাল গেজেট,’ তাহাতে সন্দেহ নাই; কারণ, শ্রীরামপুর হইতে ‘সমাচার দর্পণ’ প্রকাশিত হয় পরবর্তী ২৩এ মে (শনিবার) তারিখে। কিন্তু এই সংবাদটিকে আমি ‘বাঙ্গাল গেজেট’ প্রকাশ সম্বন্ধে প্রমাণ বলিয়া মনে করিতে পারিতেছি না। আমার সংশয়ের কারণ বলিতেছি :

১৪ মে ১৮১৮ তারিখের ‘গবর্নমেন্ট গেজেটে’ মুদ্রিত, ১২ই মে তারিখযুক্ত বিজ্ঞাপনে (ইতিপূর্বে উদ্ধৃত) ‘বাঙ্গাল গেজেট’ “বাহির হইবে” (“intends to publish”) বলিয়া উল্লিখিত হইয়াছে এবং ‘ওরিয়েন্টাল স্টার’ের ১৬ই মে তারিখের সংবাদে দেখা যাইতেছে, “The publication of a Bengalee Newspaper has been commenced.” তাহা হইলে ১২ই হইতে ১৬ই মে তারিখের কোন এক দিনে ‘বাঙ্গাল গেজেট’ প্রকাশিত হইয়াছিল। ‘বাঙ্গাল গেজেট’ প্রতি শুক্রবার প্রকাশিত হইত, স্মৃতরাং ১৫ মে ১৮১৮ (শুক্রবার) তারিখে উহা প্রকাশিত হইয়াছিল ধরিতে হইবে। ‘বাঙ্গাল গেজেট’ “বাহির হইবে”—এই বিজ্ঞাপন ১৪ই মে বাহির হইবার পর-দিনই ১৫ই মে তারিখে কাগজ বাহির

হইয়াছে এবং এই ১৫ই তারিখেই ‘ওরিয়েন্টাল স্টারের’ সাহেব সম্পাদক সেই পত্রিকা দৃষ্টে সেই দিনই তাহার উপর মন্তব্য লিখিয়াছেন ও সেই মন্তব্য তাহার পরের দিন অর্থাৎ ১৬ই প্রকাশিত হইয়াছে—এই জাতীয় তৎপরতা সে-যুগে সম্ভব ছিল কি না, বিশেষভাবে বিবেচ্য। সে-যুগের ছাপাখানা ও সংবাদপত্র পরিচালন ব্যাপারে যাহাদের জ্ঞান আছে, তাঁহারা ই বুঝিবেন, ইহার মধ্যে কোন গল্টি থাকি সম্ভব। আমার বিশ্বাস, এই সংবাদের অর্থ—‘বঙ্গাল গেজেট’ প্রকাশের আয়োজন আরম্ভ হইয়াছে ; “the publication...has been commenced” কথাগুলির দ্বারা সম্পাদক মহাশয় ইহাই বুঝাইতে চাহিয়াছেন। এই সকল কারণে ‘বঙ্গাল গেজেট’ প্রকাশের সঠিক কাল নিরূপণ বিষয়ে ‘ওরিয়েন্টাল স্টারের’ সংবাদটি নিঃসংশয়ে গ্রহণ করা যায় না।

পূর্বোক্ত বিজ্ঞাপন হইতে আমরা জানিতে পারি যে, ‘বঙ্গাল গেজেট’ পত্রে সরকারী বিজ্ঞাপন, আইন ও কর্ণচারি-নিয়োগ সংক্রান্ত নানা সংবাদ ও সরল বাংলায় স্থানীয় লোকের রুচিকর নানা কথা স্থান পাইতে এবং উহার সডাক মাসিক মূল্য ছিল দুই টাকা। সমকালীন সাময়িক-পত্র (*Asiatic Journal*, July 1819, p. 69) পাঠে আরও জানা যায়, ১৮১৮ খ্রীষ্টাব্দে প্রকাশিত সহমরণ বিষয়ে রামমোহন রায়ের ‘প্রবর্তক ও নিবর্তকের সবাদ’ ‘বঙ্গাল গেজেট’ পত্রে পুনর্মুদ্রিত হইয়াছিল।

‘বঙ্গাল গেজেট’র কোন সংখ্যা এ-পর্যন্ত আবিষ্কৃত হয় নাই। বৎসরখানেক চলিবার পর উহার প্রচার রহিত হয়।

গস্বেল মাগাজীন (মাসিক)। ডিসেম্বর ১৮১৯।

B. A. M. S. বা Baptist Auxiliary Missionary Society কর্তৃক প্রকাশিত ‘গস্বেল মাগাজীন’ এই সময়ের দ্বিতীয় মাসিকপত্র এবং খ্রীষ্টীয় তত্ত্ব বিষয়ে সর্বপ্রথম সাময়িক-পত্র। ইহা দ্বিভাষিক ছিল; প্রতি পৃষ্ঠার বাম স্তম্ভে ইংরেজী, দক্ষিণ স্তম্ভে বঙ্গানুবাদ থাকিত। ‘গস্বেল মাগাজীনে’র প্রথম সংখ্যার প্রকাশকাল—ডিসেম্বর ১৮১৯। পর-বৎসর জানুয়ারি মাস হইতে ইহার একটি বাংলা সংস্করণও প্রকাশিত হয়; ইহাতে ইংরেজী-বাংলা সংস্করণের তুলনায় বিষয়-সংখ্যা অল্পই থাকিত।

ব্রাহ্মণ সেবাধ। সেপ্টেম্বর ১৮২১।

“কোন বিজ্ঞ ব্যক্তি দূর দেশ হইতে কয়েক প্রাণ সঞ্চলিত” একখানি পত্র ১৪ জুলাই ১৮২১ তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ করেন। রামমোহন রায় এই পত্রখানিকে মিশনরীদের তরফ হইতে হিন্দুধর্মের প্রতি অযথা আক্রমণ বোধে প্রতিবাদ করা সম্ভব মনে করিয়াছিলেন। তিনি তদীয় পণ্ডিত শিবপ্রসাদ শর্মার নামে প্রাণগুলির উত্তর ‘সমাচার দর্পণে’ পাঠাইবার ব্যবস্থা করেন। কিন্তু ‘সমাচার দর্পণ’-সম্পাদক উহার সমগ্র অংশ ব্যবহার করিতে না পারায় পরবর্তী ১লা সেপ্টেম্বর তারিখের পত্রে এইরূপ মন্তব্য করেন :—

ক্রীযুত শিবপ্রসাদ শর্মা প্রেরিত পত্র এখানে পঁছিয়াছে তাহা না ছাপাইবার কারণ এই যে সে পত্রে পূর্ব পক্ষের সিদ্ধান্ত ব্যতিরিক্ত অনেক অভিজ্ঞাসিতাভিধান আছে। কিন্তু অভিজ্ঞাসিতাভিধান দোষ বহিষ্কৃত করিয়া কেবল যত্নবর্ননের ঘোষোচ্চার পত্র ছাপাইতে অস্ব্যমতি দেন তবে ছাপাইবার বাধা নাই অত্যাধিক সর্ব সমেত অত্র ছাপাইতে বাসনা করেন তাহাতেও হানি নাই।

অগত্যা রামমোহন শিবপ্রসাদ শর্মার নামে ১৮২১ সনের সেপ্টেম্বর মাসে 'Brahmunical Magazine. The Missionary & the Brahmun No. 1 ব্রাহ্মণ সেবধি ব্রাহ্মণ ও মিসিনরি সম্বাদ সং ১ 1821' নামে একখানি সাময়িক-পত্র প্রকাশ করেন। ইহার এক পৃষ্ঠায় বাংলা ও পর-পৃষ্ঠায় তাহার ইংরেজী অনুবাদ থাকিত।

শিবপ্রসাদ শর্মার নামে প্রকাশিত হইলেও, রামমোহন রায়ই যে প্রকৃতপক্ষে 'ব্রাহ্মণ সেবধি'র লেখক—এ কথাই উল্লেখ রামমোহনের প্রতিপক্ষ ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের 'সমাচার চক্ষিকা'য় পাওয়া যায়। ভবানীচরণ লিখিয়াছিলেন :—

...সহমরণ রহিত বিষয়ে তাঁহাকে [রামমোহন রায়কে] ইংরেজী সমাচারপত্র-প্রকাশকেরা প্রশংসা দিতেছেন তাহাতে আমরা হুঃখিত নহি...তিনি ব্রাহ্মণকেল মেকজিন অর্থাৎ ব্রাহ্মণ সেবধিপ্রভৃতি এছ করিয়া মিসনরিপ্রভৃতি খ্রীষ্টমানেরদিগের নিকট অনেক প্রশংসা পাইয়াছিলেন...। (১২ ডিসেম্বর ১৮২১ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

১৮২১ সনে প্রকাশিত 'ব্রাহ্মণ সেবধি'র প্রথম তিন সংখ্যার সন্ধান পাওয়া গিয়াছে। সম্ভবতঃ ইহার আর কোন সংখ্যা প্রকাশিত হয় নাই। ১ম সংখ্যা হইতে কিঞ্চিৎ উদ্ধৃত করিতেছি :—

শতাব্দী বৎসর হইতে অধিককাল এদেশে ইংরেজের অধিকার হইয়াছে তাহাতে প্রথম জিহা বৎসরে তাঁহাদের বাক্যের ও ব্যবহারের দ্বারা ইহা সর্বত্র বিখ্যাত ছিল যে তাঁহাদের নিয়ম এই যে কাহারো বর্ষের সহিত বিগলতাচরণ করেন না ও আপনার আপনার বর্ষ সকলে করুক ইহাই তাঁহাদের স্বার্থ বাসনা পরে পরে অধিকারের ও বলের আধিক্য পরমেশ্বর জন্মে জন্মে করিতেছেন। কিন্তু ইদানীন্তন বিশ বৎসর হইল কতক ব্যক্তি ইংরেজ ষাহার মিসনরি নামে বিখ্যাত হিন্দু ও মোহলমানকে ব্যস্ত রূপে তাঁহাদের বর্ষ হইতে প্রচ্যুত করিয়া খ্রিষ্টান করিবার যত্ন নানা প্রকারে করিতেছেন। প্রথম প্রকার এই যে নানাবিধ স্কুল ও বৃহৎ পুস্তক সকল রচনা ও ছাপা করিয়া যথেষ্ট প্রদান করেন যাহা হিন্দুর ও মোহলমানের বর্ষের নিন্দা ও হিন্দুর দেবতার ও ঋষির জুগুপ্সা ও কুৎসাতে পরিপূর্ণ হয়, দ্বিতীয় প্রকার এই যে লোকের দ্বারের নিকট অথবা রাজপথে দাঁড়াইয়া আপনার বর্ষের ঔৎকর্ষ্য ও অস্তের বর্ষের অপকৃষ্টতা সূচক উপদেশ করেন, তৃতীয় প্রকার এই যে কোনো নীচলোক বনাশায় কিম্বা অত্র কোনো কারণে খ্রিষ্টান হয় তাহাদিগে কর্ত্ত্ব দেন ও প্রতিপালন করেন তাহা দেখিয়া অস্তের ঔৎকর্ষ্য জন্মে। যত্মিও যিত্ত্বিষ্টের শিষ্টেরা স্ববর্ষ সংস্থাপনের নিমিত্ত নানা দেশে আপন বর্ষের ঔৎকর্ষ্যের উপদেশ করিয়াছেন কিন্তু ইহা জানা কর্তব্য যে সে সকল দেশ তাঁহাদের অধিকারে ছিল না সেই রূপ মিসনরিরা

ইংরেজের অনধিকারের রাষ্ট্রে যেমন তুরকি ও পারসিয়া প্রভৃতি দেশে যাহা ইংলণ্ডের নিকট হয় এরূপ ধর্ম উপদেশ ও পুস্তক প্রদান যদি করেন তবে ধর্মার্থে নির্ভয় ও আপন আচার্যের যথার্থ অনুগামীরূপে প্রসিদ্ধ হইতে পারেন কিন্তু বাদশাহ দেশে যেখানে ইংরেজের সম্পূর্ণ অধিকার ও ইংরেজের নাম মাত্রে লোক ভীত হয় তথায় এরূপ দুর্বল ও দীন ও ভয়ানক প্রকার উপর ও তাহাদের ধর্মের উপর দৌরাখ্যা করা কি ধর্মত কি লোকত প্রশংসনীয় হয় না, যেহেতু বিজ্ঞ ও ধার্মিক ব্যক্তির দুর্বলের মনঃশীত্বাতে সর্বদা সঙ্কুচিত করেন তাহাতে যদি সেই দুর্বল তাহাদের অধীন হয় তবে তাহার মর্মান্তিক কোনমতে অন্তঃকরণেও করেন না। এই তিরস্কারের ভাগী আমরা প্রায় নয় শত বৎসর অবধি হইয়াছি ও তাহার কারণ আমাদের অতিশয় শিষ্টতা ও হিংসা ত্যাগকে ধর্ম জানা ও আমাদের জাতিভেদ যাহা সর্ব প্রকারে অনৈক্যতার মূল হয়।

সম্বাদ কোমুদী (সাপ্তাহিক...) । ৪ ডিসেম্বর ১৮২১ ।

লর্ড হেষ্টিংস-প্রবর্তিত সংবাদপত্র-সম্বন্ধীয় নূতন নিয়মাবলীর একটি সুফল ফলিয়াছিল। অচিরে কলিকাতায় দেশীয় ভাষায় ও ইংরেজীতে অনেকগুলি সংবাদপত্র জন্মলাভ করে; ইহাদের মধ্যে সিদ্ধ বাকিংহামের ‘ক্যালকাটা জর্নাল’ (২ অক্টোবর ১৮১৮) ও ‘সম্বাদ কোমুদী’র নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

পরধর্মের হীনতা প্রতিপাদন বা খ্রীষ্টধর্মের মাহাত্ম্য প্রচার করা ‘সমাচার দর্পণ’র উদ্দেশ্য না হইলেও প্রথমাবস্থায় উহাতে এমন কতকগুলি “প্রেরিত পত্র” প্রকাশিত হয়, যাহাতে হিন্দুশাস্ত্রের যুক্তিহীনতা, কুলীনদের প্রতি কটাক্ষ প্রভৃতি ছিল। এই কারণে বাঙালী-পরিচালিত একখানি বাংলা সমাচার-পত্রের অভাব অনেকে অনুভব করিতেছিলেন। ঠিক এই সময়ে কুলুটোলা-নিবাসী দেওয়ান তারাচাঁদ দস্ত এবং ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় উভয়ে মিলিয়া একখানি বাংলা সাপ্তাহিক পত্র প্রকাশে অগ্রসর হন। এই পত্রিকাখানির নাম ‘সম্বাদ কোমুদী’; ইহার ১ম সংখ্যার প্রকাশকাল—৪ ডিসেম্বর ১৮২১ (২০ অগ্রহায়ণ ১২২৮)। ইহার আবির্ভাবে আনন্দ প্রকাশ করিয়া পরবর্তী ২২এ ডিসেম্বর ‘সমাচার দর্পণ’-সম্পাদক লিখিয়াছিলেন :—

সম্বাদ কোমুদী। এই মাসে সম্বাদ কোমুদী নামে এক বাঙ্গালি সমাচার পত্র মোং কলিকাতাতে প্রকাশ হইয়াছে এবং তাহার তিম সংখ্যা পর্যন্ত ছাপা হইয়াছে ইহাতে আমরা অধিক আনন্দ প্রাপ্ত হইয়াছি যেহেতুক দর্পণ বল কিম্বা কোমুদী বল অথবা প্রভাকর বল যাহাতে এতদেখিলে লোকেরদের জ্ঞান সীমা বিস্তার হয় তাহাতে আমরা ভুই...।

‘সম্বাদ কোমুদী’র ১ম সংখ্যায় প্রকাশিত বঙ্গীয় পাঠকবর্গের প্রতি নিবেদনে স্পষ্ট করিয়া জানান হয়, ধর্ম নীতি ও রাষ্ট্র-বিষয়ক আলোচনা, আভ্যন্তরীণ ঘটনাবলী, দেশ-বিদেশের সংবাদ ও জ্ঞাতব্য তথ্য-সম্বলিত প্রেরিত পত্রাবলী প্রকাশ—এক কথায় লোকহিতসাধনই এই সংবাদপত্র প্রচারের প্রধান লক্ষ্য। পত্রিকার শিরোভাগে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

দর্পণে বদনং ভাতি দীপেন নিকটস্থিতং ।

রবিনা ভুবনং তপ্তং কৌমুদী শীতলং জগৎ ॥

‘সম্বাদ কৌমুদী’ প্রতি মঙ্গলবারে, এবং ১৬শ সংখ্যা (১৬ মার্চ ১৮২২) হইতে মঙ্গলবারের পরবর্ত্তে প্রতি শনিবারে প্রকাশিত হইত । ইহার পৃষ্ঠা-সংখ্যা ছিল ৮ । পত্রিকা-প্রকাশের “দুই তিন মাস গতে দত্তজের এক সুসন্তান শ্রীযুত হরিহর দত্ত ঐ কাগজের এক সহকারী হইলেন ইহাতে তাঁহার মনোগত কথা ব্যক্ত করিতে বাঞ্ছা করিলেন অর্থাৎ সহগমনের প্রতি তাহার কটাক্ষ করা মত এজ্ঞ তাঁহার বন্দ্যোপাধ্যায় বাবুর সহিত অনৈক্য হইল তিনি ঐ কাগজপ্রকাশক ছিলেন তাদৃশ কথা লেখাতে ধর্মহানি এবং হিন্দুসমাজে মানহানি জানিয়া কৌমুদী ত্যাগ করিয়া ঐ সালের ফাল্গুনে চন্দ্রিকা নামক কাগজের সৃষ্টি করেন ইহাতে কৌমুদী ও চন্দ্রিকায় ঘোরতর সংগ্রাম হইয়াছিল ।”* ১৩শ সংখ্যা (২৬ ফেব্রুয়ারি ১৮২২) পর্যন্ত ভবানীচরণ ‘সম্বাদ কৌমুদী’র প্রকাশক ছিলেন ।

নামে যিনিই সম্পাদক থাকুন, ‘সম্বাদ কৌমুদী’-সম্পাদন ব্যাপারে যে রামমোহন রায়ের যথেষ্ট হাত ছিল এবং তিনি যে পত্রিকাখানির সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন, তাহা মনে করা অসম্ভব হইবে না । পরবর্ত্তী মে মাসে স্বত্বাধিকারী ও সম্পাদক হরিহর দত্ত পত্রিকার আর্থিক উন্নতি স্বন্ধে হতাশ হইয়া অবসর গ্রহণ করিলে মিলিটারি বোর্ড আপিসের কেরানী, শাখারিটোলা-নিবাসী গোবিন্দচন্দ্র কোঙার ‘সম্বাদ কৌমুদী’-পরিচালনের ভার গ্রহণ করেন । ২৪-সংখ্যক (১১ মে ১৮২২) ‘সম্বাদ কৌমুদী’তে (১) পাঠকগণের প্রতি পূর্ব-সম্পাদক—হরিহর দত্তের বিদায়-বাণী ও (২) বর্ত্তমান সম্পাদক—গোবিন্দচন্দ্র কোঙারের নিবেদন মুদ্রিত হইয়াছিল ।

এই নূতন ব্যবস্থাতেও ‘সম্বাদ কৌমুদী’ বেশী দিন চলিল না । চারি মাস পরেই ইহার প্রচার বন্ধ হইয়া গেল । হিন্দুদের কতকগুলি প্রচলিত প্রথা—বিশেষতঃ সহমরণের বিরুদ্ধে লেখনী ধারণ করায় ‘সম্বাদ কৌমুদী’ জনসাধারণের বিরাগভাজন হইয়াছিল ।‡ তাহার উপর

* ‘সম্বাদ ভিমিরনাশক’ হইতে ২১ জানুয়ারি ১৮৩২ তারিখের ‘সমাচার দর্পণে’ উদ্ধৃত ।

† “The Cowmoody set up by Babco Ram Mohun Roy, to counteract the force of the *Chundrika*, has been engaged in treating on general subjects, taking liberal views of them, though coming only as far as half the way on religion and politics.—*Enquirer*.” “The Bengali Newspapers.” *Asiatic Journal*, Jany.—Apr. 1833, (*Asiatic Intelligence—Calcutta*, p. 9.)

‡ রামমোহন রায়ের বিশিষ্ট বন্ধু পাদরি অ্যাডামের মতে :—“He [Rammohun] established and conducted two native papers, one in Persian, and the other in Bengali, and made them the medium of much valuable political information to his countrymen.”—*A Lecture on the Life and Labours of Rammohun Roy*, by W. Adam, p. 20.

‡ “The Paper which was considered so fraught with danger, and like to explode over all India like a spark thrown into a barrel of gunpowder, has long since fallen to the ground for want of support ; chiefly we understand because it offended the Native community, by opposing some of their customs, and particularly the Burning of Hindoo Widows....The

রক্ষণশীল-দলের মুখপত্র ভবানীচরণের 'সমাচার চন্দ্রিকা' প্রচারিত হওয়ায় 'কৌমুদী'র গ্রাহক-সংখ্যা অনেক কমিয়া গিয়াছিল।

'সম্বাদ কৌমুদী' একেবারে লোপ পাইল না। পব-বৎসর (১৮২৩) ৭ই আগস্ট তারিখে সম্পাদক-রূপে আনন্দচন্দ্র মুখোপাধ্যায়কে জোড়াসাঁকো ৮৯ নং ভবন হইতে 'সম্বাদ কৌমুদী' প্রকাশ করিবার জন্ত নূতন আইন-মতে সরকার লাইসেন্স মঞ্জুর করেন। 'সম্বাদ কৌমুদী' পুনঃপ্রকাশিত হইয়াছিল; ইহার মুদ্রাকর ও প্রকাশক ছিলেন গোবিন্দচন্দ্র কোণ্ডার।

ইহার পরও 'সম্বাদ কৌমুদী' প্রায় দশ বৎসর জীবিত ছিল। এই দশ বৎসরের মধ্যে দুই-তিন বার ইহার পরিচালকের পরিবর্তন হয়। ১২ ডিসেম্বর ১৮২৯ তারিখের 'বঙ্গদূত' নামক মাস্তাহিক পত্রে প্রকাশিত তৎকাল-প্রচলিত ইংরেজী ও বাংলা সাময়িক-পত্রের তালিকায় 'সম্বাদ কৌমুদী'র সম্পাদকরূপে হলধর বসুর নাম পাওয়া যায়।

১৮৩০ সন হইতে 'সম্বাদ কৌমুদী' দ্বিসাপ্তাহিক পত্রে পরিণত হয়। ৩০ জানুয়ারি ১৮৩০ তারিখের 'সমাচার দর্পণে' প্রকাশ,—“সম্বাদ কৌমুদী এখন সপ্তাহে দুই বার প্রকাশ হইতেছে।”

রামমোহনের বিলাত-যাত্রার পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাধাপ্রসাদ রায় কিছু দিন 'সম্বাদ কৌমুদী' পরিচালন করিয়াছিলেন। ২১ জানুয়ারি ১৮৩২ তারিখের 'সমাচার দর্পণে' প্রকাশ :—

এক্ষণে শ্রীযুত বাবু রামমোহন রায়ের পুত্র শ্রীযুত বাবু রাধাপ্রসাদ রায় কৌমুদীনায়ে কাগজ করিতেছেন ঐ কাগজের গ্রাহক কেবল সতীশ্বেষী কএক মহাশয়েরা আছেন শুনিয়াছি তাহার ব্যয়নিমিত্ত শ্রীযুত বাবু কালীনাথ মুন্সী ১৬ টাকা আর শ্রীযুত বাবু দ্বারিকানাথ ঠাকুর ১৬ টাকা দেন ইহাতেই তাহার জীবনোপায় হইয়াছে নচেৎ কৌমুদী এত দিনে কোন স্থানে মিলাইয়া যাইতেন...। ('সম্বাদ তিমিরনাশক' হইতে উদ্ধৃত)

ইহার পর 'সম্বাদ কৌমুদী' আরও দুই-এক বৎসর জীবিত ছিল। ১৮৩২ সনের ১৫ই ডিসেম্বর তারিখের 'সমাচার দর্পণে' এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত হইয়াছিল :—

সর্বজনকে বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে পূর্বে কৌমুদীর লেখক ও সাহায্যকারী যিনি ছিলেন তঁহ কোন আবশ্যকতাতে বাধিত হইয়া ঐ কর্ম হইতে অবসর প্রাপ্ত হইয়াছেন

innocent *Sungbad Cowmuddy*, the object of so much unnecessary alarm, was originally established in the month of December 1821, and relinquished by the original Proprietor for want of encouragement in May 1822, after which it was kept alive by another Native till the September following, when, about the commencement of the Doorga Pooja Holidays, it first was suspended, and then fell to rise no more.”—“Danger of the Native Press”: *The Calcutta Journal*. 14 Feby. 1828, pp. 618-19.

একণে তাঁহার পরিবর্তে নবীন লেখক ও সাহায্যকারী এই দিসেম্বর মাসের প্রথমহইতে হইলেন...।—কৌমুদী।*

পঞ্চাবলী (মাসিক)। ফেব্রুয়ারি ১৮২২।

১৮২২ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারি মাসে কলিকাতা-স্কুলবুক-সোসাইটি কর্তৃক ‘পঞ্চাবলী’ নামে একখানি বাংলা মাসিক-পুস্তক প্রকাশিত হয়। ইহার প্রত্যেক সংখ্যায় একটি করিয়া জন্তুর বিবরণ, এবং প্রথম পৃষ্ঠায় সেই-সেই জন্তুর কাঠ-খোদাই চিত্র থাকিত। ‘পঞ্চাবলী’ পত্রের প্রথম পর্য্যায় পাদরি লসন কর্তৃক সংগৃহীত ও ডবলিউ. এইচ. পীয়ার্স কর্তৃক বাংলায় অনূদিত হয়। কাঠ-খোদাই চিত্রগুলি লসনের; তিনি কাঠ-খোদাই কার্যে সুপটু ছিলেন। প্রথম চারি সংখ্যার আখ্যাপত্র হইতে উহাদের বিষয় ও প্রকাশকাল উদ্ধৃত করা গেল :—

১ সংখ্যা.—সিংহের বৃত্তান্ত. *February 1822*

২ সংখ্যা.—ভালুকের বৃত্তান্ত. *March 1822*

৩ সংখ্যা.—হস্তীর বৃত্তান্ত. *April 1822*

৪ সংখ্যা.—গণ্ডার ও হিপপটমস্ অর্থাৎ মস্তবের বৃত্তান্ত. *Aug. 1822*

৫ম ও ৬ষ্ঠ সংখ্যার বিষয়—ব্যায় ও বিড়ালের বিবরণ। এই দুই সংখ্যা বহু বিলম্বে প্রকাশিত হইয়াছিল। লসনের মৃত্যুতে (১৮২৭ সনে?) ‘পঞ্চাবলী’র প্রথম পর্য্যায় ছয় সংখ্যার বেশী অগ্রসর হইতে পারে নাই। স্কুলের ছাত্রদের পারিতোষিক-পুস্তক হিসাবে গ্রহণীয় হইবে বিবেচনা করিয়া, ১৮২৮ সনে কলিকাতা-স্কুলবুক-সোসাইটি ‘পঞ্চাবলী’† নামে এই ছয় সংখ্যা একত্র পুস্তকাকারে প্রকাশ করিয়াছিলেন।

দ্বিতীয় পর্য্যায়ের ‘পঞ্চাবলি’ পরিচালন করেন—হিন্দুকলেজের শিক্ষক রামচন্দ্র মিত্র। ইহার প্রথম সংখ্যা ‘কুকুরের বৃত্তান্ত’ ১৮৩৩ সনে প্রকাশিত হয় বলিয়া মনে হইতেছে। কলিকাতা-স্কুলবুক-সোসাইটির দশম কার্যবিবরণে প্রকাশ :—

The Natural History in Bengalee, of which one volume was completed by Messrs. Lawson and Pearce, is now taken up by RAM CHUNDER MITR, who was formerly a scholar, but is now a teacher, in the Hindoo College; and who appears likely to carry it forward with vigour and success. He has furnished the History of the Dog, enlivened

* ‘সম্বাদ কৌমুদী’র কোন সংখ্যা এখনও আবিষ্কৃত হয় নাই। ১৮২১-২২ সনের ‘ক্যালকাটা জর্নাল’র এশিয়াটিক ডিপার্টমেন্ট-বিভাগে ইহার ১ম বর্ষের কয়েক সংখ্যার বিষয়-সূচী ও অনেকগুলি প্রবন্ধের ইংরেজী অনুবাদ পাওয়া যায়। এগুলির কতকংশ আবার বিলাত হইতে প্রকাশিত ‘এশিয়াটিক জর্নাল’ নামক মাসিকপত্রের ১৮২২ সনে (আগষ্ট, পৃ. ১৩৬-৩৭; সেপ্টেম্বর, পৃ. ২৮৪-৮৭; অক্টোবর, পৃ. ৩৮৪-৯৪) পুনর্মুদ্রিত হয়। ‘সম্বাদ কৌমুদী’র কর্তৃত্বের স্নোকট মহেন্দ্রনাথ বিজানিধির প্রবন্ধ (‘নব্যভারত’, বৈশাখ ১৩০৪) হইতে গৃহীত।

† ভারতীয় জর্নাল কর্তৃক আয়ুল পুনর্মুদ্রিত হইয়া, এই পুস্তকের একটি সংস্করণ ১৮৫২ সনের জুন মাসে প্রকাশিত হইয়াছিল (কলিকাতা-স্কুলবুক-সোসাইটির ১৬শ কার্যবিবরণ, পৃ. ১ উল্লেখ্য)।

with a great number of interesting anecdotes, each arranged under the species of the animal of which he is treating. The first seven [six ?] numbers of the work were printed only in Bengalee, but it was proposed that all succeeding numbers shall be in Bengalee and English ; and under existing circumstances, it did not appear wise to reject this proposal.—The Tenth Report of the Calcutta School-Book Society's Proceedings. Fifteenth and Sixteenth Years, 1832-1838. Read the 21st March, 1834. Pp. 10-11.

রামচন্দ্র মিত্র ‘পঞ্চাবলি’র সর্বসমেত ১৬ সংখ্যা ইংরেজী-বাংলায় প্রকাশ করিয়াছিলেন,* কিন্তু এগুলি নিয়মিতভাবে প্রকাশিত হয় নাই।

সমাচার চন্দ্রিকা (সাপ্তাহিক...) । ৫ মার্চ ১৮২২ ।

‘সম্বাদ কোমুদী’ প্রথম ত্রয়োদশ সংখ্যা প্রকাশ করিবার পর “অংশিগণের সহিত ধর্ম বিষয়ে ঐকমত্য না হওয়ায়” ভবানীচরণ উহার সংস্রব ত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন। ভবানীচরণ উষ্টোগী পুরুষ ; তিনি অচিরাৎ কলুটোলায় সমাচার চন্দ্রিকা যন্ত্র স্থাপন করিয়া, ২৫ নং রামমোহন ঘোষের ষ্ট্রীট হইতে ‘সমাচার চন্দ্রিকা’ নামে একখানি সংবাদপত্র প্রকাশ করেন। ‘সমাচার চন্দ্রিকা’র প্রথম সংখ্যার প্রকাশকাল—৫ মার্চ ১৮২২ (২৩ ফাল্গুন ১২২৮) । পত্রিকার শিরোভাগে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

সদা সমাচারজুযাং ফলাপিকা, পদার্থচেষ্টাপরমার্থদায়িকা
বিজ্ঞমুভতে সর্বমনোহরঞ্জিকা শ্রিয়া ভবানীচরণস্ত চন্দ্রিকা

প্রথম দুই সংখ্যা পত্রিকা প্রকাশ করিবার পর ভবানীচরণ শ্রীরামপুরের ‘সমাচার দর্পণে’ (২৩ মার্চ ১৮২২) নিম্নোক্ত ইস্তাহার প্রকাশ করেন :—

ইস্তাহার।—কলিকাতার কলুটোলা গ্রাম নিবাসী শ্রীযুত ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় সকল বিজ্ঞ সন্নিবেচক মহাশয়েরদিগকে বিজ্ঞাপন করিতেছেন যে তিনি সম্বাদ কোমুদী নামক সমাচার পত্র ১ প্রথমাবধি ১৩ সংখ্যা পর্যন্ত প্রকাশ করিয়াছেন সম্প্রতি সমাচার চন্দ্রিকানামক এক পত্র প্রকাশ করিতেছেন তাহাতে নানা দিপ্দেশীয় বিবিধ সমাচার অনায়াসে জানা যায়। প্রথম পত্র ২৩ ফাল্গুন মঙ্গলবার প্রকাশ করিয়াছেন ২ দ্বিতীয় পত্র সোমবার প্রকাশিত হইয়াছে এবং পরেও প্রতিসোমবারে প্রকাশিত হইবে। এই পত্রপ্রাক্ষক মহাশয়েরদিগের প্রতিমাসে ১ টাকা মূল্য দিতে হইবে।

* Anglo-Bengali...

Animal Biography, vol. I. in 8 numbers ; viz.

No. 1. The Dog ; 2. The Horse ; 3. The Ass ; 4. The Ox ; 5. The Buffalo ; 6. The Sheop ; 7. The Goat ; 8. The Camel ;

— vol. II. in 8 numbers ; viz.

No. 1. The Wolf ; 2. The Leopard ; 3. The Monkey ; 4. The Beaver ; 5. The Seal ; 6. The Bat ; 7. The Hare ; 8. The Rat ;...

—The Twenty-First Report...Account of Stock of the Calcutta School Book Society Jany. 1st. 1860.

এই বিজ্ঞাপনটি বাহির হইবার এক সপ্তাহ পূর্বে—১৫ মার্চ তারিখে 'ক্যালকাটা জর্ণালে'ও ভবানীচরণ একই মঞ্চে একটি ইংরেজী ইস্তাহার প্রকাশ করিয়াছিলেন। ইহার উত্তরে 'সম্বাদ কৌমুদী'-সম্পাদক হরিহর দত্ত যে বিজ্ঞাপনটি প্রকাশ করেন, নিম্নে তাহা উদ্ধৃত করিতেছি :—

The Editor of the *Sambad Coumudy* observing an Advertisement inserted in the *Calcutta Journal* of the 15th instant, by one Bhubanee Churn Bunnerjee, asserting that the first 18, Nos. of the *Coumudy* were edited by him, deems it indispensably necessary to state for publication, that this declaration is a wicked and malicious fabrication of falsehood advanced through sinister motives : for he was no more than the real Editor's Assistant, and as such he was introduced to the notice of the gentleman, under whose immediate and sole patronage and support the paper has been established.

March 21, 1822.

HURBEE HUR DUTT

'সম্বাদ কৌমুদী'র প্রথম ১৩ সংখ্যা প্রকাশে ভবানীচরণ সম্পাদকই থাকুন বা সম্পাদকের সহকারীই থাকুন, পত্রিকা-পরিচালন ব্যাপারে তাঁহার যে হাত ছিল, তাহা অস্বীকার করিবার উপায় নাই। তবে এই সকল বিজ্ঞাপন হইতে 'কৌমুদী'-কর্তৃপক্ষের সহিত ভবানীচরণের রীতিমত বিবাদে আভাস পাওয়া যায়। ইহার কারণ যে ধর্ম্মভেদের পার্থক্য, ভবানীচরণের জীবনীতে তাহার উল্লেখ আছে। এই বিবাদের ফলে উভয় পত্রিকাতেই পরস্পরের প্রতি আক্ষেপসূচক অশোভন নিন্দাবাদ প্রচারিত হইতে থাকে। ৩০ মার্চ ১৮২২ তারিখের 'সমাচার দর্পণে' একজন পত্রপ্রেরক এইরূপ মন্তব্য করেন :—

সম্বাদ কৌমুদীকারক মহাশয়েরা পূর্বে এক হইয়া কাগজ প্রকাশ করিতেছিলেন। পরে ১৪ সংখ্যাতে তাহার ভিন্ন হইয়া সম্বাদ কৌমুদী ও সমাচার চন্দ্রিকা নামে দুই কাগজ প্রকাশ করিতেছেন। কিন্তু উভয়ে পরস্পর বিবাদজনক অসাধু ভাষাতে পরস্পর নিন্দা স্বয়ং কাগজে ছাপাইতেছেন ইহাতে আমার বেদ হইতেছে যেহেতুক সম্বাদ আর সমাচার নামে ব্যত্যয় কাগজ। নানাদেশীয় নানাবিধ মৃতনয় সুশ্রাব্য বিষয়রহিত হইয়া কেবল পরস্পর-সূচক হইলে নামের বিপরীত হয়।

ভবানীচরণ রক্ষণশীল হিন্দু ছিলেন; তাঁহার সম্পাদিত 'সমাচার চন্দ্রিকা' রক্ষণশীল হিন্দু সম্প্রদায়ের মুখপত্রস্বরূপ হইয়াছিল। ইহার গ্রাহক-সংখ্যা দ্রুত বৃদ্ধি পাইতে থাকে। ১৮২৯ সনের এপ্রিল মাসে 'সমাচার চন্দ্রিকা' সাপ্তাহিক হইতে দ্বি-সাপ্তাহিক পত্রে পরিণত হয় :

এই চন্দ্রিকা পত্র ১৭৪৩ শকে সাপ্তাহিক অর্থাৎ প্রতি সোমবারে প্রকাশ হইত ১৭৫১ শকের বৈশাখাবধি ছইবার অর্থাৎ সোমবার ও বৃহস্পতিবার প্রকাশমান হইতেছে।—
'সমাচার চন্দ্রিকা', ১২ এপ্রিল ১৮৩০।

"সতীনিবারণের বিরুদ্ধে ইংলণ্ড দেশে আপীলকরণার্থে এবং হিন্দুদিগের ধর্ম্ম বজায় রাখিবার নিমিত্তে" কলিকাতার রক্ষণশীল হিন্দুরা মিলিয়া ১৭ জানুয়ারি ১৮৩০ তারিখে

সমাচারচন্দ্রিকা

কলিকাতার সাদাসমাচারজুমাফলাপিকা, পদার্থচেষ্টা পরমার্থদায়িকা } এইপত্রসেব
টোলা ২৩নং } ওৎকল্পভিন্যার
গৃহে চন্দ্রিকা } পুকাশ বর
বহুত্বমুখিত } মূল্য মাসে ১

৫২০ নংখ্যা সোমবার ৪ জ্যৈষ্ঠ ১২০৮ রাম ইং ১৮৩১ মাস ১৩ মে

<p>কলিকাতার পরিশোধাক্ষম অধিদেষের পরিত্রাণের আদালত।</p> <p>১৮৩১ সাল ৭ মে তারিখে এই আদালতের আত্মস্বাধারে লিপির দ্বারা সমাচার বেওয়া বাইতেছে যে জান হুট সাহেব যিনি কলিকাতায় কোম্পানির কর্ম করিতেন এক্ষণে বহু স্বত্বসম্বন্ধে বিশেষতঃ বাস করিতেছেন এই জান হুট সাহেবের বিবাহিতা বিধি জেন হুট যিনি কলিকাতায় সুইসীয়াটা স্ট্রীটে বাস করিতেন তিনি এক্ষণে কলিকাতার প্রথম কারাগারে কএব আছেন তাঁহার আরজী এই আদালতে আপানি ২৫ নুই শনিবার বেলা দুই প্রহরের সময় শুনা হইবেক</p> <p>এবং এই জেন হুটসের মহাজন লোকের নাম তাঁহার আরজীর সহিত এক কর্দ এই আদালতের চিক কেসার্ড আফিসে রাখিল হইয়াছে তাহাতে এই কর্দে তাঁহার মহাজন লোকের নাম নির্ধিক্রাছে তাঁহার চিক কেসার্ড আফিসে আইলে</p>	<p>দেখিতে পাইবেন ইতিতারিখ ১২মে ১৮৩১ সাল।</p> <p>C. G Strettell Attorney for Jane Hunt.</p> <p>কলিকাতার পরিশোধাক্ষম অধিদেষের পরিত্রাণের আদালত।।</p> <p>১৮৩১ সাল ৭ মে তারিখে এই আদালতের আত্মস্বাধারে লিপির দ্বারা সমাচার বেওয়া বাইতেছে যে কেথেরিন এলিজা মেডিরা পূর্বে কলিকাতায় সুইসীয়াটা স্ট্রীটে বাস করিতেন</p> <p>এক্ষণে কলিকাতার প্রথম কারা গারে করেন আছেন তাঁহার আরজী এই আদালতে আপানি ২৫ নুই শনি বার বেলা দুই প্রহরের সময় শুনা হইবেক</p> <p>এবং এই কেথেরিন এলিজা মেডি রার মহাজন লোকের নাম তাঁহার আরজীর সহিত এক কর্দ এই আদা লতের চিককেসার্ড আফিসে রাখিল হইয়াছে তাহাতে এই কর্দে তাঁহার</p>	<p>মহাজন লোকের নাম নির্ধিক্রাছে তাঁহার চিক কেসার্ড আফিসে আইলে দেখিতে পাইবেন ইতি তারিখ ১২ মে ১৮৩১।</p> <p>C. G Strettell Attorney for Catherine Eliza medira</p> <p>কলিকাতার পরিশোধাক্ষম অধিদেষের পরিত্রাণের আদালত।</p> <p>১৮৩১ সালের ২মে তারিখের এই আদালতের হুকুম অনুসারে লিপির দ্বারা সমাচার বেওয়া বাইতেছে যে উইলেম বরন সাহেব নহর কনি কাতার তালতলা দাকিনেতে বাস করিতেন এবং নিস্টেরিডিপাট্রোনেটে এনিকটেটাইলেন এইক্ষণে কলিকা তার বড়বেলে কএবআছেন তাঁহার আরজী এই আদালতে আপানি শনি বার ১৩ আদক বেলা দুইপ্রহরের সময় শুনা হইবেক</p> <p>এই উইলেম বরনসাহেবের মহাজন লোকের নাম এই আরজীর সহিত</p>
-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

['সমাচার চন্দ্রিকা' পত্রের একটি পৃষ্ঠার প্রতিলিপি]

ধর্মসভার প্রতিষ্ঠা করেন। ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় এই সভার সম্পাদক হন। ১৮৩০ সনের ১৩ই ফেব্রুয়ারি ‘সমাচার দর্পণ’ মন্তব্য করেন, “চন্দ্রিকাকার ধর্মসভার কৌমুদীকার ব্রহ্মসভার সাহায্যকারক।...সতীবিষয়ক ব্যাপার সংপ্রতি ঐ উভয় সমাচারপত্রে লিখিত বাদানুবাদমাত্রের আশ্রয় হইয়াছে...।”

১৮৪৮ সনের ২০এ ফেব্রুয়ারি (৯ ফাল্গুন ১২৫৪) ভবানীচরণের মৃত্যু হইলে তৎপুত্র রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় কিছু দিন ‘সমাচার চন্দ্রিকা’ পরিচালনা করিয়াছিলেন।* কিন্তু তখন ‘সংবাদ প্রভাকর’, ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ প্রভৃতি পত্রিকার আবির্ভাবে ‘সমাচার চন্দ্রিকা’র প্রসার-প্রতিপত্তি কমিয়া আসিয়াছিল। সুতরাং রাজকৃষ্ণ শীঘ্রই ঋণজালে জড়িত হইয়া দেউলিয়া হন। আড়াই শত টাকায় ‘সমাচার চন্দ্রিকা’র স্বত্ব বা “হেড” ক্রয় করেন—ভগবতীচরণ চট্টোপাধ্যায়। নূতন ‘সমাচার চন্দ্রিকা’ প্রকাশিত হইলে ৭ মে ১৮৫২ তারিখে ‘সংবাদ প্রভাকর’ লেখেন :—

ক্রীমুত বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায়ের নূতন চন্দ্রিকা আমারদিগের দৃষ্টিপথে বিহার করিয়াছেন, ইঁহার আকার প্রকার অবিকল পুরাতন চন্দ্রিকার জায়। এবং পূর্বকার সেই অসংখ্য সংখ্যা ও শ্লোকটিও রহিয়াছে...।

এই বিষয় যন্ত্রারূঢ় হওন কালে শ্রবণ করিলাম পুরাতন চন্দ্রিকার নূতন সম্পাদক নূতন চন্দ্রিকার নূতন এডিটর ও নূতন প্রোপ্রাইটরের নামে উকিলের চিঠি দিয়াছেন, কলে তিনি দিতে পারেন, কারণ রাজকৃষ্ণ বাবু ইন্সালবেন্ট গ্রহণের অনেক পূর্বেই চন্দ্রিকা বিক্রয় করিয়াছেন।

নূতন ‘চন্দ্রিকা’র সঙ্গে পুরাতন ‘সমাচার চন্দ্রিকা’ও মাঝে মাঝে বাহির হইয়াছিল :—

বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায় যেমন এসাইনিং নিকট হইতে হেড ক্রয় করত নূতন চন্দ্রিকা প্রকাশ করিলেন তেমনি আবার এ পক্ষের পুরাতন চন্দ্রিকাখানি একবার জন্ম, একবার মৃত্যু, একবার মৃত্যু, একবার জন্ম, এইরূপ পাঁচ ছয় আছাড় খাইয়াই প্রাণত্যাগ করিলেন।—‘সংবাদ প্রভাকর’, ৪ ফেব্রুয়ারি ১৮৫৩।

রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর (১৪ আগষ্ট ১৮৫২) পর সংস্কৃত কলেজের অধ্যাপক প্রাণকৃষ্ণ বিদ্যাসাগর পুরাতন ‘সমাচার চন্দ্রিকা’ প্রকাশ করিয়াছিলেন বলিয়া মনে হয়; ‘বিবিধার্থ-সঙ্গ্রহের’ (চৈত্র ১৭৮০ শক) একটি সমালোচনায় প্রকাশ :—“এই সময়ে সংস্কৃত

* ১৬ মে ১৮৪৮ তারিখের ‘সংবাদ প্রভাকর’ প্রকাশ :—“ধর্মসভা তথা চন্দ্রিকা সম্পাদক। অবগতি হইল, গত রবিবার বৈকালে কল্টোলায় ধর্মসভার গৃহে ধর্মসভার এক অতিরিক্ত সভা হইয়াছিল, ঐ সভাতে আমারদিগের প্রধান সহযোগি চন্দ্রিকার অভিনব সম্পাদক বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় মহাশয় সম্পাদকের পদে অভিযুক্ত হইয়াছেন, উক্ত বাবু পিতৃপদ প্রাপ্ত হইয়া পিতার জায় সর্বতোভাবে ধনস্বী করেন...।”

কালেক্টরের পূর্বতন অধ্যাপক ও সমাচারচক্রিকা নামক সংবাদপত্রের বিখ্যাত সম্পাদক পণ্ডিতপ্রধান মৃত প্রাণকৃষ্ণ বিদ্যাসাগর মহাশয়...।”

‘সমাচার চক্রিকা’ পরে প্রাত্যহিক পত্রে পরিণত হয়, এবং শেষ দিক্‌টায় ‘দৈনিকে’র সহিত সম্মিলিত হইয়া যায়।*

খ্রীষ্টের রাজ্যবৃদ্ধি (মাসিক)। মে ১৮২২।

১৮২২ সনের মে মাসে ‘খ্রীষ্টের রাজ্যবৃদ্ধি’ নামে একখানি “মাসিক সমাচার পত্র” খ্রীরামপুর হইতে প্রকাশিত হয়। খ্রীষ্টতন্ত্র সম্বন্ধে ইহা দ্বিতীয় মাসিক পত্র। প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ লিখিত হইয়াছে :—

অন্তঃ দেশে খ্রীষ্টীয়ান লোকেরা কিরূপ পাণ্ডিত্যের পরিজ্ঞানার্থে প্রার্থনা করে ও মঙ্গল সমাচার ঘোষণা করিতে ও লোকেরদিগকে শিক্ষা করিতে কিরূপ পরিশ্রম করে ও অন্তঃ লোকদ্বারা মঙ্গল সমাচার ঘোষণা করিতে আপনারা কত টাকা ব্যয় করে ও ঈশ্বর তাহারদিগের প্রার্থনা কিরূপ শ্রবণ করেন ও তাহারদের জিয়ারতল দেন। এই সকল তোমারদিগকে জ্ঞাত করার কারণ মাসে ২ এই মত পুস্তক ছাপা হইবে। তাহাতে নানাদেশীয় ভাল সমাচার দেওয়া যাইবেক এই পুস্তক বিষয়ে যে লাভ হইবে তাহা ভাল ২ পুস্তক ছাপাইয়া বর্নজ্ঞানার্থে হিন্দুরদিগকে দিতে এবং তাহারদিগকে পরিজ্ঞানের পথ শিক্ষা করাইতে ব্যয় করা যাইবেক। আমরা এই ভরোসা করি যে তোমরা এ বিষয়ে আমারদিগের সহায়তা করিবা ও মাস ২ কিছু করিয়া দিবা ও প্রভু যিশু খ্রীষ্টের মঙ্গল সমাচার ঘোষণা করণার্থে বাকালি খ্রীষ্টীয়ানের মধ্যে এক দল কর।

‘খ্রীষ্টের রাজ্যবৃদ্ধি’ পত্রিকার প্রত্যেক সংখ্যায় ৮ পৃষ্ঠা পরিমাণ রচনা থাকিত, মূল্য ছিল ১০। ১ম খণ্ড শেষ হয় ১৪ সংখ্যায় (জুন ১৮২৩)। ২য় খণ্ড, ১ম সংখ্যার তারিখ—জানুয়ারি ১৮২৪।

* ১৮২২ সনের ‘ক্যালকাটা কর্ণালে’ ‘সমাচার চক্রিকা’র ১ম বর্ষের অনেকগুলি সংখ্যার বিষয়-সূচি ও কোন কোন প্রবন্ধের ইংরেজী চূষক পাওয়া যায়। ১৮৫০ সনের ‘ক্যালকাটা রিভিউ’ (“Early Bengali Literature and Newspapers,” pp 157-59) পত্রে ১৮২২-২৫ সনের ‘সমাচার চক্রিকা’র কতকগুলি সংখ্যার বিষয়-সূচি মুদ্রিত হইয়াছে।

ব্রিটিশ মিউজিয়মে রক্ষিত ১২৩৭ সালের (১২ এপ্রিল ১৮৩০—১২ এপ্রিল ১৮৩১) ‘সমাচার চক্রিকা’ হইতে কিছু কিছু জাতব্য তথ্য সংগ্রহ করিয়া ডঃ খ্রীষ্টিয়ান কুমার দে ‘ভারতী’ (ভাগ ১৩২৯, পৃ. ৪২৭-৩২) ও ‘ক্যালকাটা রিভিউ’ (আগস্ট ১৯২২) পত্রে, এবং ডঃ খ্রীষ্টিয়ান কুমার দাশগুপ্ত ‘ভারতবর্ষে’ (শ্রাবণ ১৩৩৯, পৃ. ২১৬-২২) প্রকাশ করিয়াছেন। ইহা ছাড়া ‘সংবাদপত্রে সেকালের কথা’ গ্রন্থের ১ম-২য় খণ্ডে ‘সমাচার চক্রিকা’র অনেক রচনার নিবর্ণন পাওয়া যাইবে।

১৮২৩ সনের মুদ্রাবন্ধ-বিষয়ক আইন

ইংরেজী সংবাদপত্রগুলিতে—বিশেষতঃ সিদ্ধ বাকিংহামের ‘ক্যালকাটা জর্নালে’ এমন অনেক রচনা বাহির হইতে লাগিল, যাহা সরকারের নিকট আপত্তিজনক ও অনিষ্টকর, অতএব লর্ড হেষ্টিংসের নিয়মের বিরোধী বলিয়া বিবেচিত হইল। সরকার রুষ্ট হইয়া সংবাদপত্রে শাসনের জ্ঞান বিধি প্রবর্তনের আয়োজন করিতে লাগিলেন। বড়লাটের মন্ত্রণা-পরিষদের সভ্যরা ইংরেজী সংবাদপত্রে সম্বন্ধে প্রতিকূল মত নিজ নিজ মিনিটে প্রকাশ করিলেন; উইলিয়ম বাটারওয়ার্থ বেলী তাঁহার ১০ অক্টোবর ১৮২২ তারিখের দীর্ঘ মিনিটে* দেশীয় ভাষার সংবাদপত্রে প্রকাশিত প্রবন্ধাদি হইতে সরকারের চক্ষে আপত্তিজনক অনেক অংশ উদ্ধৃত করেন। তিনি লিখিতেছেন :—

বর্তমানে চারিধানি দেশীয় সংবাদপত্র কলিকাতায় প্রকাশিত হয়; দুইধানি বাংলায় এবং দুইধানি ফার্সীতে। চারিধানিই সাপ্তাহিক।... ফার্সী কাগজগুলির নাম—‘জাম-ই-কাহান-নুমা’ এবং ‘মীরাত-উল-আখবার’।... দ্বিতীয়ধানি সুপরিচিত রামমোহন রায়ের। ধর্ম-সম্বন্ধীয় তর্ক-বিতর্কে সম্পাদকের প্রবণতা আছে—ইহা জানা কথা, এবং সেই প্রবণতার বশে একটি সুযোগ পাইয়া খ্রীষ্টীয় ত্রিভুবাদ সম্বন্ধে তিনি যে-সব মন্তব্য প্রকাশ করিয়াছেন, তাহা প্রচ্ছন্ন হইলেও অনিষ্টকারক।...

ফার্সী ও বাংলা উভয় ভাষার সংবাদপত্রেই অনেক আপত্তিজনক অংশ আছে। ‘সতীদাহ’ লইয়া বাংলা সংবাদপত্রে বহু তীব্র আলোচনা প্রকাশ করা হইতেছে। ইউরোপীয় মধ্যস্থতা ব্যতিরেকে, দেশের লোকেরা স্ব-ইচ্ছায় এই সকল আলোচনা চালাইলে মঙ্গলের বিষয় হইবে। (অনুদিত)

বেলী তাঁহার মিনিটে স্পষ্টবাদিতার পরিচয় দিয়াছেন। সংবাদপত্রের অবাধ আলোচনা যে তাৎকালীন রাষ্ট্রের পক্ষে আশঙ্কাজনক, এই মত তিনি পোষণ করিতেন। তিনি লিখিয়াছেন :—

The stability of the British dominion in India mainly depends upon the cheerful obedience and subordination of the Officers of the Army, on the fidelity of the Native Troops, on the supposed character and power of the Government, and upon the opinion which may be entertained by a superstitious and unenlightened Native population of the motives and tendency of our actions as affecting their interests.

The liberty of the Press, however essential to the nature of a free state, is not in my judgment, consistent with the character of our institutions in this Country, or with the extraordinary nature of our dominion in India.

১৮২২ সনের ১৭ই অক্টোবর সর্কৌন্সিল লর্ড হেষ্টিংস সংবাদপত্রগুলিকে কঠিন শৃঙ্খলে বাধিবার উদ্দেশ্যে বিলাতের কর্তৃপক্ষের নিকট নূতন ক্ষমতা প্রার্থনা করিলেন। পর-বৎসরের ৯ই জানুয়ারি লর্ড হেষ্টিংস বিলাত-যাত্রা করেন। অ্যাডাম অস্থায়ী ভাবে গবর্নর-জেনারেল

* সমগ্র মিনিটেট আমি *Modern Review* (November 1928) পত্রে প্রকাশ করিয়াছি।

হইলেন। তিনি বিলাতের কর্তৃপক্ষের সমর্থন পাইয়া ৪ মার্চ ১৮২৩ তারিখে এক কড়া প্রেস-আইন লিপিবদ্ধ করেন। পরবর্তী ৪ঠা এপ্রিল স্ক্রীম কোর্টে রেজেক্ট্রীকৃত হইয়া এই আইন জারি হয়। এই নূতন আইনের প্রথম ফলস্বরূপ রামমোহন রায়-সম্পাদিত 'মীরাত-উল্-আখ্‌বার' বন্ধ হইয়া যায়; পত্রের শেষ সংখ্যায় তিনি যাহা লেখেন, তাহা অনুদিত হইয়া ১৮২৩ সনের ১০ই এপ্রিল 'ক্যালকাটা জর্ণালে' প্রকাশিত হয়। নিম্নে তাহার বঙ্গানুবাদ দেওয়া হইল :—

মীরাত-উল্-আখ্‌বার

শুক্রবার, ৪ এপ্রিল ১৮২৩—(অতিরিক্ত সংখ্যা)

পূর্বেই জানান হইয়াছিল যে, সকৌল্লিপ মহামাত্ত গবর্নর-জেনারেল কর্তৃক এবট আইন ও নিয়ম প্রবর্তিত হইয়াছে, যাহার ফলে অতঃপর এই নগরে পুলিশ আপিসে স্বাধিকারীর দ্বারা হলফ না করা হইয়া ও গবর্নমেন্টের প্রধান সেক্রেটারির নিকট হইতে লাইসেন্স না লইয়া কোন দৈনিক, সাপ্তাহিক বা সাময়িক-পত্র প্রকাশ করা যাইবে না এবং ইহার পরও পত্রিকা সম্বন্ধে অসঙ্গত হইলে গবর্নর-জেনারেল এই লাইসেন্স প্রত্যাহার করিতে পারিবেন। এখন জ্ঞাত করা যাইতেছে যে, ৩১এ মার্চ তারিখে স্ক্রীম কোর্টের বিচারপতি মাননীয় স্তর জাঙ্গিস ম্যাকনটেন এই আইন ও নিয়ম অহুমোদন করিয়াছেন। এই অবস্থায় কতকগুলি বিশেষ বাধার জন্ত, মহুয়-সমাজে সর্বাপেক্ষা নগণ্য হইলেও আমি অত্যন্ত অনিচ্ছা ও ছুঃখের সহিত এই পত্রিকা ('মীরাত-উল্-আখ্‌বার') প্রকাশ বন্ধ করিলাম। বাধাগুলি এই :—

প্রথমতঃ, প্রধান সেক্রেটারির সহিত যে-সকল ইউরোপীয় ভদ্রলোকের পরিচয় আছে, তাঁহাদের পক্ষে স্বাধিকারীতি লাইসেন্স গ্রহণ অতিশয় সহজ হইলেও আমার মত সামান্ত ব্যক্তির পক্ষে দ্বারবান্ ও ভৃত্যদের মধ্য দিয়া এইরূপ উচ্চপদস্থ ব্যক্তির নিকট যাওয়া অত্যন্ত দুঃস্থ; এবং আমার বিবেচনায় যাহা নিশ্চয়োক্তন, সেই কাজের জন্ত নানা জাতীয় লোকের পরিপূর্ণ পুলিশ আদালতের দ্বার পার হওয়াও কঠিন। কথা আছে,—

আজ কে বা-সদ্‌ খুন ই জিগর দস্ত্‌ দিহ্‌দ

বা-উমেদ-ই করম-এ, ধাজা, বা-দারবান্‌ মা-করোশ্‌

অর্থাৎ,—যে-সন্মান হৃদয়ের শত রক্তবিন্দুর বিনিময়ে ক্রীত, ওহে মহাশয়, কোন অহুঃখের আশায় তাহাকে দরোয়ানের নিকট বিক্রয় করিও না।

দ্বিতীয়তঃ, প্রকাশ আদালতে সম্ভ্রান্ত বিচারকদের সমক্ষে যেচ্ছার হলফ করা সমাজে অত্যন্ত দীর্ঘ ও নিদার্ত বলিয়া বিবেচিত হইয়া থাকে। তাহা ছাড়া, সংবাদপত্র-প্রকাশের জন্ত এমন কোন বাধ্যবাধকতা নাই, যাহার জন্ত কাল্পনিক স্বাধিকারী প্রমাণ করিবার মত বেআইনী ও গর্হিত কাজ করিতে হইবে।

তৃতীয়তঃ, অহুঃখ প্রার্থনার অধ্যাত্তি ও হলফ করিবার অসন্মানভাজন হইবার পরও গবর্নমেন্ট কর্তৃক লাইসেন্স প্রত্যাহৃত হইতে পারে, এই আশঙ্কার জন্ত এই ব্যক্তিকে

লোকসমাজে অপদস্থ হইতে হইবে এবং এই ভয়ে তাহার মানসিক শান্তি বিনষ্ট হইবে। কারণ, মানুষ স্বভাবতঃই ভ্রমশীল; সত্য কথা বলিতে গিয়া তাহাকে হ্রত এরূপ ভাষা প্রয়োগ করিতে হইবে, যাহা গবর্ষেষ্ঠের নিকট অশ্রীতিকর বিবেচিত হইতে পারে। সুতরাং আমি কিছু বলা অপেক্ষা মৌন অবলম্বন করাই শ্রেয় বিবেচনা করিলাম।—

গদা-এ গোশা-নশিনি। হাকিমা। মাথরোশ্

রুমুজ্-ই-মসলিহৎ-ই ধেশ্ খুসরোয়ান্ দানন্দ।

—হাকিমা। তুমি কোণবেঁধা ভিখারী মাত্র, চূপ করিয়া থাক। নিজ রাজনীতির নিগূঢ় তত্ত্ব রাজ্যরাই জানেন।

পারস্ত ও হিন্দুস্থানের যে-সকল মহাত্ম্যব ব্যক্তি পৃষ্ঠপোষকতা করিয়া ‘মীরাৎ-উল্-আখ্-বার’কে সম্মানিত করিয়াছেন, তাঁহারা যেন উপরোক্ত কারণ-সকলের জন্ত প্রথম সংখ্যার ভূমিকায় তাঁহাদিগকে ষষ্ঠাবলীর সংবাদ দিব বলিয়া যে প্রতিশ্রুতি দিয়াছিলাম, সেই প্রতিশ্রুতি ভঙ্গের জন্ত আমাকে কমা করেন, ইহাই আমার অহরোধ; এবং ইহাও আমার অহরোধ যে, আমি যে-স্থানে যে-ভাবেই থাকি না কেন, নিজেদের উদারতার তাঁহারা যেন আমার মত সামান্ত ব্যক্তিকে সর্বদাই তাঁহাদের সেবায় নিরত বলিয়া জ্ঞান করেন।

দ্বিতীয় পরিচ্ছেদ (১৮২৩—১৮৩৫)

যে-সকল পুস্তক-পুস্তিকা বা সাময়িক-পত্রে সংবাদ এবং সরকারী আইন ও বিচারপদ্ধতির বা রাষ্ট্রীয় ব্যাপারের সমালোচনা থাকিত, কেবল সেইগুলির জন্ম নূতন আইনের সৃষ্টি হইল। এই আইন অল্পসারে কোন সাময়িক-পত্র বাহির কবিবার পূর্বে স্বত্বাধিকারী, মুদ্রাকর ও প্রকাশককে সরকারের নিকট হইতে লাইসেন্স বা অমুমতি লইতে হইত। কোন ম্যাজিস্ট্রেটের নিকট হলফ করিয়া, সেই হলফনামা গবর্নমেন্টের চীফ সেক্রেটারির নিকট পাঠাইলে বিনা-ব্যয়ে লাইসেন্স বা অমুমতি মিলিত। কি কি বিষয়ের আলোচনা সংবাদ-পত্রে নিষিদ্ধ ছিল, তাহার মুদ্রিত বিবরণ পূর্ক হইতেই প্রত্যেক সম্পাদককে দেওয়া হইত। নিষিদ্ধ বিষয়ের আলোচনা করিলে, কাগজের লাইসেন্স বাতিল হইত এবং বে-আইনিভাবে কাগজ চালাইবার জন্ম চারি শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিত।

সংবাদপত্রের স্বাধীনতা-বিরোধী এই আইন ১৮২৩ সনের এপ্রিল হইতে ১৮৩৫ সনেব মাঝামাঝি পর্য্যন্ত বলবৎ ছিল। এই বারো বৎসরের মধ্যে যে-সকল সাময়িক-পত্রের উদ্ভব হয়, তাহাদের সকলগুলিই সরকারের অমুমতি লইয়া প্রকাশিত হইয়াছিল। স্মৃতরাং ইহাদের নামধাম সরকারী দপ্তর হইতে সংগ্রহ করা সম্ভব। অবশ্য যে-সকল পত্রে সংবাদ বা বাস্তবিক আলোচনা স্থান পাইত না, তাহাদের লাইসেন্স লইবার প্রয়োজন হইত না, সেগুলির নাম-ধাম সরকারী দপ্তরে পাইবার কথা নয়।

এই পরিচ্ছেদে যে-সকল সংবাদপত্রের বিবরণ দেওয়া হইল, ভারত-গবর্নমেন্টের হোম ডিপার্টমেন্টে রক্ষিত লাইসেন্সের মূল আবেদনপত্র ও প্রদত্ত লাইসেন্সের নকল হইতে সেগুলির সম্বন্ধে অনেক জ্ঞাতব্য তথ্য সংগ্রহ করা সম্ভব হইয়াছে। এই সকল লাইসেন্স হইতে পত্রিকাগুলির সঠিক প্রকাশকাল না জানা গেলেও অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায়, লাইসেন্স পাইবার মাসখানেকের মধ্যেই কাগজ প্রচারিত হইয়াছিল। আবার দুই একটি ক্ষেত্রে এমনও ঘটিয়াছে যে, লাইসেন্স লওয়া সত্ত্বেও কাগজ প্রকাশিত হয় নাই।

সম্বাদ তিমিরনাশক (সাপ্তাহিক...)। অক্টোবর ১৮২৩।

কলিকাতা ৪০ নং মীর্জাপুর হইতে 'সম্বাদ তিমিরনাশক' নামে একখানি বাংলা সংবাদপত্র প্রকাশ করিবার জন্ম সরকার কৃষ্ণমোহন দাসকে ১৮২৩ সনের ২১এ আগস্ট লাইসেন্স মঞ্জুর করেন। পরবর্তী অক্টোবর মাসে (কাৰ্ত্তিক ১২৩০) যে কাগজখানি প্রকাশিত হয়, সম্পাদকের এই বিবৃতি হইতে তাহা জানা যাইবে :—

...সন ১২৩০ সালের কাৰ্ত্তিক মাসে তিমিরনাশক নামক এ অক্ষিকমহারী সৃষ্টি হয় ৭

বৎসর প্রচলিত হইলে পরে ১২৩৭ সালাবধি সপ্তাহেতে দুইবার প্রকাশ করিতেছি..।

(২১ জানুয়ারি ১৮৩২ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

‘গম্বাদ তিমিরনাশক’ রক্ষণশীল দলকে সর্বদাই ভুষ্ঠ করিবার চেষ্টা করিত ; উদারপন্থীদের উপর গালিগালাজ বর্ষণ করিতে ক্রটি করিত না। ১৮৩৭ সনের পূর্বেই কাগজখানির প্রচার রহিত হয়।

বঙ্গদূত (সাপ্তাহিক)। ১০ মে ১৮২৯।

ইংরেজী, বাংলা, ফার্সী ও নাগরী—এই চারি ভাষায় ‘বেঙ্গল হেরাল্ড’ নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করিবার জন্ত ৭ নং বাশতলা গলির সার্জন আর. মণ্টগোমারী মার্টিনকে ৫ মে ১৮২৯ তারিখে সরকার লাইসেন্স মঞ্জুর করেন। ‘বেঙ্গল হেরাল্ড’ কেবল ইংরেজীতেই প্রকাশিত হইত ; ইহার “সহচর” ছিল ‘বঙ্গদূত’। প্রথম সংখ্যা ‘বঙ্গদূত’র প্রকাশকাল—১০ মে ১৮২৯ (রবিবার) ; পরবর্তী সংখ্যা হইতে ইহা শনিবারে প্রকাশিত হইত। ‘বেঙ্গল হেরাল্ড’ পত্রের প্রথম সংখ্যায় মুদ্রিত অমুষ্ঠান-পত্র হইতে ‘বঙ্গদূত’ সম্বন্ধে এইরূপ জানা যায় :—

Proprietors of the Bengal Herald A Native paper to be printed in the Bengalee, Persian and Nagree character, will be subjoined, but distinct, and under the superintendance of the most talented Hindoos ; translations from whose contributions will be occasionally made.

The English portion of the Herald will contain Sixteen Pages, royal quarto, and the Native Eight, which will admit of separate subscription, the former at the rate of Two rupees and the latter One, monthly.

To be Printed and Published every Saturday night, for the Proprietors.

R. M. Martin,

Dwarkanath Tagore,

Prussuna Comar Tagore,

Rammohun Roy,

Neel Rutton Holdar, and

Rajkissen Sing.

‘বঙ্গদূত’ পত্রের শিরোভাগে এই কবিতাটি শোভা পাইত :—

সংগোপনেন্নবিস্বভিৎ প্রবদন্তি দূতাঃ সর্বে ন তত্র সৃজন হিতমভ্যুপেতাঃ ।

কিকাখিলার্ধকলনাৎহদেশভূতপ্রজাময়ং বিভম্বতে ধমু বঙ্গদূতঃ ॥

—o—

অন্তঅন্তদূতগণ, সামান্ত যে বিবরণ, সেইমাত্র কহে সংগোপনে ।

তাহাতে সচরাচরে, তত্ত্ব না জানিতে পারে, মুঞ্চ রবে মর্ম অধেষণে ।

অতএব সাধারণ, সর্বজন প্রয়োজন, স্বদেশ বিদেশ সমুদ্ভূত ।

সমাচার সমুচ্চয়, প্রকাশ করিয়া কয়, হিতকারী এই বঙ্গদূত ॥

‘বঙ্গদূত’ সম্পাদন করিতেন—সুপণ্ডিত নীলরত্ন হালদার। তিনি কিছু দিন পরে অবকাশ-অভাবে অবসর গ্রহণ করিলে ভোলানাথ সেন ইহার পরিচালন-ভার গ্রহণ করেন। ইহার জন্ত তাঁহাকে ১৮৩০ সনের ১৩ই এপ্রিল সরকারের নিকট হইতে লাইসেন্স লইতে হইয়াছিল। ‘সমাচার চন্দ্রিকা’র (১৬ মে ১৮৩১) প্রকাশ :—

এতন্নগরের বান্ধাঙ্গী বোষ ঈট নিবাসি শ্রীযুত রাধামোহন সেনের পুত্র শ্রীযুত ভোলানাথ সেন যিনি শ্রীযুত বেগমার ঝারিকানাথ ঠাকুরের অধীনতায় বিষয় কর্ম করেন ঐ

সেনজ বঙ্গদূত নামক বাঙ্গালা সমাচার পত্রের প্রকাশক হইয়াছেন প্রায় এক বৎসরাধিক হইবেক এবং তিনি রিকার্নর নামক এক ইংরাজী সমাচার পত্র প্রকাশ করিতেছেন প্রায় মাস ত্রয়াধিক হইবেক... ।

১৮৩৯ সনের মধ্যভাগে ‘বঙ্গদূত’ নবোদ্ভবে প্রকাশিত হয় । ১৫ জুন ১৮৩৯ তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ :—

বহু কালাবধি বহুকষ্ট শ্রেষ্ঠে অর্থাভাবে সাপ্তাহিক বঙ্গদূত নাম এক পত্র যতপ্রায় হইয়াছিল তাহাতে প্রায় সকলে বিশ্বৃত হইয়াছিলেন কিন্তু সম্প্রতি সেই যত কল্প পত্র ভঙ্গ উপলক্ষ করিয়া পুনর্বার সজীব হইয়াছে আমরা বোধ করি পাঠকবর্গের ইহা জ্ঞাত নহেন । কিন্তু আমরা ঐ সম্পাদকের ঐ নূতন প্রযত্ন বিষয়ে কিছু অল্প আশ্চর্য্য জ্ঞান করি না যাহা হউক সর্বসাধারণের উপদেশকতারূপ বর্ধ যুক্ত সম্পাদকগণ মধ্যে আমরা তাহাকে গণনা করি... ।—জ্ঞানাধেষণ ।

ঈশ্বরচন্দ্র গুপ্ত লিখিয়াছেন, ভোলানাথ সেনের মৃত্যু হইলে, মহেশচন্দ্র রায় অল্প দিন পত্রিকাখানি পরিচালন করিয়াছিলেন ।*

সর্বতত্ত্বদীপিকা এবং ব্যবহার দর্পণ । জুলাই ১৮২৯ ।

১২৩৬ সালের শ্রাবণ মাসে এই “পুস্তক”-এর “১ম খণ্ড” এবং পৌষ মাসে “২ সংখ্যা” “তিমিরনাশক যজ্ঞে প্রকাশিত ও মুদ্রাঙ্কিত” হয় । প্রতি খণ্ডের মূল্য ছিল এক টাকা । কালাচাঁদ রায় ইহার পরিচালক ছিলেন বলিয়া মনে হয় ; “যাহার এই পুস্তক লইতে ইচ্ছা হইবেক তিনি বহুবাজারের গিরিধর বাবুর বাটীতে শ্রীকালচাঁদ রায়ের নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন ।” ‘সর্বতত্ত্বদীপিকা এবং ব্যবহার দর্পণ’ প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে “অমুষ্ঠানপত্রে” এইরূপ লিখিত হয় :—

আমরা সর্বতত্ত্বদীপিকা নামে এক নূতন গ্রন্থ প্রকাশ করিবার মানসে বিজ্ঞ গুণজ লোকের নিকটে জানাইতেছি যে তাহাতে নানাদিগ্দেশীয় যুগান্ত ও ব্যবহার ও চরিত্র ও আরং বিষয়ের বিবরণ গৌড়দেশীয় সাধুভাষায় লিখিত হইবেক এবং এই দেশের পূর্ব এবং বর্তমান অবস্থা সকল বিশেষরূপে প্রকাশ করা যাইবেক যাহাতে অস্ত্র দেশীয় লোক অনার্য্যাসে বিবেচনা করিতে সমর্থ হইয়া যথার্থ ও অযথার্থ বুঝিতে পারিবেন । দ্বিতীয় লোকেরদের নীতি শিক্ষার্থে এবং জ্ঞান বৃদ্ধার্থে অস্ত্র দেশীয় প্রসিদ্ধ পণ্ডিতেরদিগের তর্কসিদ্ধান্ত এবং আমারদিগের শাস্ত্র হইতে তদনুযায়ি বিষয় সকল যাহা সংকৃত না জানিলে জ্ঞাত হইতে পারে যায় না তাহা ভাষায় রচনা করিয়া গ্রন্থমধ্যে প্রকাশ করা যাইবেক... । তৃতীয় এই দেশীয় ব্যবহার ও চরিত্র এবং শাস্ত্র যাহা অস্ত্র দেশীয় লোকেরা সবিশেষ না জানিয়া নানাপ্রকার দোষোদ্ভাস করিয়াছেন তাহা উদ্ধারণার্থে ঐ সকল ব্যবহার প্রচলিত হইবার

* প্রথম বর্ষের ‘বঙ্গদূত’ হইতে উল্লেখযোগ্য সংবাদগুলি ‘সংবাদপত্রে সেকালের কথা’ গ্রন্থের প্রথম খণ্ডের পরিশিষ্টে সঙ্কলিত হইয়াছে ।

এবং তাহার তাৎপর্যতা! জানাইয়া তাহারদিগকে নিরুলঙ্ঘ্য করিতে চেষ্টা করা যাইবেক পরন্তু এছের শেষ খণ্ডে ব্যবহারদর্পণ সম্বন্ধে করিয়া এই দেশীয় লোকেরা অল্প দেশীয় লোকের ব্যবহার যাঁহা গ্রহণ করিতেছেন তাহাতে যে দোষ তাহা প্রদর্শন করাইয়া সমাচার এবং সম্বাদব্যবহার যাঁহাতে হয় এমত উপায় লিখা যাইবেক...

“অস্থানপত্র” ও “ভূমিকা” ছাড়া ‘সর্বতত্ত্বদীপিকা...’র ১ম খণ্ডে দুইটি প্রবন্ধ আছে :—

১। Colonization কোলোনিজেশিয়ান অর্থাৎ এতদ্দেশে ইংরাজ লোকের বসতি এবং জমিদারী প্রভৃতি কৰ্ম করণ বিষয়; ২। পারস্য ভাষা পরিবর্তনে ইংরাজী ভাষা আদালতে প্রচলিত হইবার বিষয়ে বিবেচনা। এই উভয় বিষয়েই ‘সর্বতত্ত্বদীপিকা’ ঘোর বিরোধী ছিলেন; ইহা রক্ষণশীল মতেরই পোষকতা করিত।*

শাস্ত্রপ্রকাশঃ (সাপ্তাহিক)। জুন ১৮৩০।

১৮৩০ সনের জুন মাসে এই সাপ্তাহিক পত্রের আবির্ভাব হয়। ‘শাস্ত্রপ্রকাশে’ কেবলমাত্র শাস্ত্রীয় আলোচনাই স্থান পাইত। ইহার পরিচালক ছিলেন কলিকাতা সংস্কৃত কলেজের প্রোফেসর লক্ষ্মীনারায়ণ ছায়ালঙ্কার। ২৬ জুন ১৮৩০ তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ :—

নূতন সম্বাদপত্র। কলিকাতা নগরস্থ শ্রীযুত লক্ষ্মীনারায়ণ ছায়ালঙ্কারের আক্ষিপে শাস্ত্র-প্রকাশনামক এক সম্বাদপত্র প্রকাশিত হইয়াছে ঐ সম্বাদপত্রের অস্থান দেখিয়া আমারদের বোধ হয় যে তাহা লোকেরদের পরমোপকারক হইবে কেননা সামাজ্যতঃ সম্বাদপত্রে নানাদিগ্দেশীয় বহুবিধ সম্বাদ প্রচার হইয়া থাকে ইহাতে সেরূপ সমাচার প্রচার না হইয়া বেদবেদাদি পুরাণোপপুরাণাদি শ্লোকের প্রকৃতার্থ ও কুল এবং ব্রতাদির ইতিকর্ষব্যতা নানা শাস্ত্র হইতে সংক্ষেপে সংগৃহীত হইয়া সকল লোকের সহজে বোধার্থে চলিত ভাষায় প্রকাশ হইবে...এই শাস্ত্রপ্রকাশে প্রকাশিত শাস্ত্রটিতে বিষয় বাকলা ভাষায় তরঙ্গমা করা গেলে সাধারণ লোকেরদের বুদ্ধিগোচর হইবেক এবং তাহা সপ্তাহে ২ প্রকাশ হইবে ও তাহার মূল্য মাসে এক টাকা করিয়া দিতে হইবেক।

১৮৩১ সনের গোড়ায় পত্রখানির নব পর্যায় আরম্ভ হয়; ইহার প্রথম সংখ্যার তারিখ—“ফাল্গুন পৌর্ণমাসী, ১৭৫২ (২৬ ফেব্রুয়ারি ১৮৩১)। ১৮৩১, ফেব্রুয়ারি মাসে লক্ষ্মীনারায়ণ পুর্ণিয়ার জঙ্ক-পণ্ডিত নিযুক্ত হন। ইহার অব্যবহিত পরেই ‘শাস্ত্রপ্রকাশে’র প্রচার রহিত হইয়াছিল।

সংবাদ প্রভাকর (সাপ্তাহিক...)। ২৮ জানুয়ারি ১৮৩১।

‘সংবাদ প্রভাকর’ দ্বৈতরচনা গুপ্তের অধিতীয় কীর্তি। প্রথমে ইহা সাপ্তাহিকরূপে প্রচারিত হয়। সংবাদ প্রভাকর প্রেস (৩২ নং সিমলা) হইতে প্রতি শুক্রবার এই বাংলা

* ‘সর্বতত্ত্বদীপিকা ও ব্যবহার দর্পণ’ সম্বন্ধে আমি ১৩৫৪ সালের বৈশাখ-সংখ্যা ‘শনিবারের চিঠি’তে বিস্তৃত আলোচনা করিয়াছি।

সাপ্তাহিক পত্র প্রকাশ করিবার জন্ত পাণ্ডুরিয়াঘাটা হইতে ঈশ্বরচন্দ্র গুপ্ত সরকারের নিকট আবেদন করেন। আবেদনপত্রখানি ইংরেজীতে লেপা, গুপ্ত কবি ইহাতে বাংলায় স্বাক্ষর করিয়াছিলেন। ১১ জ্যৈষ্ঠমাসি ১৮৩১ তারিখে লাইসেন্স মঞ্জুর হইলে পরবর্তী ২৮এ জ্যৈষ্ঠমাসি (১৬ মাঘ ১২৩৭, শুক্রবার) সাপ্তাহিক সমাচারপত্ররূপে 'সংবাদ প্রভাকর'র প্রথম উদয় হয়। 'সমাচার চঞ্জিকা' (৩ ফেব্রুয়ারি ১৮৩১) লেখেন :—

পাঠকবর্গের স্বরণে থাকিবেক সম্বাদ প্রভাকরনামক সমাচারপত্র এতদ্বয়গরে প্রকাশ পাইবার কল্পনা কল্পনা হইয়াছিল সংপ্রতি গত ১৬ মাঘ শুক্রবার তাহার প্রথম সংখ্যা প্রচার হইয়াছে তদবলোকনে বোধ হইতেছে যে তৎপ্রকাশক হিন্দু ধর্ম্মনাশেকুকদিগের বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইতে পারেন যেহেতুক প্রভাকরপ্রকাশকের যুক্তি উক্তিধারা শক্তি ভক্তি ব্যক্ত হইয়াছে সাধু মহাশয়ের। এ সম্বাদপত্রের সম্বাদ শুনিতে উদাস্ত না কবিয়া অবশ্য সন্তুষ্ট হইবেন।

'সংবাদ প্রভাকর'র কর্ণদেশে প্রেমচন্দ্র তর্কবাগীশের রচিত দুইটি শ্লোক মুদ্রিত হইত ; শ্লোক দুইটি এই :—

॥ সত্যং মনস্তামরসপ্রভাকরঃ সন্দৈব সর্কেষু সমপ্রভাকরঃ ॥

॥ উদেতি ভাবং সকলাপ্রভাকরঃ সদর্শসম্বাদনবপ্রভাকরঃ ॥

॥০০০॥ নক্ষত্র চন্দ্রকরণে ভিন্নযুক্তলেখিনীবরেষু কচিদ্ভ্রামংভ্রামতন্ত্রমীষদমৃতং পীড়। ক্ষুধাকাতবাঃ ॥০০০॥

॥০০০॥ অজ্ঞোজ্ঞদ্বিমলপ্রভাকরকরণোদ্ভিন্নপন্নোদরে সচ্ছন্দং দিবসে পিবন্ত চতুবাঃ স্বাশুদ্বিবন্ধা বসং ॥০০০॥

'সংবাদ প্রভাকর'-প্রকাশে ঈশ্বরচন্দ্রের সাহায্যকারী ছিলেন পাণ্ডুরিয়াঘাটা-নিবাসী গোপীমোহন ঠাকুরের পৌত্র—নন্দকুমার ঠাকুরের জ্যেষ্ঠ পুত্র যোগেন্দ্রমোহন ঠাকুর। যোগেন্দ্রমোহন ছিলেন ঈশ্বরচন্দ্রের সমবয়স্ক এবং তাঁহার কবিতার গুণগ্রাহী। তাঁহারই ব্যয়ে 'সংবাদ প্রভাকর' প্রথমে চোরবাগানের একটি মুদ্রাযন্ত্রে মুদ্রিত হইত। কয়েক মাস পরে— ১২৩৮ সালের শ্রাবণ মাসে ঠাকুরবাড়ীতে 'সংবাদ প্রভাকর' মুদ্রণের জন্ত একটি মুদ্রাযন্ত্র স্থাপিত হয়। গুপ্ত-কবি ১২ এপ্রিল ১৮৪৬ (১ বৈশাখ ১২৫৩) তারিখের 'সংবাদ প্রভাকর' লিপিয়াছিলেন :—

ত্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগীশ যিনি এক্ষণে সংস্কৃত কালেজের অলঙ্কার শাস্ত্রের অধ্যাপক, তিনি লিপি বিষয়ে বিস্তর সাহায্য করিতেন। তাঁহার রচিত সংস্কৃত শ্লোকধর্ম্ম, অতাবধি প্রভাকরের শিরোভূষণ রহিয়াছে। জয়গোপাল তর্কালঙ্কার মহাশয় অনেক উত্তম উত্তম গল্প পত্র লিখিয়া প্রভাকরের শোভা ও প্রসংসা বৃদ্ধি করিয়াছিলেন।

৩বাবু যোগেন্দ্রমোহন ঠাকুরের সম্পূর্ণ সাহায্যক্রমে প্রথমে এই প্রভাকর পত্র প্রকটিত হয়। তখন আমাদিগের যজ্ঞালয় ছিল না, চোরবাগানে এক মুদ্রাযন্ত্র ভাঙা করিয়া স্থাপনা হইত। [১২]৩৮ সালের শ্রাবণ মাসে পূর্বোক্ত ঠাকুর বাবুদিগের বাটীতে স্বাধীনরূপে যজ্ঞালয় স্থাপিত করা যায়। তাহাতে [১২]৩৯ সাল পর্যন্ত সেই স্বাধীন যন্ত্রে অতি সঙ্গমেয় সহিত মুদ্রিত হইয়াছিল।

১২৩৯ সালে যোগেন্দ্রমোহন ঠাকুরের মৃত্যুতে “প্রভাকর করের অনাদররূপ মেধাচ্ছন্ন হওন জন্ত এই প্রভাকর কর প্রচ্ছন্ন করিয়া কিছু দিন গুপ্তভাবে গুপ্ত হইলেন।” দেড় বৎসর পরে ২৫ মে ১৮৩২ (১৩ জ্যৈষ্ঠ ১২৩৯) তারিখে ৬৯ সংখ্যা প্রকাশের পর ‘সংবাদ প্রভাকর’ পত্রের প্রচার রহিত হয়। ঈশ্বরচন্দ্র ইহারও মাস-তিনেক পূর্বে পত্রিকার সংস্রব ত্যাগ করিয়াছিলেন। এই প্রসঙ্গে ‘সমাচার চন্দ্রিকা’ লেখেন :—

প্রভাকরের অন্ত্যচল চূড়াবলম্বন। আমরা খেদপূর্বক প্রকাশ করিতেছি এতদগরে সম্বাদ প্রভাকরনামক এক সমাচার পত্র গত ১২৩৭ সালের ১৬ মাঘে সর্জন হইয়া প্রথমতর কর প্রকাশপূর্বক সর্জন ব্যাপক হইয়াছিল ত্রীমুত বাবু নন্দকুমার ঠাকুরের পুত্র ত্রীমুত বাবু যোগেন্দ্র মোহন ঠাকুর তাহার বিধাতা ত্রীমুত ঈশ্বরচন্দ্র গুপ্ত তাহার প্রকাশক ছিলেন প্রভাকর উদয়াবধি গত মাঘ মাসপর্যন্ত বিলক্ষণরূপে ধর্ম পক্ষ ছিলেন তৎপরে গুপ্ত মহাশয় ঐ পত্রবর পরিত্যাগ করিলে প্রভাকরের ধর করের কিঞ্চিৎ হ্রাস হইয়াছিল কলতঃ তৎকালেই ধর্ম সভাধ্যক্ষদিগকে কিঞ্চিৎ কটাক্ষ করিয়াছেন। যাহা হউক তথাচ প্রভাকর একেবারে ধর্মঘেষী হন নাই কেননা ধর্মোশ্রয় করিয়া জয় গ্রহণ করিয়াছিলেন। এইক্ষণে ঐ প্রভাকর প্রায় এক বৎসর চারি মাস বন্ধ হইয়া ৬৯ সংখ্যক কিরণ প্রকাশ করিয়া গত ১৩ জ্যৈষ্ঠ শুক্রবার অন্ত্যচলচূড়াবলম্বন করিয়াছেন আর তাঁহার দর্শন হওয়া ভার...।—
(২ জুন ১৮৩২ তারিখের ‘সমাচার দর্পণে’ উদ্ধৃত)

চারি বৎসর পরে, ১৮৩৬ সনের ১০ই আগস্ট (২৭ শ্রাবণ ১২৪৩) ‘সংবাদ প্রভাকর’ পুনঃপ্রকাশিত হয়, তবে এবার সাপ্তাহিকরূপে নহে,—বারত্রয়িক (সপ্তাহে তিন বার) রূপে। ঈশ্বরচন্দ্র লিখিয়াছেন :—


১২৪৩ সালের ২৭শে শ্রাবণ বুধবার দিবসে এই প্রভাকরকে পুনর্বার বারত্রয়িকরূপে প্রকাশ করি তখন এই গুরুতর কার্য সম্পাদন করিতে পারি আমরাদিগের এমন সম্ভাবনা ছিল না। জগদীশ্বরকে চিন্তা করিয়া এতৎ অসংসাহসিক কর্মে প্রবৃত্ত হইলে পাড়ুরেঘাটা-নিবাসী সাধারণমঙ্গলাভিলাষী বাবু কানাইলাল ঠাকুর ও তদনুজ বাবু গোপালচন্দ্র ঠাকুর মহাশয় যথার্থ হিতকারী বহুর স্বভাবে ব্যয়োগযুক্ত বহুল বিত্ত প্রদান করিলেন এবং অশ্রাবধি আমরাদিগের আবশ্যকক্রমে প্রার্থনা করিলে তাঁহারা সাধ্যমত উপকার করিতে ক্রটি করেন না।

এই ভাবে তিন বৎসর চলিবার পর ১৪ জুন ১৮৩৯ (১ আষাঢ় ১২৪৬) তারিখ হইতে ‘সংবাদ প্রভাকর’ বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্রের গৌরব অর্জন করে। ‘সংবাদ প্রভাকরে’ (১৩ এপ্রিল ১৮৫১) প্রকাশ :—

প্রভাকর পত্রের সংক্ষেপ বিবরণ।...১২৩৭ সালের ১৬ মাঘ শুক্রবারে ইহার জন্ম হয়, তৎকালীন সপ্তাহে শুক্র একবার, করিয়া প্রকাশ হইত। ১২৪৩ সালের ২৭ শ্রাবণ বুধবারাবধি ৪৬ সালের জ্যৈষ্ঠপর্যন্ত সপ্তাহে বারত্রয়িকরূপে প্রকাশ হইয়া তৎপরিবসেই অর্থাৎ ঐ সালের ১ আষাঢ় অবধি অষ্ট দিবসপর্যন্ত যথানিয়মে ক্রমশঃ দৈনিক-রূপে প্রকটিত হইতেছে।

সংবাদপ্রভাকর

প্রোগ্রামিক পত্র



॥ সত্যমন্ডলানরসপত্রাকরঃ সদিবসবেবসমপুত্রাকরঃ ॥
 ॥ উদেতিতাপত মকথাপুত্রাকরঃ সচক্ষসবাদনবপুত্রাকরঃ ॥

॥ ০০ ॥ বঙ্গচক্রকরণে তিব্বতকলেবিশ্বীকরণে কুচিভাষ্য জ্ঞানমতস্বামীবদন্ত্য পীত্বা কৃষ্ণকাতরা ॥ ০১ ॥
 ॥ ০০ ॥ অহোহা/ঘিষল পুত্রাকরকর পোত্রিবপুত্রাকরবে বহুঅং দিবলে পিবত্চত্বরথাক্রিয়ের কারণ ॥ ০২ ॥

নবম ভাগ ॥ ১-২০ নং ৭৭ শনিবার ২১ অগ্রহায়ণ ১২৪৭ সাল ॥ ইং ৫ ডিসেম্বর ১৮৮০ সাল ॥ মাসিক মূল্য ১ তত্বানার

বিজ্ঞাপন।

বিজ্ঞাপন পত্র দ্বারা সকলকে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৮০ সালের ১৪ ডিসেম্বর সোমবার তারিখে বেলা ঠিক দুই প্রহরের সময়ে কলিকাতার ইন শালবেণ্টে আদালতের ঘরে এলাইদি আফসে যোদ্ধীন কুনি রামকৃষ্ণ কালিয়ান্নর অধিকার কৃত আত্ম সন্তুধীন বিবরের মধ্যে/ নিম্নলিখিত সম্পত্তি পব লিকসেলে অর্থাৎ প্রকাশ/ মীলামে এক লাটে নির্দ্বারিত মরে উক্ত মূল্য/ প্র মাতাকে বিক্রয় করা যাইবেক।

বিবরের অন্তঃপাত্তি জেলা: আজি মাদারের আর্মিল ও তদাথে/ হিউ জল মীলশুর মায়ে বিখ্যাত জরিদারি তুঙ্গ নরহর তালুক প্রভৃতি বাহাতে উপরি লিখিত অক্ষয় কুনি রামকৃষ্ণ কালিয়ান্নর সন্তুধীন ১৩১১ এক আনা ছয় পড়া দুই কড়া দুই কান্তি অংশ আছে, তা হা বিক্রয় হইবেক।

নির্দিষ্ট মূল্য ৫০০ টাকা।

অক্ষয় কুনি মদের পরিভাষের আ দালতের বাটীতে এলাইদি আফসে


অনুলক্ষ্য করিলে এই বিক্রয়ের নিয়ম এবং অপরপন বিশেষ বিবরণ জ্ঞাত হইতে পারিবেন।

অক্ষয় কুনি রামকৃষ্ণ কালিয়ান্নর বিবরের এলাইদি।

বিশ্বাপন।

উত্তম কেউরাইল বিক্রী।

ঐকলাসচন্দ্র ঘোষ ও ঐগোপা ললাল মিত্র ইহারা সকলকে জানাইতে ছেন যে তাঁহারা উত্তম কেউরাইল দ্বার করিতেছেন এবং উত্তম কোল ড্রুম কেউরাইল অধিক যোন গুদাম জাত আছে যাঁহাদের প্রয়োজন হয় শোভাভাঙ্গারের ঐশ্বর্ষ বাব হরচন্দ্র ঘোষদার ব.টীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন ইতি।



২১ অগ্রহায়ণ শকাব্দা ১৭০২।

এইকণে জরদীখরের করণাচারি

বিনিয়ম দ্বারা এই রাজ্যের পূর্ণ পক্ষ য উত্তর সীমার সমরাদি নিবারণরত্তা তে আমরা অতিশয় আনন্দিত হইয়া ছিলাম্ যথেষ্টে রাজ্যের রাজ্য/ বক্তার নিবারণ রিত্ব হইতে অবসর হইয়া আমাদেদের মঙ্গল নিমিত্ত বিবিধাধি র সূচী করিয়া সাধারণকে সম্বোধে তা বিবেক, কিন্তু কি আক্ষেপ বহুই প্যা না বাহাদুরের লিখিত নিবিয়ান অধিপ তি বিবায় করণে প্রবৃত্ত হইয়াছেন এ বং নেপালের রাজ্যে সুযোগবৃত্ত ময় র প্রাপ্ত হইলেই শানিতান্ত্র করে লই যা সমরাদিগের সূচ্য করিবেন, ইহাতে বোধ হয় যে রাজ পুত্রদের পূর্জাপেকা গুরুতর বিবাহে প্রবৃত্ত হইলেম অন্তএব আমরা প্রার্থনা করি যে পঞ্চবিধারা এই বিবাহ নিষ্পন্ন হউক ইতি।

বিজ্ঞাপনদায়িনী সভা।

পত্র বৃহৎপতিবাসিনীর বাসিনীবে গে বিজ্ঞাপনদায়িনী সভারের সভ্য নবা

['সংবাদ প্রভাকর' পত্রের একটি পৃষ্ঠার প্রতিলিপি]

‘সংবাদ প্রভাকর’ সে-যুগের একখানি উচ্চাঙ্গের সংবাদপত্র ছিল। দেশ-বিদেশের সংবাদ ছাড়া ইহাতে ধর্ম, সমাজ, সাহিত্য প্রভৃতি নানা বিষয়ের আলোচনা থাকিত। সেকালের বহু খ্যাতনামা ব্যক্তি ও পণ্ডিত ইহার লেখক-শ্রেণীভুক্ত ছিলেন; দৃষ্টান্তস্বরূপ রাজা রাধাকান্ত দেব, জয়গোপাল তর্কালঙ্কার, প্রসন্নকুমার ঠাকুর, রামকমল সেনের নামোল্লেখ করা যাইতে পারে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, দীনবন্ধু মিত্র প্রভৃতির প্রাথমিক রচনাগুলি ‘সংবাদ প্রভাকরে’ই প্রকাশিত হয়। ২ বৈশাখ ১২৫৪ তারিখের ‘সংবাদ প্রভাকর’ হইতে ইহার লেখক ও অনুগ্রাহক সম্বন্ধে গুপ্ত-কবি বাহা লিখিয়াছিলেন, তাহার কিয়দংশ উদ্ধৃত করিয়া দেওয়া হইতেছে :—

প্রভাকরের লেখকের সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে, প্রভাকরের পুরাতন লেখকদিগের মধ্যে যে যে মহোদয় জীবিত আছেন তাঁহাদের নাম নিম্নভাগে প্রকাশ করিলাম,—

১। ত্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগীশ। ২। ত্রীযুক্ত রাধানাথ শিরোমণি। ৩। ত্রীযুক্ত গৌরীশঙ্কর তর্কবাগীশ। ৪। বাবু নীলরতন হালদার। ৫। ত্রীযুক্ত গঙ্গাধর তর্কবাগীশ। ৬। ব্রজমোহন সিংহ। ৭। গোপালকৃষ্ণ মিত্র। ৮। বিশ্বভদ্র পালিন। ৯। গোবিন্দচন্দ্র সেন। ১০। ধর্মদাস পালিত। ১১। বাবু কানাইলাল ঠাকুর। ১২। বাবু অক্ষয়কুমার দত্ত। ১৩। বাবু নবীনচন্দ্র মুখোপাধ্যায়। ১৪। বাবু উমেশচন্দ্র দত্ত। ১৫। ত্রীশঙ্কর বন্দ্যোপাধ্যায়। ১৬। প্রসন্নচন্দ্র ঘোষ। ১৭। রায় রামলোচন ঘোষ বাহাদুর। ১৮। হরিমোহন সেন। ১৯। জগন্নাথপ্রসাদ মল্লিক। ২০। সীতানাথ ঘোষ। ২১। গণেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। ২২। ফাদবচন্দ্র গঙ্গোপাধ্যায়। ২৩। হরনাথ মিত্র। ২৪। পূর্ণচন্দ্র ঘোষ। ২৫। গোপালচন্দ্র দত্ত। ২৬। শ্রীমাচরণ বসু। ২৭। উমানাথ চট্টোপাধ্যায়। ২৮। ত্রীশ্রীনাথ শীল। ২৯। শত্ৰুনাথ পণ্ডিত।

সীতানাথ ঘোষ হইতে শত্ৰুনাথ পণ্ডিত পর্যন্ত কয়েক জন তিন চারি বৎসর পর্যন্ত প্রভাকরের লেখক-বহুর শ্রেণীমধ্যে ভুক্ত হইয়াছেন।

ত্রীযুক্ত হরচন্দ্র ভায়রভ ভট্টাচার্য মহাশয় আমারদিগের সম্প্রদায়ের একজন প্রধান সংযুক্ত বহু। শ্রীমাচরণ বন্দ্যোপাধ্যায় সহকারী সম্পাদকের ভায় তাবৎ কর্ম সম্পন্ন করেন। অতএব ইহাদিগের বিষয় প্রকাশ করা অতিরিক্ত মাত্র। বিশেষতঃ শেষোক্ত ব্যক্তির প্রয়ের হস্তে যখন আমরা সমুদয় কর্ম সমর্পণ করি, তখন তাঁহার ক্ষমতা সকলেই বিবেচনা করিবেন।

রত্নলাল বন্দ্যোপাধ্যায় অন্যদিগের সংযোজিত লেখক বহু। ইহার সঙ্গুণ ও ক্ষমতার কথা কি ব্যাখ্যা করিব! এই সময়ে আমাদের পরম স্নেহাধিত যুত বহু বাবু প্রসন্নচন্দ্র ঘোষের শোক পুনঃ পুনঃ শেলস্বরূপ হইয়া ক্ষমর বিদীর্ণ করিতেছে। যেহেতু ইনি রচনা বিষয়ে তাঁহার ভায় ক্ষমতা দর্শাইতেছেন, বরং কবিষ ব্যাপারে ইহার অধিক শক্তি দৃষ্ট হইতেছে। কবিতা, নর্ভকীর ভায় অভিপ্রায়ের বাস্তবালে ইহার মানসরূপ নাট্যালায়

নিয়ত নৃত্য করিতেছে। ইনি কি গজ, কি পজ—উভয় রচনা দ্বারা পাঠকবর্গের মনে আনন্দ বিতরণ করিয়া থাকেন।

ঠাকুরবংশীয় মহাশয়দিগের নামোল্লেখ করা বাহ্যামাত্র; যেহেতু প্রভাকরের উন্নতি সৌভাগ্য প্রতিষ্ঠা প্রভৃতি যে কিছু, তাহা কেবল ঐ ঠাকুরবংশের অনুগ্রহ দ্বারা হইয়াছে। যত বাবু যোগেন্দ্রমোহন ঠাকুর প্রথমতঃ ইহাকে স্থাপিত করেন। পরে বাবু কানাইলাল ঠাকুর, ৩৮শ্রীকুমার ঠাকুর, ৩নন্দলাল ঠাকুর, বাবু হরকুমার ঠাকুর, বাবু প্রসন্নকুমার ঠাকুর, যত বাবু দারকানাথ ঠাকুর, বাবু রমানাথ ঠাকুর, বাবু দেবেন্দ্রনাথ ঠাকুর প্রভৃতি মহাশয়েরা আমাদিগের আশার পতীত রূপা বিতরণ করিয়াছেন, এবং ইহাদিগের যতঃ অত্যাধি অনেক মহাশয় আমাদিগের প্রতি যথোচিত মনো করিয়া থাকেন।

প্রভাকরের প্রতি বাবু গিরীশচন্দ্র দেব মহাশয়ের অত্যন্ত অনুগ্রহ জন্ম আমরা অত্যন্ত বাধ্য আছি। বিবিধ বিজ্ঞাতংপর মহাপ্রভাব বাবু রক্ষমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রভাকরের প্রতি অতিশয় মনো করতঃ ইহার সৌভাগ্যবর্দ্ধন বিষয়ে বিপুল চেষ্টা করিয়া থাকেন। বাবু রমাপ্রসাদ রায়, বাবু কামীপ্রসাদ ঘোষ, বাবু মাধবচন্দ্র সেন, বাবু রাজেন্দ্র দত্ত, বাবু হরচন্দ্র লাহিড়ী, বাবু অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, রায় বৈকুণ্ঠনাথ চৌধুরী, রায় হরিনারায়ণ ঘোষ প্রভৃতি মহাশয়েরা আমাদিগের পক্ষে সমাদর কবিতা, উন্নতিকল্পে বিলক্ষণ যত্নশীল আছেন।

শ্রীশিক্ষা সম্বন্ধে দীর্ঘরচনা অনেকটা রক্ষণশীল মতেই পোষকতা করিতেন। ২২ এপ্রিল ১৮৫১ তারিখের 'সংবাদ প্রভাকরে' ইটালীর দুই কুলীন রমণীর ডুয়েল-বন্ধের সংবাদ প্রকাশ করিয়া তিনি স্বজাতীয়া মহিলাদের সম্বন্ধে এইরূপ মন্তব্য করেন :—

রাজকীয় ব্যাপার কাহাকে বলে এদেশের স্ত্রীলোকেরা তাহার কিছুমাত্র জ্ঞাত নহে, কেবল দাঁটা চড়চড়ির ভুল্লনাশ করত গলাবান্ধী পূর্বক কোন্দল করিয়া গৃহবিচ্ছেদেব স্ত্রীপাত করিতে নিপুণা হইয়াছেন, দেখে দেখি বিলাতবাসিনী কামিনীকুলের কেমন অনন্ত গুণ, তাহারা বীরভূমে উদ্ভব হইয়া বীরভোগ্যা হইয়াছেন, স্ত্রীরাং বীরা হইয়া বীর্য প্রকাশ করিবেন বিচিত্র কি? দেশ, কাল, আহার ও ভোগ ইত্যাদির গুণে সকল হইতে পারে। ফলে বঙ্গদেশগণের মনের ভাব সেরূপ হওনের আবশ্যক করে না, ইহারা চিরকাল সাড়ী পরিয়া হাঁড়ী ধরিয়া দিনপাত করুক। আমরা স্ত্রীতেই স্মৃতি হইব, তবে সাবকাশ ক্রমে চলিত মত স্বজাতীয় বিজ্ঞার আলোচন যত দূর পর্যন্ত কবিতা পারে তাহাই ভাল।

বান্ধালির মেয়ে সব, হও বটে কালো।

পতিভ্রতা বর্ষ সদা, প্রতিজ্ঞায় পালো।

দিশি বিজ্ঞা ঘাঘা শেখ, সেই মাত্র ভালো।

অন্ধকারে অন্ধ থাকো, কায়, নেই আলো।

১২৬০ সালের বৈশাখ (ইং ১৮৫৩) হইতে 'সংবাদ প্রভাকরে'র একটি মাসিক সংস্করণ বাহির হইতে আরম্ভ হয়। এই মাস-পয়লার কাগজগুলিতে "সর্বপ্রায়ে জগদীশ্বরের মহিমা বর্ণনা,

নীতি কাব্য ও দিখ্যাত মহাকাব্যাদিগের জীবনবৃত্তান্ত প্রভৃতি গল্প পঞ্চ পরিপূরিত উত্তম উত্তম প্রবন্ধ এবং সঙ্গশেষে—মাসের সমুদয় ঘটনা অর্থাৎ মাসিক সংবাদে সারসংক্ষেপ প্রকটিত” হইত। ইহাতে ঈশ্বরচন্দ্র আরও একটি বিশেষত্ব সম্পাদন করিয়াছিলেন; তিনি প্রাচীন কবিদিগের অপ্রকাশিত রচনা ও জীবনচরিত সংগ্রহ করিয়া প্রকাশ করিয়াছিলেন। এই কার্যে তিনি অগ্রসর না হইলে বোধ হয় এত দিন কবিদিগের এই সকল রচনার কোন অস্তিত্বই থাকিত না। ‘সংবাদ প্রভাকরে’ যে-সকল কবির বিবরণ প্রকাশিত হয়, তাহার একটি তালিকা দিতেছি :—

কবিরঞ্জন রামপ্রসাদ সেন	...	১ আশ্বিন, ১ পৌষ, ১ মাঘ ১২৬০
রামনিধি গুপ্ত (নিধুবাবু)	...	১ ভাদ্র, ১ ভাদ্র ১২৬১
রাম মোহন বসু	..	১ আশ্বিন, ১ কার্তিক, ১ অগ্রহায়ণ ১২৬১
নিম্যানন্দদাস বৈরাগী	...	১ অগ্রহায়ণ ১২৬১
কেঠা মুর্চী	...	১ অগ্রহায়ণ ১২৬১
লালু নন্দলাল	...	১ অগ্রহায়ণ ১২৬১
গৌড়লাল গুপ্ত	...	১ অগ্রহায়ণ ১২৬১
হক ঠাকুর	...	১ পৌষ ১২৬১
রাসু, বসিৎছ, লক্ষ্মীকান্ত		
বিশ্বাস (লোক কবি)	..	১ মাঘ ১২৬১

২৩ জানুয়ারি ১৮৫২ (১০ মাদ ১২৬৫) তারিখে ঈশ্বরচন্দ্র গুপ্ত পরলোকগমন করিলে তাঁহার অমৃত রানচন্দ্র গুপ্ত ‘সংবাদ প্রভাকরে’র সম্পাদক হন। কাগজখানি দীর্ঘকাল স্থায়ী হইয়াছিল।

সম্বাদ সূধাকর (সাপ্তাহিক)। ২৩ ফেব্রুয়ারি ১৮৩১।

“কাঁচড়াপাড়া নিবাসী বৈষ্ণবলোকেন্দ্রব” প্রেমচাঁদ রায়ের সম্পাদনায় ২৩ ফেব্রুয়ারি ১৮৩১ (১৩ ফাল্গুন ১২৩৭) ‘সম্বাদ সূধাকর’ নামে একখানি সাপ্তাহিক পত্রের উদয় হয়। পরবর্তী ২৮এ ফেব্রুয়ারি তারিখে ‘সমাচার চন্দ্রিকা’ লেখেন :—

আমরা আত্মসম্মতিপূর্বক পাঠকবর্গকে জ্ঞাত করাইতেছি গত ১৩ ফাল্গুন বুধবার প্রাতে সম্বাদ সূধাকর নামক সমাচার পত্র এতন্নগরের ঘোড়াবাগান স্ট্রীটে ত্রীমুখে দেবীচরণ প্রামাণিকের আলয়ে মুদ্রিত হইয়া প্রকাশ হইয়াছে।

‘সম্বাদ সূধাকর’ অনেকটা মধ্যপন্থী ছিল। এই পত্রিকার জন্ম কানাইলাল ঠাকুর একটি মুদ্রায়ত্তের ব্যবস্থা করিয়া দিয়াছিলেন। ‘সম্বাদ সূধাকরে’র পরমায়ু চারি বৎসর।

সমাচার-পত্রের সংখ্যা

এইক্ষণে বঙ্গলা ভাষায় ৬ সম্বাদপত্র ও ইংরেজী ভাষায় ১ এবং ফারসী ভাষায় ১ ও এতদেশীয় কোন বিজ্ঞ লোককর্তৃক রচিত ইংরেজী ভাষায় ১ সম্বাদপত্র প্রকাশিত হইতেছে

তাছাড়া এতদেশীয় লোকেরদের মনোবঞ্জন ও বহুদর্শনাৎ নব্বিন্দু এইরূপে ৯ সংবাদপত্র মুদ্রিত হইতেছে।—‘সমাচার দর্পণ,’ ৫ মার্চ ১৮৩১।

সমাচার সভারাজেন্দ্র (সাপ্তাহিক) । ৭ মার্চ ১৮৩১।

‘সমাচার সভারাজেন্দ্র’ মুসলমান-সম্পাদিত প্রথম বাংলা সংবাদপত্র। বাংলা ও ফার্সীতে এই সাপ্তাহিক পত্র প্রকাশ করিবার জন্ত কলিকাতা শেখ খালীমুনাকে ১৮৩০, ৭ই সেপ্টেম্বর লাইসেন্স মঞ্জুর করা হয়। হইবার প্রথম সংখ্যার প্রকাশকাল—৭ মার্চ ১৮৩১ (২৫ ফাল্গুন ১২৩৭)। পনবস্তী ১০ই মার্চ ‘সমাচার চঞ্জিকা’ লেখেন :—

সমাচার সভারাজেন্দ্র নামক বাঙ্গালী ও পাবনা ভাষায় এক সমাচারপত্র স্বজন হইবার কল্প ছিল তাহা গত ২৫ ফাল্গুন সোমবার প্রকাশ হইয়াছে প্রথম নংখ্যা দুষ্টি কবিষাচি তাহাতে তৎপ্রকাশকের প্রতিজ্ঞা বা প্রতিপ্রায় কিছুই ব্যক্ত হয় নাই কেবল কএকটি সংবাদ ও তাহাবি অবিকল অনুবাদ পাবনা ভাষায় হইয়া চাৰি প্রাকগজ মুদ্রিত হইয়াছে বোধ হয় আগামিতে তৎপ্রকাশক আপন প্রতিপ্রায় ব্যক্ত করিবেন যাহা হউক সকলপ্রকার কাগজ প্রকাশ হইল পূর্বে কেবল ইঙ্গবেঙ্গ সমাচারপত্র ছিল ইহাতে লোকেরদিগের বাঙ্গা হইও বাঙ্গালী হইলে ভাল হয় তাহা হইলে পাবনা ভাষায় কাগজে প্রয়োগ হইলে সে অভিল্য পূর্ণগুনাগ্রে ইঙ্গবেঙ্গ বাঙ্গালী উভয় ভাষায় একত্রে দর্শিবার সাধ ছিল তাহাও হইয়াছে পাবনা বাঙ্গালী উভয় ভাষায় কোন গ্রন্থাদি দেখা যায় নাই চন্দ্রস্বরেচ্ছায় সে বেদও বহিল না এক্ষণে শুনিতেছি পাবনা বাঙ্গালী ও উভিষ্ঠা ভাষায় কটক অক্ষরে হইবেক ইহা হইলে অধিকতর মঙ্গল জান করিব।

‘সমাচার সভারাজেন্দ্র’-সম্পাদক প্রাচীনপন্থী ছিলেন। তাঁহান্ন এক্ষণে ‘সমাচার চঞ্জিকা’ লেখক, মন্তব্য করেন :—

সভারাজেন্দ্র পত্রের বিষয় জামবা গত্র বাবে কিঞ্চিৎ লিখিয়াছি পুনশ্চ লিখি তিনি যথপিও মুসলমান বটেন কিন্তু জামবা তাহাকে দরপা বাঁসলিওতর জাম জবন জান করিতে পাবি যেহেতুক পঞ্চমর্নাশেজুক হিন্দুসম্প্রদায়ের পক্ষি তাহান্ন নিতাও দর্শিত। — (১ অক্টোবর ১৮৩১ তারিখে ‘সমাচার দর্পণে’ উদ্ধৃত)

‘সমাচার সভারাজেন্দ্র’ দীর্ঘকাল স্থায়ী হয় নাই।

জ্ঞানাম্বেষণ (সাপ্তাহিক) । ১৮ জুন ১৮৩১।

‘জ্ঞানাম্বেষণ’ এই বৃগেব একখানি উল্লেখযোগ্য পত্রিকা। ইহা “ইয়ং বেঙ্গল”দেব মুখপত্র ছিল। কলিকাতা চৌববাগান হইতে এই সাপ্তাহিকখানি প্রকাশ করিবার জন্ত গবর্নেন্ট ৩১ মে ১৮৩১ তারিখে দক্ষিণানন্দন (পবে ‘দক্ষিণাবঞ্জন ’) মুখোপাধ্যায়কে লাইসেন্স দেন। পনবস্তী ১৮ই জুন ‘জ্ঞানাম্বেষণ’ব প্রথম সংখ্যা প্রকাশিত হয়। প্রথম সংখ্যার “অমুষ্ঠানে” পত্রিকা প্রচাৰেব উদ্দেশ্য স্বরূপে এইরূপ লিখিত হইয়াছিল,—

জ্ঞানার্বেষণ। শনিবার ইং ১৮ জুন।—সংপ্রতি এতন্নহানগরে নানাবিধ সমাচারপত্র-দ্বারা নানা দেশীয় সমাচার প্রচার হইতেছে তাহাতে এই পত্র প্রস্তুতকরা কেবল নানা দেশীয় গ্রন্থাঙ্ক রক্ত প্রকাশ করিবার নিমিত্তে এমত নহে পরন্তু অল্পং প্রয়োজন অনেক আছে।

এক প্রয়োজন এই যে এতদেশীয় বিশিষ্ট বংশোদ্ভব অনেক মহাশয়েরা লোকের প্রপঞ্চ বাক্যেতে প্রচারিত হইতেছেন তাহাতে তাঁহারদিগের কোনরূপেই ভাল হইবার সম্ভাবনা না দেখিয়া খেদিত হইয়া বিবেচনা করিলাম যে নানা দেশ প্রচলিত বেদবেদান্ত মনুস্মিতাঙ্ক-প্রকৃতি গ্রন্থেব আলোচনারা তাঁহাবদিগের ভ্রান্তি দূব করিতে চেষ্টা করিব।

দ্বিতীয়তঃ এই যে এতদেশনিবাসি অনেকই আপনং জাতিবিহিত ধর্মের প্রতি জিজ্ঞাসা করিলে যথাশাস্ত্ররূপে কহিয়া থাকেন কিন্তু সেই মহাশয়েরা এমত কর্ম কবেন যে তাহা কোন বিশিষ্টলোকেবই কর্তব্য নহে ইহার কারণ কি তাহাও বিবেচনা কবিতে হইবেক।

তৃতীয়তঃ এই যে ভূগোল প্রকৃতি গ্রন্থ যতপি এতদেশে দেশান্তরীয় ও বঙ্গদেশীয় ভাষায় নানাপ্রকারে প্রকাশ হইয়াছে তথাপি সে অতিবিস্তারিতরূপে প্রচাব হয় নাই অতএব সকলের আশু বোধের নিমিত্তে সেই সকল গ্রন্থ আমরা বঙ্গদেশীয় ভাষায় ক্রমেং প্রকাশ করিব। এবং অল্পং বিষয় যাহা প্রকাশ করা আবশ্যক তাহাও উপস্থিতানুসারে প্রকাশ করিতে চেষ্টা কবিব না ইতি।—(২ জুলাই ১৮৩১ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

দক্ষিণানন্দন নামে সম্পাদক হইলেও 'জ্ঞানার্বেষণে'ব প্রথম সংশোধনাদি যাবতীয় সম্পাদকীয় কার্য সম্পন্ন করিতেন—গৌরীশঙ্কর তর্কবাগীশ। তাঁহাদের উভয়কে কটাক্ষ করিয়া সমসাময়িক 'সম্বাদ তিমিরনাশক' লেখেন :—

সন ১২৩৮ সালের ৫ আষাঢ়ে জ্ঞানার্বেষণ কাগজ প্রকাশ হয় তাহাব প্রকাশক শ্রীযুত দক্ষিণানন্দন ঠাকুর ইনি বাবু অর্য্যকুমার ঠাকুরেব দৌহিত্র বাঙ্গালা লেখা পড়া কিছুই জানেন না এবং বাঙ্গালা কথা কহিতে ভাল পারেন না তাহাতে রুচিও নাই তথাচ বাঙ্গালা সমাচার কাগজের এডিটর না হইলেই নয় মাতামহদন্ত কিঞ্চিৎ সঞ্চিত আছে তাহা তাবৎকে বঞ্চিত করিয়া ঐ কাগজের জন্ত কথঞ্চিৎ কিছু ব্যয় করেন এক জন নাটুরে ভাট মণ্ডপায়িকে পণ্ডিত জানিয়া চাকর রাখিয়াছেন সে নাস্তিক হিন্দুধর্মী কাগজ আরম্ভাবধি কেবল ধার্মিকবর শ্রীযুত চঞ্জিকাকর মহাশয়কে কটু কহে আর হিন্দুশাস্ত্র ভাল নহে তাহারি দোষ আপন বুদ্ধিতে যাহা আইসে তাহাই লেখে একজন্ত ভঙ্গলোকুমাত্র কেহ ঐ কাগজ পাঠ করেন না তথাচ কাগজ ছাপা করিয়া জন কএক লোকের বাগীতে পাঠাইয়া দেন।—(২১ জাম্বারি ১৮৩২ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত) -

গৌরীশঙ্কর তর্কবাগীশই যে প্রকৃতপক্ষে 'জ্ঞানার্বেষণে'র সম্পাদক ছিলেন, তাহার দুইটি প্রমাণ উদ্ধৃত করিতেছি :—

পূর্বে আমারদিগের যে পণ্ডিত ছিলেন তিনি ভাস্কর নামক সংবাদ কাগজ বাহির করিয়াছেন...।—'জ্ঞানার্বেষণে', (২৩ মার্চ ১৮৩১ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

"The individual to whom praise is due for the able manner in which that paper [*Bhaskar*] has hitherto been conducted, is still in the land of the living. He is the quondam Bengally editor of the *Gyananimeshun*."—*Calcutta Courier*, 14 Novr. 1840.

শিরোভূষণ-স্বরূপ 'জ্ঞানাঙ্ঘষণে' একটি কবিতা মুদ্রিত হইত; উহা গৌরীশঙ্করের রচনা। কবিতাটি এইরূপ:—

এহি জ্ঞান মহুশ্যাণামজ্ঞানতিমিরং হর ।

দয়াসত্যঞ্চ সংস্থাপ্য শঠতামপি সংহর ॥

বাহ্যে হস জ্ঞান তুমি কর আগমন ।

দয়া সত্য উভয়েকে করিয়া স্থাপন ॥

লোকের অজ্ঞানরূপ হর অন্ধকার ।

একেবারে শঠতারে করহ সংহার ॥

দক্ষিণানন্দন মুখোপাধ্যায়ের পর 'জ্ঞানাঙ্ঘষণে' পরিচালন করেন— রসিকক্লৃষ্ণ মল্লিক এবং মাধবচন্দ্র মল্লিক। তাঁহারা পত্রিকাখানিকে অতঃপর ইংরেজী ও বাংলায় প্রকাশ করিবার জন্ত সরকারের নিকট আবেদন করেন। ১৫ জাছুয়ারি ১৮৩৩ তারিখে সরকার লাইসেন্স মঞ্জুর করেন। ইহার কয়েক দিন পরেই 'জ্ঞানাঙ্ঘষণে' নিম্নোক্ত বিজ্ঞপ্তিটি মুদ্রিত হয়:—

আমরা জ্ঞানাঙ্ঘষণ গ্রন্থক মহাশয়বর্গের সমীপে প্রণিপাতপূর্বক বিজ্ঞাপন করিতেছি আপনকারদিগের আত্মকৃত্যে জ্ঞানাঙ্ঘষণগ্রন্থ আরম্ভাবধি অপব্যস্ত যে কেবল গৌড়ীয় ভাষায় চলিতেছিল এইকণে আমাদের বোধ হয় যে তাহার পরিবর্ত করিয়া আগামি সপ্তাহাবধি গৌড়ীয় এবং ইঙ্গলণ্ডীয় ভাষায় প্রকাশ করিব কেননা যদিও বঙ্গভাষায় মহাশয়দিগের কেবল গৌড়ীয় ভাষাপাঠে তৃপ্তি হইতে পারে তথাপি জ্ঞানাঙ্ঘষণগ্রন্থক ইউরোপীয় মহাশয়দিগের মধ্যে অনেকের গৌড়ীয় ভাষাভ্যাসে তাদৃক মনোযোগ না থাকাতে তাঁহাদের উত্তমাত্মরক্তি হওয়ার ব্যাঘাত হয় অতএব বিবেচনা করিলাম জ্ঞানাঙ্ঘষণে যে বিষয় প্রকাশ হইবে তাহা ঐ উভয় ভাষায় লিপিবদ্ধ হইলে জ্ঞানাঙ্ঘষণপাঠে এতদেঙ্গীয় ও ইউরোপীয় মহাশয়দিগের বিশেষ মনোযোগ হইতে পারে এই বিবেচনাতে আগামি সপ্তাহাবধি পূর্বোক্ত উভয় ভাষায় জ্ঞানাঙ্ঘষণ প্রকাশ করিতে উত্তোঙ্গ হইলাম...।—(১৯ জাছুয়ারি ১৮৩৩ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

স্বনামধন্য রামগোপাল ঘোষ 'জ্ঞানাঙ্ঘষণে' পত্রের সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন। তাঁহার অনেক রচনা ইহাতে স্থান পাইয়াছিল।* গোবিন্দচন্দ্র বসাককে লিখিত রামগোপাল

* "Farewell Addresses to Sir Charles Trevelyan.—On Saturday last at 8 P. M. the Members of the British Indian Association waited in deputation on Sir Charles Trevelyan... Baboo Ramgopaul Ghose observed that he seconded Sir Charles in a small way by writing editorials in the *Gyananimeshun* newspaper on the subject [abolition of the Town duties]." —*The Hindoo Patriot* for April 10, 1865, p. 118.

ঘোষের কয়েকখানি পত্রের অংশ উদ্ধৃত করিতেছি ; ইহা হইতে 'জ্ঞানাশেষণ'র আরও কয়েক জন পরিচালকের নাম জানা যাইবে :—

Calcutta, 9th July, 1887—...I have a great deal to tell you about the Gyananashun which after this week will go into the hands of Babu Dukhina. This being the last time that I shall have to ask you to write in the Gyananashun, pray send me something good. You may pen a small article giving particulars of Martin's conduct at Hooghly.

Calcutta, 21st September 1888.—...Taruck [Chandra Bose], the principal Editor of Gyananashun, has been lucky enough to get a Deputy Collectorship at Hooghly. I wonder who will carry on the paper now.

Calcutta, 24th November, 1889.—I should mention to you before I conclude that at a meeting of a few select friends lately held in my house at the request of Babu Ram Chunder Mitter, and Horo Mohun Chatterjea the present conductors of the Gyananashun, to take into consideration different points connected with the management of that paper. I was requested to take up the editorial management of it. I have not yet acceded to the proposal, and I think, there are weighty reasons for declining it. I have little leisure and less ability to conduct it, and the consequence is, I will feel it to be a great bore. And unless it can be better managed than it is at present, it is not worth while to take it up. But after all, should the paper devolve upon my hands, you may be sure to be constantly bothered by me for contributions. In fact it is the hope of being largely supplied with news by you that sometimes induces me to change my mind....(Ram Gopal Sanyal : *Bengal Celebrities*, i. 178, 180.)

প্রায় দশ বৎসর চলিবার পর, ১৮৪০ সনের নবেম্বর মাসে 'জ্ঞানাশেষণ' পত্রের প্রচাব রহিত হয়। এই প্রসঙ্গে ২৬ নবেম্বর ১৮৪০ তারিখে 'ক্যালকাটা কুরিয়র' লিখিয়াছিলেন,—

The *Gyananashun* Native Newspaper has, we regret to hear, been given up for want of public support. It existed about ten years and was for some time ably conducted by a number of College students. In its palmy days it was a legitimate organ of the educated Hindoos, but since the retirement of Baboo Russickrishna Mullick, and Duckinanunden Mookerjee, who originally established the paper, merely with the view of keeping alive a spirit of liberal enquiry amongst the Hindoos and combating the prejudices of the orthodox party, it exhibited many symptoms of dotage and decay, till in the course of the present week it died a natural death.

অনুবাদিকা (সাপ্তাহিক)। আগষ্ট ১৮৩১।

১৮৩১ সনের আগষ্ট মাসে 'সঙ্গীত তরঙ্গ'-রচয়িতা রাধামোহন সেনের পুত্র ভোলানাথ সেন 'অনুবাদিকা' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ইহাতে প্রধানতঃ *Reformer* পত্রের প্রবন্ধাদির অনুবাদ থাকিত। 'অনুবাদিকা' সম্বন্ধে 'সম্বাদ কৌমুদী'তে একখানি পত্র প্রকাশিত হয় ; পত্রখানি এইরূপ :—

ক্রীযুক্ত কৌমুদীপ্রকাশকেরু। এ সপ্তাহে আমরা ছই সম্বাদ পত্র অবলোকন করিলাম প্রথমতঃ অনুবাদিকা এই পত্র বঙ্গ ভাষায় শব্দবিত্তাসপূর্নক প্রস্তুত হইয়াছে অনুবাদিকা স্বতন্ত্র

পত্র নহে রিকার্নরহইতেই অমুবাদ হইবেক এবং প্রয়োজনমতে অল্প২ সন্ধ্যা পত্রহইতেও কোন উপকারি বিষয় অমুবাদিকাতে স্থান পাইবেক রিকার্নর পত্র প্রকাশে লোকের যেরূপ মঙ্গলের আকার হইতেছে অমুবাদিকাদ্বারাও তাদৃক উপকারের সম্ভাবনা বটে কিন্তু অন্যদ দেশের মধ্যে অনেকে ইঙ্গলণ্ডীয় ভাষা অবগত নহেন সুতরাং রিকার্নরে কি প্রকাশ হয় অনেক লোকে তাহা জ্ঞাত হইতে পারেন না তজ্জন্ত তৎসম্পাদকের ইচ্ছা যে তাহা সচরাচরে অবগত হইতে পারেন এই মানসে তাঁহার রিকার্নরের অমুবাদ করিতেছেন অমুবাদিকার পাঠকগণের নিকট সম্পাদকেরা কোন বেতন গ্রহণ করিবেন না বিনামূল্যে বিতরণ করিবেন সুতরাং অত্রবিষয়ে তাঁহারদের সর্ব্বাংশেই অমুরাগ করা উচিত হয়। (২৭ আগষ্ট ১৮৩১ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

'রিফর্মা' ও 'অমুবাদিকা'—উভয় পত্রেরই স্বত্বাধিকারী ছিলেন প্রসন্নকুমাৰ ঠাকুর। এক বৎসর পূর্ণ হইতে-না-হইতেই 'অমুবাদিকা'র প্রচার বন্ধ হয়। ১৬ এপ্রিল ১৮৩২ তারিখের 'বেঙ্গল হরকরা'র প্রকাশ :-

We regret that the *Unoo Badsha* or the Bengallee version of the *Reformer* which had been circulated *gratis* in the Hindoo Community since a few months after the commencement of the *Reformer* has been suspended from the last week, owing to the want of leisure on the part of its managers.—*Sumbad Cowmoody.*

সন্ধ্যা রত্নাকর (সাপ্তাহিক)। ২২ আগষ্ট ১৮৩১।

“কলিকাতা নগরীর উন্নতিবিধানকল্পে” ৭১ নং পাথুরিয়াঘাটা ষ্ট্রীট হইতে 'সন্ধ্যা রত্নাকর' নামে একখানি সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশের জন্ত সিমলার মধুসূদন দাস গবর্নমেন্টের নিকট আবেদন করেন। ১৮৩১ সনের ১২ই আগস্ট তাঁহাকে লাইসেন্স মঞ্জুর করা হয়। পরবর্তী ২২এ আগস্ট (৭ ভাদ্র ১২৩৮) তারিখে পত্রিকাখানি প্রকাশিত হয়। প্রচলিত ধর্ম ও আচারের সমর্থনই এই পত্রিকার উদ্দেশ্য ছিল। ৮ সেপ্টেম্বর ১৮৩১ তারিখের 'সমাচার চন্দ্রিকা'র প্রকাশ :-

রত্নাকর। গত ৭ ভাদ্র অবধি রত্নাকর নামক সমাচার পত্রপ্রচার হইতেছে এ সংবাদ গত ১০ ভাদ্রের চন্দ্রিকার প্রকাশ করিয়াছি সংপ্রতি গত ২১ ভাদ্রের রত্নাকরপত্রের লিখিত বিবরণ রত্নজ্ঞানে সকলেই যত্ন পূর্ব্বক পাঠ করিয়াছেন যেহেতুক তৎপত্রসম্বন্ধকর্তা নাস্তিকবর্ষা হইয়া বিধাতার বাক্য পালনে অবোধদিগের বিলক্ষণ প্রবোধ প্রদানে বিচক্ষণতাপূর্ব্বক ক্রমতা প্রকাশ করিয়াছেন...।

ছয় মাস বাইতে-না-বাইতেই 'সন্ধ্যা রত্নাকর'র প্রচার রহিত হয়। ২৮ জানুয়ারি ১৮৩২ তারিখের 'সমাচার দর্পণে' প্রকাশ,—

বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।...সন্ধ্যা রত্নাকরের গো লোকপ্রাপ্তি।—...সন্ধ্যা রত্নাকরনামক যে এক কটুকাটব্য রচিত পত্র এই মহানগরে প্রকাশ হইতেছিল সংপ্রতি গত

সোমবাসরাবধি তৎ পত্র প্রকাশ রহিত অর্থাৎ কোন অবধি রোগে প্রলাপ দেখিলা তাহার গো লোকপ্রাপ্তি হইয়াছে...

দৈনন্দিন জ্ঞানের লেখা হইতে জানা যায়, এই সাপ্তাহিক পত্রের সম্পাদক ছিলেন রামচন্দ্র পাল।

সম্বাদ সারসংগ্রহ (সাপ্তাহিক)। ২৯ সেপ্টেম্বর ১৮৩১।

১৮৩১ সনের আগস্ট মাসে 'সম্বাদ প্রভাকরে' কলুটোলা-নিবাসী সুরুপচাঁদ দাস গুপ্তের একখানি পত্র প্রকাশিত হয়; ইহাতে 'সম্বাদ সারসংগ্রহ' প্রচারের সঙ্কল্পের কথা ছিল।—

এতদ্বশে নানাপ্রকার সমাচার পত্রের প্রচার হইয়া অনেকের উপকার হইতেছে তাহাতে বর্ধিত সম্ভাবনায় অনায়াসে অনেক মুদ্রা ব্যয় করিয়া সকল পত্র গ্রহণপূর্বক সকল সমাচার ও প্রেরিত পত্রাদি অবলোকন করেন কিন্তু ষাঁহার অনেক মুদ্রা বিতরণে সক্ষম নহেন তাঁহারদের সকল বিষয় দৃষ্টিগোচর হয় না অতএব আমার এই মানস যে সাধারণের উপকারার্থ সারসংগ্রহনামক সম্বাদপত্র প্রকাশ করি ঐ পত্রে সমুদায় বাঙ্গলা পত্র সমাচারের মর্ম ও অবিকল প্রেরিত পত্র মুদ্রিত হইয়া প্রতি সপ্তাহে প্রকাশ পাইবেক ইহার মাসিক মূল্য ২ মুদ্রায়াত্র...। (৩ সেপ্টেম্বর ১৮৩১ তারিখের 'সমাচার দর্পণে' উক্ত)

বাংলা ও ইংরেজী ভাষায় এই সংবাদপত্র প্রকাশ করিবার জন্ত স্বত্বাধিকারী ও প্রকাশক—সিমলার বেণীমাধব দে-কে সরকার ১৮৩১ সনের ২ই সেপ্টেম্বর লাইসেন্স মঞ্জুর করেন। পরবর্তী ২৯এ সেপ্টেম্বর (১৪ আশ্বিন . ১২৩৮) 'সম্বাদ সারসংগ্রহ' পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হয়। 'সমাচার চন্দ্রিকা'য় প্রকাশ :—

সম্বাদ সারসংগ্রহ।—গত ১৪ আশ্বিন বৃহস্পতিবার সম্বাদ সারসংগ্রহনামক এক মূতন সমাচার পত্র প্রচার হইয়াছে ঐ পত্র ইংরেজী ও বাঙ্গলা উভয় ভাষায় প্রকাশিত হয় তাহার প্রথম ও দ্বিতীয় সংখ্যা আমরা দৃষ্টি করিয়াছি এইকণে তাহার দোষ গুণ বর্ণনে কাত্ত রহিলাম। যেহেতু উক্ত ভাষায় ভাষিত কোন কাগজ বাঙ্গালিদিগের ছিল না এইকণে সারসংগ্রহপ্রকাশক সাহস করিয়া প্রবৃত্ত হইয়াছেন ইহাতেই আমরা চুট্ট হইয়াছি...। (২২ অক্টোবর ১৮৩১ তারিখের 'সমাচার দর্পণে' উক্ত)

কয়েক সংখ্যা প্রকাশিত হইবার পর 'সম্বাদ সারসংগ্রহ' লুপ্ত হয়।

জ্ঞানোদয় (মাসিক)। ডিসেম্বর ১৮৩১।

১৮৩১ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে রামচন্দ্র মিত্র ও কৃষ্ণধন মিত্র 'জ্ঞানোদয়' নামে একখানি মাসিকপত্র প্রকাশ করেন। 'সমাচার দর্পণে' প্রকাশ :—

আমরা শুনিতেছি যে খ্রীস্তু বাবু কৃষ্ণধন মিত্র মহাশয় জ্ঞানোদয়সংক্রম এক অভিনব মাসিক গ্রন্থ প্রকাশ করিয়াছেন.ইহাতে অভ্যুত্থানাদিত হইলাম। (৩১ ডিসেম্বর ১৮৩১)

ত্রিযুত রামচন্দ্র মিত্র ও ত্রিযুত স্বকুশন মিত্র জ্ঞানোদয়নামক বাঙ্গালি মাগজিনের প্রথম সংখ্যক প্রাণ্ড হওয়া যায়...। (১০ মার্চ ১৮৩২)

‘জ্ঞানোদয়’ বালকদের মনোরঞ্জন করিত। ইহাতে প্রধানতঃ নীতিকথা, ইতিহাস ও ভূগোল-বিষয়ক কাহিনী স্থান পাইত। পত্রিকাখানি নিয়মিতভাবে প্রকাশিত হয় নাই। ইহার ১০ম সংখ্যার প্রকাশকাল—মার্চ ১৮৩৩। পাদরি লং বাংলা পুস্তকের তালিকায় লিখিয়াছেন, ‘জ্ঞানোদয়’ সর্বসমেত ২০ সংখ্যা প্রকাশিত হইয়াছিল।

বিজ্ঞানসেবধি (মাসিক)। এপ্রিল ১৮৩২।

১৮৩২ সনের এপ্রিল মাসে ‘বিজ্ঞানসেবধি’ নামে একখানি মাসিক পত্রিকা Society for Translating European Sciences কর্তৃক প্রকাশিত হয়। প্রথম সংখ্যার আখ্যা-পত্রে ‘বিজ্ঞানসেবধি’র এইরূপ পবিচয় দেওয়া হইয়াছে :—

বিজ্ঞানসেবধি অর্থাৎ শিল্প শাস্ত্রের নিধি—লর্ড ব্রোহেম সাহেবের লিখিত বিজ্ঞানশাস্ত্রের অভিপ্রায় ও কল এবং সম্ভাব্যাদির বিবরণ হইতে ত্রিযুত এইচ এইচ উইলসন সাহেবের আদেশে ত্রিযুত বাবু অমলচন্দ্র গাঙ্গুলি ও কাশীপ্রসাদ ঘোষ দ্বারা ভাষান্তর হয় ইউরোপীয় সকল বিজ্ঞানশাস্ত্র ভাষান্তরার্থে সমাজ কর্তৃক শোভিত হইয়া প্রকাশিত হইল।

ইহার প্রথম সংখ্যা প্রকাশিত হইলে, ৫ মে ১৮৩২ তারিখে ‘সমাচার দর্পণ’ লেখেন :—

এই ১ সংখ্যায় প্রকাশিত এক ইশ্তেহার দ্বারা অবগত হওয়া গেল যে ঐ সমাজের অভিপ্রায় এই যে পরোপকারক গ্রন্থসমূহের পাণ্ডুলেখ্যক্রমে স্বদেশস্থ লোকেরদের উপকারার্থ ইউরোপীয় বিজ্ঞান গ্রন্থমালা বঙ্গভাষায় অনুবাদ করিবেন। এই সকল গ্রন্থের এবং অন্যান্য প্রসিদ্ধ গ্রন্থসকলের প্রত্যেক সংখ্যায় পঞ্চাশৎ পৃষ্ঠা ভাষান্তরিতকরণপূর্বক প্রকাশ করিবেন। এই ব্যাপার ত্রিযুক্ত ডাক্তর উইলসন সাহেবের আনুকূল্যে হইতেছে তাহাতে গ্রন্থকর্তাদের যথোচিত যশস্বিতা প্রকাশ হইতেছে...।

‘বিজ্ঞানসেবধি’র দ্বাদশ সংখ্যা মাত্র প্রকাশিত হইয়াছিল। ইহার ৬ষ্ঠ সংখ্যা ১৮৩৩ সনে ও ৯ম-১০ম সংখ্যা ১৮৩৪ সনে বাহির হয়।

দলবৃত্তান্ত (সাপ্তাহিক ?)। জানুয়ারি ১৮৩২।

১৮ সেপ্টেম্বর ১৮৩১ তারিখের ‘সমাচার চন্দ্রিকা’র ‘দলবৃত্তান্ত’ নামে একখানি সমাচারপত্র প্রকাশের উদ্যোগের কথা বিজ্ঞাপিত হয়। এই প্রসঙ্গে ‘চন্দ্রিকা’-সম্পাদক মন্তব্য করেন :—

দলবৃত্তান্ত।—এতদ্বারা এক্ষণে নানাভাষায় সমাচার পত্র প্রচার হইতেছে তন্মধ্যে বাঙ্গলা ভাষায় পত্রের অত্যন্ত বাহুল্য দেখিয়া কোন মহাত্মা মহাশয় বিবেচনা করিয়াছেন যে দলবৃত্তান্তনামে এক সমাচারপত্র প্রকাশ হইলে ভাল হয় যেহেতুক উক্ত পত্রাদিতে দলবৃত্তান্তের সঙ্গত সর্বদা প্রায় প্রচার হয় না। অতএব তাহার অভিপ্রায় দলবৃত্তান্ত পত্রে

কেবল দলাদলির সম্বাদ সর্বদাই প্রকাশ হইবে তাহার অনুষ্ঠানপত্রের পাণ্ডুলেখ্য অম্মদাদির নয়নগোচর হইয়াছে। প্রস্তুত হইলে তাবতেই সুগোচর হইতে পারিবেক। তাঁহার অনুমতি ভিন্ন তৎপ্রকাশকের নাম এবং অনুষ্ঠানপত্রের বিবরণ পাঠকবর্গকে জ্ঞাত করা হইতে পারি না অনুমান হয় অপ্রকাশ না থাকিলা ত্বরায় প্রকাশ পাইবেক তদ্বিষয়ে অম্মদাদির কিঞ্চিৎ বক্তব্য উচিত অতএব লিখি।

যেই দেশ যখনই অরাজক হইয়াছে সেইই দেশে তৎকালে দলবদ্ধ হইয়া আপনই দলের জাতি প্রাণ ধর্ম রক্ষা করিয়াছেন যত্বেও এক্ষণে অরাজক নহে সুবিচারক রাজার অধিকারে বাস করিতেছি এবং তাঁহার প্রবলপ্রতাপে ভিন্নদেশীয় দুর্দান্ত দুরাত্মা রাজাকর্তৃক আমারদিগের কোন পীড়া নাই এবং বন প্রাণইত্যাদির প্রতি চৌরাদির আশঙ্কাও নাই। তথাপি হিন্দুরদিগের বিশেষতঃ হিন্দুর মধ্যে বঙ্গভূমিনিবাসি অর্থাৎ বাদ্গালিদিগের ধর্মরক্ষা-বিষয়ে অত্যন্ত অরাজক হইয়াছে যেহেতুক ইহাতে রাজশাসন নাই একজ্ঞ কেহই স্বেচ্ছাচারী হইয়া আপন জাতি ধর্ম নষ্টকরণপূর্বক অপরের নষ্ট করিবার চেষ্টা করে সুতরাং দলাদলি থাকিলে তদ্বিষয়ের শাসন থাকে যেহেতুক দলপতি ভূপতির জায় দলদল ব্যক্তিদিগকে সাবধানে রাখিতে যত্ন করেন। তদ্বিশেষ এই যত্বেও কোন ব্যক্তি স্বেচ্ছাচারী হইয়া অবাঞ্ছিত ধর্ম অপের পান করে এ কথা প্রকাশ হইলেই দলপতি আপন মতই ব্যক্তিদিগকে তৎক্ষণাৎ নিষেধ করেন যে অল্প পতিত হইয়াছে তাহার সহিত কোন ব্যবহার করিও না। অপর যত্বেও কোন ব্যক্তি মিথ্যা পবাদে পতিত থাকে সে ব্যক্তি কোন দলপতির নিকট উদ্ধারের প্রার্থনা করিলে তিনি তাহার অপবাদের বিষয় বিশেষাভাসনপূর্বক নির্দোষী জ্ঞাত হইলে আপন দলে তাহাকে সংগ্রহ করিয়া লন-ইত্যাদি। অতএব দল থাকি বিশেষ উপকারজনক বটে কেননা মিথ্যা পবাদে লোক পতিত হইয়া থাকে না এবং যথার্থ কুকর্মশালী ধার্মিকদিগের সহিত চলিত হইতে পারে না তজ্জন্ত সংসর্গ দোষ স্পর্শিতেও পারে না। অতএব এমত উপকারজনক বিষয়ের সম্বাদ সর্বদা সজ্ঞনগণের শুভ্রায়া বটে। অপর এতদ্ব্যনগরে ব্রাহ্মণ বৈষ্ণব কায়স্থদিগের পূর্বে ছই দল ছিল ইহার দলপতি বৈষ্ণববাসী মহারাজ নবকৃষ্ণ বাহাদুর এবং স্বর্গীয় বাবু মদনমোহন দত্ত মহাশয় এই ছই দলপতির দলভুক্ত প্রায় নগরস্থ সমস্ত লোক ছিলেন তৎপরে নগরের লোকসংখ্যাও বৃদ্ধি হইল এবং অনেক বনাঢ্য লোক নগরে বাস করিতে লাগিলেন পরে ক্রমেই অনেক দল হইয়াছে বিশেষতঃ নবশাক জাতীয় সকল ব্রাহ্মণ কায়স্থদিগের দলভুক্ত হইয়াছেন কিন্তু তাঁহারদিগের স্বই জাতীয়েরও বিশেষতঃ দল আছে। অপর নবশাকভিন্ন সুবর্ণ বণিকদিগেরও অনেক দল আছে অতএব দলাদলির বিষয় এ একটা কুহস্যাপার বটে ইহার সম্বাদ যত্বেও কোন ব্যক্তি সংগ্রহ পূর্বক প্রকাশ করেন তাহাতে লোকের মনোপকার বোধ হইবে সে উপকার বিশেষ লিখনের প্রয়োজনাত্যব উক্তবিষয়ে কিঞ্চিৎ মনোযোগ করিলেই জানিতে পারিবেন এবং দলপতি ও দলাদলি প্রকরণ বাহারা বিশেষ যত্নে তাঁহারাই বিলক্ষণ বোধ করিতে পারিবেন যে দলবৃত্তান্ত পত্র কি উপকারক হইবে।

‘দলবৃত্তান্ত’ ১৮৩২ সনের প্রথম ভাগে প্রকাশিত হয়। ইহা খুব সম্ভব সাপ্তাহিক পত্রিকা ছিল। ২১ জুলাই ১৮৩২ তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ :—

...অপর দলবৃত্তান্তনামক এক পত্র প্রকাশ হইয়া থাকে তাহাতেই দলের কথা সকলি লেখা আছে তৎপাঠে তাবতের ভ্রমোপশম হইবেক তৎকাল আমারদিগকে যে মহাশয় উত্তর প্রদানের অহরোধ করিয়াছেন তিনিও ঐ দলবৃত্তান্ত পত্র পাঠ করিলে আর অহরোধ করিবেন না। (‘সমাচার চক্ষিকা’ হইতে উদ্ধৃত)

সমাচারপত্রের সংখ্যা-হ্রাস

“কলিকাতা নগরে সংপ্রতি বেক্রপ সমাচারপত্রের বৃদ্ধি হইয়াছিল তেমনি হ্রাসতা হইতেছে প্রথমতঃ শাস্ত্র প্রকাশনামক এক পত্র বন্ধ হইল দ্বিতীয় সারসংগ্রহ কিছু দিন প্রকাশ হইয়া স্থগিত হয় তৃতীয় রত্নাকর পত্র বর্তমান মাসঅবধি রহিত হইয়াছে সপ্তমসর পূর্ণ না হইতেই তিন কাগজ বন্ধ হইল ইহাতে মনে করি যে ক্রমে২ নূতন কাগজ সকলেরই ঐ দশা প্রাপ্তি হইবেক।”—‘সমাচার দর্পণ’, ৪ ফেব্রুয়ারি ১৮৩২।

সংবাদ রত্নাবলী (সাপ্তাহিক)। ২৪ জুলাই ১৮৩২।

“মেছুয়াবাজার বড়তলা লেনে অবস্থিত রত্নাবলী প্রেস হইতে ‘সংবাদ রত্নাবলী’ নামে একখানি সাপ্তাহিক সংবাদপত্র’ প্রকাশ করিবার জ্ঞা মহেশচন্দ্র পাল ২৪ জুলাই ১৮৩২ তারিখে সরকারের নিকট হইতে লাইসেন্স প্রাপ্ত হন। ঠিক ঐ দিনই পত্রিকাখানির প্রথম সংখ্যা প্রকাশিত হয়। মহেশচন্দ্র নামে-সম্পাদক ছিলেন; প্রকৃতপক্ষে পত্রিকা সম্পাদন করিতেন ঈশ্বরচন্দ্র গুপ্ত। ‘সংবাদ প্রভাকরে’ (১২ এপ্রিল ১৮৫২) ঈশ্বরচন্দ্র নিজেই লিখিয়া গিয়াছেন :—

বাবু জগন্নাথপ্রসাদ মল্লিক মহাশয়ের আহুকূলে মেছুয়াবাজারের অন্তঃপাতী বাঁশতলার গলিতে ‘সংবাদ রত্নাবলী’ আবির্ভূত হইল। মহেশচন্দ্র পাল এই পত্রের নামধারী সম্পাদক ছিলেন। তাঁহার কিছু মাত্র রচনাশক্তি ছিল না। প্রথমে ইহার লিপিকার্য আমরাই নিষ্পন্ন করিতাম। রত্নাবলী সাধারণ সমীপে সাতিশয় সমাদৃত হইয়াছিল। আমরা তৎকর্ত্তে বিরত হইলে, রঙ্গপুর ছুয়াধিকারী সভার পূর্বতন সম্পাদক ৯রাজনারায়ণ তর্কাতার্ক্য সেই পদে নিযুক্ত হইলেন।

‘সংবাদ রত্নাবলী’ “এক বৎসর আট মাস তিন দিবস” পর্যন্ত জীবিত ছিল। ১৫ নবেম্বর ১৮৪৫ (১ অগ্রহায়ণ ১২৫২) তারিখে ব্রজমোহন চক্রবর্তীর সম্পাদকত্বে ইহা পুনঃপ্রচারিত হয়। পরবর্তী ২৫এ নবেম্বর ‘সংবাদ ভাস্কর’ লেখেন :—

আমরা দর্শনে হর্ষপ্রাপ্ত হইলাম সংবাদ রত্নাবলী নামক সমাচার পত্রিকার পুনরুদ্ধার হইয়াছে, অগ্রহায়ণ মাসের প্রথম দিন শনিবারে ঐ পত্রিকার নূতন দৈনিক প্রথম সংখ্যা প্রকাশ হয়।...এই রত্নাবলী ১২৩৯ সালের শ্রাবণ মাসে চক্ষিকাভাসে প্রকাশ হইয়াছিল

আমারদিগের পরম বন্ধু গুণসিদ্ধ আন্দুলীয় জমিদার বাবু জগন্নাথপ্রসাদ মল্লিক মহাশয় প্রভাকর সম্পাদক বাবু ঈশ্বরচন্দ্র গুপ্তকে লিপিকার্যে নিযুক্ত করিয়া তৎসময়ে প্রকাশ করেন, সম্পাদক মহাশয়দিগের নিতান্ত বাসনা ছিল রত্নাবলী দ্বারা ঈর্ষসভাকে সদ্ভূতা করিয়া ঈর্ষচক্রে বসাইয়া দিবেন, কিন্তু চম্ভিকা নির্বাহক ঈর্ষসভা সম্পাদক বন্দ্যোপাধ্যায় বাবু বিবেচনা করিলেন রত্নাবলী দেখিয়া ঈর্ষসভা যদি রত্নাবলী সম্পাদককে মাল্য প্রদান করেন তবে রাজাদিগের সহিত মাল্য বিনিময়ের ঘটকতাকার্যে যত যত্ন করিয়াছিলেন সকলি বিফল হইবে, রত্নাবলী সম্পাদক ঘটক বিদায় দিবেন না, অতএব ঈর্ষসভাকে আপনি আগলিয়া রাখিয়া যেমন প্রভাকর সুধাকরকে সভার নিকট প্রবেশ করিতে দেন নাই রত্নাবলীকেও সেইরূপ করিলেন, কিন্তু তাহাতে রত্নাবলী সম্পাদক মহাশয় ক্ষুব্ধ হইলেন না, ঈর্ষসভার মায়ী পরিত্যাগ করিয়া রত্নাবলীর সুবর্ণাবলী সাধারণকে দিলেন, তাহাতে এক বৎসর আট মাস তিন দিবস এাহক মহাশয়েরা রত্নাবলী ধারণে পুলকিত ছিলেন, তৎপরে কোন আশ্চর্য কারণে রত্নাবলী বিরহে রত্নাবলীর লীলা সম্বরণ হয়, তদবধি আমারদিগের কি ছুঃখ মনে রহিয়াছিল তাহা বলিয়া জানাইতে পারি না, এইক্ষণে বাবু ব্রজমোহন চক্রবর্তী সেই ছুঃখ নিবারণ করিলেন, চক্রবর্তীবাবু সম্পাদক হইয়া রত্নাবলী দেখাইলেন এবং অল্পভব হইতেছে মহাপ্রসাদ [জগন্নাথপ্রসাদ] মহাশয়ও চক্রবর্তী বাবুর পশ্চাৎবর্তী আছেন।... রত্নাবলী, ভাস্করাকারে দুই ভক্তা কাগজে সুবর্ণাবলী ধারণ করিয়া বাহির হইয়াছে।


জ্ঞানসিদ্ধু-তরঙ্গ (মাসিক) । ইং ১৮৩২ ।

পাদরি লণ্ডের তালিকা হইতে ১৮৩২ সনে প্রকাশিত আর একখানি সাময়িক-পত্রের নাম পাওয়া যায়। ইহা রসিককৃষ্ণ মল্লিকের 'জ্ঞানসিদ্ধু-তরঙ্গ'। ঈশ্বরচন্দ্র গুপ্তের সংবাদপত্রের ইতিহাসেও ইহার উল্লেখ আছে। পত্রিকাখানি দীর্ঘকাল স্থায়ী হয় নাই।


বিজ্ঞানসারসংগ্রহ (পাক্কিক...) । সেপ্টেম্বর ১৮৩৩ ।

'বিজ্ঞানসারসংগ্রহঃ' (The Hindoo Manual of Literature and Science) একখানি পাক্কিক পত্র। ১৮৩৩ সনের সেপ্টেম্বর মাসের প্রথম পক্ষে ইহার প্রথম সংখ্যা প্রকাশিত হয়। ২৮ সেপ্টেম্বর ১৮৩৩ তারিখের 'ক্যালকাটা কুরিয়রে' 'বিজ্ঞানসারসংগ্রহঃ' পত্রের প্রথম দুই সংখ্যার প্রাশস্তিকার আছে। ইহা দ্বিভাষিক পত্র ছিল; প্রত্যেক পৃষ্ঠার দক্ষিণ পাটিতে বাংলা এবং বাম পাটিতে তাহার ইংরাজী অম্ববাদ থাকিত। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে পরিচালকগণ প্রথম সংখ্যায় এইরূপ লেখেন :—


অনুষ্ঠানপত্র। নীচেস্বাক্ষরকারি সম্পাদকেরা শিল্প শাস্ত্র এবং অন্যান্য শাস্ত্রহইতে সংগ্রহ করিয়া ইঙ্গলভীর ও বঙ্গভাষায় যে পুস্তক প্রস্তুত করিয়া প্রকাশ করিবার মানস করিয়াছেন তাহার নাম বিজ্ঞানসারসংগ্রহঃ।




রাধানাথ শিকদার



প্যারীচাঁদ মিত্র



অদ্বৈতচন্দ্র আচা



মনোমোহন বসু

উক্ত সম্পাদকদিগের মনঃস্থ এই যে এরূপ ইউরোপীয় বিজ্ঞান শাস্ত্র ও অভ্যাস নীতি শাস্ত্র সকলের সারোচ্ছার করিয়া বঙ্গদেশীয় পাঠকবর্গকে জ্ঞাপন করা যাইবে যে যাহারা উক্ত পাঠকদিগের জ্ঞান সীমার প্রশস্ততা অর্থাৎ অসীমজ্ঞান ও উত্তমরূপে নির্গল নীতিজ্ঞতা হইতে পারে। আর এপ্রকার বিষয়ের অমূল্যলনে উৎসাহ জন্মাইতে পারিবে যে যাহাতে মনুষ্যেরা সুখ ও গৌরব প্রাপ্ত হইতে পারেন। সম্পাদকেরা এইরূপ অমূল্যমান করেন যে, যে রূপ চেষ্টা করিতে আমরা প্রবৃত্ত হইয়াছি এরূপ চেষ্টা বুঝি, ইহার পূর্বে অল্প কোন ব্যক্তি করেন নাই, কারণ এপ্রদেশে ইংরেজি ও বঙ্গ ভাষায় যে ছুই সমাচার পত্র প্রকাশ হইয়া থাকে তাহা কেবল রাজকীয় বিষয় এবং অভ্যাস অচিরস্থায়ি লাভজনক বিষয় প্রকাশ হইয়াই তাহার শেষ হইয়া থাকে; কিন্তু আমাদের এই পুস্তকদ্বারা এরূপ কর্তব্য ও আত্মলাভজনক জ্ঞান পুঞ্জ প্রকাশ হইবে, যে তাহার অভ্যাসে যে রূপ মনোযোগ ও সময়ক্ষেপ করিবেন তদনুসারে যথেষ্ট পুরস্কার প্রাপ্ত হইতে পারিবেন।...আমরা এই তিন প্রধান বিভাগ সারোচ্ছার করিয়া সংগ্রহ করিব।

প্রথম ভূগোল বৃত্তান্ত ও মনুষ্যোপাখ্যান সম্বন্ধে ইতিহাস।

দ্বিতীয় সহপদেশক ও সন্তোষক নানা প্রকার উপাখ্যানসম্বলিত নীতিশাস্ত্র।

তৃতীয় বিজ্ঞানশাস্ত্র যাহাতে এ প্রদেশীয় লোকের মধ্যে প্রায় অনেকেই অনভিজ্ঞ আছেন।

এই পুস্তক রায়েল আর্কটোবো সাইজে ১৬ পৃষ্ঠাতে এক২ খণ্ড প্রস্তুত হইয়া প্রতি মাসে দুইবার প্রকাশিত হইবে। ১০০ মাসিক মূল্য ৮০ আনা...কখন২ ইহার সহিত পত্রাঙ্কিত প্রতিমূর্ত্তিও দেওয়া যাইবে। ক্রীডবলিউ এম উলেষ্টন। ক্রীনবহুমার চক্রবর্তী। ক্রীগঙ্গাচরণ সেন গুপ্ত।

এই তিন জনের এক জনের নিকটে সংস্কৃত পাঠশালায়* জানাইলেই সমুদয় বিষয় অবগত হইতে পারিবেন ইতি। সন ১৮৩৩ শাল জুলাই

‘বিজ্ঞানসারসংগ্রহঃ’ পত্রের প্রথম দুই সংখ্যায় প্রকাশিত প্রবন্ধগুলির একটি তালিকা নিম্নে দেওয়া হইল :—

১ম সংখ্যা।—অগুষ্ঠানপত্র। মনুষ্যের জীবনোপাখ্যান বিষয়। জুনস সাহেবের উপাখ্যান। জ্ঞানশাস্ত্র। সত্য ইতিহাস।

২য় সংখ্যা।—নিউটন সাহেবের উপাখ্যান। বিজ্ঞান শাস্ত্র। ইংলণ্ডীয় প্রাচীন ধর্মের অবশিষ্ট।

* কলিকাতা গবর্নমেন্ট সংস্কৃত কলেজের ছাত্রবর্গকে ইংরেজী শিক্ষার সুবিধা দিবার জন্ত ১ মে ১৮২৭ তারিখে ওলাষ্টন সাহেবকে মাসিক ২০০ বেতনে নিযুক্ত করা হয়। তাঁহার প্রথম সহকারিরূপে গঙ্গাচরণ সেন মাসিক ৫০ বেতনে ১৪ এপ্রিল ১৮৩০ তারিখে, এবং দ্বিতীয় সহকারিরূপে নবকুমার চক্রবর্তী মাসিক ৪০ বেতনে ১৪ ফেব্রুয়ারি ১৮৩৩ তারিখে সংস্কৃত কলেজে নিযুক্ত হইয়াছিলেন। ১৮৩৫ সনের নবেম্বর মাসে সংস্কৃত কলেজ হইতে ইংরেজী-শ্রেণী উঠাইয়া দেওয়া হয়।

১৮৩৪ সনের জানুয়ারি মাস হইতে ‘বিজ্ঞানসারসংগ্রহঃ’ মাসিক পত্রে পরিণত হয়। প্রতি-সংখ্যায় ৩২ পৃষ্ঠা থাকিত, মূল্য ৥০ ও অগ্রিম বার্ষিক মূল্য ১০৮ টাকা। ইউরোপীয় সাহিত্য ও বিজ্ঞান এ-দেশে প্রচার করিবার জন্ত ‘বিজ্ঞানসারসংগ্রহঃ’ পত্রের আবির্ভাব। নবপর্ধ্যায়ে এই উদ্দেশ্য ছাড়া ইউরোপীয় গ্রাহকদের জন্ত উপাদেয় সংস্কৃত ও বাংলা রচনার অল্পবাদ দিবার ব্যবস্থা হইয়াছিল। ‘বিজ্ঞানসারসংগ্রহঃ’র মলাটের শেষ পৃষ্ঠায় হিন্দু কলেজের ঠিকানা দিয়া সম্পাদকত্ব এই বিজ্ঞাপন দিয়াছেন :—

With a view to render this Series more acceptable to their European Subscribers, the Editors purpose to devote a portion of the work to original translations of interesting passages from Sanscrit and Bengalee authors. The main design, however, for which this work was at first undertaken, viz. “to communicate to the Natives a knowledge of European Literature and Science,” will continue to be held prominently in view.

নবপর্ধ্যায় ‘বিজ্ঞানসারসংগ্রহঃ’র প্রথম সংখ্যায় অষ্টাশ্চ প্রবন্ধ ছাড়া রামচন্দ্র বিশ্বাবাগীশ-কৃত ব্রাহ্মসমাজের প্রথম ও দ্বিতীয় ব্যাখ্যান, এবং তারাচাঁদ চক্রবর্তী-কৃত তাহার ইংরেজী অল্পবাদ মুদ্রিত হইয়াছে। তৃতীয় সংখ্যায় তৃতীয় ব্যাখ্যান ও তাহার ইংরেজী অল্পবাদ আছে।

চার আনা পত্রিকা (মাসিক) । ইং ১৮৩৩ ।

১৮৩৩ সনে এই পত্রিকাখানি প্রকাশিত হইয়াছিল বলিয়া পাদরি লং উল্লেখ করিয়াছেন,—

*Char Anna Patrika—1833 : On Ethical Essays and Historical Anecdotes **

‘চার আনা পত্রিকা’ ইংরেজী ও বাংলায় প্রকাশিত হইত।†

বৃত্তান্তবাহক (অর্ধ-সাপ্তাহিক) । ইং ১৮৩৪ ।

২২ জানুয়ারি ১৮৩৪ তারিখের ‘সমাচার দর্পণে’ এই সংবাদটি মুদ্রিত হইয়াছে :—

রিকার্দর সবাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল কলিকাতার সন্নিহিত ভবানীপুরে বৃত্তান্তবাহকনামক এক সংবাদপত্র সম্ভাধে ছুইকার প্রকাশ পাইবে। সমাচার দর্পণের দ্বারা ঐ পত্র ইংরেজী ও বাদলা ভাষায় দুই শ্রেণীতে মুদ্রাঙ্কিত হইবে। তাহার মূল্য অত্যল্প মাসে ১ টাকা স্থির হইয়াছে।

ভবানীপুরে বৃত্তান্তবাহক প্রেস নামে একটি মুদ্রায়ন্ত্র স্থাপিত হইয়াছিল; ১৮৩৬ সনে এই যন্ত্রালায়ে ‘শুক্লারতিলকে’র অল্পবাদ মুদ্রিত হয়। এই কারণে মনে হয়, ‘বৃত্তান্তবাহক’ ১৮৩৪ সনে প্রকাশিত হইয়া থাকিবে।

* Long's Returns relating to publications in the Bengali Language, in 1867. (Selections from the Records of the Bengal Govt. No. xxxii), 1869, p. xlv.

† Long's Catalogue of Bengali Works (1855), p. 63.

সমাচারপত্রের হ্রাসপ্রাপ্তি

“কিয়ন্দিবস পূর্বে এতদ্ব্যয়ে বঙ্গভাষায় প্রভাকর সুধাকর রত্নাকর সারসংগ্রহ কৌমুদী সভারাজেন্দ্র ইত্যাদি যে কএক খান সমাচার পত্র প্রচার হইয়াছিল তাহা ক্রমেৎ লুপ্ত হইয়াছে...।” —‘সমাচার দর্পণ,’ ৯ মে ১৮৩৫।

সংবাদ পূর্ণচন্দ্রোদয় (মাসিক...)। ১০ জুন ১৮৩৫।

‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ প্রথমে মাসিক আকারে প্রতি পূর্ণিমায় প্রকাশিত হইত। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—৮ [১০ ?] জুন ১৮৩৫ (২৮ জ্যৈষ্ঠ ১২৪২, বুধবার)। পত্রিকা প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হয় :—

বিজ্ঞাপন ॥...এই সংবাদ পত্র প্রতি পূর্ণিমায় প্রকাশ হইবেক তাহাতে বিজ্ঞা বৃদ্ধি বৃদ্ধি বিষয়ক হিতোপদেশ আছে যাহাতে মনোহুপ্রবেশ করিলেই বিশেষোপকার দর্শাইবেক তথা নানা বিষয় বহুত রাজ্যের মঙ্গলামঙ্গল বিবরণ যাহা ত্রীলত্ৰীযুক্ত দেশাধিপতির কর্ণকুহরে প্রবিষ্ট হইলেই প্রজ্ঞাপনের মহোপকার দর্শাইবেক এবং বর্ষ বিষয় যাহা সর্ব সাধারণের আবশ্যক ও এতদেবীর বা ইউরোপীয়াদি দেশের নূতনং সম্বাদ বদর্শনে পাঠকগণেরা পরমোন্নতি হইবেন এবং তাহাদিগের ও প্রেরিত যথা সীত্যন্তসারে প্রকাশ হইবেক...।

প্রথম সংখ্যার শেষে মুদ্রিত নিম্নোক্ত বিজ্ঞাপন হইতে সম্পাদকের নামধাম জানা যায় :—

এই সংবাদ পত্র প্রতি পূর্ণিমায় ষোড়শ পৃষ্ঠায় প্রকাশ হইবেক বুল্য সংখ্যা প্রতি ১০ আনা মাত্র যে কোন মহাশয় ইহা গ্রহণেচ্ছুক হইবেন তিনি মোকাম কলিকাতার ঠনঠনিয়ার কালেক্ট ইষ্টাতে ৫৮ সংখ্যক বাগীতে সম্পাদকের নিকট এক বনামাঙ্কিত লিপী প্রেরণ করিলে পাইতে পারিবেন...। সম্পাদক ত্রীহরচন্দ্র বন্দ্যোপাধ্যায়ঃ ।

এই পত্র পঞ্চানন তলার ১৯ সংখ্যক ভবনে পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রাঙ্কিত হইল।

সেকালের প্রথামত ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ পত্রের লগাটে উদ্দেশ্যবাচক একটি শ্লোক থাকিত। প্রথম বর্ষের প্রথম সংখ্যায় যে শ্লোকটি ছিল, তাহা এইরূপ :—

অজ্ঞানরূপং তিমিরং বিনশ্চ জ্ঞানপ্রকাশং প্রতিমাসমেব ।

বিতীর্ঘ্য লোকে হরচন্দ্রকেতুঃ সম্পূর্ণচন্দ্রোদয় এষ ভাতি ॥

পরবর্তী সংখ্যাগুলিতে কিন্তু স্বতন্ত্র একটি শ্লোক মুদ্রিত হইত ; উহা

দশ পঞ্চ কলা পূর্ণে পূর্ণিমায়াদিষো পুনঃ ।

অহ্না হরচন্দ্রোদয় পূর্ণচন্দ্রোদয়ঃ কৃতঃ ॥

১৮৩৬, ২ই এপ্রিল হইতে ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ সাপ্তাহিক পত্রে পরিণত হয়। ১৮৩৬ সনের ‘দি ক্যালকাটা মঙ্গলী জর্নালে’ প্রকাশ :—

The Sumbad Purno Chundroday.—The Monthly Magazine of this name, has since the 19th April, been changed to a weekly Literary and Political Journal,

হরচন্দ্র বন্দ্যোপাধ্যায় তিন বৎসরের উপর 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়'র সম্পাদক ছিলেন। ২৬ জানুয়ারি ১৮৩৮ তারিখে তিনি ঢাকা-স্কুলের হেড পণ্ডিত নিযুক্ত হন। অতঃপর ১২৪৫ সালের পৌষ মাসে (ইং ১৮৩৯ ?) আমড়াভালা-নিবাসী উদয়চন্দ্র আচ্যের নাম সম্পাদকরূপে পত্রিকার মুদ্রিত হয়। ২৭ এপ্রিল ১৮৩৯ তারিখের 'সমাচার দর্পণে' প্রকাশ :—

১২৪৫ সাল, পৌষ।—সংবাদ পূর্ণচন্দ্রোদয় পত্রের ত্রীভুজি হয় এবং তৎসম্পাদন কার্যে ত্রীউদয়চন্দ্র আচ্যের নাম প্রকাশ হয়।

১৮৪১ সনে উদয়চন্দ্রের জ্যেষ্ঠ ভ্রাতা অধৈতচন্দ্র আচ্য 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়'র সম্পাদন-ভার গ্রহণ করেন। খুব সম্ভব, এই সময় হইতেই নিম্নের শ্লোকটি পত্রিকার কণ্ঠে মুদ্রিত হইত :—

দৃষ্ট! দৃষ্ট! শশাঙ্ক দিনরচিত্রিতং সাক্ষরাসং নিরঙ্কং বাতা সংবাদ সোমং গুণময়মস্বজং পঙ্কজয়ং
তমোম্বং ।

বাচ্যে সাচ্যে সলেখে সমধুহদয়িত্তেহৈতচন্দ্রে স্মর্শৈলে ভব্যোভব্যোভবাকৌ হরিপদহৃদি
সংপূর্ণচন্দ্রোদয়োসৌ ॥

১৮৪৪ সনের নবেম্বর মাসে (১২৫১ সাল) 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' দৈনিকের কলেবর ধারণ করে। ১৯ নবেম্বর ১৮৪৪ তারিখের 'সংবাদ ভাস্কর' পাঠে (পৃ. ১০৮৯) জানা যায় :—

আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম সংবাদ পূর্ণচন্দ্রোদয় * * * দৈনিক হই * * * সম্পাদক মহাশয় প্রতি দিবসীয় পূর্ণচন্দ্রের যে আকার করিয়াছেন এতদাকার সমাচার পত্রে সাধারণের অশ্রদ্ধা হইয়া গিয়াছে * * * ।

অনেকে লিখিয়াছেন, ১৮৪১ সনে (১২৪৮ সালে) 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' বারত্রয়িক আকার ধারণ করে। ইহা যে ঠিক নহে, তাহা 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' হইতে উদ্ধৃত নিম্নাংশ পাঠ করিলেই জানা যাইবে :—

সংবাদ পূর্ণচন্দ্রোদয়ের বর্ধবৃদ্ধি।...আমাদিগের এই পত্র পরমেশ্বরানুকম্পায় এবং
প্রাচ্যকবর্গ ও বহু বাহুব মহাশয়দিগের অঙ্গগ্রহে এবং সংবাদ পত্র সম্পাদক মহোদয়গণের
আনুকূল্যে ক্রমে মাসিক সাপ্তাহিক হইয়া পরে দৈনিক হইয়াছে..। (১৪ এপ্রিল ১৮৫১)

১৮৭৩ সনের ফেব্রুয়ারি মাসে অধৈতচন্দ্রের মৃত্যু হইলে তৎপুত্র গোবিন্দচন্দ্র আচ্য ১৮৮৬ সনের আগস্ট মাস পর্যন্ত পত্রিকা সম্পাদন করিয়াছিলেন। এই পত্রিকার পঞ্চম সম্পাদক মহেন্দ্রনাথ আচ্য; ১৩১৪ সালের বৈশাখ মাসে তাঁহার মৃত্যু হয়। ইহার পর আরও এগারো মাস 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' চলিয়াছিল।*

'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' সে-যুগের একখানি উৎকৃষ্ট পত্রিকা। ইহা ৭৩ বৎসর জীবিত ছিল।

* প্রথম বর্ষের সাতটি সংখ্যার উল্লেখযোগ্য সংবাদগুলি সংকলিত হইয়া 'সংবাদপত্রে সেকালের কথা' গ্রন্থের ২য় খণ্ডের পরিশিষ্টে মুদ্রিত হইয়াছে।

সংবাদ পূর্ণচন্দ্রোদয়

অজ্ঞানরূপং তিমিরং বিনশ্য জ্ঞানপ্রকাশং পুতিমাসমেব ।
বিস্তীর্ণ্যালোকে হরচন্দ্রকেতুঃ সম্পূর্ণচন্দ্রোদয় এব ভাতি ॥

১ সংখ্যা ২৮ জ্যৈষ্ঠ বুধবার পূর্ণিমা ১২৪২ সাল ইং ৮ জুন ১৮৩৫।

বিজ্ঞাপন ॥

এতন্মহানগরীয় বা অন্যান্য ভি
মদেশীয় অথও দোর্দণ্ড প্রচণ্ড প্র
তাপান্বিত যশঃপূর্ণত সর্বগুণাল
কৃত গাভীর্য্য শৈর্য্যবীর্য্যবন্ত অস্ত
লৈয়শ্বর্য্যাবিত বা মধ্যমস্থ সাধুনদা
শয় সমূহ মহাশয় এনিকৃষ্ণের ধীর
তার প্রার্থ্য্য প্রকাশে অনিষ্ক্রমণ
পূর্বক সর্বদোষ মার্জনা করিবে
ন তথা অলঙ্কারাদি দোষে দৃষ্টিপা
ত পরিত্যাগ করতঃ সারভাগ গ্রহ
ণ করিবেন যথাহংসের মীরে কীর
ভরণ অথবা মেঘাস্যে বারিবরি
ণ এতাদৃশ ভাব মহানুভব মহাশ
য় সমূহকর্তৃক হইলে স্বধর্ম্মরক্ষণী
ক্রাজ্ঞ চন্দ্রিকার্নব পার্শ্বে পলুল স
শে স্থিত হইয়া লেখনী ধারণপূর্ব
বিপক্ষ পক্ষের কটাক্ষ বাহা হি
ধর্ম্ম বিপক্ষে লক্ষ্যপ্রকাশ ক্রম ত

দ্বিনাশক হই যদ্যপি নিদিধ্যাসন
ধর্ম্মপরায়ণ মহাশয়গণ পাকতঃ
পরাডমুখ ও অক্ষম নাহন তবেপূর্ণ
চন্দ্রোদয়ে ব্যাঘাতরূপ মেঘাচ্ছন্ন
হইলে তাঁহারদিগের অনুগ্রহস্বরূ
প বাতাশে অনায়াসে সে মেঘ ছি
ম্তিম হইয়া সুস্পষ্টরূপে উৎকৃষ্ট
তা প্রস্ফুটিত হওনে অসম্ভব নহে
অধিকন্তু নিবেদনসর্বসাধারণমতে
এতদ্বিষয়ের তাৎপর্য্য ও কিঞ্চৎ
গুণবর্ণনযৎপ্রয়োজন করে তদ্বারা
নুসারে সংক্ষেপ রূপ কিঞ্চিৎদর্শনা
করণে লেখনী ধারণ করিলাম ইহা
তে পাঠকবর্গ মহাশয়েরা বিরক্ত
না হইয়া যৎকিঞ্চৎ কৃপাবলে দ্রু
নে অবসোকন করিবেন ।

ভাবৎকলা সম্পূর্ণ জ্যোতির্ম্মি
চন্দ্রোদয় হইয়া যাদৃগ্ জগদক্ষণী
রকে ধ্বংস কুশ ও লণ্ডভণ্ড স্বপ্ত

['সংবাদ পূর্ণচন্দ্রোদয়' পত্রের একটি পৃষ্ঠার প্রতিলিপি]

ভক্তিশূচক (সাপ্তাহিক) । সেপ্টেম্বর ১৮৩৫ ।

১৮৩৫ সনের ২রা সেপ্টেম্বর (?) বুধবার 'ভক্তিশূচক' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয় । পরবর্তী ৫ই সেপ্টেম্বর 'ক্যালকাটা কুরিয়র' লেখেন :—

The first number of a Bengali weekly paper, issued on Wednesdays under the name of *Bhuchtee Shuchuck*, has also been sent us...

ইহার আবির্ভাবে আনন্দ প্রকাশ করিয়া 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' এইরূপ মন্তব্য করেন :—

ভক্তিশূচক ।—আমরা আহ্লাদ পূর্বক প্রকাশ করিতেছি যে ভক্তিশূচক নামক এক সাপ্তাহিক নূতন পত্রের সৃষ্টি হইয়া প্রতি বুধবাসরে প্রকাশ হইতেছে তৎপত্র সম্পাদকের অভিপ্রেম আমরা বোধ করিলাম যে তিনি একজন শ্রীশ্রীবিষ্ণু পরায়ণ ও সুবিচক্ষণ বটেন কেননা তদ্ব্যবসায়ের বাসনা যে সর্বদা বিষ্ণুভক্তির আলোচনা উৎকৃষ্ট রূপে প্রচলিত হয়, যাহা বিষয়াবচ্ছন্ন প্রযুক্ত বিষয়ী ব্যক্তিদিগের সুহৃৎ হইয়াছে এবং উক্ত পত্রে যে সকল বিষয় প্রকাশ করণ মনন করিয়াছেন তাহাতে বিশিষ্ট শিষ্ট ইষ্ট নিষ্ঠ বিষ্ণুপরায়ণ ব্যক্তির পরম সম্বোধিত হইয়া পাঠ করিবেন এমত সম্ভাবনা বটে যেহেতু ইহাতে শ্রীমদ্ভাগবত ও হরিভক্তি বিলাস প্রভৃতি মহাপুরাণাঙ্গুর্গত বচন রচনামৃত বিস্তৃত হইতেছে সুতরাং ইহা পাঠ করণ প্রার্থনীয় বটে যাহা হটুক উক্ত সম্পাদক যে এতাদৃশ পরোপকারে উৎসাহান্বিত হইয়া প্রবর্ত হইয়াছেন ইহাতে আমরা তাঁহাকে অন্বদেশের একজন শুভাকাজী জ্ঞান করিলাম ।

তৃতীয় পরিচ্ছেদ (১৮৩৫—১৮৩৯)

মুদ্রায়ত্ত্ব-বিধির ফলে গবর্নেন্টের হাতে যথেষ্ট ক্ষমতা থাকিলেও কার্যতঃ সংবাদ-পত্রগুলি অনেক দিন যাবৎ—বিশেষ করিয়া লর্ড উইলিয়ম বেণ্টিঙ্কের শাসনকালে (জুলাই ১৮২৮—মার্চ ১৮৩৫), স্বাধীনতা ভোগ করিয়াছিল। সংবাদপত্রের অবাধ আলোচনা হইতে রাষ্ট্রের কোন আশঙ্কার কারণ নাই—এই বিবেচনায় শ্রুত চার্লস মেটকাফ ১৮৩৫ সনের ১৫ই সেপ্টেম্বর মুদ্রায়ত্ত্বের শৃঙ্খল মোচন করেন। এই সময় হইতে পরবর্ত্তী বাইশ বৎসর সাময়িক-পত্রের স্বাধীনতা অক্ষুণ্ণ ছিল। সংবাদপত্রগুলিকে সর্বপ্রকারে বন্ধনযুক্ত করিয়া মেটকাফ শুধু এই আইন করিয়াছিলেন যে, অতঃপর সংবাদ অথবা সংবাদের সমালোচনাপূর্ণ কোন সাময়িক-পত্র প্রকাশ করিতে হইলে সর্বাপ্রথমে তাহার মুদ্রাকর ও প্রকাশককে স্থানীয় ম্যাজিস্ট্রেটের সমক্ষে উপস্থিত হইয়া একটি অঙ্গীকার-পত্র (declaration) স্বাক্ষর করিতে এবং সেই অঙ্গীকার-পত্রের দুই খণ্ড যথাক্রমে সেই ম্যাজিস্ট্রেটের আপিসে ও স্প্রীম কোর্ট অথবা সেই এলাকাভুক্ত কিংস কোর্টের (ইংলণ্ডীয় আইনানুযায়ী উচ্চ আদালতের) দপ্তরখানায় দাখিল করিতে হইবে। স্মরণ্য দেখা যাইতেছে, ১৫ সেপ্টেম্বর ১৮৩৫ হইতে ১৩ জুন ১৮৫৭ তারিখে লর্ড ক্যানিং কর্তৃক প্রেস-আইন জারির পূর্ব পর্যন্ত এ-দেশে যে-সকল সাময়িক-পত্র প্রচারিত হইয়াছিল, সেগুলির সঠিক নামধাম সংগ্রহের পক্ষে মুদ্রাকর ও প্রকাশকদের অঙ্গীকার-পত্র অমূল্য উপাদান। দুঃখের বিষয়, কলিকাতা হাইকোর্টের দপ্তরখানা হইতে বর্ত্তমানে এগুলি সংগ্রহ করিবার কোন সুবিধা নাই। আলোচ্য সাময়িক-পত্রগুলির পুরাতন সংখ্যা সংগ্রহ করিতে পারিলে সকল গোলই মিটিয়া যাইত, কিন্তু এই সকল সাময়িক-পত্রের অধিকাংশই বর্ত্তমানে হুম্মাপ্য; বোধ হয় এই কারণে বাংলা সাময়িক-পত্রের ইতিহাস-সঙ্কলনে পূর্ববর্ত্তী অনেক লেখক পাদরি লণ্ডের লেখার* উপরই অনেকাংশে নির্ভর করিতে বাধ্য হইয়াছেন। দীর্ঘকাল অল্পসঙ্কানের ফলে আমি অনেকগুলি প্রাচীন ইংরেজী ও বাংলা সাময়িক-পত্র দেখিবার সুযোগ পাইয়াছি, এবং প্রাধানতঃ তাহারই সাহায্যে এই পরিচ্ছেদটি লিখিত হইয়াছে। একটি মূল্যবান প্রবন্ধও আমার কার্যের বিশেষ সহায়ক হইয়াছে; উহা ১ বৈশাখ ১২৫২ (১২ এপ্রিল ১৮৫২) তারিখে 'সংবাদ প্রভাকরে' প্রকাশিত ঈশ্বরচন্দ্র গুপ্তের লিখিত বাংলা সংবাদপত্রের ইতিহাস। মূল প্রবন্ধটি সংগ্রহ করিতে না পারিলেও *The Englishman and Military Chronicle* পত্রে (৮ মে ১৮৫২) প্রকাশিত উহার ইংরেজী অনুবাদ আমার হস্তগত হইয়াছে।

* *A Descriptive Catalogue of Bengali Works* (1855). *A return of the names and writings of 515 persons connected with Bengali Literature* (Calcutta 1855). *Return relating to Publications in the Bengali Language, in 1857*, (Calcutta 1859).

সম্বাদ সুধাসিন্ধু (সাপ্তাহিক) । ১৩ এপ্রিল ১৮৩৭ ।

১৩ এপ্রিল ১৮৩৭ (২ বৈশাখ ১২৪৪) তারিখে বটতলার কালীশঙ্কর দত্তের সম্পাদনাধ
এই সাপ্তাহিক পত্র প্রচারিত হয় । ১৮৩৭ সনের 'ক্যালকাটা মস্থলী জর্নালে' প্রকাশ :—

Sumbad Soodha-sindhoo.—We are happy to notice that a weekly paper under the above name, has been established by Baboo Colly Sunker Dutt of Burtullah, since the 2d of Bysakh instant, and is supplied to subscribers at the monthly charge of eight annas.

কাগজখানি বৎসরের কাল স্থায়ী হইয়াছিল ।

সম্বাদ গুণাকর (অর্ধ-সাপ্তাহিক...) ডিসেম্বর ১৮৩৭ ।

১৮৩৭ সনের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে (পৌষ ১২৪৪) শ্রামপুকুর-নিবাসী গিরিশচন্দ্র
বহুর সম্পাদকত্বে 'সম্বাদ গুণাকর' প্রকাশিত হয় । ইহা অর্ধ-সাপ্তাহিক পত্র ছিল ।
৩০ ডিসেম্বর ১৮৩৭ তারিখের 'ক্যালকাটা কুরিয়ারে' প্রকাশ :—

Sumbad Goonakur.—During the present week, an addition has been made to the number of Bengalee newspapers. The name of the Journal is *Sumbad Goonakur*; and is edited by Baboo Greeschunder Bose, of Sampookur. It is to appear twice a week, namely, Tuesday and Friday, and is to be charged for at one rupee a month.—
Cal. Cour. Dec., 30. (Quoted by the *Friend of India* for January 4, 1838).

কয়েক মাস পরে কাগজখানিকে দৈনিক-রূপে প্রকাশ করিবার সঙ্কল্প হইলে 'জ্ঞানাম্বেশণ'
এইরূপ মন্তব্য করেন :—

আমরা শ্রবণ করিলাম যে গুণাকর সম্পাদক গুণাকর নামক কাগজ প্রতি দিবসে
প্রকাশ করিবেন এ কাগজ বাঙ্গালা ভাদ্রমাসীয় প্রথম দিবসে প্রকাশ পাইবে কিন্তু ইহার মর্ম
কিছুই এইক্ষণপর্যন্ত বুঝিতে পারি না যে রাজ্যের পক্ষে কিম্বা বিপক্ষে অথবা সর্ব
কিম্বা ব্রহ্মসভার অথবা বর্ম্ম সভার পক্ষে কিম্বা এই সকলের মধ্য হইতে একটাই বা হয়
তাহা জানিতে পারি না কিন্তু বর্ধাধ্ববাদী ও অপক্ষপাতি হয়েন তবে ইহাঁকে আমরা
বহুজ্ঞানে আমোদ করিব । (৪ আগষ্ট ১৮৩৮ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

'সম্বাদ গুণাকর' দৈনিক আকারে প্রচারিত হইয়া অল্প দিনই জীবিত ছিল ।

সংবাদ মৃত্যুঞ্জয়ী (সাপ্তাহিক) । ইং ১৮৩৮ ।

'সংবাদ মৃত্যুঞ্জয়ী' একখানি সাপ্তাহিক পত্র । ইহার প্রকাশকাল—১২৪৪ বঙ্গাব্দ
(ইং ১৮৩৮ ?) । এই পত্রিকার বিজ্ঞাপন, সংবাদ ও সম্পাদকীয় স্তম্ভ সমস্তই কবিতায়
লিখিত হইত :

আমাদের কে বিজ্ঞাপন দিবে গো ।

তাহার পঞ্জির প্রতি মূল্য চারি আনা গো ॥

চারি ঘোড়ার গাড়ি চোড়ে গত দিনে বেকালে গেল।

গিন্নাছেন গবনর সাহেব চানকের বাগানে গেল ॥

কলিকালে কত সব ভাল মানুষের ছেলে গেল।

লেখা পড়া শিখে কেহ ধর্ম কর্ম যানেন না গেল ॥

‘সংবাদ মৃত্যুঞ্জয়ী’র সম্পাদক ছিলেন পার্শ্বতীচরণ দাস। ইহার স্থিতিকাল অল্প দিন।

সংবাদ দিবাকর (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৩৮।

১২৪৫ সালের পৌষ মাসে (১৮৩৮ ডিসেম্বর ?) গঙ্গানারায়ণ বসু এই সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ২৭ এপ্রিল ১৮৩৯ তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ :—

১২৪৫ সালের বর্ষফল : পৌষ।—সংবাদ দিবাকর প্রকাশ হয়।

ইহাও অধিক দিন স্থায়ী হয় নাই।

সংবাদ সৌদামিনী (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৩৮।

‘সংবাদ সৌদামিনী’ নামে একপানি ইংরেজী-বাংলা সাপ্তাহিক পত্র ১৮৩৮ সনের ডিসেম্বর মাসেব মধ্যভাগে (পৌষ ১২৮৫) প্রকাশিত হয়। ২৭ ডিসেম্বর ১৮৩৮ তারিখের সাপ্তাহিক ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’য় প্রকাশ :—

Friday, Decr. 21.—A new weekly paper, the Sungbad Soudamins, has just made its appearance in Calcutta, in Bengalee and in English. The execution is not such as to hold out any expectations of a protracted and useful existence,

কলুটোলা-নিবাসী কালাচাঁদ দত্ত ‘সংবাদ সৌদামিনী’র সম্পাদক ছিলেন। ইহার পবনামু তিন বৎসর।

সংবাদ ভাস্কর (সাপ্তাহিক...)। মার্চ ১৮৩৯।

১৮৩৯ সনের মার্চ মাসে (চৈত্র ১২৪৫) ‘সংবাদ ভাস্কর’ নামে সাপ্তাহিক পত্র শ্রীনাথ রায়ের সম্পাদকত্বে সিমলা হইতে প্রকাশিত হয়। ২১ মার্চ ১৮৩৯ তারিখের ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’ পত্রে প্রকাশ :—

Friday, March 15...A fresh Bengalee Paper, the Sumbad Bhaskur, has just started into existence in Calcutta.

সম্পাদকরূপে শ্রীনাথ রায়ের নাম থাকিলেও প্রকৃতপক্ষে ‘সংবাদ ভাস্কর’র পবিচালক ছিলেন গোবীন্দ্রনাথ তর্কবাগীশ (গুড়গুড়ে ভট্টাচার্য)। ইহার আবির্ভাবে ‘জ্ঞানার্থেষণ’ লিখিয়াছিলেন :—

পূর্বে আমারদিগের যে পণ্ডিত ছিলেন তিনি ভাস্কর নামক সংবাদ কাগজ প্রকাশ করিয়াছেন ঐ সংবাদ পত্র অতি উত্তম হইয়াছে...। (২৩ মার্চ ১৮৩৯ তারিখের ‘সমাচার দর্পণে’ উদ্ধৃত)

গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের মতে “সিমুলের রাধাকৃষ্ণ মিত্রের [সাতুবাবুব ভগিনীপতির] চতুর্থ পুত্র জীবনকৃষ্ণের আত্মকৃত্যে শ্রীনাথ রায় ‘সম্বাদ ভাস্কর’ প্রকাশ করেন।” (‘নবজীবন,’ আষাঢ় ১২৯৩)। ইহা অমূলক নাও হইতে পারে; পত্রিকার শেষে এই অংশটি মুদ্রিত হইত :—

সম্বাদ ভাস্কর পত্র সহর কলিকাতা শিমুলিমার হেছমার উত্তর বড় রাস্তার ধারে রায়ের পুষ্করিণীর পশ্চিমাংশে ত্রীমুত বাবু আশুতোষ দেব মহাশয়ের বাটীতে প্রতি মঙ্গলবারে ভাস্কর যন্ত্রে প্রকাশ হয়।

তবে এ কথা সত্য যে, গোড়া হইতেই আঁতুল-নিবাসী মথুরানাথ মল্লিকের কনিষ্ঠ ভ্রাতা শ্রীনাথ মল্লিক ‘সম্বাদ ভাস্কর’ পত্রের পৃষ্ঠপোষক ছিলেন। ১৮৪৪ সনের সেপ্টেম্বর মাসে তাঁহার মৃত্যু হইলে গৌরীশঙ্কর লিখিয়াছিলেন, “...শ্রীনাথ বাবু [বহু] কাল আমারদিগকে টাকা দিয়া প্রতিপালন করিয়াছেন, আমাবদিগের সেই প্রতিপালক মিত্র গেলেন।” ‘সম্বাদ ভাস্কর’ের শিরোভাগে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

গৌরীশঙ্করবজ্রপদ্মহৃদয়ে ত্রীনাথপদ্মাতুরো মনোহয়ং সমুদেতি ভাস্করবরঃ সম্বাদপদ্মোদয়েঃ ।

হৃৎপদ্মপ্রকটায় সন্ততমহো সম্বাদপদ্মাধিনাং লোকানাং ধনু বেদপদ্মপ্রকটেঃ ত্রীপদ্মযোনির্ধা ।

এই শ্লোকটির পরিবর্তে ১৮৪৫ সনের ১৮ই মার্চ হইতে প্রেমচন্দ্র তর্কবাগীশ-রচিত একটি নূতন শ্লোক ‘সম্বাদ ভাস্কর’ের কণ্ঠে শোভা পাইতে থাকে। শ্লোকটি এই :—

ভ্রাতর্কোষসরোজকিং চিরয়সে মৌনস্ত নায়ং ক্ষণো দোষধ্বাস্ত দিগন্তং ব্রজ ন তেহবস্থানমত্রোচিতম্ ।

ভো ভোঃ সংপুরুষাঃ কুরুধরমধুনা সংকৃত্যমত্যাদরাদেগৌরীশঙ্করপূর্বপর্বতমুখাদ্বজ্জুস্ততে ভাস্করঃ ॥

কিছু দিন পরে এই দ্বিতীয় শ্লোকটির সহিত আর একটি শ্লোক সংযুক্ত হয়। ১৮৪৯ সনের জানুয়ারি মাসের ‘সম্বাদ ভাস্কর’ও এই অতিরিক্ত শ্লোকটি দেখিতেছি :—

নানালোককরক্রিয়ঃ সমুদিতে নব্যায়তে শাশ্বতঃ শশ্বৎস্বাস্ত্রগুণাভুকোচ্ছলকরো দোষাঙ্ককারোজ্জ্বিতঃ ।

নানাদেশবিলাস এষ বিলসম্বজ্জুবর্ণোগোপনো গৌরীশঙ্করপূর্বপর্বতমুখাদ্বোচ্ছুস্ততে ভাস্করঃ ॥

‘সম্বাদ ভাস্কর’ প্রকাশের অল্প দিন পরে সম্পাদক শ্রীনাথ রায়কে লইয়া কলিকাতায় একটি চাকল্যকর ঘটনার সৃষ্টি হয়। ১৮৪০ সনের ৯ই জানুয়ারি প্রাতঃকালে শ্রীনাথ রায় যখন পটলডাঙ্গার চৌমাথার কাছে গাড়ীতে উঠিতে যাইতেছেন, সেই সময় আঁতুলের রাজার কুড়ি-পচিশ জন সশস্ত্র প্রহরী চঠাৎ তাঁহাকে আক্রমণ করিয়া মারপিট করিতে করিতে আঁতুলে ধরিয়া লইয়া যায়। সেখানে তাঁহাকে অনেক অত্যাচার সহ করিতে হইয়াছিল। পরবর্তী ১৮ জানুয়ারি ‘সমাচার দর্পণ’ এই প্রসঙ্গে লেখেন :—

রাজা রাজনারায়ণের অত্যাচার্য্য কাণ্ডি।—ভাস্কর সম্পাদকের প্রতি রাজা রাজনারায়ণ রায় যে আইনবিরুদ্ধ ও আশ্চর্য্য ব্যাপার করিয়াছেন তাহাতে সর্বসাধারণ লোকেরই দুঃপাত হইয়াছে এবং বোধ হয় যে ঐ মোকদ্দমা অতি শীঘ্র আদালতে আনীত হইবেক।

দৃষ্ট হইতেছে যে ভাস্কর সম্পাদকের নিকটে এক পত্র প্রেরিত হইয়াছিল তাহাতে এই লেখে যে উক্ত রাজা দুই জন ব্রাহ্মণকে ধর্মসভা হইতে বহিস্কৃত করিয়াছেন এবং আন্দুল

নিবাসি এক জন ব্রাহ্মণের বৈকবের কস্তার সহিত বিবাহ হেণোনোপলক্ষে অস্তাশ্চ ব্রাহ্মণের প্রতি বল প্রকাশ করিয়াছেন ঐ পত্রের মধ্যে আরো রাজবংশীরদের কুকর্মের বিষয় উল্লিখিত ছিল তাহা প্রায় সকল লোকেরই সুবিদিত আছে কিন্তু ঐ সম্পাদক মহাশয় ঐ পত্র প্রকাশ না করিয়া কেবল এই মাত্র প্রকাশ করিয়াছিলেন যে রাজার এইরূপ কর্ম করা অসুচিত কিন্তু রাজা ইহাতেই উন্মাদিত হইয়া দিবাভাগে কলিকাতা শহরের রাস্তার মধ্যেই ঐ সম্পাদক মহাশয়কে প্রহার পূর্বক ধৃত করণার্থে কএক জন অস্ত্রধারি লোক পাঠাইলেন তাহাতে ঐ সকল লোক অতি নির্দয়তা রূপে তাঁহাকে মারপিট করিয়া লইয়া যায় কথিত আছে যে আন্দুল পর্য্যন্ত লইয়া গিয়াছে। এবং তৎপরে শুনা গেল যে তাঁহাকে ঐ স্থান হইতে ছই ফ্রোশ অভ্যন্তিত এক গ্রামের মধ্যে বদ্ধ রাখিয়াছে।

ইত্যাদি বিষয়ে শপথ পূর্বক সুপ্রিম কোর্টে এক বিজ্ঞাপন করা গেল এবং রাজার উপরে এমত পরওয়ানা জারী হয় যে তিনি অগোণে ঐ সম্পাদককে কলিকাতার আদালতের মধ্যে উপস্থিত করেন। আমারদের ভরসা হয় যে এই বিষয়ে অতিশুদ্ধ তজবীজ হইবেক এবং যতপি এই সকল উক্তি সত্য হয় তবে রাজার এই ঘোরতর অপরাধের যথোচিত দণ্ড হইবে। কোন ব্যক্তি রাজা বাহাদুর ধ্যাতি ধারণ করিয়া এইরূপে কোন পত্র সম্পাদককে ধৃত করণ পূর্বক আপন বাটীতে লইয়া যন্ত্রণা দেন হৈহা নিতান্ত অসহ ব্যাপার। এইরূপ ব্যাপার করাতে রাজা কেবল বেআইনী কর্ম করিয়াছেন এমত নহে কিন্তু নিতান্ত পাগলামি করা হইয়াছে যতপি এই বিষয় রাজা তুচ্ছ করিয়া কিছু মনোযোগ না করিতেন তবে তাঁহার বংশের গ্লানি স্চক উজিসকল প্রায় কেহ মরণ করিতেন না কিন্তু তিনি যে অস্ত্রাচরণ করিয়াছেন তৎপ্রযুক্ত ঐ গ্লানি সর্বত্র রাষ্ট্র হইবেক। যাহার পত্র দ্বারা তাঁহার মনোমধ্যে এমত রাগোদয় হইয়াছে সেই পত্র পাঠ করিতে কাহার বাসনা না করিবে।

এদিকে রাজা রাজনারায়ণের নামে সুপ্রিম কোর্টে অভিযোগ উপস্থিত করা হইল। রাজা আদালতের অবমাননা করিয়া কিছু দিন আশ্রয়গোপন করিয়া রহিলেন; শ্রীনাথ রায়কেও স্থান হইতে স্থানান্তরে লুকাইয়া রাখিলেন। রাজাকে ধরাইয়া দিবার জন্ত শ্রীনাথ রায়ের সহযোগী গৌরীশঙ্কর তর্কবাগীশ পাচ শত টাকা পুরস্কার ঘোষণা করিয়া সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়াছিলেন। ‘কর্মাশ্রয়াল অ্যাডভারটাইজারে’ নিম্নাংশ প্রকাশিত হয় :—

An advertisement appeared in the *Probakur* of the 18th instant, stating that Rajah Rajnarain Roy...had concealed himself. Any person able to get him apprehended will receive a reward of 500 rupees,

The advertisement is signed by Kally [Gauri] Sunker Tukobuggis, who, we understand, is the coadjutor of Sreenath Roy...Com, Adv. (Cited in the *Calcutta Courier* for Jan. 21, 1840.)

যাহা হউক, রাজা রাজনারায়ণ বেশী দিন আশ্রয়গোপন করিতে পারেন নাই। তাঁহাকে প্রথমে কিছু দিন হাজত-বাস করিতে এবং ২০এ মার্চ তারিখে সুপ্রিম কোর্টের বিচারে হাজার টাকা অর্থদণ্ড দিতে হইয়াছিল।

শ্রীনাথ রায়ের অল্পপস্থিতিকালে গৌরীশঙ্কর তর্কবাগীশ 'সম্বাদ ভাস্কর' সম্পাদন করিয়া-
ছিলেন। মকদ্দমার পর শ্রীনাথ রায় অল্প দিনই জীবিত ছিলেন; ১৮৪০ সনের
অক্টোবর মাসে তাঁহার মৃত্যু হয়।* 'ক্যালকাটা কুরিয়ার' ১৪ই নবেম্বর ১৮৪০
তারিখে 'সম্বাদ ভাস্কর'-পরিচালক গৌরীশঙ্কর সম্বন্ধে যে মন্তব্য করিয়াছিলেন, তাহা
উদ্ধৃত করিতেছি :—

We understand that the death of Sreenauth Roy will not, in the least, diminish
the usefulness and efficiency of the *Bhaskar*, as an appropriate instrument for the
cultivation of the Bengally language, and a legitimate organ of at least a certain
section of the Hindoo community. Sreenauth Roy was not the principal editor of
the paper. His contributions to it formed but a small part of the editorials. The
individual to whom praise is due for the able manner in which that paper has hitherto
been conducted, is still in the land of the living. He is the quondam Bengally editor
of the *Gyannaneshun*. His writings, as far as we have been able to judge, are always
characterized by good sense and a vigorous style. Being freed from the trammels of
Hindoo superstition, he gladly embraces every opportunity of exposing the folly of
his bigotted countrymen, and shewing the great utility of cultivating European
knowledge. In saying this, we do not in the least wish to detract from the merits of
Sreenauth Roy, who, though not so well qualified as the present editor in conducting
a Bengally newspaper, was nevertheless a valuable coadjutor. After this explanation
our contemporaries need not entertain any fear as to the fate of the *Bhaskar*.

উদ্ধৃত অংশ হইতে স্পষ্ট জানা যাইতেছে, 'জ্ঞানান্বেষণ' পত্রের বাংলা-বিভাগের ভূতপূর্ব
সম্পাদক গৌরীশঙ্কর তর্কবাগীশই 'সম্বাদ ভাস্কর'-এ প্রধান সম্পাদক ছিলেন। এ কথা
অল্প প্রমাণও আছে। আমি ১৭ সেপ্টেম্বর ১৮৪৪ তারিখের একখানি কীটদষ্ট 'সম্বাদ ভাস্কর'
পাইয়াছি। ইহার ১০০১৮-১৯ [১০১৮-১৯] পৃষ্ঠায় গৌরীশঙ্কর তর্কবাগীশ তাঁহার
“প্রতিপালক মিত্র” শ্রীনাথ মল্লিকের মৃত্যুতে যে দীর্ঘ সম্পাদকীয় প্রস্তাব লেখেন, তাহার
যেটুকু পড়িতে পারা গিয়াছে, নিম্নে উদ্ধৃত কবিলাম :—

একজ্ঞ এই ভাস্কর পত্র শ্রীনাথ রায়ের নামে প্রথম প্রকাশ কবি, * * * * * লিখিব এবং
আবশ্যক মতে টাকা * * * লইব, যাহা লভ্য হইবে শ্রী * * * শ্রীনাথ রায় আমারদি * * * *
মাত্র সম্পাদক হইয়া * * * করিতে লাগিলেন, এবং * * * কিঞ্চিৎ কাল পরেই রসরাজ
সম্পাদক ত্রীযুক্ত কালীকান্ত গঙ্গোপাধ্যায় কটক হইতে আসিয়া পূর্বালাপিত শ্রীনাথ রায়ের
সঙ্গে আমারদিগের বাসায় আসিয়া রহিলেন, তাহাতেই রসরাজ পত্র কালীকান্ত গঙ্গোপাধ্যায়
প্রকাশ করেন, এবং দুই ব্যক্তিই আমারদিগের বাসায় রহিলেন, তৎপরে রাজনারায়ণ রায়
রসর * * * মনে করিলেন ঐ পত্রে তাঁহার দুর্দাম প্রকাশ হইয়াছে অতএব ঐ পরাক্রান্ত রায়

* "We regret to announce the death of the Editor of the *Bhaskar*, Sreenauth Roy..."
—The *Friend of India* for October 31, 1840.

১৮৪০ সনে 'ভাস্কর'-সম্পাদক শ্রীনাথ রায়ের ৪৪ পৃষ্ঠায় একখানি জীবনচরিত প্রকাশিত
হয়। এখানি পাওয়া গেলে হয়ত তাঁহার সম্বন্ধে অনেক কথা জানা যাইবে।

যিনি রাজা বাজনারায়ণ নামে অভিমানী হইয়াছেন, তিনি ৬০৭০ জন বরকন্দাজ পাঠাইয়া
আমারদিগের বাসার চতুর্দিকে বাগানে * * *

‘সম্বাদ ভাস্কর’ প্রথমাবস্থায় সাপ্তাহিক ছিল ; ১৪ জানুয়ারি ১৮৪৮ (২ মাঘ ১২৫৪)
হইতে ইহা অর্ধ-সাপ্তাহিকে পরিণত হয়। ‘সম্বাদ প্রভাকরে’ (১ বৈশাখ ১২৫৫)
প্রকাশ :—

মাঘ, ১২৫৪ । ২ মাঘ দিবসাবধি সংবাদ ভাস্কর পত্র সপ্তাহে দুইবার কবিতা প্রকাশ
হইতেছে ।

এই সময় হইতে প্রতি সংখ্যার শেষে লেখা থাকিত,—

এই সংবাদ ভাস্কর পত্র সহর কলিকাতার শোভাবাজার বালাখানার বাগানে ত্রীগৌরী-
শঙ্কর ভট্টাচার্যের নিজ ভবনে প্রতি মঙ্গল এবং শুক্রবাসরীয় পাতঃকালে প্রকাশ হয় ।

পব-বৎসর ‘সম্বাদ ভাস্কর’ বারত্রয়িক পত্রে পরিণত হয়। ১২ এপ্রিল ১৮৪৯ (১ বৈশাখ
১২৫৬) তারিখে সম্পাদক পাঠকবর্গকে জানাইলেন :—

আমরা অষ্টাবধি ভাস্কর পত্রকে সপ্তাহে বারত্রয় অর্থাৎ রহস্পতিবার, শনিবার,
মঙ্গলবার এই তিনবারে প্রকাশ কবিত্তে আবশ্য করিলাম,...

অষ্টাবধি ভাস্কর পত্র প্রতি পৃষ্ঠায় চারি২ কলামে পূর্বোক্ত তিন দিনে তিন তক্তা কাগজে
প্রকাশারম্ভ হইল, ইহার মূল্য কারণ এই যে গ্রাহক মহাশয়েরা আমারদিগের উৎসাহ বৃদ্ধি
করিতেছেন, .. ভাস্করের প্রত্যেক পৃষ্ঠার চতুঃপার্শে স্থান বৃদ্ধি করিলাম, ইহাতে পূর্ব
ভাস্করের দুই কলাম বৃদ্ধি হইল, সপ্তাহে তিনবারে ছয় কলাম অধিক লিখিতে পারিব অথচ
মূল্য বৃদ্ধি করিলাম না, এবং শুক্রবারের পত্রের মাহা চারি আনা মূল্যে দরিত্র গ্রাহকগণকে
দিয়াছি দিবস পরিবর্ত হইয়া তাহা রহস্পতিবারে আসিল, দরিত্র গ্রাহকেরা ঐ চারি আনা
মূল্যে রহস্পতি বাসরীয় ভাস্কর পাঠ করিতে পারিবেন ।

‘ভদ্রাজুর্ন’-প্রণেতা তাবাচরণ শীকদার ‘সম্বাদ ভাস্করে’র সম্পাদকীয় বিভাগের সহিত
যুক্ত ছিলেন—“যিনি আমারদিগের যন্ত্রালয়ে দক্ষভাষায় ইংরাজির অল্পবাদ করিতেন।”
১৮৫২ সনের কিছু পূর্বে তিনি নিজেও ‘বিষ্ণুভঙ্গ’ নামে একখানি অল্পায়ু পত্রিকার সম্পাদক
ছিলেন ।

গৌরীশঙ্করের সম্পাদনায় ‘সম্বাদ ভাস্কর’ একখানি শ্রেষ্ঠ সমাচারপত্রে পরিণত হইয়াছিল ।
তিনি কিরূপ উদারমতাবলম্বী ছিলেন, তাহার প্রমাণ-স্বকপ তাঁহার নিজেরই একটি উক্ত
উদ্ধৃত করিতেছি :—

আমরা কলিকাতা নগরে উপস্থিত দুইয়া রাজা রামমোহন রায়ের সহিত প্রথম সাক্ষাৎ
করি এবং তৎকালেই ব্যস্ত করিয়াছিলাম স্বদেশের সুপ্রথা ও সহমরণ নিবারণ এবং বিধবা-
দিগের বিবাহ, স্ত্রীলোকদিগের বিভাভ্যাস ইত্যাদি বিষয় সম্পর্ক প্রাণপণে চেষ্টিত আছি,
তাহাতেই রাজা রামমোহন রায় আমারদিগকে নিকট রাখেন, এবং সহমরণ নিবারণ বিষয়ে
যথাসাধ্য পরিশ্রমে উক্ত রাজার আত্মকৃত্য করি তাহাতে কৃতকার্য হইয়াছি, সহমরণ

পক্ষাবলম্বি পাঁচ ছয় সহস্র পরাক্রান্ত লোকের সাক্ষাতে গবর্ণমেন্ট হোসের প্রধান হালে লার্ড বার্ণটিক বাহাররের সম্মুখে সহমরণের বিপক্ষে দণ্ডায়মান হইতে যদি ভয় করি নাই তবে এইক্ষণে ভয়ের বিষয় কি, এখন আমরা আপনাদিগকে স্বাধীন জ্ঞান করি ইহাতে দানবকেই ভয় করি না মানব কোথায় আছেন, আর সৎস্বয় যুব হিন্দুগণ বাহারী বালিকা-দিগের শিক্ষালয় স্থাপনে উল্লসিত হইয়াছেন তাঁহারাও কি স্মরণ করেন না জ্ঞানান্বেষণ পত্র যন্ত্রারূঢ় হইলে পর জ্ঞানান্বেষণের শিরোভূষা কবিতা কবিত্তে তাঁহারাই আদেশ করিয়া-ছিলেন, তাহাতে আমরা যুব বাঙ্কবগণের সম্মুখে দণ্ডায়মানাবস্থায় যে কবিতা করিয়াছিলাম সেই কবিতা জ্ঞানান্বেষণের শিরোভূষা হয়, তাহার অর্থই আমারদিগের অভিপ্রেত, সে কবিতা এই ‘এহি জ্ঞান মনুজ্ঞাণামজ্ঞানতিমিরং হর । দয়্যাসত্যঞ্চ সংস্থাপ্য শঠতামপি সংহর’ গৌড়ীয় ভাষার পন্নারে ইহার অর্থও তৎকালেই ব্যক্ত করিয়াছি ‘বাহা হয় জ্ঞান তুমি কর আগমন । দয়্য সত্য উভযেকে করিয়া স্থাপন ॥ লোকের অজ্ঞান রূপ হর অন্ধকাব । একেবারে শঠতারে করহ সংহার ॥’ এই কবিতা দ্বারাই আমারদিগেব ভাব ব্যক্ত হইয়াছে এইক্ষণেও সেই ভাবের ভাবক আছি, সহস্রং কি লক্ষং লোক যদি আমারদিগের বিরুদ্ধে অজ্ঞ ধারণ করেন, তথাচ আমরা বালিকাদিগের বিখালয়ের অহংল বাক্যই কহিব... ।— ‘সম্বাদ ভাস্কর’, ২৬ মে ১৮৪৯ ।

৫ ফেব্রুয়ারি ১৮৫৯ (২৪ মাঘ ১২৬৫) তাবিখে অপুত্রক গৌরীশঙ্করের মৃত্যু হয় । অতঃপর তাঁহার পালিত পুত্র ক্রমোহন ভট্টাচার্য্য ‘সম্বাদ ভাস্কর’ প্রকাশ করিতে থাকেন তাঁহার সময়ে পত্রিকার শীর্ষে প্রেমচাঁদ তর্কবাগীশ-রচিত শ্লোকটির নীচে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

অণ্ডং গতাশ্মিমিবানিবান ভাবরঃ খণ্ডোত তন্ন লঘুপত্র ভবেঃ প্রভাস্করঃ ।

যং সর্বদা সকলদিক্ সুচণ্ড ভাস্করঃ, ক্রমোহনগিরৌ সমুদেতি ভাস্করঃ ॥

‘সম্বাদ ভাস্কর’ দীর্ঘকাল স্থায়ী হইয়াছিল ।

সম্বাদ রসরাজ (সাপ্তাহিক...) । ২৯ নবেম্বর ১৮৩৯ ।

‘সম্বাদ রসরাজ’ পত্রের প্রথম সংখ্যার প্রকাশকাল—২৯ নবেম্বর ১৮৩৯ (১৫ অগ্রহায়ণ ১২৪৬) । ইহা প্রথমে সাপ্তাহিক-রূপে প্রতি শুক্রবারে, পবে অর্ধ-সাপ্তাহিকরূপে প্রতি মঙ্গল ও শুক্রবারে প্রকাশিত হইত । ‘সম্বাদ ভাস্কর’-সম্পাদক গৌরীশঙ্কর তর্কবাগীশই ‘সম্বাদ রসরাজে’র পরিচালক ছিলেন । একই সম্পাদকীয় দায়িত্বে উভয় পত্রিকা প্রকাশিত হইলেও ‘সম্বাদ রসরাজে’র সম্পাদক-রূপে প্রথমে কালীকান্ত গঙ্গোপাধ্যায়ের এং পরে গঙ্গাধর ভট্টাচার্য্যের নাম মুদ্রিত হইত । গঙ্গাধরের মৃত্যুর (বৈশাখ ১২৬০) পবে ‘সম্বাদ রসরাজে’র সম্পাদক-রূপে আমরা ধর্মদাস মুখোপাধ্যায়ের নাম পাই ।

“পাপের দমন ও ধর্মানুষ্ঠানে প্রবৃত্তি দিবার জন্ত” ‘সম্বাদ রসরাজে’র জন্ম হইলেও অকণ্য

গালিগালাজ ও অনীলতা ইহার পৃষ্ঠা কলঙ্কিত করিয়াছিল। ইহার গ্রাহক-সংখ্যা দ্রুত বৃদ্ধি পাইয়াছিল; সে-স্বগের কোন ভাল সংবাদপত্রেরও এত গ্রাহক ছিল না।

কাসিমবাজারের রাজা কৃষ্ণনাথ ও তাঁহার পত্নী স্বর্ণময়ী সত্বে কুৎসা প্রচার করায় ১৮৪৩ সনের ১৭ই জানুয়ারি কলিকাতার স্প্রীম-কোর্টে গৌরীশঙ্কর দোবী সাব্যস্ত হন। ১৮৫৫ সনে লালু দ্বন্দ্বীপ্রসাদও তাঁহার বিরুদ্ধে মানহানির মামলা করেন। উভয় ক্ষেত্রেই বিচারে গৌরীশঙ্করের পাঁচ শত টাকা অর্থদণ্ড ও ছয় মাস করিয়া কারাবাসের আদেশ হইয়াছিল, ইহা ছাড়া জামিন ও মুছলেখার ব্যবস্থা ত ছিলই। এত দুর্ভোগেও কিন্তু গৌরীশঙ্করের চৈতন্য হয় নাই। শেষে “২৮ অগ্রহায়ণের রসরাজে নিধবা নিবাহের অল্পকালে অত্র নগরীয় সর্বমাছ দলপতি মহামতি মহোদয়দিগের পরিবার পরানাদ অকথ্য অসত্য প্রকাশ করাতে ভুবনমাছ কলিকাতার রাজগণেরাই রসরাজের মুণ্ডুপাতার্থে দণ্ডধর হইলেন, ধীরাগ্রগণ্য অক্রোধী শ্রীমন্নহারাজ কমলকৃষ্ণ বাহাদুরের ক্রোধ উপস্থিত হওয়াতে রসরাজের নামে শ্রীশ্রীমতী মহারাণীর স্প্রীম কোর্টে অভিযোগের উত্তোগ করাতেই রসরাজ...অবনত হইয়া রাজা বাহাদুরের কমলকরে আত্মসমর্পণ করতঃ প্রাণত্যাগ করিয়াছে” (‘সমাচার চন্দ্রিকা,’ ২৪ মাঘ ১২৬৩)। ১৮৫৭, ৩রা ফেব্রুয়ারি (২২ মাঘ) গৌরীশঙ্কর ‘সম্বাদ ভাস্করে’ লিখিলেন :—

রসরাজের ঘোণাবলম্বন। সন ১২৪৬ সালের অগ্রহায়ণ মাসের পঞ্চদশ দিন শুক্রবারে রসরাজ পত্রের জন্ম হইয়াছিল। এই ষোড়শ বর্ষীয় যুবা এতৎকাল মধ্যে ষোলতর বীরত্ব প্রকাশ করিয়াছেন, বাদলা বা ইংরাজি কোন সমাচার পত্রে রসরাজের জন্ম সাহসিকরূপে কেহ কোন প্রস্তাব লিখিতে পারেন নাই, রসরাজ ইঙ্গ চন্দ্র বায়ু বরণাদি কাহাকেও ভয় করিতেন না, যাহার কোন দোষ দেখিতেন অক্ষোভে তাঁহাকে লক্ষ্য করিয়া লিখিতেন, ইহাতে রসরাজের উপর কত বার কত ভয়ঙ্কর ব্যাপার গিয়াছে তথাচ রসরাজ কিছুতেই ভীত হন নাই, মহাবল বিপক্ষ দলকেও রণস্থলে হতবল করিয়াছেন। পূর্বে রসরাজের অনেক বন্ধু ছিলেন তাঁহারাই অর্থবলে সহায়তা করিতেন, তাঁহারাই সম্পাদককে সাহস দিয়া নাচাইয়া তুলিতেন, সে সকল বন্ধুগণ গিয়াছেন, রসরাজও ক্রমে লক্ষ্যহীন হইয়া উঠিতেছিলেন.....বিজবর বান্ধবেরা পরামর্শ দিলেন আর কেন বিবাদ বিসম্বাদ, পৃথিবীতে রসরাজের কার্য শেষ হইয়া গিয়াছে, রস ভদ্রকালে রঙ্গ দর্শন ভাল দেখায় না অতএব রসরাজ সম্পাদককে অহুরোধ করিলাম তাঁহার বীররসকে সম্বরণ করুন, ইহাতেই রসরাজ সম্পাদক রসরাজ সাজসজ্জা সকল গঙ্গাতীরে পাঠাইলেন...।

‘সম্বাদ রসরাজে’ও যে বিদায়-বাণী প্রচারিত হয়, তাহাও উদ্ধারযোগ্য; উহা এইরূপ :—

“শোকাপনোদন” ও “রসরাজ বিদায়”—হুরুপক্ষ পাণ্ডুপক্ষ, উভয় পক্ষীয় বাহিনী মধ্যে যখন শ্রীকৃষ্ণ বিমান সংস্থাপন করিলেন তখন বনশ্রয় শ্রীকৃষ্ণকে কহিয়াছিলেন “নহি প্রপত্তামি যমাপহুতাদ্বচ্ছোকরুচ্ছোষণমিস্ত্রিয়াপাম্। অবাধ্য ভূমাবসপত্নয়ুৎসব রাজ্যং সুরাধামপি চাবিশত্যং।” অর্থাৎ আমি যতপি পৃথিবীতে অতুল সম্পত্তিসমূহ নিরুপেক্ষ রাখ্য

আর দেবতাদিগের আধিপত্যও পাই তথাপি যে শোকেতে আমার ইঞ্জির সকল শুষ্ক হইতেছে তাহার নিবারণের কোন উপায় দেখি না।

আমরা এত কাল ‘আমরা’ বলিতাম এইক্ষণে আর আমরা বলিতে পারিতেছি না, ষাহারদিগকে প্রাণাধিক বন্ধু জানিতাম এবং ষাহারদিগকে আমরা জানিয়া ‘আমরা’ লিখিয়াছি, ষাহারা শকট সময়ে রক্ষা করিয়াছেন, দুঃখে দুঃখী হইয়াছেন, পীড়িত হইয়াছি ঔষধ পথ্য দিয়াছেন, যজ্ঞাগারে কি রাজদ্বারে যেখানে চাহিয়াছি সেইখানেই অর্থ দিয়া রক্ষা করিয়াছেন, সংপরাশ্রম দ্বারা সাহসে রাখিয়াছেন এইক্ষণে তাঁহারাই আমারদিগের বিপক্ষ হইয়া উঠিয়াছেন, সর্ব প্রকারে ষাহারদিগের অহুগ্রহে আমরা, আমরা, ছিলাম তাঁহারাই যদি পক্ষান্তর হইলেন তবে আর আমরা, আমরা কৈ? একাকী আমি, হইয়া পড়িয়াছি, অর্থাৎ এই বন্ধুবিচ্ছেদ শোক আমাকে মোহিত করিয়াছে, আমার সাহসিক স্বভাবকে আচ্ছন্ন করিয়া কেলিয়াছে, অভিলাষকে নিকটে আসিতে দেয় না, আয়োদমূল পলায়নপর হইয়াছে, ইঞ্জির সকল অচল হইয়া গিয়াছে, নয়নধর ছলং করিতেছে, এই বন্ধুবিচ্ছেদরূপ শকট সময়ে শোক পরিহারের উপায় কি, যদি সুবের তুল্য ঐশ্বর্য এবং দেবরাজ বাজ্যও পাই তথাচ এ শোক নাশের সহপায় হইবেক না, নিদারুণ শোক হৃদয় বিদারণ করিতেছে।

দেশমাত্র অগ্রগণ্য শ্রীযুত রাজা বাধাকাণ্ড বাহাদুর, ষাহার সদৃশগণ পরিগণনা কালে আমার প্রথমা লেখনীও পরিহার স্বীকার করে এবং শ্রীযুত রাজা কমলকৃষ্ণ বাহাদুর যিনি কনিষ্ঠ হইয়াও সন্মান্যে ঐ জ্যেষ্ঠের গ্রাম বিশিষ্টাচারে গৌরব গরিষ্ঠ হইয়াছেন এবং অশ্রীযুত মাত্ৰবর দলপতি মহাশয়গণ ষাহারা দান মানাদি সর্ব গুণে মাত্ৰ গণা বহুলাভ করিয়াছেন, ২৮ অগ্রহায়ণ দিবসায় রসরাজ পাঠে তাঁহার সাক্ষাতে আমার প্রতি অপ্রসন্ন হইয়াছেন, বাস্তবিক আমি তাঁহারদিগের বিপক্ষে অন্তঃকরণেও কটাক্ষ লক্ষ্য করি নাই, তথাচ বন্ধু-বিচ্ছেদ শোকে আমার মনঃ দীর্ঘ নিশ্বাস হঠতেছে, বাঙ্কবেবাই যদি বিপক্ষ হইলেন, বিশেষে আমার সর্বাশ্রয় রাজা কমলকৃষ্ণ বাহাদুর যদি আমাকে পরিত্যাগ করিলেন তবে আমি কি অবলম্বনে জীবন ধারণ করিব? তবে শোক সঞ্চারের এই মাত্র উপায় দেখিতেছি রসরাজ বিদায়, রসরাজ হইতে সকলের মনোহুঃপ হইতেছে অতএব রসরাজকেই বিদায় দিলাম, ইহাতেও কি নির্মূলকুল সাধুস্বভাব মহোদয়ের প্রসন্নতা প্রদানে রূপণ হইবেন, না, নীতি-শাস্ত্রের অভিপ্ৰায় এরূপ নহে ‘স্নেহচ্ছেদেপি সাধুনাং গুণা নাশান্তি বিক্রিয়াৎ। ভঞ্জেনাপি যুগলানামনুবরন্তি তত্ত্বঃ’। সাধুগণের স্নেহস্বত্র বিচ্ছিন্ন হইলেও গুণস্বত্র স্নেহপাতকে পরিত্যাগ করে না, যুগল সকল ভঙ্গ হইলেও তন্ত্বস্বত্র আবদ্ধ করিয়া রাখে।

আমি প্রসন্নতা প্রার্থনা করি, সেই গুণ মহৌষধ হইয়া আমার চিত্তকে প্রবেশ দিয়া শোকসাগর হইতে উত্তীর্ণ করিবে, হে মহামহিম দলপতি মহাশয়গণ, এত কাল ঘেমন মহাশয়ের মহদগুণে আমাকে আমরা করিয়াছিলেন, সেই মহদগুণ সহিত ক্ষমাদানে নিরাশ্রয় একাকী আমাকে পুনর্বার আমরা করণ, আমি মহাশয়দিগের বিশেষতঃ পরমাত্মীয় শ্রীযুত রাজা কমলকৃষ্ণ বাহাদুরের নিকট যে সকল উপকার প্রাপ্ত হইয়াছি এ দেহে জীবন

সংসার থাকিতে তাহা ভুলিতে পারিব না, তাঁহার অহুরোধ প্রতিপালন সর্ব্বথা কর্তব্য হইয়াছে।

এতদ্দেশীয় অনভিজ্ঞ লোকেরা আপনকে কুকর্মে নিবিষ্ট হইয়াছিল তাহারদিগের দমনার্থ রসরাজ পত্র প্রকাশ হয় কিন্তু রসরাজ হইতে আমরা বারবার নানা প্রকার ক্লেশ সহ করিয়াছি, ন্যূনাধিক বিংশতি সহস্র টাকা অপব্যয় দিয়াছি তাহাতে রসরাজ পরিত্যাগ কৃত্ত অনেক অহুরোধ করিয়াছিলেন তৎকালে তাহা শ্রবণ করি নাই, এক্ষণে গৃহবিচ্ছেদ হইয়া উঠিল, রসরাজের প্রস্তাবে নগরীয় প্রধানেরা সকলেই বিরক্ত হইলেন এই কারণ আমরাদিগের সর্ব্বাচ্ছাদক বন্ধু শ্রীযুত রাজা কমলকৃষ্ণ বাহাচর কহিলেন যাহাতে সকলের মনোহুঃখ হয় এমত কাগজ রাখিয়া প্রয়োজন নাই এবং আমরাও পূর্বে ভাবিয়াছিলাম রসরাজ পরিত্যাগ করিব, ইত্যাদি নানা কারণে অল্প রসরাজকে বিদায় দিলাম, পাঠক মহাশয়েরা আর রসরাজ দেখিতে পাইবেন না। (২২ মাঘ ১২৬৩)

তর্কবাগীশের যুড়ার (৫ ফেব্রুয়ারি ১৮৫৯) পর তাঁহার পালিত পুত্র ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য ১৮৬১ সনের এপ্রিল (৭) মাসে 'সম্বাদ রসরাজ' পুনঃপ্রকাশ কবিতাছিলেন। নবপর্ধ্যায় 'রসরাজে'র কঠে এই শ্লোকটি শোভা পাইত:—

সত্যং স্বাস্তে শ্রাস্তং শমসুখমসীমং প্রকটয়ন্ বিদজ্ঞানাং সতঃ কুম্মশরলীলাং প্রচলয়ন্।

গুণানাবিকূর্ব্বন্ গুণিযু ধলগর্ভানপহরন্ রসোদজ্জোদগারী জগতি রসরাজো বিজয়তে ॥

'সম্বাদ রসরাজ' পূর্ব্বস্বভাব বর্জন করিতে পারে নাই। অথবা গালাগালি ও নিন্দাদানের ফলে আবার তাহাকে রাজদ্বারে দণ্ডিত হইতে হয়। ১৬ জুন ১৮৬২ তারিখের 'সোমপ্রকাশে' এই সংবাদটি মুদ্রিত হইয়াছিল:—

৩২এ জ্যৈষ্ঠ শুক্রবার ১৮৬২ রসরাজের বর্ষদাস যুধোপাধ্যায় ও ক্ষেত্রমোহন ভট্টাচার্য্যের বিচার হইয়া ক্ষেত্রমোহনের ৫০০ টাকা জরিমানা ও ৩ মাস মিয়াদ এবং বর্ষদাসের এক মাস মিয়াদ হইয়াছে। ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য ভাস্করেরও সম্পাদক।

ইহার কয়েক মাস পরে 'সম্বাদ রসরাজ' নব কলেবরে উদিত হয়। 'সোমপ্রকাশ' (২৩ মার্চ ১৮৬৩) এইরূপ মন্তব্য করেন:—

নূতন কলেবর ধারী রসরাজ পত্র আমাদের হস্তগত হইয়াছে। আশ্রমের বিষয় এই ইহাতে এক্ষণে আর কোন অশ্লীল বিষয় লিখিত হইবে না। সম্পাদক ইহাকে সাহিত্য পত্র করিবেন কল্পনা করিয়াছেন। যাহা হউক ইহার নামটিতেও আমাদের অরুচি জন্মিয়াছে। সম্পাদক এই সন্দেহ নামটিও পরিবর্ত্ত করুন।

সংবাদ অরুণোদয় (দৈনিক)। ডিসেম্বর ১৮৩৯।

'সংবাদ অরুণোদয়' নামে একখানি প্রাত্যহিক সংবাদপত্র প্রকাশের কল্পনা 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে'র স্তম্ভে প্রকাশিত হয়। উহা এইরূপ—

...মহানগরী কলিকাতা কমলালয়স্থ ভাগ্যধর গুণাকর মহাশয়দিগের কর্ণে অন্যদ্বাদি কর্তৃক প্রদত্ত বিজ্ঞাপন ইংরাজী ও বাঙ্গলা সমাচার পত্রের দ্বারা ধ্বনিত হইয়া থাকিবেক যে সংবাদ অরুণোদয় নামে এক প্রাত্যহিত সংবাদ পত্র এক টাকা মাসিক মূল্যে কতিপয় বহুগণ সহযোগে আমি প্রকাশ করিব। তাহা ভবিষ্যতে সুনির্কাহ হইতে পারে তৎপ্রত্যাশায় পূর্বোক্ত পত্রে অস্থঠান সর্বত্র প্রেরণ করা যাইতেছে তদৃষ্টে অনেকে অনেক মত কহিতেছেন...

...এক্ষণে ঐ পত্রগ্রহণার্থ প্রায় ২৫০ ব্যক্তি স্বাক্ষর করিয়াছেন এবং অনেকে অভিলাষ প্রকাশ করিয়াছেন যে তৎ পত্র কি পরিমাণে কি প্রকারে নির্কাহ হইবেক তাহা বিবেচনাস্তে গ্রহণে রত হইবেন অতএব ঐ পত্রের এক আদর্শ নীত্রেই প্রকাশ করিয়া সর্বসাধারণ সমীপে প্রেরণ করিব। ত্রীজগন্নারায়ণ শব্দগণঃ। (১০ নবেম্বর ১৮৩৮ তারিখের 'সমাচার দর্পণে' উদ্ধৃত)

১৮৩৯ সনের শেষাশেষি সংবাদ পূর্ণচন্দ্রোদয় যদ্ব হইতে এই স্বপ্নায়ু দৈনিক পত্রখানি জগন্নারায়ণ মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত হইয়াছিল।

জীবিত ও মৃত সাময়িক-পত্র

১৮৪০ সনের ফেব্রুয়ারি মাসে 'দি ক্যালকাটা ক্রিস্চান অবজারভারে' (পাদরি মর্টন-লিখিত) "The Calcutta Native Press" নামে একটি প্রবন্ধ প্রকাশিত হয়। ইহা হইতে ১৮৩৯ সন পর্যন্ত জীবিত ও মৃত সাময়িক-পত্রগুলি তালিকা নিম্নে সঙ্কলন কবিতা দেওয়া হইল :—

জীবিত পত্র—প্রকাশকাল ও সম্পাদকের নাম সহ

১। সমাচার দর্পণ, ১৮১৯, জে সি মার্শম্যান। ২। সমাচার চক্রিকা, ১৮২২, ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়। ৩। জানাঘেষণ, ১৮৩১, রামচন্দ্র মিত্র। ৪। সংবাদ পূর্ণচন্দ্রোদয়, ১৮৩৫, উদয়চন্দ্র আচ্য। ৫। সংবাদ প্রভাকর, ১৮৩৬, ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৬। স্ববাদ সৌদামিনী, ১৮৩৮, কালাচাঁদ দত্ত। ৭। স্ববাদ ভাস্কর, ১৮৩৯, ত্রীনাথ রায়। ৮। বঙ্গদূত, * ১৮৩৯, রাজনারায়ণ সেন। ৯। স্ববাদ রসরাজ, ১৮৩৯, কালীকান্ত গদ্যোপাধ্যায়। ১০। সংবাদ অরুণোদয়, † ১৮৩৯, জগন্নারায়ণ মুখোপাধ্যায়।

মৃত পত্র

সাপ্তাহিক :—১। স্ববাদ কোমুদী—৩প্রাপ্ত রাজা রামমোহন রায়। ২। স্ববাদ তিমিরনাশক—কৃষ্ণমোহন দাস। ৩। স্ববাদ সুধাকর—প্রমচাঁদ রায়। ৪। স্ববাদ রত্নাকর—ব্রজমোহন সিংহ। ৫। স্ববাদ রত্নাবলী—জগন্নাথ মল্লিক। ৬। স্ববাদ

* বহু দিন বন্ধ থাকিবার পর পুনঃপ্রকাশিত। † এক খণ্ড নমুনা মাত্র প্রকাশিত হইয়াছে।

সারসংগ্রহ—বেণীমাধব দে। ৭। অহুবাদিকা—প্রসন্নকুমার ঠাকুর। ৮। সমাচার সভা
 রাজেশ্বর—মোলবী আলি মোল্লা। ৯। সম্বাদ সুধাসিন্ধু—কালীশঙ্কর দত্ত। ১০। সম্বাদ
 গুণাকর—গিরিশচন্দ্র বসু। ১১। সম্বাদ মৃত্যুঞ্জয়ী—পার্বতীচরণ দাস। ১২। দিবাকর
 —গঙ্গানারায়ণ বসু।

মাসিক :-—১৩। বিজ্ঞান সেবধি—এম ডবলিউ উলাষ্টন সাহেব এবং গঙ্গানারায়ণ
 সেন। ১৪। জ্ঞানোদয়—বামচন্দ্র মিত্র। ১৫। জ্ঞানসিন্ধু তরঙ্গ—রসিককৃষ্ণ মল্লিক।
 ১৬। পঞ্চাবলী—রামচন্দ্র মিত্র।

তালিকাটি নির্ভুল নয়। ইহাতে অনেকগুলি সাময়িক-পত্রের নামও বাদ পড়িয়াছে ;
 দৃষ্টান্তস্বরূপ 'দিগ্दर्शन', 'বাঙ্গাল গেজেট' প্রভৃতির উল্লেখ করা যাইতে পারে।

পরিশিষ্ট

অন্যান্য দেশীয় ভাষার সংবাদপত্র (১৮২২—১৮৩৫)

এই গ্রন্থের বিষয়-বহির্ভূত হইলেও, বাংলা ছাড়া অগাছ দেশীয় ভাষায় যে-সকল সংবাদপত্র বঙ্গদেশ হইতে সর্বপ্রথম তাপার অক্ষরে প্রকাশিত হয়, তাহাদের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হইল।

উর্দু সংবাদপত্র

সেকালে আমাদের দেশে অতি অল্প লোকই ইংরেজী জানিত। হিন্দী বাংলা প্রভৃতি দেশীয় ভাষাগুলি একপ সংস্কৃত-ধেয়া ও কঠিন ছিল যে সংবাদপত্রে ব্যবহৃত হইলে তাহা কেহই সহজে বুঝিতে পারিত না। অগাছ ভাষায় তুলনায় তখন ভারতবর্ষে উর্দু ভাষা, বিশেষতঃ চলিত কথাবার্তায়, বহুল প্রচলিত ছিল। মৌলবী মুহম্মদ হুসেন আজাদ ‘আবে হায়াৎ’ পুস্তকে লিখিয়াছেন যে তাঁহার পিতাই ১৮৩৩ সনে দিল্লী হইতে উর্দু ভাষায় প্রথম সংবাদপত্র প্রকাশ করেন। প্রকৃতপক্ষে ইহার অনেক পূর্বেই কলিকাতা হইতে একাধিক উর্দু সংবাদপত্র প্রচারিত হইয়াছিল।

জাম-ই-জাহান-নুমা (সাপ্তাহিক)। ২৮ মার্চ ১৮২২।

ইহাই হিন্দুস্থানী বা উর্দু ভাষায় মুদ্রিত প্রথম সাপ্তাহিক সংবাদপত্র। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—২৮ মার্চ ১৮২২। প্রাচীন পারশুরাজ জমসেদ একটি পেয়ালাতে সারা বিশ্বের প্রতিদিশে দেখিতে পাইতেন বলিয়া কিম্বদন্তী আছে; উহা হইতেই পত্রিকাটির নামকরণ হয়—‘জাম-ই-জাহান-নুমা’।

গ্রাহকের অল্পতাবশতঃ ৮ম সংখ্যা (১৬ মে ১৮২২) হইতে ‘জাম-ই-জাহান-নুমা’ কেবল মাত্র উর্দুর পবিনর্ভে উর্দু ও ফার্সী ভাষায় প্রকাশিত হইতে থাকে। আবার অল্প দিন পরেই উর্দু অংশ-বর্জিত হইয়া ফার্সী সংবাদপত্রে পরিণত হয়। ভূতপূর্ব ‘সম্বাদ কৌমুদী’-সম্পাদক হরিহর দত্ত ইহার সম্পাদক ছিলেন।*

সমসুল আথবার (সাপ্তাহিক)। ৩০ মে ১৮২৩।

৩০ মে ১৮২৩ তারিখে এই সাপ্তাহিক সংবাদপত্র ফার্সী ও উর্দু ভাষায় কলিকাতা হইতে প্রকাশিত হয়। ইহার সংক্ষিপ্ত পরিচয় পরে দ্রষ্টব্য।

* ‘ক্যালকাটা জর্নালে’ প্রথম কয়েক সংখ্যায় ‘জাম-ই-জাহান-নুমা’র বিষয়-সূচি প্রকাশিত হইয়াছিল।

ফার্সী সংবাদপত্র

চলিত কথাবার্তায় উর্দু বহুল প্রচলন থাকিলেও লেখ্য ভাষা হিসাবে ইহার তেমন চেনা ছিল না। তখনকার দিনে দেশী সংবাদপত্রের পাঠক-সংখ্যা খুবই কম ছিল। যাহারা সংবাদপত্র পড়িতেন, তাঁহারা দেশের সম্ভ্রান্ত লোক। ইহারা ফার্সী ভাষায় শিক্ষালাভ করিতেন, উর্দু সংবাদপত্রের আদর ইহাদের নিকট ছিল না। তখন সভ্য-সমাজের ভাষা ছিল ফার্সী। ব্রিটিশ-শাসিত ভারতবর্ষে ১৮৩৭ সন পর্যন্ত দেওয়ানী আদালতের রায়, নিম্ন রাজকর্মচারীদের রিপোর্ট এবং রাজনৈতিক পত্রাদি ফার্সী ভাষায় লিখিত হইত; কাজেই ফার্সী সংবাদপত্র পড়িবার ও কিনিবার মত গ্রাহক বড় বড় শহরে কম ছিল না।

মীরাত্-উল্-আখ্‌বার (সাপ্তাহিক)। ১২ এপ্রিল ১৮২২।

ফার্সী ভাষায় প্রথম সংবাদপত্র প্রকাশের গৌরব রামমোহন রায়ের প্রাপ্য। তিনি কলিকাতার ধর্মতলা হইতে ‘মীরাত্-উল্-আখ্‌বার’ বা সংবাদ-দর্পণ নামে সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—১২ এপ্রিল ১৮২২ (১ বৈশাখ ১২২৯, শুক্রবার)। প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে সম্পাদক এই মর্মে লিখিয়াছিলেন :—

সম্পাদক জনসাধারণকে জানাইতেছেন যে, পাঠকগণের মনোরঞ্জনের জন্ত এই শহরে অনেকগুলি সংবাদপত্রের সৃষ্টি হইয়াছে সত্য, কিন্তু যাহারা ফার্সী ভাষায় সুপণ্ডিত অথচ ইংরেজীতে অনভিজ্ঞ—বিশেষতঃ উত্তর-পশ্চিমাঞ্চলের লোকেরা,—তাঁহাদের পাঠের জন্ত একখানিও ফার্সী সংবাদপত্র নাই; এক কারণে তিনি একখানি সাপ্তাহিক ফার্সী সংবাদপত্র প্রকাশের ভার লইয়াছেন।

‘মীরাত্-উল্-আখ্‌বার’ এক বৎসর জীবিত ছিল। ইহার শেষ সংখ্যা প্রকাশিত হয়— ৪ এপ্রিল ১৮২৩। ঠিক এই দিনই মুদ্রায়ত্ত-নিয়মক নূতন আইন প্রবর্তিত হয়। রামমোহন ইহার অপমানজনক স্তম্ভে পত্রিকা প্রকাশ করিতে সম্মত হন নাই।

সমসুল আখ্‌বার (সাপ্তাহিক)। ৩০ মে ১৮২৩।

৬ মে ১৮২৩ তারিখে প্রদত্ত লাইসেন্সের নকল হইতে জানা যায়, মণিরাম ঠাকুর এই ফার্সী-হিন্দুস্থানী সাপ্তাহিক পত্রের সম্পাদক ও মথুরামোহন মিত্র স্বত্বাধিকারী ছিলেন। পরবর্তী ৩০এ মে (১৮ জ্যৈষ্ঠ ১২৩০) ২৬ নং চোরবাগান ষ্ট্রীট, কলিকাতা হইতে ইহার প্রথম সংখ্যা প্রকাশিত হয়। ‘সমাচার দর্পণে’ (১৪ জুন ১৮২৩) প্রকাশ :—

* ১৮২২-২৩ সনের ‘ক্যালকাটা জর্নাল’ ও ‘বেঙ্গল হরকরা’ পত্রে ‘মীরাত্-উল্-আখ্‌বারে’র অনেকগুলি সংখ্যার বিষয়-বস্তু ও কতকগুলি প্রবন্ধের ইংরেজী অম্ববাদ প্রকাশিত হয়। সেগুলি ‘মহার্জ রিত্তিরু’তে (এপ্রিল, মে, আগষ্ট ১৯৩১) প্রকাশিত আমার “Rammohun Roy as a Journalist” প্রবন্ধে সন্নিবিষ্ট হইয়াছে।

নবীন সম্বাদপত্র ॥ শুনা গেল যে কলিকাতাব চোরবাগাননিবাসি ত্রীমুত মধুরামোহন মিত্র পার্শী ও উর্ছ ভাষাতে এক সম্বাদের পত্র সৃষ্টি করিয়াছেন সে পত্রের নাম সমস্থল আখবার ঐ পত্র প্রতিসপ্তাহে প্রকাশ হইবেক । তাহার ১ প্রথম সংখ্যা ১৮ জ্যৈষ্ঠ শুক্রবার প্রকাশ হইয়াছে ইহাতে অধিক সন্তোষ জন্মিয়াছে যেহেতুক মন্থয়েরদের জ্ঞানবর্দ্ধক বিষয়ের যত বৃদ্ধি হয় তত উত্তম ।

‘সমস্থল আখবার’ প্রায় পাঁচ বৎসর চলিয়া লুপ্ত হয় । ইহার তিরোধানে ‘গবর্মেণ্ট গেজেট’ (২১ মে ১৮২৭) দুঃখ প্রকাশ করিয়া লিখিয়াছিলেন :—

We are sorry to find we have lost one of our sources of intelligence, by the discontinuance of the Persian Paper styled the *Shems al Akhbar*. The Conductor and Editor took his leave of an unthankful public, last week, in the following characteristic manner. “Be it known to all men ; that from the time this Paper, the *Shems al Akhbar*, was established by me to the present day, which is now about five years, I have gained nothing by it except vexation and disappointment, notwithstanding what idle and ignorant babblers may please to assert. The inability of the public in the present day to appreciate desert, and their indifference to the exhausting and painful exertions made in their cause, verify the verse : ‘I have consumed, and my flames have not been seen : like lamps in a moonlight night I have burnt away unheeded.’ It is time, therefore, to desist, and withdrawing my hand from all further concern with this paper, I have determined to repose on the couch of conclusion.” We, of course, wish to be understood as confining our conjecture to the ignes minores, the Editors and Proprietors of the Native Papers which owe their institution, rather to the precocious imitation of English manners, than the wants of the people...

আখবারে শ্রীরামপুর (সাপ্তাহিক) । ৬ মে ১৮২৬ ।

১৮২৬ সনে শ্রীরামপুর মিশন ‘সমাচার দর্পণে’র ফার্সী সংস্করণ প্রকাশ করিতে অগ্রসর হন । ২৫ মার্চ ১৮২৬ তারিখের ‘সমাচার দর্পণে’ মুদ্রিত নিম্নের “ইশতেহার” হইতে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

এই সমাচার দর্পণ এক্ষণে বঙ্গদেশের তাবৎ জিলাতে ও অল্প স্থানে প্রেরিত হইতেছে তাহাতে দর্পণ পাঠক সকল লোক অনায়াসে নানাদেশীয় সমাচার অবগত হইতেছেন এবং নুতন আইনও জ্ঞাত হইতে পারিবেন কিন্তু ঐ সকল জিলাতে এবং পশ্চিমদেশে এমত অনেক লোক আছেন যাহারা বাঙ্গলা ভাষা জ্ঞাত নহেন তাঁহারা স্বেচ্ছাপূর্বক অনায়াসে দর্পণে অবলোকন করিতে সমর্থ হন না এবং দর্পণদ্বারা যে সকল নুতন আইন প্রকাশিত হইবেক তাহাও অবগত হইতে পারিবেন না অতএব সকল লোক যে অনায়াসে নানাদেশীয় সত্য সমাচার জানিতে পারেন এবং ত্রীত্রীমুত কোম্পানি বাহাদুরের নুতন আইন যে অনায়াসে জ্ঞাত হইতে পারেন এই নিমিত্ত পরহিতাভিলাষি পরমকারুণিক ত্রীত্রীমুত গবর্নর জেনরল বাহাদুর সর্বলোক হিতার্থে পারসি ভাষাতে এই সমাচার দর্পণের তর্জমা করিয়া প্রকাশ করিতে অমুজ্ঞা করিয়াছেন ।

‘আখবारे श्रीरामपुर’ ১৮২৬ সনের ৬ই মে প্রকাশিত হয়। এই তারিখের ‘সমাচার দর্পণে’ প্রকাশ :—

...আমরা অজাবধি আখবारे श्रीरामपुर নামে পারসী কাগজ প্রকাশ করিতে আরম্ভ করিলাম।

গবর্মেণ্ট এই পত্রিকার জঙ্ঘ মাসিক ১৬০ টাকা সাহায্য করিতেন। ‘আখবारे श्रीरामपुर’ কয়েক মাস মাত্র চলিয়াছিল। ৩০ ডিসেম্বর ১৮৩০ তারিখের ‘সমাচার চঞ্জিকা’য় মুদ্রিত একখানি “প্রেমিত পত্রে” প্রকাশ :—

...পূর্বে তৎসম্পাদক ‘আখবारे श्रीरामपुर’ নামক এক সম্বাদপত্র চঞ্জ মুদ্রা মাসিক বেতনে প্রকাশ করিয়াছিলেন কিন্তু কিয়মানসত্তর ব্যয়াদিক্য হেতু রহিত করাতে দুঃখিত আছি...।

সমাচার সভারাজেন্দ্র (সাপ্তাহিক)। ৭ মার্চ ১৮৩১।

ফার্সী ও বাংলা ভাষায় মুদ্রিত এই সাপ্তাহিক সংবাদপত্রখানির প্রথম সংখ্যার প্রকাশকাল—৭ মার্চ ১৮৩১। ৩৯ পৃষ্ঠায় ইহার বিস্তৃত পরিচয় দ্রষ্টব্য।

আইনা-ই-সিকন্দর (সাপ্তাহিক)। ৭ মার্চ ১৮৩১।

১৫৭ কলান্বা (কলিঙ্গবাজার বা বর্তমান কলিন স্ট্রীট?) আইনা-ই-সিকন্দর প্রেস হইতে এই সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশিত হয়। ইহার ৯৯ সংখ্যার তারিখ—২১ জানুয়ারি ১৮৩৩। ইহা হইতে মনে হয়, পত্রিকাখানি ৭ মার্চ ১৮৩১ তারিখে জন্মগ্রহণ করে।

মাহ-ই-আলমু আফ্রাজ। ১৮৩৩।

কলিকাতার ৫৩ নং ভালতলা হইতে এই ফার্সী সংবাদপত্র প্রকাশ করিবার জঙ্ঘ ওয়াহাজ-উদ্দীনকে ১৮৩৩ সনের ২২এ মার্চ লাইসেন্স মঞ্জুর করা হয়। অল্প দিন পরেই পত্রিকাখানি আত্মপ্রকাশ করে।

মুলতান-উল্-আখবার (সাপ্তাহিক)। ২ আগস্ট ১৮৩৫।

‘মুলতান-উল্-আখবার’ প্রতি সপ্তাহে কলন্বা (মুনশী গোলাম রহমানের মগজিদের নিকট) হইতে প্রকাশিত হইত। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—২ আগস্ট ১৮৩৫।

হিন্দী সংবাদপত্র

‘ভারতমিত্র’-সম্পাদক বালমুকুন্দ গুপ্ত ‘গুপ্ত নিবন্ধাবলী’তে (পৃ. ৫৩) লিখিয়াছেন যে, রাজা শিবপ্রসাদের আমুকুল্যে এবং গোবিন্দ রঘুনাথ ঠাট্টে নামক জর্নৈক মরাঠীর সম্পাদকত্বে লিথোগ্রাফে মুদ্রিত প্রথম হিন্দী সংবাদপত্র—‘বনারস আখবার’ ১৮৪৫ সনে

কাশী হইতে প্রকাশিত হয়।* দুঃখের বিষয়, হিন্দীভাষাভাষীরা তাঁহাদের মাতৃভাষার আদি সংবাদপত্রের সন্ধান রাখেন না। 'বনারস আখব্বারের' আবির্ভাবের বহু পূর্বেই প্রথম হিন্দী সংবাদপত্র ছাপার হরফে কলিকাতা হইতে প্রকাশিত হইয়াছিল। উহা—

উদন্ত মার্ভণ্ড (সাপ্তাহিক)। ৩০ মে ১৮২৬।

কলিকাতা কলুটোলার ৩৭ নং আমড়াতলা গলি হইতে যুগলকিশোর গুপ্ত 'উদন্ত মার্ভণ্ড' নামে একখানি হিন্দী সাপ্তাহিক পত্র প্রকাশ করিতে ইচ্ছুক হইয়া গবর্নমেন্টের নিকট আবেদন করেন; ১৮২৬ সনের ১৬ই ফেব্রুয়ারি তাঁহাকে লাইসেন্স মঞ্জুর করা হয়। যুগলকিশোর গুপ্তের আদি নিবাস কানপুরে; তিনি সদর দেওয়ানী আদালতে প্রোসিডিংস্ বীডার ছিলেন। তাঁহার সম্পাদনায় ১৮২৬ সনের ৩০এ মে 'উদন্ত মার্ভণ্ড' নাগরী অক্ষরে মুদ্রিত হইয়া প্রকাশিত হয়। প্রতি মঙ্গলবারে ইহার উদয় হইত; মাসিক টাঁদা ছিল দুই টাকা। আশানুরূপ গ্রাহকের অভাবে 'উদন্ত মার্ভণ্ড' বেশী দিন স্থায়ী হইতে পারে নাট। ৪ ডিসেম্বর ১৮২৭ তারিখে ইহার শেষ সংখ্যা প্রকাশিত হয়; সম্পাদক লেখেন:—

আজ দিবস লোঁ উগ্‌চুক্যো মার্ভণ্ড্ উদন্ত্

অণ্ডাচলকো জাত হায় দিন্ কাবদিন্ অব্ অন্ত্।

—আজ পর্য্যন্ত উদন্ত মার্ভণ্ড উদিত ছিল; সে অন্তাচলে যাইতেছে—মার্ভণ্ডেব আয়ু ফুরাইল ॥

প্রসঙ্গতঃ উল্লেখ করা প্রয়োজন, হিন্দী ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্র—'সমাচার সন্ধানর্ষণ'। ইহা ১৮৫৪ খ্রীষ্টাব্দের জুন মাসে কলিকাতা বন্দোজার হইতে শ্রীমন্তনর সেনের সম্পাদনায় প্রকাশিত হয়। 'সমাচার সন্ধানর্ষণ' দ্বিভাষিক (বাংলা ও নাগরী) পত্র ছিল।

* গুপ্ত মহাশয় 'বনারস আখব্বার' পত্রের প্রকাশকাল প্রভৃতি সম্বন্ধে যাহা লিখিয়াছেন, তাহাও নিতুল্ নহে। ২৫ জুলাই ১৮৪৪ (১১ শ্রাবণ ১২৫১) তারিখে 'সমাচার চন্দ্রিকা'-সম্পাদক লেখেন:—'বনারস অখব্বার নামক নতন এক সমাচার পত্রের অষ্টম সংখ্যক পত্র আমারদিগের হস্তাগত হইয়াছে এই পত্রবর কাশীধামে উর্দু ভাষায় নাগরাক্ষরে মুদ্রিত হয় তাহার সম্পাদক শ্রীযুত বাবু তারামোহন মিত্র ইহা শিবপ্রসাদ বাবুর প্রযত্নে মুদ্রিত হইতেছে এই পত্রে তৎকালীন বিতাহিত অনেক বিষয় প্রকাশ হইয়া থাকে...।'

+ 'উদন্ত মার্ভণ্ডে'র পৃষ্ঠা হইতে জাতব্য তথ্যগুলি সংকলন করিয়া আমি ১৯৩১ সনের ফেব্রুয়ারি—মে মাসের 'বিশাল ভারত' নামক সচিত্র হিন্দী মাসিকপত্রে প্রকাশ করিয়াছি।

চতুর্থ পরিচ্ছেদ (১৮৪০—১৮৫৭)

প্রথম পরিচ্ছেদে সাময়িক-পত্রের জন্ম ও শৈশব, দ্বিতীয় পরিচ্ছেদে সংবাদপত্রের স্বাধীনতা-বিরোধী আইন এবং তৃতীয় পরিচ্ছেদে শৃঙ্খলমোচন আলোচিত হইয়াছে। চতুর্থ পরিচ্ছেদে ঠিক সেই ধবণের কোনও বৈশিষ্ট্য না থাকিলেও একটি বিষয়ের উল্লেখ আবশ্যিক। এই পরিচ্ছেদের নির্দিষ্ট সতের বৎসর কাল মধ্যে বাংলা দেশের মফস্বলের শহরগুলি সাময়িক-পত্র প্রকাশে ও পরিচালনায় তৎপর হইয়া উঠিয়াছে দেখিতে পাই।

মুর্শিদাবাদ সম্বাদপত্রী (সাপ্তাহিক) । ১০ মে ১৮৪০ ।

‘মুর্শিদাবাদ সম্বাদপত্রী’ই মফস্বল হইতে প্রকাশিত প্রথম সংবাদপত্র। ইহার প্রথম সংখ্যা প্রকাশিত হয় ১৮৪০ সনের ১০ই মে। ১৮৪০ সনের ‘ক্যালকাটা মহলী জর্নালে’ প্রকাশ :—

Moorshedabad Sunbd Putrer.—A weekly newspaper in the Bengally language and character, under the above title, made its appearance on the 10th of May, in Moorshedabad. Its opinions are liberal, and clothed in pure Bengally. (P. 325.)

কাসিমবাজার-রাজ কৃষ্ণনাথ রায়ের আয়ুকুল্যে এই সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। ১৪ মে ১৮৪০ তারিখে ‘ক্যালকাটা কুরিয়র’ লিখিয়াছিলেন,—

New Bengally Newspaper.—The first Number of a new Bengally paper, called the *Moorshedabad Sunbd Putri*, has just made its appearance. It is, we believe, published under the auspices of Kowar Ki-sennauth Roy of Moorshedabad.

‘মুর্শিদাবাদ সম্বাদপত্রী’র সম্পাদক ছিলেন—গুরুদয়াল চৌধুরী। এক বৎসর পরে ইহাৰ প্রচার রহিত করিতে হয়। এই অকাল-মৃত্যুর কাবণ সম্বন্ধে ‘সম্বাদ ভাস্কর’ লেখেন,—

কলিকাতা নগরে সমাচারপত্র অনেক হইয়াছে, পল্লিগ্রামে অধিক হয় নাই, রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুর সর্কাঠে স্বকীয় রাজধানীতে ‘মুর্শিদাবাদ সম্বাদপত্রী’ নামে এক সংবাদপত্রী করিয়াছিলেন, মুর্শিদাবাদের ম্যাজিস্ট্রেটের কোপে উক্ত রাজা বাহাদুর বর্তমানের তাহার প্রাণবিরোগ হয়, তৎপরে রঙ্গপুর নিবাসি বিজ্ঞাভিলাষি মহাশয়দিগের আয়ুকুল্যে রঙ্গপুর বার্তাবহ নামে এক পত্র প্রকাশ হয়। (১০ এপ্রিল ১৮৪১)

‘মুর্শিদাবাদ সম্বাদপত্রী’কে ‘মুর্শিদাবাদ পত্রিকা’-রূপে উল্লেখ করিয়া কেহ কেহ বলিয়া থাকেন যে, উহা বহু বৎসর পরে পুনর্জীবিত হইয়াছিল। প্রকৃত পক্ষে ‘মুর্শিদাবাদ পত্রিকা’ ১২৭১ সালের ১৫ই বৈশাখ সর্বপ্রথম প্রকাশিত হয়,—পুনর্জীবিত হয় নাই। ২ আষাঢ় ১২৭১ তারিখের ‘মধ্যস্থ’ (তৎকালে সাপ্তাহিক) পত্রে প্রকাশ :—

ভারতরঞ্জন ও মুর্শিদাবাদ পত্রিকা ।—প্রথমোক্ত পত্রখানি মুর্শিদাবাদের পুরাতন এবং শেখোক্ত পত্রিকাখানি নূতন ।...নবোদিতা প্রিয়তমী মুর্শিদাবাদ পত্রিকা... ।

সংবাদ সুজনরঞ্জন (সাপ্তাহিক) । মে ১৮৪০ ।

১৮৪০ সনের মে মাসে (জ্যৈষ্ঠ ১২৪৭) হেরষচরণ মুখোপাধ্যায় প্রভাকর-যন্ত্রাশয় হইতে 'সংবাদ সুজনরঞ্জন' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। 'সংবাদ রসরাজের' সহিত প্রতিযোগিতা করাই এই পত্রের উদ্দেশ্য ছিল। ১৯ মে ১৮৪০ তারিখে 'ক্যালকাটা কুরিয়ার' লিখিয়াছিলেন,—

A New Weekly Paper.—A new Bengally paper called the 'Sangbad Soojurunjan,' has made its appearance in the course of the last week. It is published by one Harombochunder Mookerjee at the *Probhakar Press*, and its rate of subscription is only four annas a month. The object of this new publication is, we believe, to retort the sarcasms and rigmarole of another native paper, styled the *Russoraj*, or the *Sentimental*. This spirit of indulging in vile scurrility and bitter personality amongst the native Editors, is a lamentable proof how the liberty of the press is apt to degenerate into licentiousness, if it be not controlled by discretion and principle.

আয়ুর্বেদ দর্পণঃ (মাসিক) । জুন ১৮৪০ ।

১৮৪০ সনের জুন মাসে চাণক-নিবাসী শ্রীনারায়ণ রায় কর্তৃক 'আয়ুর্বেদ দর্পণঃ' নামে চিকিৎসা-বিষয়ক একখানি মাসিক পুস্তক প্রকাশিত হয়। ইহার প্রথম সংখ্যার আখ্যা-পত্রটি এইরূপ :—

শ্রীশ্রীহরিঃ ॥ শরণং ॥ আয়ুর্বেদ দর্পণঃ ॥—চানকগ্রাম নিবাসি শ্রীশ্রীনারায়ণ রায় কর্তৃক সংগৃহীতঃ চরক সুশ্রুত বাগ্‌ভট হারিত ভাবপ্রকাশ প্রভৃতি এবং রসায়ন গ্রন্থ রসরঞ্জাকর বসেন্দ্রচিঙামণি প্রভৃতি এবং নানা তন্ত্র শ্রেণীত গণ্ডপণ্ড তদীয়ার্থ সাংভাষা সহিত বহু পণ্ডিত কর্তৃক সংশোধিত হইয়া প্রভাকর মুদ্রাষত্রে মুদ্রিত হইল। এই গ্রন্থের প্রয়োজন সুস্থ শরীরের রক্ষণায় এবং আওরব্যাদি মুক্ত্যুপায় বহুতর প্রয়োজনানুসারে সংগ্রহ সুচারু গ্রন্থ প্রায় পঞ্চাশৎ সহস্র শ্লোক গণ্ডপণ্ডে হইবেক, ইহাতে একশত খণ্ড হইবেক মাসিক পঞ্চাশত সংখ্যক শ্লোকেকতে খণ্ড নিরূপিত হইল, প্রতি খণ্ডের মূল্য এক মুদ্রা কেবল মুদ্রাক্রিত জন্ম ব্যয় লওয়া মাত্র এতদগ্রন্থের যাবদ্ব্যস্তান্ত প্রতিক্ষণে নির্ঘণ্ট পত্র দৃষ্টি করিলে বোধ হইবেক, বিস্তর লেখা গ্রন্থলে নিশ্চয়োজন, দর্পণে সাকল্যে কলেবর বাছে প্রতিবিস্তিত হয়, আয়ুর্বেদ দর্পণে নিখিল কলেবরাস্তরীহ প্রতীবিস্তিত এবং অন্তর্কর্ষিজ্ঞান এবং দেহস্থিতি নিয়ন্তি রক্ষান্তি দৃষ্ট হয় ইতি। এই গ্রন্থ বাহার প্রয়োজন হইবেক কলিকাতা নগরে আহিরিটোলা গ্রামে শ্রীযুত শঙ্কুচন্দ্র হালদার মহাশয়ের বাটীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। শকাব্দাঃ ১৭৬২ সন ১২৪৭ সাল তারিখ ২৪ জ্যৈষ্ঠ।

তিন খণ্ড প্রকাশিত হইয়া 'আয়ুর্বেদ দর্পণে'র প্রচার রহিত হয়। ১৮৫২ সনের জুলাই মাসে (আষাঢ় ১২৫৯) ইহা পুনঃ প্রকাশিত হইয়াছিল। নব পর্য্যায়ের প্রথম সংখ্যার "ভূমিকা"টি এইরূপ :—

...বৈজ্ঞানিকতার মধ্যে শাস্ত্রব্যবসায় প্রায় লোপ পাইয়াছে, চিকিৎসাব্যবসায়ি সহস্র ব্যক্তির মধ্যে একজনকে পণ্ডিত পাওয়া ভার, অতএব রোগের লক্ষণ, রোগ নির্ণয়, উপযুক্ত ঔষধ ও পথ্য প্রভৃতি কিছুই ব্যবস্থামতে হয় না ; সুতরাং তাহাতে উপকার হইবার সম্ভাবনা কি ? একারণ য়েচ্ছজ্ঞাতির চিকিৎসা অর্থাৎ ডাক্তারি প্রভৃতি কলিকাতা-রাজধানী মধ্যে অতিশয় প্রবল হইয়াছে। অধুনা দেশের অবস্থা দৃষ্টে বোধ হয় বৈজ্ঞানিকশাস্ত্র ও বৈজ্ঞানিকতার চিকিৎসা এককালে লুপ্ত হইবে, এই ভাবি বিপদের আশঙ্কায় আমি “আয়ুর্বেদ দর্পণ” নামক গ্রন্থ প্রকাশে প্রবৃত্ত হইলাম, দর্পণ দ্বারা কেবল বাহ্য অবস্থাব্যবস্থা দৃষ্ট হয়, এই আয়ুর্বেদ দর্পণ দ্বারা সকলে শরীরাত্তর সন্দর্শনে সক্ষম হইবেন। কয়েক বৎসর গত হইল ইহার ষষ্ঠ ত্রয় প্রভাকর যন্ত্রে মুদ্রিত হইয়া সাধারণের নয়নগোচর হইয়াছিল, তৎকালে গ্রাহকগণের আনুকূল্য বিরহে শ্রম সাফল্য সাফল্য না হওয়াতে ব্যয় বাহুল্যভয়ে এতৎ অতুল্য অমূল্য বিষয়ে ক্ষুদ্রচিত্তে বিরত হইয়াছিলাম, সংপ্রতি পুনরায় জগদীশ্বর স্মরণ পূর্বক এমত সঙ্কল্প করিতেছি যে প্রতি মাসে এক ষণ্ড করিয়া ক্রমে এক শত ষণ্ড বাদালা অহুবাদ সহিত প্রকাশ করিব। কিন্তু ষণ্ডগ্রাহক গ্রাহকদিগের অঞ্চল দয়া ব্যতীত এই শত ষণ্ডের এক ষণ্ড মুদ্রিত হইতে পারে না ; ইহাতে আয়ুর্বেদ শাস্ত্রের সমস্ত ব্যাপারই উদ্ধৃত করা যাইবেক, কোন প্রসঙ্গই অপ্ৰকাশ থাকিবে না। অস্ত্র চিকিৎসা প্রভৃতি সমস্ত প্রকরণ প্রকটন করিব।...

শ্রীশ্রীনারায়ণ রায়। চাণক। ৩২ আষাঢ় শকাব্দ ১৭৭৪।

১৮৫২ সনেই ‘আয়ুর্বেদ দর্পণ’ লুপ্ত হয়। ‘সংবাদ প্রভাকরে’ (১২ এপ্রিল ১৮৫৩) প্রকাশ :—

গত বৎসর...কয়েকখানি পত্র-প্রাণত্যাগ করিয়াছে।...আয়ুর্বেদ দর্পণ একবার বাঁচিয়া আবার মরিলেন।*

গবর্ণমেন্ট্ গেজেট্ (সাপ্তাহিক)। ১ জুলাই ১৮৪০।

১৮৪০ সনের ১লা জুলাই বুধবার হইতে এই রাজকীয় বাৰ্ত্তাবহ “শ্রীরামপুরের যন্ত্রালয়ে জ্ঞান কাশমানকর্তৃক মুদ্রিত” হইয়া প্রতি সপ্তাহে মঙ্গলবারে প্রকাশিত হইত। ইহাতে গবর্ণমেন্টের আইন-কানূনের বঙ্গাভুবাদ স্থান পাইত। ‘সমাচার দর্পণ’-সম্পাদক জে. সি. মার্শম্যান ১৮৫২ সনের শেষাংশে পর্য্যন্ত ‘গবর্ণমেন্ট্ গেজেট্’ পত্রের সম্পাদক ছিলেন। তাহার পর পাদরি কুম্ভমোহন বন্দ্যোপাধ্যায় কিছু দিনের জন্ত সম্পাদন-ভার গ্রহণ করেন। ১৮৫২, ১৭ই নবেম্বর ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ লেখেন :—

আমাদিগের পাঠকবর্গের স্মরণ থাকিবেক কিয়দিন গত হইল পরম্পরায় অবগত হইয়া প্রকাশ করা গিয়াছিল যেবেলেও কুম্ভমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় মাস মাস সাহেব ইংলণ্ড

* ১৮৬৬ সনে (২৭ চৈত্র ১৭৮৭ শক) দ্বিতীয় পর্য্যায়ের চারি ষণ্ড ‘আয়ুর্বেদ দর্পণঃ’ একত্র পুস্তকাকারে প্রকাশিত হইয়াছিল।

যাত্রা করিলে বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেট নির্বাহের ভার প্রাপ্ত হইবেন সংপ্রতি নিশ্চয় অবগত হওয়া গেল গবর্ণমেন্টের আদেশে উক্ত রেবেরও মহাশয় ঐ বিষয়ে ভারপ্রাপ্ত হইয়াছেন। 'গবর্ণমেন্ট গেজেট' দীর্ঘকাল জীবিত ছিল।

জ্ঞানদীপিকা (সাপ্তাহিক)। ইং ১৮৪০।

১২৪৭ বঙ্গাব্দে (ইং ১৮৪০ ?) ভগবতীচরণ চট্টোপাধ্যায়ের সম্পাদনায় 'জ্ঞানদীপিকা' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। পর-বৎসর ইহার প্রচার রহিত হইয়াছিল।

সংবাদ ভারতবন্ধু (সাপ্তাহিক)। ইং ১৮৪১।

১২৪৮ বঙ্গাব্দে (ইং ১৮৪১ ?) এই সাপ্তাহিক পত্রখানি শ্রামাচরণ বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রকাশিত হয়। 'সংবাদ ভারতবন্ধু' অল্প দিন স্থায়ী হইয়াছিল।

সংবাদ নিশাকর (সাপ্তাহিক)। ইং ১৮৪১।

মহেন্দ্রনাথ দিগ্বানিধি ('জন্মভূমি,' ফাল্গুন-চৈত্র ১৩০৪) লিখিয়াছেন, ১২৪৮ সালে (ইং ১৮৪১) নীলকমল দাস 'সংবাদ নিশাকর' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। আবার গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের মতে ইহার প্রকাশকাল "১২৫৭ সাল"।

বেঙ্গাল স্পেক্টেটর (মাসিক...)। এপ্রিল ১৮৪২।

১৮৪২ সনের এপ্রিল মাসে প্যারীচাঁদ মিত্র প্রভৃতির সহায়তায় স্বনামধন্য রামগোপাল ঘোষ 'বেঙ্গাল স্পেক্টেটর' নামে এক ইংরেজী-বাংলা দ্বিভাষিক পত্র প্রকাশ করেন। ইহা প্রথমে মাসিক পত্ররূপে প্রচারিত হইয়াছিল। প্রথম সংখ্যার শেষে এই অংশটি মুদ্রিত আছে,—

বেঙ্গাল স্পেক্টেটর। এতৎপত্র ইংরাজী ও বাঙ্গালা ভাষায় রচিত হইয়া আপাততঃ মাসমধ্যে একবার প্রকাশিত হইবে কিন্তু যে সকল ব্যক্তিদিগের কর্তৃত্বে ইহা নির্বাহ হইবে তাহাদিগের এতদ্বারা অর্ধোপার্জননের আকাঙ্ক্ষা নাই অতএব গ্রাহক বৃদ্ধি হইয়া অধিকবার প্রকাশ হওনের ব্যয় উৎপন্ন হইলে একবারের অধিকও প্রকাশ হইবেক। এতৎপত্রের মাসিক মূল্য ১ মুদ্রা, বৎসরে আগামি ১০ দশ মুদ্রা মাত্র।

'বেঙ্গাল স্পেক্টেটর' প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হইয়াছে :—

অস্বদেশীয় জনগণের জ্ঞান ও সুখের বৃদ্ধি যাহাতে হয় তাহাতে প্রযুক্তির উপযোগি বিষয় সকল আমাদিগের সাধ্যানুসারে কিঞ্চিৎ আন্দোলন করণার্থে আমরা এতৎ পত্র প্রকাশ করণে উদ্যত হইয়াছি এবং যেরূপকাল সময় উপস্থিত হইয়াছে তাহাতে আমাদিগের উত্তোগের আহুকল্যের সম্ভাবনা, যেহেতু রাজ্যশাসনকারিরা প্রকার মদল বিষয়ে পূর্বাপেক্ষা অধিক সচেত হইতেছেন এবং ভারতবর্ষ ও ইংলওদেশস্থ ইংরাজের মধ্যে অনেকের অন্তঃকরণে

আমারদিগের হিতৈচ্ছা প্রবল হইতেছে। অপর এতদৈশীয় সুশিক্ষিত ব্যক্তিদিগেরও স্বদেশের হিতাকাঙ্ক্ষা জন্মিয়াছে এবং তাঁহারা বিশেষ যত্নবান হইলে তাঁহাদিগের দ্বারা অনেক উপকার দর্শিতে পারে। আর তদ্বিন অস্তিত্ব ব্যক্তিদিগের স্বপ্ন মতের বিরুদ্ধ কথা শ্রবণে যে দেশ তাহার হ্রাস হইতেছে। অতএব এতদ্রূপ অবস্থায় গবর্ণমেন্টের সমীপে দুঃখ-সমূহ নিবেদন পূর্বক যাহাতে ঐ ক্লেম নিবারণ এবং দেশের অবস্থার উৎকৃষ্টতা হয় তাহার প্রার্থনা, এবং আমারদিগের প্রার্থিত বিষয়ে সাহায্য করণার্থে ঈংরাজদিগের অহুরোধ করা, আর সুশিক্ষিত ব্যক্তিদিগকে স্বদেশের মঙ্গলার্থে সম্যক প্রকারে যত্ন করিতে প্ররুচিত প্রদান, এবং অসুদৈশীয় সাধারণ জনগণকে স্বস্বহিতাহিত উত্তমরূপে নিবেচনা দ্বারা উৎসাহাবলয়ন পূর্বক আপনাদিগের মঙ্গলার্থে সচেষ্টিত হইতে প্রার্থনা করা আমাদেরদিগের যথাসাধ্য অবশ্য কর্তব্য হইয়াছে। পূর্বোক্ত অভিপ্রায়ানুসারে আমরা এতৎপত্রে ঐ সকল বিষয়ের বিশেষ আলোচনা করিব যদ্বারা নীতি ব্যবহারাদির উত্তমতা এবং বিভা, কৃষিকর্ম, ও বাণিজ্যাদির রক্ষি আর রাজ্যশাসন কার্যের সুনিয়ম হইয়া প্রজাদিগের সর্বপ্রকারে উন্নতি হয়।

পাঁচ মাস মাসিক-রূপে চলিয়া, ১৮৪২ সনের সেপ্টেম্বর মাস হইতে 'বেঙ্গাল স্পেক্টেটর' পাক্ষিক পত্রে পরিণত হয়। ১ম খণ্ড, ১ম সংখ্যার (১ সেপ্টেম্বর ১৮৪২) শেষে এইরূপ বিজ্ঞাপিত হয় :—

এক্কেণে এতৎপত্র ঈংরাজী ও বাঙ্গালা ভাষায় রচিত হইয়া মাসে দুইবার প্রকাশ হইবেক।

পর-বৎসর মার্চ মাস হইতে 'বেঙ্গাল স্পেক্টেটর' সাপ্তাহিক-রূপে প্রকাশিত হইতে থাকে। ২য় খণ্ড, ৪-৫ সংখ্যার (ফেব্রুয়ারি-মাস, ১৮৪৩) শেষে এই অংশটি মুদ্রিত আছে—

এতৎ পত্র এক্কেণে মাসে দুইবার প্রকাশ না হইয়া মেং টমসন সাহেবের সাহায্যে সপ্তাহান্তর প্রকাশ হইবেক, এতৎ ক্ষুদ্র পত্রিকা দ্বারা যাহাতে ভারতবর্ষের উপকার হইত তন্নিমিত্ত উক্ত সাহেব অতি যত্নবান, আমরা ভরসা কবি পাঠকবর্গ এই সংবাদ শ্রবণে আশ্বাসিত হইবেন।

পরবর্তী নবেম্বর মাসে 'বেঙ্গাল স্পেক্টেটর'র প্রচার রহিত হয়। ৩য় খণ্ড, ৩৯ সংখ্যার (২০ নবেম্বর ১৮৪৩) কর্তৃপক্ষ দুঃখের সহিত জানাইলেন :—

১৮৪২ শালের এপ্রেল মাসাবধি বেঙ্গাল স্পেক্টেটর পত্র মাসিক পত্রিকা রূপে প্রকাশ হয়, প্রোপ্রাইটরদিগের এতদ্বারা লাভ করণের ইচ্ছা না থাকাতে ঐ বৎসরের সেপ্টেম্বর মাসাবধি পক্ষান্তে প্রকাশ হইতে লাগিল এবং যদিও গ্রাহক সংখ্যা বৃদ্ধি হয় নাই এবং আমরা দ্বারা ব্যয় নির্বাহ হইত না তথাচ প্রোপ্রাইটরেরা এই পত্রিকা বিশেষরূপে দেশোপকারিণী করণাশয়ে ১৮৪৩ শালের মার্চ মাসাবধি সাপ্তাহিক করিলেন তাঁহারা প্রায় ৮ মাস পর্য্যন্ত ইহা হইতে ব্যয় নির্বাহ হয় কি না পরীক্ষা করিতেছিলেন কিন্তু শেষে দেখিলেন যে ইহা সৎস্র মুদ্রার অধিক ক্ষতি হইয়াছে। সাপ্তাহিক হওয়ারতে যদিও গ্রাহক বৃদ্ধি হইয়াছিল তথাচ তদ্বারা সমুদায় ব্যয় নির্বাহ হইত না আর যে অভিপ্রায়ে এ পত্র স্থগিত হয় অর্থাৎ

THE BENGAL SPECTATOR.

DISCOVERY OF COAL MINES AND THE NECESSITY OF NATIVE ENTERPRIZE—Those who feel interested in the promotion of inland communication by opening up new routes of commerce, will rejoice to learn the happy result of the late (creating labours of the Coal Committee. It has been known from time immemorial that India abounds in physical advantages, and as her resources are developed, new sources of emolument are created. In 1838, the following districts were reported as containing veins of Coal

- 1 Rudran, 2 Chilmara, 3 Bealpoor, 4 Bidjee Gur,
- 5 Kule of Callinger, 6 Rajmahal, 7 Bishum and Ajit,
- 8 Sylt, 9 Dhurampoor (Assam) 10 Khynk Phyo,
- 11 Cherrapunjee, 12 Outtuck, 13 Sadowry, 14 Palanow,
- 15 Cutch, 16 Suffree Piver (Assam) 17 Namloop (Assam)
- 18 Natchua, 19 Schowre, 20 Sohar, 21 Manipur,
- 22 Jutha, 23 Clanda, (Nepoor) 24 Towah, 25 Hurdere,
- 26 Attock, 27 Fresco Tula River

The Report of the last year, mentioned made of the discovery of several coal localities in the Tenasserim Province, and the number of additional ones in Assam, Burmah, Sylhet, Orissa, Rajmahal, Palanow and Arracan, and the probability that future investigations will follow to similar results. But these discoveries, important as they are to commerce and civilization, will be of little more addition to scientific knowledge unless they excite a natural spirit and excite a spirit of enterprize among our countrymen. The Government has now got six steamers, for which 91,000 maunds of coal are annually consumed. We believe the supply from the existing collieries is enough for the demand, but as the number of steamers (each of which clears by a single trip about 15,000 Rs) is to be increased, more especially if steam navigation be extended to the distant parts of the Ganges and other rivers, a greater quantity of coal will in that case be required, and here is certainly a good opportunity for the employment of native capital. We do not of course profess to guide our countrymen in the investment of their money—all that we allude to is, that if some of the wealthy native gentlemen are engaged in the development of mineral resources, for which there is every probability of gain, in the event of their operations being judiciously conducted, it will not only set an example of *adventure* and necessarily produce in them an aptitude for scientific studies but prove highly beneficial to the country in every way.

We perceive from a document published in the Civil Engineer and Architect's Journal for Dec. 1841, that some facility to internal communication has been created by the construction of a number of good roads and canals during the last twenty years, and we have no doubt that as such means of transit are increased, they will conduce to a proportionate augmentation of commerce and diffusion of civilization. The different countries of India possessing

কয়লাই আনব একাশ ও এতদেশীয়দিগের ব্যবসায়োৎসাহ।

কোল মাইনস্‌ আন্ড দ্য নেসেসিটি অফ নাটিভ এন্টারপ্রাইজ—যে সকল ব্যক্তি এ দেশের বাণিজ্য বৃদ্ধি নিমিত্তে বাণীয়া জাতীয়দের সহায়তা করিতে উদ্ভাবিত ব্যাপার প্রবর্তন করিয়া থাকেন, বাণিজ্যের উন্নতির জন্য আগ্রহী হইবেন, তাহাদের জ্ঞানার্থে জানা যাইবে যে গত বৎসর (কয়লা কমিটি) ইংল্যান্ডের কয়লা খনিজ সম্পদের বিষয়ে যে রিপোর্ট প্রকাশিত হইয়াছিল, তাহাতে উক্ত দেশের কয়লা খনিজ সম্পদের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইয়াছে।

১৮৩৮ সালে উক্ত দেশের কয়লা খনিজ সম্পদের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইয়াছে। উক্ত দেশের কয়লা খনিজ সম্পদের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইয়াছে।

পূর্ব বঙ্গের বিদ্যাপতি লেখক যিনি এ দেশের বাণীয়া জাতীয়দের সহায়তা করিতে উদ্ভাবিত ব্যাপার প্রবর্তন করিয়া থাকেন, তাহাদের জ্ঞানার্থে জানা যাইবে যে গত বৎসর (কয়লা কমিটি) ইংল্যান্ডের কয়লা খনিজ সম্পদের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইয়াছে।

এখনে পরামর্শের সহায়তায় বাণীয়া জাতীয়ের প্রভুত্ব এবং তাহাদের প্রতিবেশী ১১০০০ মৌন কয়লা ব্যবহার করিতে পারেন।

এই সময়ে কয়লা কমিটি ইংল্যান্ডে গিয়াছিল এবং তাহাদের জ্ঞানার্থে জানা যাইবে যে গত বৎসর (কয়লা কমিটি) ইংল্যান্ডের কয়লা খনিজ সম্পদের বিস্তারিত বিবরণ প্রদত্ত হইয়াছে।

['বেঙ্গল স্পেক্টেটর' পত্রের একটি পৃষ্ঠার প্রতিলিপি]

এতদেশীয় সাধারণ লোকে পাঠ করিবে এবং সকলে নানা বিষয়ের উপর লিখিবে তাহা হইল না অতএব প্রোগ্রাইটরেরা এতৎ পত্রের সাহায্যকারি গ্রাহকদিগের নিকট এবং সহকারি সম্পাদকবর্গ সন্নিধানে বিনয় পূর্বক খেদাশিত হইয়া বিজ্ঞাপন করিতেছেন যে অজ্ঞাবধি এতৎ পত্র প্রকাশ স্থগিত করা গেল যে সকল কারণে রহিত হইতেছে কোন উপায় দ্বারা যদি তাহা পরিবর্তন হয় তবে আত্মলাভ পূর্বক পুনর্বার প্রকাশ করিবেন।

১৮৫৬ সনের জুলাই সংখ্যা ‘অরুণোদয়’ নামক অসমীয়া ভাষার মাসিক পত্রে কলিকাতা হইতে ‘বঙ্গদর্শক’ নামে একখানি সন্বাদপত্র প্রকাশের উল্লেখ আছে :—

শ্রীবাবু ব্রজনাথ সরকারে কলিকাতা নগরত বঙ্গদর্শক নামেই এখন নতুন সন্বাদপত্র চাপিবলৈ আরম্ভন করিতে।

এই ‘বঙ্গদর্শক’ কি ‘বেঙ্গাল স্পেক্টেটর’ ?

বিজ্ঞাদর্শন (মাসিক) । জুন ১৮৪২ ।

অক্ষয়কুমার দত্ত এবং টাকী-নিবাসী প্রসন্নকুমার ঘোষ ‘বিজ্ঞাদর্শন’ নামে একখানি মাসিক পত্র প্রকাশ করেন। ইহার প্রথম সংখ্যার তারিখ—আষাঢ় ১৭৬৪ শকাব্দা (জুন ১৮৪২) । পত্র-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হয় :—

যখন যে জাতির মধ্যে সভ্যতা প্রবেশ করে, তাহার পূর্বেই এই প্রকার প্রকাশ্য পত্রের সৃষ্টি হইয়া বিজ্ঞান পথ মুক্ত হইতে থাকে। এই পরম প্রিয়কর নিয়মের পশ্চাত্ত্ব হইয়া আমরাও বঙ্গদেশের স্বতন্ত্র ভাষার পুনরুদ্ধাপনে যত্ন করিতে অভিলাষ করিয়াছি, কিন্তু পাঠকগণকে কি প্রকারে তুষ্ট করিতে চেষ্টা করিব এই চিন্তা এইক্ষণে কেবল সংশয়ে পরিপূর্ণ রহিল, যেহেতুক আমাদের একমাত্র উদ্যোগের স্থায় এতদ্বশে পূর্বে এরূপ কোন কল্পনার সৃষ্টি হয় নাই, যে তাহার অনুগামি হইয়া আমরাও আমাদেরদিগের অভিপ্রেত ব্যাপারে তন্তুল্য রচনা করিতে উদ্যত হই, স্ততরাং এপ্রকার নূতন বস্তু আমরা অতিশয় ভাতিষ্ঠে অগ্রসর হইলাম, এবং সংশয়াপন্ন হইয়া বিজ্ঞানগণকে এই পথকে অবলম্বন করিতে নিমন্ত্রণ করিতেছি।.....

সম্প্রতি এই পত্রের বিশেষ তাৎপর্য ব্যক্ত করিবার জন্ত ইহার সঙ্ক্ষেপ বিবরণ নিম্নদেশে প্রকাশ করিতেছি। এতৎ পত্রে এমত সকল বিষয়ের আলোচনা হইবেক, যদ্বারা বঙ্গভাষায় লিপি বিজ্ঞান বর্তমান রীতি উত্তম হইয়া সহজে ভাব প্রকাশের উপায় হইতে পারে। যত্নপূর্বক নীতি, ও ইতিহাস, এবং বিজ্ঞান প্রভৃতি বহু বিজ্ঞান যুক্তি নিমিত্ত নানা প্রকার গ্রন্থের অনুবাদ করা যাইবেক, এবং দেশীয় কুলীতির প্রতি বহুবিধ যুক্তি, ও প্রমাণ দর্শাইয়া তাহার নিবৃত্তির চেষ্টা হইবেক। তত্ত্বিন্ন রূপকাদিলিখনে একত প্রকার নূতন নিয়ম প্রস্তত করা যাইবেক।

এইক্ষণে কবিতার রীতি আমাদেরদিগের ভাষায় উত্তম নাই, অতএব তাহার প্রতি অধিক যত্ন করা অভ্যস্ত প্রয়োজন বোধে সর্বদাই সাধারণ লেখকদিগকে তর্কদ্বারা সাবধান করিব,




কালীপ্রসন্ন সিংহ



কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়



রাজেন্দ্রলাল মিত্র



অক্ষয়কুমার দত্ত

এবং উত্তমত্ব কবিতা যিনি লিখিয়া প্রেরণ করিবেন তাহা অবশ্য আমারদিগের বিচারের সহিত প্রকাশ করিতে ক্রটি করিব না।

‘বিদ্যাদর্শন’ মাত্র ছয় সংখ্যা প্রকাশিত হইয়াছিল। ইহা একখানি সুপরিচালিত পত্রিকা ছিল।

সংবাদ ভূঙ্গদূত (সাপ্তাহিক)। ইং ১৮৪২।

১২৪২ সালে (ইং ১৮৪২ ৭) নীলকমল দাসের সম্পাদকত্বে ‘ভূঙ্গদূত’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ইহার পরমায়ু দেড় বৎসর বলিয়া কেহ কেহ উল্লেখ করিয়াছেন। গুপ্ত-কবি ও মহেশ্বনাথ বিদ্যানিধিব মতে ১৮৪৮ সনে ইহা পুনঃপ্রকাশিত, এবং ১২৫৬ সালে (১৮৪২ সনে ৭) লুপ্ত হয়।

মঙ্গলোপাখ্যান পত্র (মাসিক)। জামুয়াবি ১৮৪৩।

১৮৫৩ সনের জামুয়াবি মাসে “The Evangelist মঙ্গলোপাখ্যান পত্র” জে. রবিনসনের সম্পাদকত্বে শ্রীরামপুর প্রেস হইতে প্রকাশিত হয়। এই মাসিক পত্রের প্রাথমিক সংখ্যার নামে ইংরেজী অংশ এবং দক্ষিণে বঙ্গভূবাদের থাকি ৯। প্রথম সংখ্যায় পত্র-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ লিখিত হইয়াছে :—

এইক্ষণে আমরা যে পত্র ইউরোপীয় ও এতদেশীয় খ্রীষ্টীয়ান বন্ধু ও ভ্রাতৃগণের সম্মুখে অর্পণ করি তাহা বর্তমান বৎসরের আরম্ভে শ্রীরামপুরে বহুদেশস্থ ডুবক [ব্যাপটিষ্ট] মণ্ডলীর প্রথম মিলিত সভার ফল। আমারদের চতুর্দিকস্থ দেবপুঙ্ককেরদের পারমাধিক ও সাধারণ মঙ্গলচেষ্টক ধর্মোপদেশক ও ঈশ্বরপরায়ণ বন্ধুবর্গের সভাতে তাহারদের নানা স্থানহইতে আগমনের দ্বারা আমারদের পরমানন্দ জমিল এবং অনেক লোক প্রভুর প্রতি ফিরিয়াছে এবং অনেকে আপনাদের পরিভ্রাণের পথ অন্বেষণ করিতেছে এই যে সম্বাদ তাঁহারা প্রকাশ করিলেন তদ্বারা আমারদের অন্তঃকরণ আরো আনন্দিত হইল। তাহাতে সুতরাং আমারদের এতদেশীয় ভ্রাতারা যাহাতে অল্পগ্রহ এবং আমারদের প্রভু ও ত্রাণকর্তা যিস্ত্রীষ্ট বিষয়ক জানেতে বুদ্ধি পান এই নিমিত্ত আরো উপায় স্থির করিতে উদ্যক্ত ছিলাম যেহেতুক এইক্ষণে আপনং মণ্ডলীর অধ্যক্ষ ও শিক্ষক ব্যতিরেকে তাহারদের জ্ঞান প্রাপণের অল্প কোন উপায় প্রায় নাই।

এই অভিপ্রায়েতে অনেক প্রকার গুরুতর প্রস্তাব করা গিয়াছিল তন্মধ্যে আমরা বোধ করিলাম যে বাঙ্গলা ভাষাতে এক সম্বাদ পত্র প্রকাশ করা সহুপায় বটে। ঐ সম্বাদ পত্রের দ্বারা এই দেশীয় আমারদের ভ্রাতারা মঙ্গল সমাচারের বৃদ্ধির এবং ভারতবর্ষ ও জগতের অন্ত্যাহ স্থানীয় মণ্ডলীর বিষয়ে সকল গুরুতর সম্বাদ প্রাপ্ত হইতে পারিবেন...।

‘মঙ্গলোপাখ্যান পত্র’ ১৮৪৫ সন পর্যন্ত চলিয়াছিল। “৩ বালাম। ১৮৪৫। নবেম্বর ডিসেম্বর। ৩৫, ৩৬ নম্বর’ বৃগ্ন-সংখ্যায় প্রকাশ :—

সম্পাদকের উক্তি ।—অনবকাশপ্রযুক্ত নবেম্বর ও ডিসেম্বর মাসের পত্র উপযুক্ত সময়ে প্রকাশ হইতে পারিল না । এই ক্ষণে দুই মাসের একত্র প্রকাশ হওনের অভিপ্রায় যে ১৮৪৫ সালের পুস্তক সাদ্ধ করি । সেই অনবকাশপ্রযুক্ত আমারদের এই পত্রের সম্পাদকতা কর্ত্ত্ব ত্যাগ করিতে হইল ।...

তত্ত্ববোধিনী পত্রিকা (মাসিক) । ১৬ আগষ্ট ১৮৪৩ ।

“কলিকাতা নগরে শ্রীযুক্ত ষারিকানাথ ঠাকুর মহাশয়ের বাটীতে ১৭৬১ শকের ২১ আশ্বিন [রবিবার] দিবসে” তত্ত্ববোধিনী সভা সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয় । এই সভার উদ্দেশ্য ছিল “ব্রহ্ম সমাজ যাহাতে স্থানে স্থানে স্থাপিত হয়, এবং যে রূপেতে সর্বোৎকৃষ্ট পরম ধর্ম বেদান্ত প্রতীপান্ত ব্রহ্মবিদ্যার প্রচার হয়, তাহার সাধন ।” ১৭৬৫ শকের ১লা ভাদ্র (১৮৪৩, ১৬ আগষ্ট) তত্ত্ববোধিনী সভার মুখপত্রস্বরূপ ‘তত্ত্ববোধিনী পত্রিকা’ প্রকাশিত হয় । অক্ষয়কুমার দত্ত এই মাসিক পত্রিকার সম্পাদক নিযুক্ত হন । পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হয় :—

কোন নূতন পত্র প্রকাশ হইলে সেই পত্র প্রকাশের তাৎপর্য্য অবগত হইতে অনেকে অভিলাষ করেন, অতএব তত্ত্ববোধিনী সভার অধ্যক্ষেরা যে অভিপ্রায়ে এতৎপত্রিকার সৃষ্টি করিলেন তাহার স্থূল বৃত্তান্ত এস্থলে অতি সংক্ষেপে ব্যক্ত করা যাইতেছে ।

তত্ত্ববোধিনী সভার অনেক সভ্য পরস্পর দূর দূর স্থায়ী প্রযুক্ত সভার সমুদয় উপস্থিত কার্য্য সর্বদা জ্ঞাত হইতে পারেন না, সুতরাং ব্রহ্মজ্ঞানের অনুশীলনা এবং উন্নতি কিপ্রকার হইবেক ? অতএব তাহারদিগের এসকল বিষয়ের অবগতির জন্ত এই পত্রিকাতে সভার প্রচলিত কার্য্য বিষয়ক বিবরণ প্রচার হইবেক ।

অনেক সভ্য দূরদেশ বশতঃ বা শরীরগত অনস্থিত্য হেতু বা কোন কার্য্যক্রমে অথবা অস্ত্র কোন দৈব বিপাকে ব্রহ্মসমাজে উপস্থিত হইতে অশক্ত হইলে বিশেষতঃ তাঁহারদিগের নিমিত্তে উক্ত সমাজের ব্যাখ্যান সময়ে সময়ে এই পত্রিকাতে প্রকটিত হইবেক ।

মহাত্মা শ্রীযুক্ত রাজা রামমোহন রায় কর্ত্ত্বক ব্রহ্মজ্ঞান বিষয়ে যে সকল গ্রন্থ প্রস্তুত হইয়াছিল তাহা এইক্ষণে সাধারণের অপ্রাপ্ত হইয়াছে এবং অনেকে তাহার মর্ম্ম জানিতে বাসনা করেন, অতএব সেই সকল গ্রন্থ এবং অস্ত্র যে কোন গ্রন্থ যাহাতে ব্রহ্মজ্ঞানের প্রসঙ্গ আছে তাহা এই পত্রিকাতে উদ্ধৃত হইবেক ।

পন্নব্রহ্মের উপাসনার প্রকার এবং তাঁহার স্বরূপ লক্ষণ জ্ঞাপনার্থে এবং সর্বোপাসনা হইতে পন্নব্রহ্মের উপাসনা সর্বোৎকৃষ্ট হইয়াছে ইহা জানাইবার নিমিত্তে আমারদিগের শাস্ত্রের সার মর্ম্ম সংগৃহীত হইবেক । বিচিত্র শক্তির মহিমা জ্ঞাপনার্থে সৃষ্ট বস্তু বর্ণনা এবং অনন্ত বিশ্বের আশ্চর্য্য কৌশল প্রকাশিত হইবেক ।

কুর্কর্ম্ম হইতে নিবৃত্ত হইবার চেষ্টা না থাকিলে ব্রহ্মজ্ঞানে প্রবৃত্তি হয় না, অতএব যাহাতে লোকের কুর্কর্ম্ম হইতে নিবৃত্তি থাকিবার চেষ্টা হয় এবং মন পরিচালিত হয় এমত সকল উপদেশ প্রসঙ্গ হইবেক ।

‘তত্ত্ববোধিনী পত্রিকা’র কণ্ঠে “একমেবাদ্বিতীয়ং” বাক্যটি মুদ্রিত থাকিত। প্রথম সংখ্যা ‘তত্ত্ববোধিনী পত্রিকা’র সৃষ্টি এইরূপ :—

১। পত্রিকা প্রকাশের তাৎপর্য। ২। মহোপাধ্যায় শ্রীযুক্ত রামচন্দ্র বিজ্ঞানবাসীশ ভট্টাচার্য মহাশয় কর্তৃক বর্তমান শকের [১৭৬৫] গত ৪ বৈশাখে ব্রহ্মসমাজে ব্যাখ্যাত হয়। ৩। মহোপাধ্যায় শ্রীযুক্ত রামচন্দ্র বিজ্ঞানবাসীশ ভট্টাচার্য মহাশয় কর্তৃক বর্তমান শকের গত ১ জ্যৈষ্ঠে ব্রহ্মসমাজে ব্যাখ্যাত হয়। ৪। তত্ত্ববোধিনী পাঠশালা। ৫। মহাত্মা শ্রীযুক্ত রাজা রামমোহন রায় কর্তৃক বাক্সনেয়সংহিতোপনিষদের ভাষা বিবরণের ভূমিকার চূর্ণক।

‘তত্ত্ববোধিনী পত্রিকা’ কি ভাবে পরিচালিত হইত, নকুড়চন্দ্র বিশ্বাস-লিখিত ‘অক্ষয়-চরিতে’ তাহার এইরূপ বিবরণ আছে :—

১৭৬৫ শকের ভাদ্র মাস হইতে তত্ত্ববোধিনী পত্রিকার প্রচারারম্ভ হয়। রমাপ্রসাদ রায় মহোদয় অপ্রকাশভাবে একটি মুদ্রায়ন্ত্র দান করেন। যন্ত্রালয় বেহুল্লার দক্ষিণ পার্শ্বে ছিল। ঈশ্বর জ্ঞান প্রচার পত্রিকার উদ্দেশ্য ছিল, কিন্তু অক্ষয় বাবুর চেষ্টায় ইহাতে ধর্ম বিষয় ব্যতীত, সাহিত্য, বিজ্ঞান পুরাতত্ত্বাদি উৎকৃষ্ট উৎকৃষ্ট বিষয়গুলি আলোচিত হইতে আরম্ভ হয়। ইহা পূর্বে কিরূপে সম্পাদিত হইত, তদ্বিষয়ে এ স্থলে কিছু উল্লেখ করা আবশ্যিক হইতেছে। মহাত্মব দেবেন্দ্রনাথ ঠাকুর এমিগাটিক সোসাইটী কর্তৃক প্রদর্শিত পথ অবলম্বন করিয়া পেপার কমিটী (Paper Committee) নামে একটি প্রবন্ধনির্কীচনী সভা সংস্থাপন করেন। কমিটীর পাঁচ জনের অধিক সভ্য (এছাড়া) সংখ্যা ছিল না; অত্র সভা সমিতির ধরূপ নিয়ম ঠাকুরও সেইরূপ ছিল—একজন এছাড়া অবসর গ্রহণ করিলে অপর একজন মনোনীত হইয়া তাঁহার স্থান পূর্ণ করিতেন। পণ্ডিতবর শ্রীঈশ্বরচন্দ্র বিজ্ঞানবাসী শ্রীযুক্ত বাবু (একগণে ডাক্তার) রাজেন্দ্রলাল মিত্র শ্রীযুক্ত বাবু (একগণে মহর্ষি) দেবেন্দ্রনাথ ঠাকুর শ্রীযুক্ত বাবু রাজনারায়ণ বসু শ্রীযুক্ত বাবু আনন্দকৃষ্ণ বসু ৷ শ্রীধর শায়রত ৷ আনন্দচন্দ্র বেদান্তবাসীশ ৷ প্রসন্নকুমার সর্কাধিকারী ৷ রাধাপ্রসাদ রায় ৷ শ্যামাচরণ মুখোপাধ্যায় প্রভৃতি মহোদয়গণ ইহার সভ্য ছিলেন। সভার নিয়ম ছিল যে, কি গ্রন্থ-সম্পাদক, কি এছাড়া কি অপর কোনও ব্যক্তি কেহ যত্নপূর্ণ পত্রিকায় প্রকটিত করিবার অভিলাষে কোনও প্রবন্ধ রচনা করেন, প্রবন্ধনির্কীচনী সভার অধিকাংশ সভ্য কর্তৃক অগ্রে তাহা মনোনীত ও আবশ্যিক হইলে পরিবর্তিত ও সংশোধিত হইলে তবে পত্রিকা হইবে। ...১৭৭০ শকের ২৩শ্রাবণ তারিখের অধ্যক্ষ সভার অধিবেশনে তিনি [অক্ষয়কুমার] পেপার কমিটীর সভ্যশ্রেণী ভুক্ত হন। (পৃ. ১২-২১)

অক্ষয়কুমার বার বৎসর, ১৮৪৩—১৮৫৫, ‘তত্ত্ববোধিনী পত্রিকা’ পরিচালন করিয়াছিলেন। তিনি ৩০ বেতনে এই পদে নিযুক্ত হন, কর্তৃদক্ষতাগুণে তাহা বৃদ্ধি পাইয়া ৪৫ ও শেষে ৬০ হইয়াছিল। অক্ষয়কুমারের চেষ্টায় পত্রিকায় সাহিত্য, বিজ্ঞান, পুরাতত্ত্বাদি বিষয়েও বহু সুলিখিত প্রবন্ধ স্থান পাইয়াছিল। তাঁহার নিজের বহু রচনাও এই পত্রিকার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়া আছে। মহর্ষি দেবেন্দ্রনাথ ‘আত্মজীবনী’তে লিখিয়াছেন :—

ঔহার ভায় লোককে পাইয়া তত্ত্ববোধিনী পত্রিকার আশায়রূপ উন্নতি করি। অমন রচনার সৌষ্ঠব তৎকালে অতি অল্প লোকেরই দেখিতাম। তখন কেবল কয়েকখানা সংবাদপত্রই ছিল। তাহাতে লোকহিতকর জ্ঞানগর্ভ কোন প্রবন্ধই প্রকাশ হইত না। বঙ্গদেশে তত্ত্ববোধিনী পত্রিকা সর্বপ্রথমে সেই অভাব পূরণ করে।

১৮৫০, জাহ্নয়ারি-জুন সংখ্যা 'ক্যালকাটা রিভিযু'তে প্রকাশিত 'Early Bengali Literature And Newspapers' প্রবন্ধে পাদরি লং 'তত্ত্ববোধিনী পত্রিকা' সম্বন্ধে এইরূপ মন্তব্য করেন :—

To those, who wish to know what the expressiveness of the Bengali language means, we would recommend the perusal of the *Tatwabodhini Patrika*, a monthly publication in Bengali, which yields to scarcely any English publication in India, for the ability and originality of its articles

'তত্ত্ববোধিনী পত্রিকা'র উন্নতির মূলে প্রবন্ধ-নির্কাচনী সভার কথাও স্মরণীয়। ১৮৫৯ খ্রীষ্টাব্দের মে মাসে তত্ত্ববোধিনী সভার সঙ্গে সঙ্গে এই সভাও বিলুপ্ত হয়।

অক্ষয়কুমার দত্তের পর নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় পত্রিকা-সম্পাদনের ভার গ্রহণ করেন (সত্যেন্দ্রনাথ ঠাকুর : 'আমার বাল্যকথা...', পৃ. ৬৪)। অতঃপর যাহারা 'তত্ত্ববোধিনী পত্রিকা'র সম্পাদক নির্কাচিত হইয়াছিলেন, তাঁহাদের নাম ও কার্যকাল :—

- ১। সত্যেন্দ্রনাথ ঠাকুর : ২৫ ডিসেম্বর ১৮৫৯—মার্চ ১৮৬২; এপ্রিল ১৯০৯—এপ্রিল ১৯১০; এপ্রিল ১৯১৫—জাহ্নয়ারি ১৯২৩ (ক্ষিতীন্দ্রনাথ ঠাকুরের সহযোগে)।
- ২। অযোধ্যানাথ পাকড়াণী : ১১ ফেব্রুয়ারি ১৮৬৫—এপ্রিল ১৮৬৭; এপ্রিল ১৮৬৯—১৮৭২।*
- ৩। হেমচন্দ্র বিহারদত্ত : এপ্রিল ১৮৬৭—এপ্রিল ১৮৬৯; এপ্রিল ১৮৭৭—সেপ্টেম্বর ১৮৮৪।
- ৪। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর : সেপ্টেম্বর ১৮৮৪—এপ্রিল ১৯০৮।
- ৫। রবীন্দ্রনাথ ঠাকুর : এপ্রিল ১৯১০—এপ্রিল ১৯১৫।
- ৬। ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর : এপ্রিল ১৯১৫—জাহ্নয়ারি ১৯২৩ (সত্যেন্দ্রনাথের সহযোগে); জাহ্নয়ারি ১৯২৩—...

* অযোধ্যানাথ পাকড়াণী যুত্বুর (২৮ আগষ্ট ১৮৭৩) অব্যবহিত পূর্বে মহর্ষির বিরাগভাজন হইয়াছিলেন। ১৮৭২ সনে বৈজ্ঞানিক সীতানাথ ঘোষের উপর 'তত্ত্ববোধিনী পত্রিকা'র সম্পাদন-ভার অর্পিত হয়। জ্যোতির্বিজ্ঞাননাথ ঠাকুর "পিতৃদেব সম্বন্ধে আমার জীবনস্মৃতি" প্রবন্ধে ('প্রবাসী,' মাঘ ১৩১৮) লিখিয়াছেন :—সীতানাথ "একজন বৈজ্ঞানিক ছিলেন। তিনি তড়িৎ চিকিৎসার জন্য একপ্রকার নুতন যন্ত্র উদ্ভাবন করিয়াছিলেন। তিনি কিছু দিন তত্ত্ববোধিনী পত্রিকায় সম্পাদকতাও করিয়াছিলেন। হিন্দু তাড়ি"-জ্ঞান সম্বন্ধে গবেষণাপূর্ণ অনেকগুলি প্রবন্ধ তিনি পত্রিকায় প্রকাশ করেন।" ৩৫১-৫৩ ও ৩৬৫ সংখ্যা পত্রিকায় ঘোষ-মহাশয়-লিখিত আর্য্যঋষিদিগের তড়িৎ-বিষয়ক জ্ঞান সম্বন্ধে এক দীর্ঘ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। এই প্রসঙ্গে যোগীন্দ্রনাথ সমাদার-লিখিত "বৈজ্ঞানিক সীতানাথ" প্রবন্ধ ('প্রবাসী,' জ্যৈষ্ঠ ১৩১৯) পঠিতব্য।

‘তত্ত্ববোধিনী পত্রিকা’ দীর্ঘকাল জীবিত থাকিয়া ক্ষিতীজ্ঞানাথের মৃত্যুর পর বন্ধ হইয়াছে।

কায়স্থ কৌস্তভ। ১৭ জুলাই ১৮৪৪।

ইহার প্রথম সংখ্যা প্রকাশিত হয়—১৮৪৪ সনের ১৭ই জুলাই। প্রথম সংখ্যার আখ্যাপত্রটি উদ্ধৃত করিতেছি :—

কায়স্থ কৌস্তভ অর্থাৎ কায়স্থ উৎপত্তিব বিবরণ, এবং তাহারদিগের জিহ্মা সংস্কৃত ও বঙ্গ ভাষায় বহু পণ্ডিত সন্মত মীমাংসা দ্বারা প্রকাশিত হইল, এবং নানা শাস্ত্র হইতে প্রমাণ শ্লোক সকল অবিকল লিখিত হইল। ১ সংখ্যা ত্রীবাঙ্কনারায়ণ মিত্র কর্তৃক সংগৃহীত।...
শকাংকঃ ১৭৬৬ সন ১২৫১ শাল ৩ প্রাবণ।

দ্বিতীয় সংখ্যার প্রকাশকাল—১১ মার্চ ১৮৪৫ (২৯ ফাল্গুন ১২৫৫)। এই সংখ্যার ভূমিকায় প্রকাশ :—

মহেশ্বের স্বীয় স্বীয় জাতীয় ধর্ম সনাতন হয়, ঐ স্বধর্ম নাশ হইলে নরকে নিয়ত বাস করেন।...কায়স্থ জাতি যে ক্ষত্রিয় বর্ণ ঠেহা সম্পূর্ণ রূপে সপ্রমাণ শাস্ত্রোক্ত বচন দ্বারা (১) প্রথম সখ্যক কায়স্থকৌস্তভ গ্রন্থে নিশ্চয় প্রকাশ করা গিয়াছে, এইক্ষণে এই (২) দ্বিতীয় ভাগ গ্রন্থে ঐ প্রথম ভাগের পোষকার্থে ও পরিষ্কার ব্যাখ্যা করণার্থে শাস্ত্রের বচন সকল শাস্ত্রাধীন যুক্তি দ্বারা কায়স্থ বা ক্ষত্রিয় বর্ণ ইহাই দৃঢ়রূপে পণ্ডিতদিগের বোধার্থে এবং সন্দেহ ভঞ্নার্থে প্রকট করা যাইতেছে।

‘কায়স্থ কৌস্তভে’র তৃতীয় সংখ্যার তারিখ—৫ মে ১৮৪৮ (২৪ বৈশাখ ১২৫৫)। ইহার আর কোন সংখ্যা প্রকাশিত হইরাছিল কি না আমাদের জানা নাই।

সর্দরসরঞ্জিনী (সাপ্তাহিক)। ইং ১৮৪৪।

কতিপয় শিক্ষিত যুদক প্রভাকর যদ্যালয় হইতে ১২৫১ সালে (ইং ১৮৪৪) ‘সর্দরস-রঞ্জিনী’ নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশ করেন।* ইহা দুই বৎসর কাল জীবিত ছিল।

সংবাদ রাজরাণী (সাপ্তাহিক)। ইং ১৮৪৪।

ভূতপূর্ব ‘সংবাদ দিবাকর’-সম্পাদক গঙ্গানারায়ণ বসুর সম্পাদকত্বে ‘সংবাদ রাজরাণী’ ১২৫১ সালে (ইং ১৮৪৪ ?) প্রকাশিত হয়। ইহার স্থিতিকাল অল্প দিন।

পক্ষির বিবরণ। ইং ১৮৪৪।

১৮৪৪ সনে ভূতপূর্ব ‘পঞ্চাবলী’-সম্পাদক রামচন্দ্র মিত্র কলিকাতা-স্কুলবুক-সোসাইটির সাহায্যে “পক্ষির বিবরণ। Ornithology. No 1” বাহির করেন। ইহার মূল্য ছিল

* "...The seventh paper is *Sarbarasaramjani*, or sentimentalist, a weekly octavo of half a sheet, of recent origin and very limited circulation."—*The Friend of India*, 9 June, 1845.

দশ পয়সা। ইহাতে সাধারণভাবে কতকগুলি পাখীর কথা বলা হইয়াছে। রামচন্দ্র প্রথম সংখ্যায় (পৃ. ৪৮) লিখিয়াছিলেন :—“ভারতবর্ষীয় পক্ষীর বৃত্তান্ত পরে লিখিব।” কিন্তু ইহার আর কোন সংখ্যা প্রকাশিত হয় নাই।

নিত্যধর্ম্মানুরঞ্জিকা (পাক্ষিক...)। ১১ জ্যুহুয়ারি ১৮৪৬।

“নাশ্তিকগণের বিরুদ্ধে যুদ্ধ” ঘোষণা করিয়া ১১ই জ্যুহুয়ারি ১৮৪৬ তারিখে যোড়াবাগান হইতে ‘নিত্যধর্ম্মানুরঞ্জিকা’ নামে পাক্ষিক পত্র প্রকাশিত হয়। পরবর্তী ১৩ই জ্যুহুয়ারি ‘বেঙ্গল হরকরা’ লেখেন :—

A Bengales paper styled *Nityo Dhurmanoo Runjecha* was issued from a Native Press on Sunday last Its principal object is to support the popular religion of the Hindoo, and oppose tooth and nail the spread of Vedantism or any creed other than the one it advocates. It is a bimonthly publication and will be distributed gratis to both the Laity and Clergy among the Hindoos...

‘নিত্যধর্ম্মানুরঞ্জিকা’র সম্পাদক ছিলেন নন্দকুমার কবিরত্ন। এই পত্রিকা “পাতুরিয়াঘাটার শ্রীযুত বাবু শিবচরণ কারফরমার বাটী হইতে বণ্টন” হইত। প্রত্যেক সংখ্যার কণ্ঠদেশে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

একো বিফূর্ন দ্বিতীয়ঃ স্বরূপঃ ।

—o—

সদ্বিচারজুযাং নৃণাং জ্ঞানানন্দপ্রদায়িকা
নিত্যানিত্যানিহাদকর্মী নিত্যধর্ম্মানুরঞ্জিকা
শ্রীকৃষ্ণাখ্যং পরমধুরং পীতকোষেয়বস্ত্রং ।
গোলোকেশং সজ্জলজলদশ্চামলং স্মেরবস্ত্রং
পূর্ণব্রহ্ম শ্রুতিভিরুদিতং নন্দমুহুং পরেশং ।
রাধাকাণ্ডং কমলনয়নং চিন্তয় স্বং মনো মে ।

দশ বৎসর পাক্ষিকরূপে চলিবার পর ‘নিত্যধর্ম্মানুরঞ্জিকা’ মাসিকপত্রে পরিণত হয়। সম্পাদক লিখিয়াছিলেন :—

পাঠকবর্গের প্রতি সাতিশয় বিনয় দ্বারা নিবেদন করিতেছি, এই বর্তমান অগ্রহায়ণ মাসাবধি (১২৬৩ সাল) নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা মাসে একবার প্রকাশ করিতে আরম্ভ করিলাম,...

বিদ্যাকল্পদ্রুম (ত্রৈমাসিক)। ২৬ জ্যুহুয়ারি ১৮৪৬।

১৮৪৬ সনের জ্যুহুয়ারি মাসে (১৪ মাঘ ১৭৬৭ শক) “বিদ্যাকল্পদ্রুম অর্থাৎ বিবিধ বিদ্যাবিষয়ক রচনা শ্রী কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা সংগৃহীত” হইয়া প্রকাশিত হয়। ইহার ইংরেজী নাম *Encyclopaedia Bengalensis*. ১ম কাণ্ডে “মঙ্গলাচরণে” ‘বিদ্যাকল্পদ্রুম’ প্রচারের উদ্দেশ্য এইরূপ বিবৃত হইয়াছে :—

বঙ্গভূমির মধ্যে সাধারণের মতিভ্রম নিবারণার্থে গৌড়ীয় ভাষাতে ইউরোপীয় পুরাতত্ত্ব ও পদার্থ বিজ্ঞান অমুবাদ এক উত্তম উপায় বোধ হইতেছে কেননা অবিজ্ঞা ও ভ্রান্তির যে দুই শক্তি দেশ ব্যাপিনী প্রবল আছে তাহা হইতে সাধারণের মন এ উপায়ে মুক্তি পাইতে পারে কিন্তু এই প্রকারে গৌড়ীয় ভাষাতে ইউরোপীয় বিজ্ঞান অমুবাদ যত বাঞ্ছনীয় তত সহজ নহে অতএব অসাধ্য জ্ঞান করিয়া আমি অনেক দিন পর্যন্ত এ চেষ্টাতে বিরত ছিলাম কিন্তু সম্প্রতি বেঙ্গল গবর্ণমেন্ট সমীপে উৎসাহ পাইয়া উক্ত অমুবাদের প্রতিজ্ঞাতে পুনশ্চ প্রবৃত্ত হইয়া পরমেশ্বরের প্রসাদে নির্ভর রাখিয়া ইউরোপীয় পুরাতত্ত্ব পদার্থ বিজ্ঞান ক্ষেত্র পরিমাণ জ্যোতিষাদি সকল শাস্ত্র স্বদেশীয় ভাষাতে বিজ্ঞান পূর্বক পশ্চিম ষণ্ডের জ্ঞান পূর্ব ষণ্ডে স্থাপন করিতে চেষ্টিত হইয়াছি।

যেৎ গ্রন্থ আমি রচনা করিতে প্রবৃত্ত আছি তাহা উক্ত বিষয়ক কোন বিশেষ পুস্তক হইতে অমুবাদ না করিয়া বরং নানা মূল হইতে সংগ্রহ করিতে কল্পনা করিতেছি...। আমার অভিপ্রায় এই যে বঙ্গভূমির সমস্ত জাতিকে আমার শ্রোতা করি অতএব যে কেহ পাঠ করিতে পারে সকলের হৃদোধক কথা ব্যবহার করিব তথাচ রচনার মাথুর্য্য দর্শাইয়া মনোরঞ্জক শিক্ষা বিস্তার করিতে সাধ্যক্রমে ক্রটি করিব না কিন্তু রূপক অলঙ্কারাদি রচনার শোভা স্পষ্টতার বাধক হইলে তাহার অনুরোধে বাক্যের সারল্য নষ্ট করিব না। জ্যোতিষ পদার্থ ও নীতি বিজ্ঞানে অনেক পারিভাষিক শব্দ ও তর্ক আছে এজ্ঞ তাহা অবশ্য কিঞ্চিৎ কঠিন হইবে কিন্তু ব্যাখ্যা ও টীকা দ্বারা সহজ করিতে যত্ন করিব। ভূমিকা ও অমুবন্ধে সরল বর্ণনার দ্বারা অপেক্ষা কঠিন বিচারের দ্বারা প্রাথমিক প্রযুক্ত পাঠকবর্গ যৎকিঞ্চিৎ বুদ্ধিমান না হইলে তাহার অধিকারী হইতে পারিবেন না তথাপি বঙ্গদেশীয় লোকের বোধগম্য করণার্থে সর্বপ্রকার চেষ্টা করা যাইবেক।

‘নিজাকল্পক্রমে’র এক-একটি কাণ্ড সাধারণতঃ তিন মাসের ব্যয়ধানে প্রকাশিত হইত। প্রত্যেক কাণ্ডের তিনটি করিয়া সংস্করণ—ইংরেজী-বাংলা, বাংলা ও ছাত্রোপযোগী বাংলা—মুদ্রিত হইত আমরা ‘নিজাকল্পক্রমে’র বারটি কাণ্ড দেখিয়াছি, সেগুলি—

ইং ১৮৪৬ :— ১। রোম রাজ্যের পুরাতত্ত্ব, ১ খণ্ড; ২। ক্ষেত্রতত্ত্ব, ১ খণ্ড; ৩। বিবিধ বিষয়ক পাঠ, ১ খণ্ড; ৪। রোম রাজ্যের পুরাতত্ত্ব, ২ খণ্ড।

ইং ১৮৪৭ :— ৫। জীবনবৃত্তান্ত; ৬। ইজিপ্ত দেশের পুরাতত্ত্ব; ৭। বিবিধ বিষয়ক পাঠ, ২ খণ্ড।

ইং ১৮৪৮ :— ৮। ভূগোল বৃত্তান্ত; ৯। ক্ষেত্রতত্ত্ব, ২ খণ্ড।

ইং ১৮৪৯ :— ১০। নীতিবোধক ইতিহাস (রাজত্ব এবং সরলতার পুরস্কার নামক গল্প); ১১। চিত্তোৎকর্ষবিধান, ১ খণ্ড।

ইং ১৮৫০ :— ১২। চিত্তোৎকর্ষবিধান, ২ খণ্ড।

ইহার সর্বসমেত তেরটি কাণ্ড প্রকাশিত হইয়াছিল। ত্রয়োদশ কাণ্ডের (জীবনবৃত্তান্ত ৭) উল্লেখ উত্তরপাড়া পাবলিক লাইব্রেরির পুস্তক-তালিকায় আছে।

জগদ্বদীপক ভাস্কর (সাপ্তাহিক) । ১১ জুন ১৮৪৬ ।

‘জগদ্বদীপক ভাস্কর’ মুসলমান-পরিচালিত দ্বিতীয় বাংলা সংবাদপত্র । এই সাপ্তাহিক পত্রে বাংলা ছাড়া আরও চারিটি ভাষায় (ইংরেজী, হিন্দী, ফার্সী এবং উর্দু বা হিন্দুস্তানীতে) রচনা মুদ্রিত করিবার সঙ্কল্প করিয়া ১৮৪৬ সনের ফেব্রুয়ারি মাসে ফরীদ-উদ্দীন খাঁ প্রথমে যে অল্পস্থান-পত্র প্রচার করিয়াছিলেন, তাহা পাঠ করিয়া জনৈক পাঠক ‘সম্বাদ ভাস্করে’ (১ এপ্রিল ১৮৪৬) এইরূপ মন্তব্য করেন :—

সম্প্রতি নব্য সম্পাদক মোলবি করিমুদ্দিন খাঁ সাহেব...একখানি কাগজে পঞ্চভাষা সংগ্রহ করার যে ব্যবস্থা করিয়াছেন যদিও তাহাতে তাঁহার পরিশ্রমের বহুবাদ করা শ্রেয়ঃ কিন্তু ইদানীং ঐ পঞ্চ ভাষাতে পরিপক ব্যক্তি অতি বিরল অতএব যে ব্যক্তির ঐ সকল ভাষা মধ্যে এক কি দুই ভাষাজ্ঞ বটেন তাঁহার অল্প ভাষা সহিত ঐ সমাচার পত্রের মূল্য অধিক ধার্য হওয়াতে তাহা গ্রহণ করা অবশ্য কঠিন গ্রহণ করিয়া তাহা হইতে বিরত হইবেন, যেহেতুক মোলবী সাহেবের বহু মূল্যের পঞ্চভাষা সম্বলিত দীর্ঘ পিণ্ড কাগজ দ্বারা এক কি দুই ভাষাজ্ঞ ব্যক্তির যে সকল সমাচার জানিতে পারিবেন তাহা অজ্ঞা বন্ধ এবং পারস্ত ভাষার অল্প মূল্যের কাগজ দ্বারাই জ্ঞাত হওয়া সম্ভব অতএব অল্প ব্যয়ে যাহা উপলব্ধ হয় তাহা পরিভ্যাগ করিয়া বহু ব্যয়ের পক্ষে কদাচ সাধারণের মনোযোগ হইবেক না, এ অবস্থায় মোলবী সাহেবের অল্প উপায় করা ভাল ছিল, তাহা এই যে বঙ্গীয় ব্যক্তিবৃহের নিমিত্তে ইংরেজি এবং বঙ্গ ও পারস্ত ভাষাত্রয়ের এক কাগজ এবং হিন্দুস্থানিদিগের কারণ ইংরেজি এবং উর্দু ও নাগরি ভাষাত্রয়ের এক কাগজ অষ্ট পৃষ্ঠা পরিমাণে দ্বতন্ত্র প্রস্তুত এবং প্রত্যেক কাগজের মূল্য দুই টাকা ধার্য করিলে তাঁহার লভ্যের হানি না হইয়া ঐ কাগজ গ্রহণে তাবতেই উৎসাহযুক্ত হইতেন অতএব এপর্যন্ত মোলবী সাহেবের কাগজ প্রচার না হওয়া বিধায় যদি এইক্ষেণেও তিনি আমার পরামর্শ গ্রহণ করেন তবে অবশ্য উত্তরকালে কলদৃষ্টি করিবেন নতুবা যাহা ঘটবেক তাহা পরে সকলেই দেখিবেন ইতি ।...ঐ সমাচার পত্রের নাম ইংলিস ভাষাতে ‘ইণ্ডিয়ান সন’ এবং পারস্ত ভাষাতে ‘দকত বেওয়াকেনাত’ এবং বঙ্গভাষাতে ‘জগদ্বদীপক ভাস্কর’ লিখিত হইয়াছে, ‘নাগর অক্ষরে কি লিখিয়াছেন তাহাতে আমি জ্ঞান রহিত বিধায় জানিতে পারিলাম না’...

‘জগদ্বদীপক ভাস্কর’ পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হয়—১১ জুন ১৮৪৬ । ইহার বার্ষিক মূল্য নির্দিষ্ট হইয়াছিল ৪০ টাকা । প্রথম সংখ্যা পাঠ করিয়া ‘ক্যালকাটা রিভিউ’ (জামুয়ারি জুন ১৮৪৬) যে মন্তব্য করেন, তাহা নিম্নে উদ্ধৃত করা হইল :—

The Indian Sun, Calcutta—Printed and published in the Indian Sun Press, old Madrasa, No. 101, Boitakhanah Street, by Moulavi Nussir-ud-din, for the Proprietor.

This is a weekly Journal which made its first appearance, on the 11th of June ; and we desire duly to record its existence as one of the curiosities of our local Literature. It is a polyglott Newspaper, consisting at present of ten folio pages of ample breadth and length, and intended ere long to be enlarged to sixteen pages. Each page consists of five parallel columns in five different languages, viz, Persian,

Hindi, English, Bengali, and Urdu or Hindustani. The subject matter is the same in all—being rendered or translated into each of these languages. The English occupies the central column, and is properly flanked and guarded on the one side by the Persian and Hindi versions, and on the other by the Bengali and Urdu equivalents....

দুই মাস যাইতে-না-যাইতেই পত্রিকাখানির মৃত্যু ঘটে। ৩০ জুলাই ১৮৪৬ তারিখের 'ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া' পত্রে প্রকাশ :—

Monday, July 27.—The *Indian Sun*, a paper published in five languages has set for ever, without, however, leaving the horizon in greater darkness than before. The plan of the paper was beyond the strength or resources of any man, European or Native ; ...

পাষণ্ডপীড়ন (সাপ্তাহিক) । ২০ জুন ১৮৪৬ ।

১৮৪৬ সনের ২০এ জুন প্রভাকর-যন্ত্রালয় হইতে 'পাষণ্ডপীড়ন' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ঈশ্বরচন্দ্র গুপ্ত লিখিয়া গিয়াছেন :—

১২৫৩ সালের আষাঢ় মাসের সপ্তম দিবসে প্রভাকর যন্ত্রে পাষণ্ডপীড়নের জন্ম হইল। ইহাতে পূর্বে কেবল সর্বজন-মনোরঞ্জন প্রকৃষ্ট প্রবন্ধপুঞ্জ প্রকটিত হইত, পবে ৫৪ সালে কোন বিশেষ হেতুতে পাষণ্ডপীড়ন, পাষণ্ডপীড়ন করিয়া, আপনিই পাষণ্ড হস্তে পীড়িত হইলেন। অর্থাৎ সীতানাথ ঘোষ নামক জনেক কৃতঘ্ন ব্যক্তি যাহার নামে এই পত্র প্রচারিত হয়, সেই অর্ধাঙ্গিক ঘোষ বিপক্ষের সহিত যোগ দান করতঃ ঐ সালের ভাদ্র মাসে পাষণ্ডপীড়নের হেড চুরি করিয়া পলায়ন করিল, সুতরাং আমাদিগের বহুগণ তৎপ্রকাশে বঞ্চিত হইলেন। ঐ ঘোষ উক্ত পত্র ভাঙ্গরের করে দিয়া পাতরে আছড়াইয়া নষ্ট করিল। ('সংবাদ প্রভাকর', ১ বৈশাখ ১২৫২)

পাষণ্ডপীড়ন ২০ জুন ১৮৪৬ (৭ আষাঢ় ১২৫৩) তারিখে জন্মলাভ কবিতা পর-বৎসর ভাদ্র মাসে (অ'গস্ট-সেপ্টেম্বর, ১৮৪৭) লুপ্ত হয়। 'সংবাদ ভাঙ্গর'-সম্পাদক গৌরীশঙ্কর তর্কবাগীশ (গুডগুড়ে ভট্টাচার্য) "পূর্বে বন্ধুরূপে প্রভাকরের অনেক সাহায্য করিতেন।" কিন্তু "১২৫৪ সালেই তর্কবাগীশের সহিত ঈশ্বরচন্দ্রের বিবাদ আরম্ভ এবং ক্রমে প্রবল হয়। ঈশ্বরচন্দ্র 'পাষণ্ডপীড়ন' এবং তর্কবাগীশ 'রসরাজ' পত্র অবলম্বনে কবিতা-যুদ্ধ আরম্ভ করেন। শেষে নিতান্ত অশীলতা, গ্লানি এবং কুৎসা-পূর্ণ কবিতায় পরস্পরে পরস্পরকে আক্রমণ করিতে থাকেন। দেশের সর্বসাধারণে সেই লড়াই দেখিবার জন্ম মত হইয়া উঠে। সেই লড়াইয়ে ঈশ্বরচন্দ্রেরই জয় হয়।"

সত্যসঞ্চারিণী পত্রিকা (মাসিক) । আগস্ট ১৮৪৬ ।

১৮৪৬ সনের মে মাসে কলিকাতায় সত্যসঞ্চারিণী সভার প্রতিষ্ঠার কথা সংবাদপত্রে ঘোষিত হইয়াছিল। এই বেদান্ত-সভার সভাপতি ছিলেন—রামমোহন রায়ের কনিষ্ঠ পুত্র

রমাশ্রসাদ রায়। সভার মুখপত্র-স্বরূপ 'সত্যসঞ্চারিণী পত্রিকা' নামে একখানি মাসিক পত্রিকা পরবর্তী আগস্ট মাসে প্রচারিত হয়। ২৭ আগস্ট ১৮৪৬ তারিখের 'ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়ান' প্রকাশ :—

Thursday, August 20.—We have been favoured with the first number of a Native paper, the Suttusuncharinee, which has just issued from the Press. It is established by a portion of the large and increasing body who may be designated Hindoo Deists, who have been ruined by education above the puerilities of idolatry,—the outward observances of which, however, they have not the moral courage to discard,—but instead of embracing the truths of the Gospel, have taken refuge in Vedantism.

'সত্যসঞ্চারিণী পত্রিকা'র সম্পাদক ছিলেন "হিন্দুকালেজের প্রধান গণিত ছাত্রীয় বৃত্তিধারী অশিক্ষিত ছাত্র" শ্রামাচরণ বসু। ১৪ নবেম্বর ১৮৪৭ তারিখে সম্পাদকের মৃত্যু হইলে 'সত্যসঞ্চারিণী'ও রহিত হইয়া যায়।

সমাচার জ্ঞানদর্পণ (সাপ্তাহিক)। ১৭ অক্টোবর ১৮৪৬।

১৭ অক্টোবর ১৮৪৬ তারিখে ভাস্কর-যন্ত্রালয় হইতে উমাকান্ত ভট্টাচার্যের সম্পাদনায় 'সমাচার জ্ঞানদর্পণ' প্রকাশিত হয়। পরবর্তী ২২এ অক্টোবরের 'ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়ান' প্রকাশ :—

Monday, October 19.—We learn from the *Englishman* that a new native paper has been started from the *Bhaskur* press from Saturday last. It promises chiefly to discuss questions of morality and religion, leaving aside politics, we presume, to its able brother the *Bhaskur*. So we have now three journals of different characters issuing from the Press, the *Bhaskur*, the politician; *Rosoraj*, the satirist, and the *Jan Durgun*, the moralist.

'সমাচার জ্ঞানদর্পণ' প্রতি শনিবার প্রাতঃকালে বাহির হইত। ঈশ্বরচন্দ্র গুপ্ত লিখিয়াছেন, ১২৫৬ সালের আশ্বিন মাসে (সেপ্টেম্বর-অক্টোবর ১৮৪২) ইহার প্রচার রহিত হয়।

জগদ্বন্ধু (মাসিক)। ইং ১৮৪৬।

সীতানাথ ঘোষ, বঙ্গলাল কারফরমা এবং উমেশচন্দ্র মিত্র প্রভৃতি হিন্দু-কলেজের কয়েক জন অশিক্ষিত যুবকের চেষ্টায় ১২৫৩ সালে (ইং ১৮৪৬) 'জগদ্বন্ধু' নামে একখানি মাসিক-পত্রের জন্ম হয়। সীতানাথ ঘোষ এই পত্রের সম্পাদক ছিলেন। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ,—

মাঘ, ১২৫৪।...হিন্দুকালেজের প্রধান গৃহের ছাত্র জগদ্বন্ধু পত্রের সম্পাদক বাবু সীতানাথ ঘোষ অল্প বয়সে বিবাহের ফল বিষয়ে উত্তম এসে লেখাতে যত হেয়ার সাহেবের কণ্ঠ হইতে এক পত টাকা পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন।

‘জগদ্বন্ধু’ প্রায় তিন বৎসর স্থায়ী হইয়াছিল। ১ বৈশাখ ১২৫৬ (১২ এপ্রিল ১৮৪২) তারিখে ‘সংবাদ প্রভাকর’ লেখেন :—

...বর্তমান বর্ষে জগদ্বন্ধু পত্রিকার বিনাশ হওয়াতে আমরা অতিশয় দুঃখ হইয়াছি, যেহেতু তাহাতে অতি উত্তম প্রবন্ধ সকল প্রকটিত হইত।

উপদেশক (মাসিক)। জানুয়ারি ১৮৪৭।

‘মঙ্গলোপাখ্যান’ পত্রের অভাব দূবীকরণার্থ ১৮৪৭ সনের জানুয়ারি মাসে ‘উপদেশক’ নামে মাসিক পত্রিকার জন্ম হয়। ইহার মূল্য ছিল দুই আনা। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় প্রকাশ :—

মঙ্গলোপাখ্যান নামে যে পত্রিকা কএক বৎসর পর্যন্ত মাসে মাসে ছাপা হইত, তদ্বারা বঙ্গ দেশীয় খ্রীষ্টীয়ান লোকেরা পারমাণ্বিক জ্ঞানপ্রদানাদি অধিক উপকার লাভ করিত। সম্প্রতি সেই পত্রিকা সম্পাদকের অবকাশাভাব হেতুক স্থগিত হইল, ইহাতে অনেকে মনে দুঃখিত হইয়াছে, এই কারণে পুনরায় ঐ প্রকার এক পত্রিকা মাসে মাসে ছাপাইতে স্থির করা গেল।

‘উপদেশক’ সম্পাদন করিতেন—পাদরি জে. ওয়েঙ্কার। ১৮৫৭ সনের যে মাস পর্যন্ত চলিয়া ইহাব প্রচার রহিত হয়। মার্চক লিখিয়াছেন, ১৮৫৭ সন পর্যন্ত ‘উপদেশক’ পরিচালনা করিয়া সম্পাদক স্বদেশে গমন করেন; ১৮৬৩ সনে এ-দেশে ফিরিয়া তিনি ‘উপদেশক’কে পুনরুজ্জীবিত করিয়াছিলেন। ১৮৬৫ সনে ইহা লুপ্ত হয়।

দুর্জ্জন দমন মহানবমী (মাসিক...)। ২ ফেব্রুয়ারি ১৮৪৭।

১৮৪৭ সনের ২ই ফেব্রুয়ারি (২৮ মাঘ ১২৫৩) ‘দুর্জ্জন দমন মহানবমী’ মাসিকপত্র-রূপে প্রকাশিত হয়। প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ লিখিত হইয়াছে :—

...বর্ষ বিষয়ক বহুবিধ মতের আন্দোলনে কোনমতে মতস্থির নাই, বুদ্ধি ও মনের চাকল্য প্রযুক্ত বর্ষে অনাস্থা জন্মিয়া নাস্তিকতার বুদ্ধি হইতে লাগিল, সকলেই পরস্পর মত স্থাপক হইতে চাহেন,—কোনং ব্যক্তি অভিপ্রায় মত বর্ষযাজন করাইয়া আপনি ধর্মোপদেশকরূপে প্রতিপন্ন হইতেছেন,—তদতিরিক্ত কেহং স্বজাতীয় বর্ষ পরিভ্যাগ পূর্বক বিজাতীয় বর্ষে অভিষিক্ত হইতেছেন কেহ বা ব্রাহ্মণের ব্যক্তির যজ্ঞোপবীতি দানে প্রবর্ত, কোনং মহাত্মারা ক্রীলোকেরদিগকে স্বাধীনা করিতে উৎসাহী, কেহবা বিধবার বিবাহেতেই ব্যতিব্যস্ত কেহং পিতামাতার সহিত অনৈক্যতার বিপরীত পধাহুগামী হইয়া ব স্বজাতীয় বর্ষপ্রতি দ্বেষ করত কর্মকাণ্ডের পথে একেকালেই জলাঞ্জলি দিয়াছেন,—এরূপ বর্ষ বিহিংসক জনগণেতে পরিপূর্ণ হইয়া এই মহাশুণ্যায়িত নগর সংপ্রতি দোষের আকর বলিয়া

খ্যাতি প্রাপ্ত হইলেন, অতএব সর্বদোষনিবিদ্ব দুর্জনদিগের দমন নিমিত্তে দুর্জন দমন মহানবমী নামে এই পত্র প্রকাশ করিতেছি...সম্পাদক শ্রীমধুরামোহন দাস গুহস্ত ।

‘দুর্জন দমন মহানবমী’ পত্রের শিরোভূষণ-স্বরূপ প্রত্যেক সংখ্যায় এই চিত্র ও শ্লোক মুদ্রিত হইত :—



ধর্মবিহীনসক দ্বিপদ পশুনাং কঠ গলিত কুধিরং স্পৃহয়ন্তী ।
সম্পূত্ৰ্যদয়বতীহ নগর্যাং শ্রীদুর্জন দমন মহানবমী ॥

পঞ্চম সংখ্যা (৭ই জুন) হইতে ‘দুর্জন দমন মহানবমী’ পাক্ষিক পত্রে পবিণত হয় এবং ঠাকুরদাস বসু সহকারী সম্পাদক নিযুক্ত হন । ইনিই শেষে ‘দুর্জন দমন মহানবমী’ব সম্পাদক ও একমাত্র স্বত্বাধিকারী হন । একাদশ সংখ্যায় (৯ সেপ্টেম্বর ১৮৪৭) এই সম্পাদকীয় বিজ্ঞাপন প্রকাশিত হয় :

এতদ্বারা পাঠকবর্গ সমীপে বিনয় পূর্বক বিজ্ঞাপন করিতেছি যে এতৎ পত্রের দ্বিতীয় সম্পাদক শ্রীযুত বাবু মধুরামোহন গুহ কোন বিশেষ প্রয়োজনাবীন শ্রীম অর্দ্ধাংশ স্বত্বাধিকার আমার প্রতি অর্পণ পূর্বক পদত্যাগ করিলেন আমি এক্ষণে সমুদায় ভার গ্রহণ করত অল্প হইতে পত্রিকা সম্পাদন করণে প্রবর্ত্ত হইলাম এই পত্রিকা একাল পর্য্যন্ত মাসিক বারদয় প্রতি নবমী তিথিতে প্রকাশিত হইয়াছে কিন্তু তদ্বিনে আমার অনবকাশ প্রযুক্ত এক্ষণে পূর্ববৎ যাবদীয় নিয়মের সহিত প্রতি অমাবস্তা ও পূর্ণিমাষ প্রকটিত হইবে... ।

‘দুর্জন দমন মহানবমী’ পাঠে স্মৃতিচর একান্ত অভাব লক্ষিত হয় । ইহার পৃষ্ঠা কুৎসিত গালাগালি ও অশ্লীলতা-পূর্ণ । শ্রায় চারি বৎসর চলিয়া ১২৫৭ সালে ইহার প্রচার রহিত হয় ।

সংবাদ জ্ঞানাজ্ঞান (সাপ্তাহিক) । ১৫ এপ্রিল ১৮৪৭ ।

১৫ এপ্রিল ১৮৪৭ তারিখে চৈতন্তচরণ অধিকারীর সম্পাদনায় ‘সংবাদ জ্ঞানাজ্ঞান’ নামে একখানি দ্বিভাষিক সাপ্তাহিক পত্র প্রকাশিত হয় । ‘সংবাদ প্রভাকরে’ (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ—

১২৫৪, বৈশাখ । বাবু চৈতন্তচরণ অধিকারী মহাশয় ৩ বৈশাখ দিবসে ইংরাজী এবং বঙ্গভাষায় জ্ঞানাজ্ঞান নামক এক সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ করেন ।

‘সংবাদ জ্ঞানাজ্ঞান’ পত্রের আবির্ভাবে ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ (১২ এপ্রিল ১৮৪৭) যে সপ্রশংস উক্তি করেন, নিয়ে তাহা উদ্ধৃত হইল :—

আমরা আস্থাদপূর্বক পাঠকবর্গকে জ্ঞাপন করিতেছি যে এতদ্ব্যগ্ৰহ বহুবাঙ্গার নিবাসি অশ্বদাদির প্রাচীন মিত্র বিজ্ঞবর ত্রীমুক্ত বাবু চৈতন্যচরণ অধিকারি মহাশয় কর্তৃক সংবাদ জ্ঞানাজ্ঞান নামক ইংরাজী ও বাঙ্গালা উভয় ভাষায় ভাষিত পূর্ব প্রকাশিত বাঙ্গাল স্পেক্টেটরের স্থায় অষ্ট পৃষ্ঠ পরিমিত এক সাপ্তাহিক সমাচারপত্রের আদর্শ প্রকাশিত হইয়াছে। তদেক প্রস্ত অশ্বৎসমীপে প্রেরিত হইয়াছিল, তৎপার্শ্বে আমরা পরম সন্তুষ্ট হইলাম, যেহেতুক উভয় ভাষায় অস্থবাদে যে প্রকার ঐক্য রাখিয়াছেন ইহা অল্প পরিশ্রমের কৰ্ম নহে, প্রস্তাব এবং রচনাও উত্তম হইয়াছে। অতএব ভরসা করি যে ইংরাজী বাঙ্গালায় প্রকাশিত সমাচার দপণ, সংবাদ সারসংগ্রহ, জ্ঞানামেষণ, বিজ্ঞানসেববি, সংবাদ সৌদামিনী, বাঙ্গাল স্পেক্টেটর এবং ইবেঞ্জেলিষ্ট প্রভৃতি যে কএক পত্র প্রচলিত ছিল তাহা সমুদয়ই রহিত হওয়ার্তে সেই সকল পত্রের অভাবজন্য অশ্বদাদির অশুঃকরণে যে ক্ষোভ ছিল, এক্ষণে সংবাদ জ্ঞানাজ্ঞান প্রকাশ হওয়ার্তে সে ক্ষোভ নিবারণের সম্ভাবনা। (Yates : *Introduction to Bengali Literature*, ii. 383.)

এক বৎসব যাইতে-না-যাইতেই পবনতী ডিসেম্বর মাসে পত্রিকাখানির অস্তিত্ব লোপ পায়। ১৬ ডিসেম্বর ১৮৪৭ তারিখেব ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’র প্রকাশ :—

Wednesday, December 15.—The *Sundar Gyananjum*, a Native paper in the Bengalee and English language, tells us that he likewise has been obliged to bend to the storm now raging in the commercial world, and suspend operations. The Editor takes his leave of his subscribers by informing them that his supporters consisted chiefly of those who were dependent on the houses which have become bankrupt, and that he has therefore been obliged to put the affairs of the journal into the hands of trustees, and retire from business.

হিন্দুধর্ম চন্দ্রোদয় (মাসিক) । মে ১৮৪৭ ।

১৮৪৭ সনের মে মাসে ‘হিন্দুধর্ম চন্দ্রোদয়’ নামে একখানি মাসিকপত্র প্রকাশিত হয়। ‘সংবাদ প্রভাকরে’ (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ :—

১২৫৪, বৈশাখ । বিষ্ণু সভা সম্পাদক বার্মিকপ্রবর হরিনারায়ণ গোস্বামি মহাশয়

হিন্দুধর্ম চন্দ্রোদয় পত্র প্রকটন করেন ।

ব্রাহ্মদের বিরুদ্ধে লেখনী ধারণ করার জন্ত যে পত্রিকাখানির জন্ম হইয়াছিল, নিয়োদ্ধৃত অংশ হইতে তাহা জানা যাইবে :—

SUMMARY OF MONTHLY NEWS...

Friday, 7th May....The Hindu Dhurmoohundroday, a native monthly, is started to defeat, it is said, the exertions of that sect of the Hindus commonly known by the name of Brahmins.—*The Oriental Observer* for May 1847.

ইহার স্থিতিকাল এক বর্ষ বলিয়া জানা যায় ।

সংবাদ কাব্যরত্নাকর (সাপ্তাহিক) । ১৬ জুন ১৮৪৭ ।

১৮৪৭ সনের ১৬ই জুন 'সংবাদ কাব্যরত্নাকর' নামে একখানি সাপ্তাহিক পত্রের জন্ম হয় । 'সংবাদ প্রভাকর' (১ নৈশাখ ১২৫৫) প্রকাশ :—

১২৫৪, আষাঢ় । ৩রা আষাঢ় বুধবার দিবসে জ্ঞানদর্পণ যন্ত্র হইতে সংবাদ কাব্যরত্নাকর পত্রের জন্ম ।*

'সংবাদ রসরাজ' বা 'পাষাণ্ডপীড়নে'র ছায় হইতে ব্যঙ্গ-বিদ্রূপই প্রধানতঃ স্থান পাইত । ভারত ভট্টাচার্য্য—এই নামে জ্ঞানদর্পণ-সম্পাদক উমাকান্ত ভট্টাচার্য্যই ইহা সম্পাদন করিতেন । 'দুর্জন দমন মহানবমী' পত্রে প্রকাশ :—

উমাকান্ত কাব্যরত্নাকর ও জ্ঞানদর্পণ উভয় পত্র যোগ্যরূপে নির্বাহ করিতেছেন যদিও রত্নাকর ভারত ভট্টাচার্য্যের নামে বিকাশমান আছে সে কেবল গৃহের ছই দ্বার মাত্র ভারত ভট্টাচার্য্য তাঁহারি রাসীস্ব নাম ব্যক্তান্তর নহে অতএব রত্নাকরের সম্পাদকীয়োক্তি গুপ্ত লেখা হইলেও তাঁহারি প্রকাশ লেখা বলিতে হয় এবং সত্য্যাসত্য্য জ্ঞান করা যায়,... । (১৪শ সংখ্যা, ২৩ অক্টোবর ১৮৪৭)

'সংবাদ কাব্যরত্নাকর'র পরমাষু দুই বৎসর ।

প্রচলিত সাময়িক-পত্রের তালিকা

২৬ জুলাই ১৮৪৭ তারিখে কাশীপ্রসাদ ঘোষ-সম্পাদিত 'দি হিন্দু ইন্টেলিজেন্সার' নামক ইংরেজী সাপ্তাহিক পত্রে তৎকালপ্রচলিত বাংলা সাময়িক-পত্রের এই তালিকাটি প্রকাশিত হয় ।—

দৈনিক :—প্রভাকর, পূর্ণচন্দ্রোদয় ।

অর্ধ-সাপ্তাহিক :—সমাচার চন্দ্রিকা, সংবাদ রসরাজ ।

সাপ্তাহিক :—সংবাদ ভাস্কর, সমাচার জ্ঞানদর্পণ, পাষাণ্ডপীড়ন, কাব্যরত্নাকর ।

পাক্ষিক :—দুর্জন দমন মহানবমী, নিত্যধর্ম্মাহরঞ্জিকা ।

মাসিক :—তত্ত্ববোধিনী পত্রিকা, সত্য্যসন্ধারিণী পত্রিকা, জগদ্বন্ধু, হিন্দুধর্ম্মচন্দ্রোদয়, উপদেশক ।

ত্রৈমাসিক :—বিভাকল্পক্রম ।

* ১৮৪৭ সনের ২৭এ জুলাই 'হিন্দু ইন্টেলিজেন্সার' লিখিয়াছিলেন :—“The *Sungbad Pasund Peerun* and *Kabya Rutnakur* are two weeklies published on Mondays and Wednesdays respectively, and containing satires and lampoons like the *Russoraj*.” 'সংবাদ কাব্যরত্নাকর' কিছু দিন পরে—অন্ততঃ ১৮৪৯ সনে পাক্ষিক পত্রে পরিণত হইয়াছিল বলিয়া মনে হয় ; কারণ, ২৫ জুন ১৮৪৯ তারিখের 'হিন্দু ইন্টেলিজেন্সার' পত্রে তৎকাল-প্রচলিত সাময়িক-পত্রের নামের তালিকায় 'সংবাদ কাব্যরত্নাকর'কে পাক্ষিক পত্রের অন্তর্ভুক্ত দেখিতেছি ।

হিন্দুবন্ধু (মাসিক) । আগষ্ট ১৮৪৭ ।

১৮৪৭ সনের আগস্ট মাসে 'হিন্দুবন্ধু' প্রকাশিত হয় । 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ :—

১২৫৪, ভাদ্র ।—হিন্দুবন্ধু নামে বর্ষাবিষয়ক এক পত্র প্রকাশ হইয়াছিল ।

ঈশ্বরচন্দ্র গুপ্ত 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৫২) লিখিয়াছেন, 'হিন্দুবন্ধু' একখানি "সাপ্তাহিক পত্র, হাজার সম্পাদক উমাচরণ ভদ্র । প্রকৃতপক্ষে ইহা একখানি মাসিক পত্র । 'ধর্মরাজ' পত্রে (ফাল্গুন ১২৫২) প্রকাশ :—

কয়েক বৎসরাতীত হইল ইহনগরীতে খৃষ্টধর্মের প্রাতিপক্ষিক 'হিন্দু বন্ধু' নামক একখানি মাসিক পত্র প্রকটিত হইয়া প্রায় চারি মাস কাল জীবিত ছিল, তাহার কার্যাদি অতি সুনিয়মে নিষ্পাদিত হইত, যে হেতু, এমত পত্র প্রকাশিত হওয়া সকলেরই প্রার্থনীয় বটে, তাহাতে সেই হিন্দু বন্ধুর প্রতি প্রায় পঞ্চশত ব্যক্তি বন্ধুতা প্রদর্শন করত গ্রাহক হইয়া যথানিয়মে বেতন প্রদান করতেন, কিন্তু কেমন ঘেঘাচার যে কোন মতেই একতার সংস্থিতি হইতে পাইল না, যে মহাশয় প্রধান ছিলেন, তাঁহার আন্তরিক অর্জন স্পৃহা আধিক্য হইয়া হিন্দুবন্ধুর বেতন যাহা কিছু আদায় হইত তাহার সমুদায়ই তিনি হস্তগত করিয়া লইতেন, এমতে সুভরাৎ অপরাপর অধ্যক্ষদিগের সহিত তাঁহার ভাবান্তর হইয়া উঠিল, সেই অনৈক্যই কাল স্বরূপ হইয়া হিন্দুবন্ধুকে একজন অকৃতী কুশল প্রহাণ্ডুহস্তে সমর্পিত করিল, তৎপরে কথঞ্চিদ্রুপে একবার মাত্র প্রকাশ পাইয়া অকৃত সম্পাদনেই সেই পত্র লীলাসম্বরণ করে । এই ক্ষণেও অনেকে সেই মত হিন্দুবন্ধুর নিমিত্ত শোচনা করেন ।

রঙ্গপুর বার্ত্তাবহ (সাপ্তাহিক) । আগস্ট ১৮৪৭ ।

১২৫৪ সালের ভাদ্র (আগস্ট ১৮৪৭) মাসে রংপুরের কুণ্ডী পরগণার নিতৌৎসাহী ভূম্যধিকারী কালীচন্দ্র রায় চৌধুরীর আন্তরিক্যে রংপুর হইতে 'রঙ্গপুর বার্ত্তাবহ' নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয় । 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ,—

১২৫৪, ভাদ্র ।—জিলা রঙ্গপুরে 'রঙ্গপুর বার্ত্তাবহ' নামক এক মহোপকারক সমাচার পত্র প্রকটিত হয় ।

'রঙ্গপুর বার্ত্তাবহ' পরিচালন করিতেন গুরুচরণ রায় । তাঁহার মৃত্যুর পর নীলাস্বর মুখোপাধ্যায় সম্পাদক হন :

...সহযোগি ভ্রাতাদিগকে এবং করুণাপূর্ণ গ্রাহক মহোদয়গণকে যথা বিহিত অভিবাदन পূর্বক আমি অত্র রঙ্গপুর বার্ত্তাবহ পত্রের সম্পাদকীয় আসন এহণ করিলাম ।...অধুনা বার্ত্তাবহ প্রকাশের বিলম্বের কারণ বক্তব্য । এই পত্রের পূর্ব সম্পাদক গুরুচরণ রায় গত ৩ ভাদ্র [১২৫৮] সোমবার দিবস পরলোক গমন করিতে তাঁহার বিধবা স্ত্রী স্রীমতী ভাগীরথী দেবী বার্ত্তাবহ পত্রের তাবৎ বস্ত ও দেনা পাওনা ইত্যাদি সমুদয় আমার স্থানে বিক্রয় করেন,

কিন্তু সে সম্বাদ এলাকার মাজিষ্ট্রেট সাহেবকে না দিয়া তৎযন্ত্রের কর্ম পরিচালন করা অবিধি হয় বিবেচনায় তাঁহার নিকটে দরখাস্ত করিয়া হুকুম বাহির করিতে প্রবৃত্ত হই, আর তাহা করিতেই তিন সপ্তাহ কাল অতীত হইয়া গিয়াছে। শ্রীযুত নীলাধর মুখোপাধ্যায়।

(১৮ সেপ্টেম্বর ১৮৫১ তারিখের 'সংবাদ প্রভাকরে' উদ্ধৃত)

সিপাহী-বিদ্রোহের সময় লর্ড ক্যানিং মুদ্রাবন্ধ-বিষয়ক আইন জারি করিলে 'রঙ্গপুর বার্তাবহে'র প্রচার রহিত হয়। ১৭ আগস্ট ১৮৫৭ তারিখের 'সংবাদ প্রভাকরে' প্রকাশ :—

শ্রাবণ ১২৬৪।—...ছাপাযন্ত্রের স্বাধীনতা নাশক আইন প্রচার হইবায় রঙ্গপুর বার্তাবহ পত্র উঠিয়া যায়।

সংবাদ সাধুরঞ্জন (সাপ্তাহিক)। আগষ্ট ১৮৪৭।

'পাষণ্ডপীড়ন' রহিত হইবার পর ১২৫৪ সালের ভাদ্র মাসে (আগষ্ট ১৮৪৭) ঈশ্বরচন্দ্র গুপ্ত 'সংবাদ সাধুরঞ্জন' নামে সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ইহা প্রতি-সোমবার প্রভাকর-যন্ত্র হইতে প্রকাশিত হইত। ইহার কণ্ঠে নিম্নলিখিত শ্লোকটি শোভা পাইত :—

প্রচণ্ড পাষণ্ড তরু প্রভঞ্জনঃ। সমস্ত সন্মোক মনোহম্বরঞ্জনঃ ॥

সদাসদালোচন লোচনাঞ্জনঃ। প্রকাশতে সংপ্রতি সাধুরঞ্জনঃ ॥

॥ * ॥ প্রচণ্ড পাষণ্ডরূপ তরুপ্রভঞ্জন। সমস্ত সজ্জনগণ মানসরঞ্জন ॥

॥ * ॥ সদা সং আলোচন লোচন অঞ্জন। সম্প্রতি প্রকাশ হল এ সাধুরঞ্জন ॥

কিছু দিন পরে অবস্থা কিঞ্চিৎ সচ্ছল হইলে ঈশ্বরচন্দ্র তাঁহার জ্ঞাতিব্রাতা নবকৃষ্ণ রায়ের নাম 'সংবাদ সাধুরঞ্জনে'র সম্পাদক-রূপে প্রকাশ করেন। 'সংবাদ সাধুরঞ্জনে' ঈশ্বরচন্দ্রের ছাত্রমণ্ডলীর কবিতা ও প্রবন্ধ স্থান পাইত।

ঈশ্বরচন্দ্র গুপ্তের জীবনচরিতে বঙ্কিমচন্দ্র লিখিয়াছেন :—“ 'সাধুরঞ্জন' ঈশ্বরচন্দ্রের মৃত্যুর [পর] কয়েক বর্ষ পর্যন্ত প্রকাশ হইয়াছিল।” এই উক্তি ঠিক নহে। ঈশ্বরচন্দ্রের মৃত্যু হয় ১২৬৫ সালের ১০ই মাঘ। 'সংবাদ সাধুরঞ্জন' ১২৬৬ সালের বৈশাখ মাস পর্যন্ত জীবিত ছিল। কি অবস্থায় ইহার প্রচার রহিত হয়, ৫ আষাঢ় ১২৬৬ (১৮ জুন ১৮৫২) তারিখের 'সংবাদ প্রভাকরে' মুদ্রিত এই সম্পাদকীয় বিবৃতি পাঠে তাহা জানা যাইবে :—

কি কারণে সংবাদ সাধুরঞ্জন পত্র মাসত্ৰয়* হইল অপ্রকাশ রহিয়াছে, আমরা পাঠক মহাশয়দিগকে তদ্বিবরণ বিদিত করা আবশ্যক বোধ করিলাম, গুণাকর প্রভাকর পত্র গ্রাহক মহোদয়দিগের মধ্যে অনেকেই অবগত আছেন, যে এতৎ পত্রের পূর্বতন সম্পাদক ঐশ্বরচন্দ্র

* ২০ জুন ১৮৫২ তারিখের 'সংবাদ প্রভাকরে' লিখিত হয় :—“আমারদিগের সহকারি সম্পাদকের অনবধানতাবশতঃ গত শনিবাসরীয়া প্রভাকরে লিখিত হইয়াছে, যে, প্রায় মাসত্ৰয় হইল, সাধুরঞ্জন অপ্রকাশ রহিয়াছে, কিন্তু তাহা নহে, বৈশাখ [১২৬৬] মাসেও সাধুরঞ্জন প্রকাশ হইয়াছে, ...।”

গুপ্ত মহাশয় নীতি, ইতিহাস ও বিবিধ সংপ্রবন্ধ এবং রহস্য ও অশান্ত বিষয়ে কবিতাদি প্রকাশকরণার্থ উক্ত পত্রের স্বজন করিয়াছিলেন, তাঁহার লিপিনৈপুণ্যগুণে সাধুরঞ্জন অল্পকালের মধ্যেই আপনার নামানুগুণ কার্য-সাধন করাতে সাধারণ-সমাজে সম্যক-বিধানেই আদর প্রাপ্ত হয়, জন-বিশারদ পণ্ডিত অবধি বিভ্রালয়ের ছাত্র পর্যন্ত অনেকেই সমাদরে সাধুরঞ্জন পত্র গ্রহণ করেন, কুলবালারাও অন্তঃপুরে তাহা পাঠ করিয়া পরস্পর আমোদিত হইতেন, এবং কেহ কেহ তাহাতে প্রকাশার্থ কবিতা লিখিয়াও পাঠাইতেন, সাধুরঞ্জন পত্র এই ভারতবর্ষের বহুদেশে এইরূপে সমাদৃত হইলে কলিকাতার সরিফ সাহেব তাহাতে আপন কার্যালয়ের বিজ্ঞাপন সকল প্রকাশার্থ প্রেরণ করেন, ঐ সময়ে ৩ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয় বিবেচনা করিলেন, সাধুরঞ্জন পত্রে যখন প্রকাশ্য বিজ্ঞাপন সকল আসিতে আরম্ভ হইল তখন তাহা আর আপনার নামে রাখা কর্তব্য নহে, অতএব জ্ঞাতিজ্ঞাতা ত্রীযুক্ত নবকৃষ্ণ রায়কে তাহার সম্পাদক নামে পরিচিত করিলেন, নবকৃষ্ণ রায় ঐ সময়ে প্রভাকর যন্ত্রালয়ে থাকিয়া মেডিকেল কলেজে চিকিৎসা শাস্ত্রের অধ্যয়ন করিতেন, সাধুরঞ্জনের লিপিকার্য কি অশান্ত বিষয়ের সহিত তাঁহার কিছুমাত্র সম্বন্ধ ছিল না, প্রভাকর সম্পাদক ও তাঁহার সহকারিরাই তাহার সকল কার্য পরিচালন করিতেন, শ্রীমান নবকৃষ্ণ রায় কেবল নামমাত্র সম্পাদক ছিলেন।

পরন্তু ৩ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয় পরলোক গমন করিলে উক্ত নবকৃষ্ণ রায় সাধুরঞ্জন পত্র স্বয়ং গ্রহণ করিয়া প্রকাশকরণের প্রার্থনা করাতে আমরা বলিলাম যে, সাধুরঞ্জন পত্র সচ্ছন্দে নির্বাহ কর, তাহাতে কোন আপত্তি নাই, তাহা হইতে যে কিছু উপায় হইবেক, তাহাও তোমাকে দিতে প্রস্তুত আছি, কিন্তু সাধুরঞ্জনের স্বত্ব তোমাকে দিতে পারি না, যেহেতু তাহা তোমার সম্পত্তি নহে, তোমার নামে কেবল বেনামী করা হইয়াছিল, একথা ৩ঈশ্বরচন্দ্র গুপ্ত মহাশয় আপনার শেষ উইলপত্রে স্পষ্টরূপেই উল্লেখ করিয়াছেন, এবং বিশ্বর ভদ্রলোকেও ইহার সাক্ষি আছেন, আমারদিগের এই উত্তর শ্রবণ করিয়া নবকৃষ্ণ রায় কোন কথার উল্লেখ মাত্র না করিয়া এক [দিবস] আমারদিগের অজ্ঞাতসারে সরিফ সাহেবের কার্যালয়ে [গমন করিয়া] সাধুরঞ্জন পত্রের সরিফ সেলের বিজ্ঞাপনের যে ছয় মাসের বিলের টাকা ছিল, তাহা আনয়ন করেন, আমরা তাঁহাকে এই অশান্ত ব্যবহারের কারণ জিজ্ঞাসা করাতে তিনি কোন উত্তর না করিয়া রজনীযোগে যন্ত্রালয় হইতে সাধুরঞ্জন পত্রের হেড অর্থাৎ শিরোভূষণ এবং রুল ইত্যাদি লইয়া এক মাসের অধিক হইল, প্রস্থান করিয়াছেন, আর আমারদিগের সহিত সাক্ষাৎ করেন নাই, এইরূপে লোকের নিকটে বলিয়া বেড়াইতেছেন, যে সাধুরঞ্জন যখন তাঁহার নামে ছিল, তখন তাঁহারই কাগজ অশান্ত যন্ত্র হইতে প্রকাশ করিবেন, কিন্তু সংবাদ পত্র প্রকাশ করা সকলের সাধ্য নহে।

সংবাদ সাধুরঞ্জন পত্র কয়েক মাস অপ্রকাশ থাকিবার মূল কারণ, অতি সংক্ষেপে উপরিভাগে লিখিলাম, অধুনা ঐ পত্র পুনঃ প্রকাশে আমরা বিশেষরূপেই যত্নবান আছি, তাহাতে যত্নপি একান্তই কৃতকার্য হইতে না পারি তবে সাধুরঞ্জনের পরিবর্তে অপর পত্র প্রকাশ করিয়া অস্থগ্ৰাহক পত্রগ্রাহক মহাশয়দিগের নিকটে প্রেরণ করিব।

‘সংবাদ সাধুরঞ্জন’ আব প্রকাশিত হয় নাই। তৎপরিবর্তে প্রভাকর যন্ত্রালয় হইতে ‘সংবাদ বিজ্ঞরাজ’ নামে অপর একখানি সাপ্তাহিক পত্রের উদয় হইয়াছিল।

জ্ঞানসঞ্চারিণী (পাক্ষিক)। নবেম্বর ১৮৪৭।

‘জ্ঞানসঞ্চারিণী’ একখানি পাক্ষিক পত্রিকা, প্রথম সংখ্যার প্রকাশকাল—অগ্রহায়ণ ১২৫৪ (নবেম্বর ১৮৪৭)। ইহার ৮ম ও ৯ম সংখ্যা প্রকাশিত হয় ১৫ই ও ৩১এ মার্চ ১৮৪৮। ৮ম সংখ্যায় মুদ্রিত “জ্ঞানসঞ্চারিণী পত্রিকার অস্থানপত্র” নিয়ে উদ্ধৃত হইল :—

যে রূপ দেশস্থ অস্তিত্ব সম্পাদকগণ ব্যবসায়ভাবে স্ব স্ব পত্রিকা প্রকটন করিতেছেন, আমরা ঐরূপ করিতে নিতান্ত অনিচ্ছুক অর্থাৎ আমাদিগের মানস এই, জ্ঞানসঞ্চারিণী পত্রিকা দ্বারা যে সকল মুদ্রা প্রাপ্ত হওয়া যাইবেক জ্ঞান সঞ্চারিণী পাঠশালা নামক এক অবৈতনিক বিদ্যালয় যাহা ছয় মাস অতীত হইল, কলিকাতার সিমুল্যা কাসারিটোলার নং ৪৮ ভবনে সংস্থাপন হইয়াছে, তদ্বারা এই পাঠশালার মাসিক আয় ব্যয় নির্বাহ হইবেক। এই পত্রিকা এক্ষণে প্রতিমাসে দুইবার প্রকাশ হইতেছে, মূল্য বৎসরে ১১০ টাকা মাত্র। যদিহুতাৎ পত্রিকার গ্রাহক বৃদ্ধি এমত অধিক হয় যদ্বাং পত্রিকার ও পাঠশালার মাসিক আয় ব্যয় উত্তম রূপে চলে তবে প্রতি সপ্তাহে এই পত্রিকা প্রকাশ করা যাইবেক কিন্তু মূল্য বাৎসরিক উক্ত ১১০ টাকা ইহা চিরকালের নিমিত্তে বহিল। অতএব স্বদেশস্থ ও বিদেশস্থ পত্রিকা দর্শক ও বিদ্যোৎসাহি ব্যক্তিদিগের প্রতি এই নিবেদন যে রূপে প্রকৃতভাবে যে কেহ এই পত্রিকা গ্রহণ করিবেন, তিনি সেইরূপ ফলভোগী হইবেন। অর্থাৎ যাহারা সংবাদ পত্রিকা ভাবে গ্রহণ করিবেন তাহারদিগের সম্ভাষণার্থে বিবিধ সংবাদ প্রকাশ করা যাইতেছে। এবং যাহারা বিদ্যাহীনলন বিষয়ে পরম যত্নশীল তাঁহারদিগের বিজ্ঞাপনার্থে পাঠশালার কার্য সকল এই পত্রিকা মধ্যে প্রকাশ করা যাইবেক। অতএব সকলের সাধ্যানুসারে এই পত্রিকা প্রতি আবহুকুল্য করিলে উক্ত পাঠশালার এবং পত্রিকার দিন দিন ঐবৃদ্ধি হইবাব সম্ভাবনা।

‘জ্ঞানসঞ্চারিণী’র সম্পাদক ছিলেন—গঙ্গানাবায়ণ বসু। ইহার স্থিতিকাল তিন বর্ষ।

সংবাদ সূজনবন্ধু (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৪৭।

১২৫৪ সালের পৌষ মাসে (ডিসেম্বর ১৮৪৭) ‘সূজনবন্ধু’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। নবীনচন্দ্র দে ইহার সম্পাদক ছিলেন। ‘সংবাদ প্রভাকরে’ প্রকাশ :—

সূজনবন্ধু যথার্থই সূজনবন্ধু, ঐ নবীন পত্রের নবীন সম্পাদক, নবীনবাবু এই নবীন বয়সে অতিশয় প্রবীণের জ্ঞান কর্তৃক করিতেছেন। (১২ এপ্রিল ১৮৪৯)

সংবাদ সূজনবন্ধু পত্রের কলেবর দ্বিগুণ বৃদ্ধি হইয়া চারি শ্রেণীতে অতি সূচার শোভায় প্রকাশিত হইয়াছে। (১৮ এপ্রিল ১৮৪৯)

১৮৪৯ সনের শেষার্ধ্বে ‘সংবাদ সূজনবন্ধু’র প্রচার রহিত হয়। ১২৫৬ সালের মাঘ

(জানুয়ারি ১৮৫০) মাসে বাধাচরণ চৌধুরী ইহাকে পুনর্জীবিত করিয়াছিলেন। ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ :—

মাঘ, ১২৫৬। ...শ্রীযুত বাবু রাধাচরণ চৌধুরী কর্তৃক সংবাদ হৃদয়বহু পত্র পুনঃ প্রকাশ হয়।

মাস-খানেক চলিবার পব ইহা গুপ্ত হয়।

সংবাদ দ্বিথিজয় (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৪৭।

‘সংবাদ প্রভাকবে’ প্রকাশ. ১২৫৪ সালের পৌষ মাসে (ডিসেম্বর ১৮৪৭ ?) দ্বারকানাথ মুখোপাধ্যায় জ্ঞানদর্পণ যন্ত্র হইতে ‘সংবাদ দ্বিথিজয়’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ইহা অল্পকাল স্থায়ী হইয়াছিল।

সংবাদ মনোরঞ্জন (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৪৭।

‘সংবাদ প্রভাকবে’ প্রকাশ, ১২৫৪ সালের পৌষ মাসে (ডিসেম্বর ১৮৪৭ ?) ‘সংবাদ মনোরঞ্জন’ নামে একখানি সাপ্তাহিক পত্রের উদয় হয়। ইহার প্রকাশক—গোপালচন্দ্র দে, স্থিতিকাল অল্প দিন।

আক্কেলগুডুম (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৪৭।

১২৫৪ সালের পৌষ মাসে (ডিসেম্বর ১৮৪৭ ?) ‘আক্কেলগুডুম’ প্রকাশিত হয়। ‘সংবাদ প্রভাকবে’ (১ বৈশাখ ১২৫৫) প্রকাশ,—

১২৫৪, পৌষ। ইংরাজী বাঙ্গালা উভয় ভাষায় ‘আক্কেল গুডুম’ নামে এক পত্র প্রকাশ হইয়া অনেককেই আক্কেলগুডুম মক্কেল চাক দেখাইতেছে।

ঈশ্বরচন্দ্র গুপ্ত ইহাকে পার্শ্বিক পত্র বলিয়াছেন, কিন্তু ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ প্রকাশিত তিরোধানপ্রাপ্ত ‘সাপ্তাহিক পত্রে’র তালিকায় ব্রজনাথ বন্ধু-সম্পাদিত ‘আক্কেলগুডুমের’ উল্লেখ আছে। পত্রিকাখানি চাবি মাস মাত্র স্থায়ী হইয়াছিল।

সংবাদ জ্ঞানরত্নাকর (সাপ্তাহিক)। এপ্রিল ১৮৪৮।

১৮৪৮ সনের এপ্রিল মাসে ‘সংবাদ জ্ঞানরত্নাকর’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ‘সংবাদ প্রভাকরে’ (১ বৈশাখ ১২৫৬) প্রকাশ :—

বৈশাখ, ১২৫৫।...জ্ঞানরত্নাকর পত্র প্রকাশ হয়।

‘সংবাদ জ্ঞানরত্নাকরে’র সম্পাদকরূপে তারিণীচরণ রায় ও বিশ্বস্তর করের নাম পাওয়া যায়। ইহা প্রায় এক বৎসর জীবিত ছিল।

সংবাদ রত্নবর্ষণ (পাক্ষিক)। জুন ১৮৪৮।

১৮৪৮ সনের জুন মাসে ভবানীপুর হইতে ‘সংবাদ রত্নবর্ষণ’ নামে পাক্ষিক পত্র প্রকাশিত হয়। ২০এ জুন তারিখে ‘ক্যালকাটা ষ্টার’ লেখেন :—

A Newspaper on a Novel Plan.—Yesterday's *Probhakur* announces the birth of a new Bengallee newspaper. It has been started by a number of young men at Bhubanipore. It is a bi-monthly publication, to issue on the 1st and 15th of every month, and is called the *Rothnoborshon*. But the most novel circumstance connected with the undertaking is that no fixed or stated sum will be charged for it; it being left with the readers to give just what each wishes, though it is not to be less than two annas.

ইহার সম্পাদক—মাধবচন্দ্র ঘোষ, স্থিতিকাল কয়েক সপ্তাহ।

সংবাদ মুক্তাবলী (সাপ্তাহিক)। ইং ১৮৪৮।

১৮৪৮ সনে শিবপুর হইতে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ইহার নাম ‘সংবাদ মুক্তাবলী’। ১০ এপ্রিল ১৮৪৯ (২৯ চৈত্র ১২৫৫) তারিখে ‘সংবাদ ভাস্কর’ এই পত্রিকাখানির প্রতি সাধারণের দৃষ্টি আকর্ষণ করিয়া লেখেন :—

সংবাদ মুক্তাবলী। কয়েক মাস গত হইল কলিকাতার গঙ্গার পশ্চিম পার শিবপুর গ্রামে সংবাদ মুক্তাবলী নামে সাপ্তাহিক এক সমাচারপত্র প্রচার হইতেছে, আমরা এপর্যন্ত উক্ত সমাচারপত্রের বিষয়ে কিছু লিখি নাই, কিন্তু দেখিলাম যুব সম্পাদকেরা উত্তমভিপ্রায়ে কয়েক মাস এই পত্র সম্পাদন করিলেন অতএব সাধারণকে অনুরোধ করি উক্ত পত্র সম্পাদকদিগের উৎসাহ বৃদ্ধি জন্য সহায়তা করেন, কলিকাতা নগরে সমাচারপত্র অনেক হইয়াছে, পল্লিগ্রামে অধিক হয় নাই,...

কালীকান্ত ভট্টাচার্য্য ‘সংবাদ মুক্তাবলী’র পরিচালক এবং আন্দুলের রাজা রাজনারায়ণ পৃষ্ঠপোষক ছিলেন বলিয়া জানা যায়। বৎসরখানেক চলিবার পর পত্রিকাখানির প্রচার রহিত হয়।

সংবাদ অরুণোদয় (সাপ্তাহিক)। ১৭ সেপ্টেম্বর ১৮৪৮।

‘সংবাদ অরুণোদয়’ একখানি সাপ্তাহিক সংবাদপত্র; প্রকাশকাল—১৭ সেপ্টেম্বর ১৮৪৮। ইহার আবির্ভাবে ‘সংবাদ প্রভাকর’ পরবর্ত্তী ১২এ সেপ্টেম্বর (৫ আশ্বিন ১২৫৫) লিখিয়াছিলেন,—

গত ৩ আশ্বিন রবিবার দিবসে শ্রামপুত্র নিবাসী বাবু পঞ্চানন বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক ‘সংবাদ অরুণোদয়’ নামক এক নূতন সাপ্তাহিক সংবাদপত্র প্রকটিত হইয়া সর্বত্র বিতরিত হইয়াছে, আমরা তাহার প্রথম সংখ্যা পাঠানন্তর সন্তোষ সলিলে অভিযুক্ত হইলাম, যেহেতু তাহার গল্প পত্র উভয় রচনা সর্বতোভাবে উত্তম হইয়াছে।

১২৫৬ সালের বৈশাখ মাস (এপ্রিল ১৮৪৯) হইতে পত্রিকাখানি প্রতি মঙ্গলবারে প্রকাশিত হইতে থাকে। ইহার স্থিতিকাল এক বৎসর বলিয়া জানা যায়।

সংবাদ কৌস্তভ (সাপ্তাহিক)। অক্টোবর ১৮৪৮।

১২৫৫ সালের কার্তিক মাসে (অক্টোবর ১৮৪৮) ‘সংবাদ কৌস্তভ’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের মতে, এই স্বল্পায়ু পত্রিকাখানির সম্পাদক ছিলেন মহেশচন্দ্র ঘোষ।

জ্ঞানচন্দ্রোদয় (মাসিক ?)। ইং ১৮৪৮।

১২৫৫ সালে (ইং ১৮৪৮) রাধানাথ বসু কর্তৃক ‘জ্ঞানচন্দ্রোদয়’ প্রকাশিত হয়। ইহার স্থিতিকাল দুই মাস।

সংবাদ দিনমণি (সাপ্তাহিক)। ইং ১৮৪৮।

ঈশ্বরচন্দ্র গুপ্ত লিখিয়াছেন, ১২৫৫ সালে (ইং ১৮৪৮) ‘সংবাদ দিনমণি’ নামে একখানি সাপ্তাহিক পত্র জন্মগ্রহণ করিয়া সেই বৎসরেই লুপ্ত হয়। ইহাতে প্রধানতঃ ব্যঙ্গরচনা স্থান পাইত। গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের মতে ইহার পরিচালক ছিলেন—শম্ভুচন্দ্র মিত্র।

সংবাদ রসসাগর (সাপ্তাহিক...)। মার্চ ১৮৪৯।

১৮৪৯ সনের [১২ই?] মার্চ ক্ষেত্রমোহন বন্দ্যোপাধ্যায়ের সম্পাদকত্বে ‘সংবাদ রসসাগর’ নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। পরবর্তী ২৫এ জুন ‘হিন্দু ইন্টেলিজেন্সার’ লেখেন :—

We were not aware of the existence of a weekly publication in Bengalee, under the designation of *Rusa Saagara*, till last Tuesday, when we had the pleasure of receiving the fifteenth number of the paper,...It is published at Molunga in the house of the editor Baboo Khettermohun Banerjee.

১৮৪৯ সনের ডিসেম্বর মাস হইতে ‘সংবাদ রসসাগর’ বারত্রয়িক হয়। ১৮৪৯, ২৬এ নবেম্বর ‘হিন্দু ইন্টেলিজেন্সার’ লিখিয়াছিলেন :—

We are requested to announce that the *Rasasagur*, a newspaper in Bengalee, will from the 1st of next month, be published thrice a week, at the price of 8 annas a month....

১৫ জুলাই ১৮৫০ তারিখে ক্ষেত্রমোহনের মৃত্যু হয়। ঈশ্বরচন্দ্র গুপ্ত ‘সংবাদ প্রভাকরে’ লিখিয়াছিলেন,—

শ্রাবণ, ১২৫৭। এই মাসের প্রথম দিবসে আমারদিগের স্নেহাধিত সহযোগি রসসাগর সম্পাদক বাবু ক্ষেত্রমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয় নিদারুণ অরবিকারে আজ্ঞাও হইয়া মানবলালা সধরণ করেন।

ক্ষেত্রমোহনের মৃত্যুর পর রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় 'সংবাদ রসসাগর' পত্রের পরিচালন-তার গ্রহণ করেন। তিনি খিদিরপুর হইতে প্রতি সোম, বুধ ও শুক্র বীরে ইহা প্রকাশ করিতেন। ১২৫৯ সালের বৈশাখ (১২ এপ্রিল ১৮৫২) মাস হইতে রঙ্গলাল পত্রিকা-খানির নামকরণ করেন—'সংবাদ সাগর'। গুপ্ত-কবি লিখিয়াছিলেন,—

আমাবদিগের স্নেহাধিত সহযোগি রসসাগর সম্পাদক নতন বৎসরের শুভাগমনে রসসাগরকে রসহীন করিয়াছেন, অর্থাৎ পূর্বে পত্রের নাম 'রসসাগর' ছিল, এইক্ষণে 'সংবাদ সাগর' হইয়াছে, এই রসাত্যাব জ্ঞান পত্র আরো রসময় হইয়াছে, কারণ সাগরই রসের আকর, সাগরেই সুধা এবং সাগরেই রত্ন, অতএব প্রার্থনা, এই সাগর পূর্বে রসসাগর ছিল, অথবা যশঃসাগর হউক। ('সংবাদ প্রভাকর,' ১৪ এপ্রিল ১৮৫২)

রঙ্গলাল কৃতিক্সের সঙ্ঘিত ১২৫৯ সাল পর্যন্ত 'সংবাদ সাগর' সম্পাদন করিয়াছিলেন। ১ বৈশাখ ১২৬০ (১২ এপ্রিল ১৮৫৩) তারিখের 'সংবাদ প্রভাকরে' ঈশ্বরচন্দ্র গুপ্ত লিখিয়াছিলেন,—

রসসাগর রসহীন হইয়া সাগর দেহ ধারণ করত সংপ্রতি কিছুদিনের নিমিত্ত প্রবাহশূন্য হইলেন।

'সংবাদ সাগর' রহিত হইবার পর রঙ্গলাল 'সংবাদ প্রভাকরে' (১৬ জুন ১৮৫৩) একখানি পত্র প্রকাশ করেন। গুপ্ত কবির মন্তব্য সহ উইহা নিম্নে মুদ্রিত হইল :—

আমাবদিগের জীবনাধিক স্নেহাধিত সল্লেখক সুকবি সহযোগি সাগর সম্পাদক ত্রীমুখ বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় মহাশয় সংপ্রতি কোন বিশেষ কার্যাত্তরোধ বশতঃ সাগরপত্র সম্পাদনে স্বাবকাশশূন্য হইবায় তদ্বিময় সাধারণের সুগোচর করণার্থ অল্পএক পূর্বক আমাবদিগকে যে এক পত্র প্রেরণ করিয়াছেন আমরা অশ্লিষ্য হুঃখিত হইয়া সাদরে সেই পত্র নিঃ-ভাগে প্রকটন করিলাম,

“ত্রীমুখ সংবাদ প্রভাকর সম্পাদক মহাশয় সমাপেয়ু।

বিহিত সছোধন পুরঃসর নিবেদনমিদং। অল্পএক পূর্বক বিহিত বাগী সহ সম্পাদকায় উক্তিহলে নিম্নলিখিত বিষয় প্রকাশ পূর্বক বাধিত করিবেন।

* ত্রীমুখনাথ ঘোষ 'রঙ্গলাল' পুস্তকের ১৪ পৃষ্ঠায় লিখিয়াছেন,—“অল্পসন্ধানে অদগত হওয়া যায় ক্ষেত্রমোহন 'রস মুদ্রণ' নামক পত্রের সম্পাদক ছিলেন, এবং প্রভাকরে 'রসসাগরের' উল্লেখ মুদ্রাকরের প্রমাদ বলিয়া বোধ হয়। রঙ্গলাল যে প্রথম হইতে উক্ত পত্রের সম্পাদক ছিলেন, তাহাতে এক্ষণে আমাদের সন্দেহ নাই।” গুপ্ত-কবির লেখায় মুদ্রাকর-প্রমাদ ঘটে নাই। যথোপযুক্ত অল্পসন্ধান না-করা পর্যন্ত মত্থবাবু এতটা নিঃসন্দেহ না হইলেই পারিতেন।

সংবাদ সাগর

পূন্যতন সংখ্যা ৪৪১) ৩০ আশ্বিন পোসবার ১৯০২ খ্রিঃ ১২ জুলাই ১৯০২ খ্রিঃ (নূতন সংখ্যা ৪০।

রক্তক্ষয় নিরোগ ।

— ০০ —

১ জুলাই ১৯০২।— শ্রীযুক্ত বাবু হরচন্দ্র রায়, তাম্রনগো ঠাকুর বৃন্দন তেওয়ারী এবং ই. সি. ক্রাস্টার সাহেব চিটা গাংয়ের ফেরি যতের যোগে হইবেন।

২ জুলাই ১৯০২।— শ্রীযুক্ত ই. ই. উভয়ে সাহেব হালেখ রায় বিহার প্রেনীর ডেপুটি কলেজটর এবং আইসিট মাসিক্টেট হইবেন।

শ্রীযুক্ত তরলিউ এনগিল সাহেবের অনুপস্থান তিরা অপরাহ্না না হওন পর্যন্ত শ্রীযুক্ত সি. ই. গান সাহেব রতনপুর প্রতিনিধি মাসিক্টেট হইবেন।

৩ জুলাই ১৯০২। শ্রীযুক্ত বাবু মাহেচন্দ্র চৌধুরী যিনি রাজশাহি হু হুলাঙ্গা দেশের মুঙ্গক ছিলেন তিনি প্রথম প্রেনী হু মুঙ্গক পথে উন্নত হইবেন।

সংবাদ সাগর

৩০ আশ্বিন পোসবার ১৯১৪।

— ৪ —

বিভাগ সাহেব ।

উকিল বিডল সাহেবের নাম বেধ করি পাঠকপণের অরণ ধর্মিক্তে পারিবেক তিনি এক রায় কোমর বাজিয়া ছইল টা-

কনের মোকদ্দমা প্রধান বিচার-সভায় ব্যবস্থাবীনে আনিয়া ক-বিসনর ও ভবনীয়ম সংস্থাপনা কারিক দিগের গর্ক খর্ক করিয়া ছিলেন, অপর তিনি স্বয়ং গৃহের দ্বারে আলোক দিবার যে এক নূতন কন্দি উঠিয়াছে, তাহা

নিবারণ করণ জন্য পুনঃপ্রায় কোমর বাজিয়া সুপ্রিম কোর্টে গন্ত বুল্পহতিবারে এক মোসন করিয়াছিলেন, বিস্তার বিচার পতিগণ এই বিষয়ে মনোযোগ করিবার অভিপ্রায় বক্ত করিয়া-ছেন, পরে কি হয় বলা যায় না।

— ০০ —

শ্রীরামপুর হইতে লক্ষণর নামক এক নতন সংবাদ পত্র প্রকাশ হইয়াছে শুভ হইলাম, কিন্তু অদ্যাবধি তাহা আমারদিগের দৃষ্টিগোচর হয় নাই।

— ০০ —

আমরা দিটিজন পত্র পাঠ করিয়া এক ভয়ানক হত্যার ব্যাপার অবগত হইলাম, তাহার স্তল নশ্ব এই যে স্খচর গ্রামে এক স.মান্য ব্যক্তির স্ত্রী মরণে মত্তা হইয়া স্বীয়া উপপতি মত্তা গে নিমুক্ত। থাকন কালীন এই দুষ্করিত্রার এক ৮১০ বরক সন্ধান তাহা দেখিয়াছিল, ব্যক্তিচারী

আপন দৃশ্য সংগোপন করি-বার উপায় অন্য কিছুই বিচর করিতে না পারিয়া মনঃ আপন পুত্রের প্রাণ বিমাল করিয়াছে, হয় কি পরিচাপ মদনরাজ কিনা করিতে পারেন?

— ০০ —

রাসমণী দাসী ও মধুরমোহন বিশ্বাস একে দুই আন। মজাশেতর ছাড়া ছাড়ি এবং টাকা ডাড়া জালিত বিষয় প্রায় সকলেই সুবি দিত আছেন, তাহা আবার দি গের লেখা বাহলা, শ্রীমতি রাস মণির সূপাত্ত যৌক্তিক শ্রীমত বাবু মদনার্থ যে সুবিবেচনা ও সৎপ রাসমণীপ্রধান পুরুষকমধুরমোহনের প্রতিসুপ্রিম কোর্টে যে অভিযোগ রাইয়াছিলেন তাহা তত্রস্থ প্রাজ্জি বাকগণ অভিসম্বন্ধ অনুবিবেচনা করিয়া রাসমণির পক্ষে ডিক্রী কিনা ছেন, মধুর বাবু একগে "পুত্র মনিকাবৎ" হইলেন, দেখা ব্যতিক পরে কি হয়, বাবুজি কি শ্রীমতির পর থাকেন, কি পুনরায় আপ নার হন, যদ্যপি পর থাকেন, তবেই পোঁচোপেটি, নস্তবা আ-পনার হইতে পারিলে, "লক্ষর চিলের ঘটাবাটা গোবা চিলে মুখে নাথি।"

['সংবাদ সাগর' পত্রের একটি পৃষ্ঠার প্রতিলিপি]

সংপ্রতি আমি কার্যাত্মক নিয়ুক্ত প্রযুক্ত সংবাদ সাগর পত্র সম্পাদনে পরামুখ হইলাম, যত্নপি কোন মহাশয় তত্ত্বার গ্রহণে পারগ হইলে তবে আপামি কোন এক রবিবারে খিদিরপুরে মন্দিরগে স্বয়ং আগমন অথবা পত্রপ্রেরণ করিলে বিবেচনা করা যাইবেক।

সংবাদ পত্র সম্পাদনীয় ত্রোতদ্বাপন কালে সাধারণের প্রতি আমার ইহাও বিজ্ঞাপ্য, যে আমি এক কালে তাহা হইতে বিমুখ হইলাম না প্রায় বাকলা সমাচার পত্র মাড্রেই মল্লেশনী বাগ যন্ত্র স্বরূপ রছিল, বিশেষতঃ যদিহাৎ উপযুক্ত রূপ উত্তরাধিকারী প্রাপ্ত হই তবে উত্তরকালে সাধ্যমুসারে তৎপ্রতি লিপি সাহায্য প্রদান করিব ইতি ৩১ জ্যৈষ্ঠ রবিবার ১২৬০ বঙ্গাব্দ। শ্রীরত্নলাল বন্দ্যোপাধ্যায়।”

বারাণসী চন্দ্রোদয় (সাপ্তাহিক) । ২ মে ১৮৪২ ।

বাঙালীর দ্বারাই কাশীতে সর্বপ্রথম বাংলা সংবাদপত্র প্রকাশের সূচনা হয়। এই সংবাদপত্রের নাম ‘বারাণসী চন্দ্রোদয়’; প্রথম সংখ্যার প্রকাশকাল—২ মে ১৮৪২। কাশীবাসকালে ভূতপূর্ব ‘সমাচার জ্ঞানদর্পণ’-সম্পাদক উমাকান্ত ভট্টাচার্য লিখোয় মুদ্রিত এই সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন। ‘বারাণসী চন্দ্রোদয়ে’র আবির্ভাবে ‘হিন্দু ইন্টেলিজেন্সার’ (১৪ মে ১৮৪২) লিখিয়াছিলেন :—

The city of Benares now boasts of a Bengallee newspaper, called the *Varanashi Chandrodaya*, the first number of which was issued on the 2nd instant. It will be published once a week, on every Wednesday, at the price of 8 annas per mensem, and has been set up by Umacaunt Bhuttacharjea, formerly editor and proprietor of the *Gyan Durpan*, one of the native journals published in this city.

‘বারাণসী চন্দ্রোদয়’ এক বৎসর জীবিত ছিল।

সত্যধর্মপ্রকাশিকা (মাসিক) । জুন ১৮৪২ ।

১৮৪২ সনের জুন মাসে ‘সত্যধর্মপ্রকাশিকা’ নামে একখানি মাসিক পত্র প্রকাশিত হয়। ‘সম্বাদ ভাস্কর’ (২৩ জুন ১৮৪২) লিখিয়াছিলেন,—

প্রভাকর যন্ত্র হইতে একখানি মাসিক পুস্তকের প্রথম খণ্ড প্রকাশ হইয়া আমারদিগের নিকট আসিয়াছে তাহার নাম ‘সত্যধর্মপ্রকাশিকা’ আমরা তাহা পাঠ করিয়া আনন্দিত হইয়াছি, সম্পাদকেরা গৌড়ীয় সাধু ভাষার আপনারদিগের উৎকৃষ্টাভিপ্রায় প্রকাশ করিয়াছেন এবং যদি প্রতিজ্ঞারূপ লিখিতে পারেন তবে অবশ্য যশস্বী হইবেন...আমরা উক্ত পুস্তক হইতে কিয়দংশ গ্রহণ করিলাম...

‘এই চরিত্র জগৎগলে বিবিধ প্রকার ধর্ম ও তত্ত্বৎ ধর্মের মর্ম প্রকাশক বহুতর পত্র প্রচলিত আছে, কিন্তু সত্য ধর্ম ঐ সময় ধর্মের মূলীভূত হইয়াছে, এই মূল ধর্মের প্রকাশক কোন পত্র ছিল না, তাহাতে সত্যধর্মপরায়ণ জনগণের উৎসাহ অতি অল্পত থাকতে জামরা বিশেষ যত্নবস্ত হইয়া এই ‘সত্যধর্মপ্রকাশিকা’ নামী অভিনব পত্রিকা প্রকাশ

করিতেছি, এতদ্বারা সাধারণে নিম্ন মনোমন্দিরে সত্যরূপ জ্যোতির্ধর বিশ্বকর্তাকে অধিষ্ঠিত করিয়া পাণরূপ প্রগাঢ় অন্ধকার হইতে অনারাসে মুক্ত হইবেন।”

শ্রামবাজার-নিবাসী গোবিন্দচন্দ্র দে ‘সত্যধর্মপ্রকাশিকা’র সম্পাদক ছিলেন। ইহার এক সংখ্যা মাত্র প্রকাশিত হইয়াছিল বলিয়া জানা যায়।

সাময়িক-পত্রের হ্রাস-বৃদ্ধি—জুন ১৮৪৯ .

১৮৪৯ সনের ২৫এ জুন তারিখে ‘হিন্দু ইন্টেলিজেন্সার’ বাংলা সাময়িক-পত্রের হ্রাস-বৃদ্ধি প্রসঙ্গে বাহা লিখিয়াছিলেন, নিম্নে তাহার অনুবাদ দিতেছি :—

১৮৪৭ সনের জুলাই মাসে আমরা তৎকালপ্রচলিত ১৬ খানি বাংলা সংবাদপত্রের নামমুক্ত একটি তালিকা প্রকাশ করিয়াছিলাম। তদবধি এ-পর্যন্ত বাংলা সাময়িক-পত্রের সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে। আমরা নিম্নে এই সকল পত্রের একটি তালিকা দিলাম ; তালিকাটি সম্বন্ধে প্রস্তুত, এবং নিতুল বলিয়া গ্রহণ করা যাইতে পারে :—

প্রাত্যহিক :— ১। প্রভাকর, ২। পূর্ণচন্দ্রোদয়।

বার্ত্তায়িক :— ৩। ভাস্কর।

অর্ধসাপ্তাহিক :— ৪। চঞ্জিকা, ৫। রসরাজ।

সাপ্তাহিক :— ৬। গবর্ণমেন্ট্ গেজেট্, ৭। সুজনবন্ধু, ৮। অঙ্গণোদয়, ৯। সংবাদ কোষভ, ১০। সংবাদ জ্ঞানদর্পণ, ১১। তৃষ্ণুত, ১২। সাধুরঞ্জন, ১৩। জ্ঞানসঞ্চারিণী, ১৪। মুক্তাবলী, ১৫। জ্ঞানচন্দ্রোদয়, ১৬। রসসাগর, ১৭। রঙ্গপুর বার্ত্তাবহ।

পাক্ষিক :— ১৮। নিত্যধর্ম্মাহুরঞ্জিকা, ১৯। দুর্জন দমন মহানবনী, ২০। কাব্য-রত্নাকর।

মাসিক :— ২১। তত্ত্ববোধিনী পত্রিকা, ২২। সত্যধর্ম্মপ্রকাশিকা, ২৩। উপদেশক, ২৪। হিন্দু ধর্ম্মচন্দ্রোদয়।

ত্রৈমাসিক :— ২৫। বিজ্ঞানসঙ্গম।

দেখা গেল, সর্বসমেত ২৫ খানি বাংলা সাময়িক-পত্র এখন চলিতেছে ;—২ খানি দৈনিক, ১ খানি বার্ত্তায়িক, ২ খানি দ্বিসাপ্তাহিক, ১২ খানি সাপ্তাহিক, ৩ খানি পাক্ষিক, এবং ১ খানি ত্রৈমাসিক। ইহার মধ্যে রংপুরের ‘বার্ত্তাবহ,’ বারাণসীর ‘জ্ঞানচন্দ্রোদয়’ এবং কীরামপুরের ‘গবর্ণমেন্ট্ গেজেট্’ কলিকাতা বা তন্নিকটবর্ত্তী স্থানে প্রকাশিত হয় না। গত বারে (২৬ জুলাই ১৮৪৭) আমরা যে তালিকা প্রকাশ করিয়াছি তাহার মধ্যে তিনখানি পত্রিকা—‘পাবণীভূষণ’, ‘সত্যসঞ্চারিণী পত্রিকা,’ এবং ‘রঙ্গবন্ধু পত্রিকা’ লোপ পাইয়াছে। গত বারে লিখিবার পর যে-সব নূতন সাময়িক-পত্র প্রকাশিত হইয়াছে, তাহার মধ্যে একমাত্র ‘হিন্দুবন্ধু’রই প্রকাশ রহিত হইয়াছে।

সংবাদ রসমুদগর (সাপ্তাহিক) । জুলাই ১৮৪২ ।

‘সংবাদ রসমুদগর’র সহিত মসিযুদ্ধের জন্ম ১২৫৬ সালের আষাঢ় (জুলাই ১৮৪২) মাসে ‘সংবাদ রসমুদগর’ নামে একখানি সাপ্তাহিক পত্রের আবির্ভাব হয় । ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ :—

আষাঢ়, ১২৫৬ ।...শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় কর্তৃক সংবাদ রসমুদগর নামক এক সাপ্তাহিক পত্র প্রকাশ হয় ।

১৮৪২ সনের ডিসেম্বর হইতে পত্রিকাখানিকে অর্ধ-সাপ্তাহিকে পরিণত করিবার প্রস্তাব হয় । ‘হিন্দু ইন্টেলিজেন্সারে’ (২৬ নবেম্বর ১৮৪২) প্রকাশ :—

We are requested to announce that the...*Rasomudgar*, another periodical will from the 1st of next month, be published...twice a week.

এই প্রস্তাব কার্যকর হয় নাই বলিয়াই মনে হয় । ‘রসমুদগর’ বেশী দিন স্থায়ী হয় নাই ।

কৌস্তভ কিরণ (পাক্ষিক) । আগস্ট ১৮৪২ ।

১৮৪২ সনের আগস্ট মাসে ‘কৌস্তভ কিরণ’ প্রকাশিত হয় । ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ :—

ভাদ্র, ১২৫৬ । শ্রীযুক্ত ব্রজমোহন চক্রবর্তী কর্তৃক কৌস্তভ কিরণ নামক এক মাসিক পত্র প্রকাশ পায় ।

ঈশ্বরচন্দ্র গুপ্তও ইহাকে “মাসিক পত্র” বলিয়াছেন । প্রকৃতপক্ষে ইহা একখানি পাক্ষিক পত্রিকা । ‘হিন্দু ইন্টেলিজেন্সারে’ (৩ সেপ্টেম্বর ১৮৪২) প্রকাশ,—

In the course of last week, two new publications in Bengaloe have reached our hands :—the one, a lithographed weekly...the *Varanasi Chandrodaya*,—...and the other a printed bi-monthly periodical under the title of *Koustabha Kirana*. Its object is to inform the native community, who are unacquainted with the different ramifications of Sanscrit learning, of the nature and extent of those sciences and arts which their ancestors cultivated with so much success...

এই পাক্ষিক পত্রের প্রতিষ্ঠাতা ছিলেন ভূতপূর্ব ‘কায়স্থ কৌস্তভ’-সম্পাদক রাজনারায়ণ মিত্র । ১৮৫০, আশুয়ারি-জুন সংখ্যা ‘ক্যালকাটা রিভিযু’ পত্রে ‘কৌস্তভ কিরণ’ সম্বন্ধে একটু সংবাদ আছে ; উহা এইরূপ :—

He [the author of the *Kayastha Koustabha*] has projected a periodical, published once a fortnight, under the title of the *Koustabha Kirana*, in which he unfolds and illustrates his novel theory of the origin and claims of the Kayasthas, and uses both general and special pleadings in its support. It is conducted with considerable ability, and bears evident proofs of industry and research.—Miscellaneous Notices, p. ix.

‘কৌস্তভ কিরণ’ দুই বৎসর জীবিত ছিল ।

মহাজনদর্পণ (দৈনিক)। সেপ্টেম্বর ১৮৪২।

১৮৪২ সনের সেপ্টেম্বর মাসে জয়কালী বসু 'মহাজনদর্পণ' নামে একখানি দৈনিক পত্র প্রকাশ করেন। বাংলায় বাণিজ্য-সংক্রান্ত পত্র বোধ হয় ইহাই প্রথম। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ :—

ভাদ্র, ১২৫৬।...ত্রীযুত বাবু জয়কালী বসু কর্তৃক মহাজনদর্পণ নামক এক দ্রব্যমূল্যের পত্রিকা প্রকাশ হয়।

'হিন্দু ইণ্টেলিজেন্সার'ও (১০ সেপ্টেম্বর ১৮৪২) লিখিয়াছিলেন :—

A Commercial paper in Bengallee, under the designation of 'Mahajun Durpun,' or the 'Merchant's Looking-glass' has just made its appearance, and is being published daily, at the low rate of two rupees per month ;...

ইহার স্থিতিকাল কয়েক মাস মাত্র।

ভৈরবদণ্ড (সাপ্তাহিক)। নবেম্বর ১৮৪২।

১২৫৬ সালের অগ্রহায়ণ (নবেম্বর ১৮৪২) মাসে 'ভৈরবদণ্ড' নামে একখানি সাপ্তাহিক পত্র লিপ্যেয় মুদ্রিত হইয়া কাশী হইতে প্রচারিত হয়। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ :—

অগ্রহায়ণ, ১২৫৬।...বারাণসীতে বাগবাহার যন্ত্র হইতে 'ভৈরবদণ্ড' নামক এক পত্র প্রচার হয়।

'সংবাদ রসমুদগর' "মৃত্যু নিকট সময়ে বিকটাকারে কাশীর প্রতি কটাক্ষ করিবাতে, বারাণসী চন্দ্রোদয় স্বয়ং ঐ দুঃখপোষ্য শিশুর সমভিব্যাহারে সমরে প্রবর্ত্ত না হইয়া 'ভৈরবদণ্ড' নামক এক ষণ্ড সন্তান প্রসব করিয়া ভণ্ড মুদগরের সমোচিত দণ্ড করিলেন।" 'বারাণসী চন্দ্রোদয়'-সম্পাদক উমাকান্ত ভট্টাচার্য্য ইহারও সম্পাদক ছিলেন। জন্মের অল্প দিন পরেই 'ভৈরবদণ্ড' লুপ্ত হয়। সঙ্গে সঙ্গে 'বারাণসী চন্দ্রোদয়ে'র প্রচারও রহিত হইয়াছিল। দুইখানি পত্রিকারই জন্ম-মৃত্যু ১২৫৬ সালে ঘটে।

সংবাদ সঙ্কনরঞ্জন (সাপ্তাহিক...)। ডিসেম্বর ১৮৪২।

১২৫৬ সালের পৌষ (ডিসেম্বর ১৮৪২) মাসে 'সংবাদ সঙ্কনরঞ্জন' প্রথমে সাপ্তাহিকরূপে প্রকাশিত হয়। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ,—

পৌষ, ১২৫৬।...ত্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র গুপ্ত কর্তৃক সংবাদ সঙ্কনরঞ্জন নামক এক সাপ্তাহিক সংবাদ পত্র প্রকাশ পায়।

১২৫৭ সালে ইহা অর্ধ-সাপ্তাহিক পত্রে পরিণত হইয়া পর-বৎসর লুপ্ত হয়। ১৮৬১ সনের জুন মাসে (আষাঢ় ১২৬৮) 'সংবাদ সঙ্কনরঞ্জন' পুনর্জীবিত হইয়াছিল। ১ জুলাই ১৮৬১ তারিখে 'সোমপ্রকাশ' মন্তব্য করেন,—

এই আষাঢ় মাসে সঙ্কনরঞ্জন নামে আর একখানি সমাচার পত্র প্রচার হইতে আরম্ভ হইয়াছে। ইহার আকার ভাস্কর পত্রের ছায়। শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র গুপ্ত ইহার সম্পাদক। এই পত্র প্রতি সপ্তাহে সোম ও বুধস্পতি এই দুই দিন করিয়া প্রকাশ হইবে। ইহাতেও রাজনীতিষটি বিষয় সকল লিখিত হইতে আরম্ভ হইয়াছে। সম্পাদকের ব্যাঘাত ও পত্রের নুতনত্ব নিবন্ধন প্রথম সংখ্যায় যে কিছু কিছু দোষ দৃষ্ট হইয়াছিল, উত্তরোত্তর তাহা সংশোধিত দৃষ্ট হইতেছে। ইহাতে স্পষ্ট বোধ হইতেছে, এ পত্রও দেশের শ্রেয়ঃসাধন করিবে।

‘সংবাদ সঙ্কনরঞ্জন’ পত্রের শিরোনামের নিম্নে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

লোকানাং কিল তাপহেতুরথুনা ক্ষেত্রদতো ভাস্করো
 গুপ্তেহশ্বেপি প্রভাকরেশ্বর ইতো; রামাহতেনামুনা।
 কিংবা কাল্পনিক-প্রভাকরদশালোকেন লোকেহথিলে
 চন্দ্রশ্চন্দ্রিকয়া কলঙ্কিততয়া সদম্মুর্দর্শে কথং ॥
 সোমঃ সোহপি স এব কিঞ্চ কুয়দোলাসপ্রকাশন্ত সঃ
 অশ্বেষাং কিমু বার্তমা জনমনোবিগ্নাপন্নস্ত্যা ভৃশং।
 সদম্মু ব্যবহারদর্শনবিধৌ সোহপ্যেষ এবাথুনা
 আন্তাং সঙ্কনরঞ্জনো মণিবরো গোবিন্দ-গুপ্তাঙ্কিতং ॥

সংবাদ বর্দ্ধমান জ্ঞানপ্রদায়িনী (সাপ্তাহিক...)। ডিসেম্বর ১৮৪২।

১২৫৬ সালের পৌষ (ডিসেম্বর ১৮৪২) মাসে বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায় বর্দ্ধমান হইতে ‘বর্দ্ধমান জ্ঞানপ্রদায়িনী’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশ করেন। ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ,—

পৌষ, ১২৫৬।...বর্দ্ধমানে জ্ঞানপ্রদায়িনী নামক...সংবাদ পত্র প্রকাশ হয়।

বর্দ্ধমান চন্দ্রোদয় (সাপ্তাহিক)। ডিসেম্বর ১৮৪২।

‘বর্দ্ধমান চন্দ্রোদয়’ বর্দ্ধমান হইতে প্রকাশিত একখানি সাপ্তাহিক সংবাদপত্র; ১২৫৬ সালের পৌষ মাসে (ডিসেম্বর ১৮৪২) রামতারণ ভট্টাচার্য্য কর্তৃক ইহা প্রকাশিত হয়। ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ,—

পৌষ, ১২৫৬।...বর্দ্ধমানে...বর্দ্ধমান চন্দ্রোদয় নামক...সংবাদ পত্র প্রকাশ হয়।

১৮৫১ সনে ‘বর্দ্ধমান চন্দ্রোদয়’ পত্রের প্রচার রহিত হয়। পর-বৎসর ৪ঠা সেপ্টেম্বর ইহা পুনঃপ্রচারিত হইয়াছিল। ‘সংবাদ প্রভাকরে’ (৮ সেপ্টেম্বর ১৮৫২) প্রকাশ :—

শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার চট্টোপাধ্যায় দ্বারা ‘চন্দ্রোদয়’ গত শনিবারাবি পুনরায় উদয় হইয়াছে। বোধ হয় চন্দ্র রাহগ্রাস হইতে মুক্ত হইয়া একথাবি আমায়দের প্রতি পীুষ্মন বিমল কিরণ বিতরণে আর বিরত হইবেন না।

সংবাদ রসরত্নাকর (পাক্ষিক)। ডিসেম্বর ১৮৪৯।

১২৫৬ সালের পৌষ (ডিসেম্বর ১৮৪৯) মাসে 'সংবাদ রসরত্নাকর' নামে একখানি পাক্ষিক পত্র প্রকাশিত হয়। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' (২ বৈশাখ ১২৫৭) প্রকাশ,—

পৌষ, ১২৫৬। ..ক্রীযুত বাবু যত্ননাথ সেন [পাল] কর্তৃক 'রসরত্নাকর' নামক একখানি পাক্ষিক পত্র প্রকাশারম্ভ হয়।

প্রথম সংখ্যার পর ইহার প্রচার কিছু দিন স্থগিত থাকে। দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হয় ১৮৫০ সনের জুন মাসে। পরবর্তী ১লা জুলাই 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' লিখিয়াছিলেন,—

সংবাদরসরত্নাকর। উক্ত নামিকা পত্রিকার এক সংখ্যা মাত্র পূর্বে প্রকাশ পায়, এক্ষণে তাহা পুনঃ প্রচলন হওনার্থ দ্বিতীয় সংখ্যা হিন্দু কালেক্টরী ছাত্র ক্রীযুত বাবু যত্ননাথ পাল প্রকাশ করিয়াছেন। পত্র প্রতি পক্ষে প্রকাশ হইবেক, পরিমাণ সংখ্যা প্রতি অকটেবো ৮ পৃষ্ঠা, মূল্য ১০ মাত্র, সম্পাদকের লেখা ভাল, বাসনা উত্তম।

সাময়িক-পত্রের হ্রাস-বৃদ্ধি

২ বৈশাখ ১২৫৭ (১৩ এপ্রিল ১৮৫০) তারিখের 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' হইতে নিয়েব তালিকাটি উদ্ধৃত হইল :—

নিম্নলিখিত সংবাদ পত্র গত বর্ষের [১২৫৬ সালের] পূর্বাধি চলিত আছে, ও গত বৎসরের মধ্যে নূতন প্রকাশারম্ভ ও প্রকাশ রহিত হইয়াছে—

পূর্বাধি চলিত পত্র

- প্রাত্যহিক :— ১। সংবাদ পূর্ণচন্দ্রোদয়, ২। সংবাদ প্রভাকর।
 দিনান্তরিক :— ৩। সংবাদ ভাস্কর, ৪। সংবাদ রসসাগর।
 অর্ধ সাপ্তাহিক :— ৫। সমাচার চন্দ্রিকা, ৬। সম্বাদ রসরাজ।
 সাপ্তাহিক :— ৭। গবর্ণমেন্ট গেজেট, ৮। সংবাদ সাধুরঞ্জন, ৯। জ্ঞান-সঞ্চায়িনী,
 ১০। সংবাদ রসমুদ্রণ, ১১। রত্নপুর বার্তাবহ।
 অর্ধ মাসিক :— ১২। নিত্যবর্ণনামুরঞ্জিকা, ১৩। হর্দয়ন দমন মহানবমী।
 মাসিক :— ১৪। তত্ত্ববোধিনী পত্রিকা, ১৫। উপদেশক।

গত বৎসরের মধ্যে প্রকাশিত পত্র

- সাপ্তাহিক :— ১। সঙ্কন রঞ্জন, ২। বারাগসী চন্দ্রোদয়, ৩। বর্ধমান চন্দ্রোদয়,
 ৪। বর্ধমান জ্ঞানপ্রদায়িনী, ৫। মহাজন দর্পণ, ৬। সংবাদ রসরত্নাকর,
 ৭। ভৈরবদণ্ড।
 মাসিক :— ৮। কৌন্তকিরণ।

গত বৎসরের মধ্যে প্রকাশ রহিত পত্র

১। সমাচার জ্ঞানদর্পণ, ২। মহাজ্ঞান দর্পণ, ৩। সংবাদ মুক্তাবলী, ৪। সংবাদ মুক্তনবকু, ৫। সংবাদ ভৃঙ্গদূত, ৬। সংবাদ অরুণোদয়, ৭। সংবাদ কৌমুভ, ৮। সংবাদ জ্ঞানচন্দ্রোদয়, ৯। সংবাদ রসরত্নাকর।

উপরোক্ত তালিকায় গত ১২৫৬ সালের পূর্বাধির চলিত ১৫ খানি পত্র এবং ঐ বৎসরের মধ্যে আরও ৮ খানির মধ্যে ২ খানি [‘মহাজ্ঞান দর্পণ’ ও ‘সংবাদ রসরত্নাকর’] রহিত হওয়া ব্যতীত ৬ খানি সমুদয়ে ২১ পত্র চলিত রূপে গণনা করা যায়, এতাবৎ সংখ্যক পত্রই ১২৫৫ সালের শেষেও দৃষ্ট হইয়াছিল ইহাতে সাধারণ বিবেচনায় সমাচার পত্রের অবস্থা গত ও তৎপূর্ব বর্ষে তুল্য বোধ হয়, কিন্তু গত বৎসরের প্রকাশারক ও প্রকাশ রহিত উভয় তালিকার তুলনায় দৃষ্ট হয়, নগরীয় কয়েক পত্র অবসন্ন হইলেও তৎপরিবর্তে ষোড়শকারাবৃত মকঃস্বলে কয়েক পত্র প্রকাশ হইয়া উক্তস্থানে জ্ঞান জ্যোতিঃ প্রকাশারক করিয়াছে।

মনতত্ত্ব সারসংগ্রহ (?)। মার্চ ১৮৫০।

৭ জুন ১৮৪৫ তারিখে কতিপয় বিদ্বান্ ও উৎসাহী ব্যক্তির চেষ্টায় কলিকাতায় ফ্রেনলজিক্যাল সোসাইটি স্থাপিত হয়। এই সোসাইটির সভ্য রাধাবল্লভ দাস ১৮৫০ সনের মার্চ মাসে “ডাং ইশ্‌পার্জিম ও মেং কোম্ব সাহেবকৃত ফ্রেনলজী গ্রন্থ এবং ফ্রেনলজীকেল্ চারট হইতে সারসংগ্রহ করিয়া” বাংলায় ‘মনতত্ত্ব সারসংগ্রহ’ প্রকাশ করেন। সম্ভবতঃ ইহাই উপলক্ষ্য করিয়া শ্রীরামপুরের ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’ (২৫ এপ্রিল ১৮৫০) লেখেন :—

Bengalee Phrenological Journal.—The schoolmaster is abroad, and the latest evidence of truism, is the publication of a periodical work in Bengalee, devoted to the exposition of phrenological science. We have not had time to peruse any part of it, but the illustrations are good, and the appearance of such a work is highly creditable to the Bengal Phrenological Society. (P. 261.)

ধর্মমর্শ্বপ্রকাশিকা (মাসিক)। মে ১৮৫০।

১৮৫০ সনের প্রথমার্ধে কোল্লনগর ধর্মমর্শ্বপ্রকাশিকা সভার মুখপত্ররূপে একখানি সাময়িক পুস্তক প্রকাশিত হয়। ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ (২২ জুলাই ১৮৫০) লিখিয়াছিলেন :—

কোণনগরস্থ ধর্মমর্শ্ব প্রকাশিকা সভার সংগৃহীত পুস্তকের প্রথম খণ্ডের দ্বিতীয় সংখ্যা সম্পাদক কর্তৃক অশ্রুৎ সমীপে প্রেরিত হওয়াতে আমরা পাঠ করিয়া দেখিলাম...

এই সভার আত্মকূল্যে ১৮৫৪ সনের মে মাস হইতে ‘ধর্মমর্শ্বপ্রকাশিকা পত্রিকা’ নামে মাসিক পত্রিকা প্রকাশিত হইতে আরম্ভ হয়। সমসাময়িক সংবাদপত্রে প্রকাশ :—

We have to acknowledge, with thanks, the receipt of a Bengalee journal, called the *Dharma Murma Prakashika Patrika*, which is to be issued monthly under the patronage of a *Subha* or society at Konenugur from which it is named. The editor in his opening address tells us that the periodical has been undertaken at the

suggestion of Rajah Radhakant Deb, Rajah Kaleekrishna Bahadur, Raja Joginder-ohunder Roy, and Baboo Asootosh Dey, and is, therefore, likely to do better than many of its predecessors did. We hope it will,—*The Hindu Intelligencer*, 5 June 1854.

কোননগর নিবাসি ত্রিযুত বাবু গিরিশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় ষষ্ঠ মর্ষ প্রকাশিকা নামে ষে মাসিক পত্রিকা প্রকাশারম্ভ করিয়াছেন, তাহার ছই সংখ্যা আমরা প্রাপ্ত হইয়াছি, সনাতন হিন্দু ধর্মের সার ভাগ প্রকাশ করাই ঐ পত্রের প্রধান উদ্দেশ্য,...—‘সংবাদ প্রভাকর,’ ১১ জুলাই ১৮৫৪ ।

সত্যপ্রদীপ (সাপ্তাহিক) । ৪ মে ১৮৫০ ।

‘সত্যপ্রদীপ’ একখানি সাপ্তাহিক সংবাদপত্র ; প্রতি শনিবার “শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীমেরিডিথ টৌন্সেণ্ড সাহেবকর্তৃক প্রকাশিত” হইত। ইহার অগ্রিম বাবিক মূল্য ছিল ছয় টাকা। ‘সত্যপ্রদীপে’র প্রথম সংখ্যা প্রকাশিত হয় ৪ মে ১৮৫০, শনিবার (২৩ বৈশাখ ১২৫৭)। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হইয়াছিল,—

সত্যপ্রদীপ প্রকাশ ।...এইক্ষণে অন্যান্য সপ্তদশ পত্র বঙ্গ ভাষায় প্রকাশিত হইতেছে ইহার মধ্যে কএক পত্রের তিন চারি শতপর্ধ্যন্ত গ্রাহক সম্বাদই সম্বাদপত্র পাঠ করণে এতদেশীয় লোকেরদের অত্যন্ত লালসার প্রমাণ । ইদানীং বঙ্গদেশীয় বিজ্ঞজনগণ স্বদেশীয় লোকেরদের উপকারার্থ স্বীয় ভাষায় সপ্তদশ পত্র প্রকাশ করিতেছেন অতএব বিদেশীয় লোকেরদের এতৎকর্ত্তে হস্তক্ষেপ করণের কি প্রয়োজন কেহ যদি অসম্ভব হইয়া এইমত আপত্তি করেন তবে উত্তর এই । কোন দেশীয় লোক কিঞ্চিৎ সভ্যতাবিশিষ্ট হইলে তাঁহার। অবশ্য সম্বাদপত্র প্রকাশ করেন ক্রমে সভ্যতার বর্দ্ধনাম্বসারে পত্রের উত্তমতাবৃদ্ধি হয় । এদেশীয় লোকেরদের মধ্যে ক্রমেই সভ্যতা বৃদ্ধি পাইতেছে বটে তথাপি যেই পত্র প্রকাশ হইতেছে তাহার তিন চারি পত্র ভিন্ন অত্রান্ত পত্রবিষয়ে সভ্যজনগণ নানা দোষার্ণব করেন । প্রথম এই । কোনই সম্পাদক মহাশয় কোন স্থানে কোন সম্বাদ ক্রম হইলে তাহার সত্যাসত্যতা নির্ণয়ার্থে উপযুক্ত অঙ্গসন্ধান না করিয়া অথবা তত্রূপ অঙ্গসন্ধান করণাক্রম হইয়া সহসা তাহা প্রকাশ করেন । ফলতঃ কোনই সময়ে সম্বাদচারি সভ্য বিশিষ্ট লোকেরদের নামে অঙ্গপমুক্তরূপে দোষার্ণব ও নানাপ্রকার গ্লানি হয় । দ্বিতীয় এই । কএক সম্বাদপত্রে অত্যন্ত অঙ্গপমুক্ত শব্দাদি ব্যবহারপ্রযুক্ত সভ্য লোকেরা প্রায় তৎপ্রতি দৃষ্টিক্ষেপ করিতে পারেন না । ফলতঃ এতদ্বিষয়ে নিশ্চিন্ত মহাশয়দের ঐ সকল পত্র পাঠ করিতে তাঁহারদের নীতিবৃদ্ধি না হইয়া অসভ্যতা বর্দ্ধন হইতেছে । এইক্ষণে আমরা দেশবিদেশীয় সত্যসম্বাদ অঙ্গসন্ধানপূর্বক প্রকাশ করিয়া যাহা অসত্য তাহা পরিত্যাগপূর্বক পাঠক মহাশয়দের মনঃসন্তোষ করণাভিপ্রায়ে সত্যপ্রদীপনামক এই সম্বাদ পত্র প্রকাশ করিতেছি । কোন অন্ত্যায়চরণের বিষয় সংবাদ প্রাপ্ত হইলে তদাচারের দোষ প্রকাশ করণে কোনক্রমে শৈথিল্য করিব না পরন্তু ব্যক্তিবিশেষের গ্লানিও করিব না । ফলতঃ

এতদেবীর লোকেরদের সংজ্ঞান ও গুণ যাহাতে বৃদ্ধি হয় এমত উপায় করা সত্যপ্রদীপের প্রধান অভিপ্রায় ।

অনন্তর যে সকল আইন ও সদর আদালতের যে সমস্ত পত্র ও রিপোর্ট অর্থাৎ নজির ও সদর বোর্ড প্রভৃতির যে সকল পত্র পাঠ করিয়া পাঠক মহাশয়েরা সন্তুষ্ট হইতে পারেন তাহাও এই সত্যপ্রদীপ পত্রে প্রকাশ হইবেক ও তদ্বিষয়ে আমারদের ও পত্র প্রেরকেরদের উল্লেখ্য সকল কথা অব্যাহে প্রকাশ করিব । তন্মুদিত উত্তান ও ক্ষেত্র কর্ণপাৰ্শ্ব সম্ভার যে কোন কার্যেতে কিম্বা প্রভাবেতে জুম্বাধিকারিরদের ও কৃষাগণেরদের পরিশ্রমের লাভ ও লভ্য সম্ভাবনা তাহা জ্ঞাত করাইব এবং পদার্থ ও শিল্প প্রভৃতি বিজ্ঞা সম্পর্কীয় নানারূপ প্রস্তাব বিচার্ধি মহাশয়েরদের সম্ভাষণার্থে প্রতি সপ্তাহে প্রকাশ করিব তন্মধ্যে যে২ কথা সহজে বোধগম্য নহে ব্যাখ্যার্থে তাহার প্রতিবিষয় কখন২ প্রকাশ হইবেক ।...

দেওয়ানী ফৌজদারীপ্রভৃতি যে পদে যিনি নিযুক্ত হন তাহার সম্বাদ ও সম্ভা মহাশয়েরদের বিবাহ পরলোকপ্রাপ্তাদির সম্বাদও লিখিব ।

এক বৎসর পরে 'সত্যপ্রদীপের' স্থলে শ্রীরামপুর হইতে 'সমাচার দর্পণ' পুনঃপ্রকাশিত হয় । 'সত্যপ্রদীপের' শেষ সংখ্যার প্রকাশকাল—২৬ এপ্রিল ১৮৫১ । এই সংখ্যায় প্রকাশিত "পাঠক মহাশয়বর্গের প্রতি সত্যপ্রদীপের বিনীতিপূর্বক প্রণতি" এইরূপ :—

মদীয় বর্তমান আকৃতি প্রকৃতি সমুচিত বচনাদি দর্শন পঠন বোধনার্ণ আর মহাশয়েরদের সমীপস্থ হইবে না ।...আগামী সপ্তাহে সমাচার দর্পণ স্তবেশে মহামহিম পাঠকগণের স্মরণ করকমলগত হইবেক । তাহাতে প্রদীপের প্রতিবিষয়ও দর্পণে সংলগ্ন হইয়া দ্বিগুণ দীপ্তি প্রদর্শক হইবেক ।

দূরবীক্ষণিকা (মাসিক) । জুন ১৮৫০ ।

১৮৫০ সনের জুন মাসে 'দূরবীক্ষণিকা' নামে একখানি মাসিক পত্র বিদ্যিরপুর হইতে প্রকাশিত হয় । 'সংবাদ প্রভাকরে' (২ বৈশাখ ১২৫৮) প্রকাশ,—

আষাঢ়, ১২৫৭ ।...দূরবীক্ষণিকা নামী এক মাসিক পত্রিকা প্রকটতা হয় ।

শ্রীরামপুরের 'সত্যপ্রদীপে' (৬ জুলাই ১৮৫০) 'দূরবীক্ষণিকা' সম্বন্ধে আরও কিছু সংবাদ পাওয়া যায় :—

দূরবীক্ষণিকা পত্র । বিদ্যিরপুর নিবাসি ত্রীযুত দ্বারকানাথ মজুমদার মহাশয় উক্ত নামাঙ্কিত এক পত্রিকা আমারদের নিকটে প্রেরণ করিয়াছেন । ঐ পত্র এদেশীয় বিজ্ঞানুসারি কতিপয় মহাশয়কর্তৃক সম্পাদিত হইতেছে এবং তাঁহারা তৎপ্রকাশের এই অভিপ্রায় লিখিয়াছেন । এই পত্র "নানাপ্রকার বিজ্ঞা দ্বারা পরিপূর্ণ হইবেক, অর্থাৎ জুগোল, জুত্ব, জ্যোতিষ, রত্নাকর, রসায়ন এবং পদার্থ প্রভৃতি মান্য প্রকার বিজ্ঞা ইহার অঙ্গীভূত হইবেক । প্রাপ্তিমত অনেক দেশের—বিশেষতঃ ভারতবর্ষের—প্রাচীন এবং আধুনিক ইতিহাস প্রকাশ করা যাইবেক । কেবল নিয়মিত বিজ্ঞা মাত্র প্রচার দ্বারা দেশের সম্পূর্ণ মঙ্গলের সম্ভাবনা

নাই, একত্ৰ উপস্থিতমতে রাজসংজ্ঞাস্ত নানা প্রকার বিষয়েরও আলোচন করিতে হইবেক । যখন পত্রিকাকে ‘দূরবীক্ষণিকা’ নামে শ্রেণীত করিয়াছি, তখন দূরকে জ্ঞাপন করা আশ্চর্য-দিগের তাৎপর্য হইয়াছে ; অতএব ভারতবর্ষাদি প্রাচীন সাম্রাজ্যের প্রাচীন রাজন্যম এবং অবস্থার বিবরণ করিতেও যত্ন করিব ।”...

সম্পাদকেরদের বিজ্ঞাপন দ্বারা দৃষ্ট হইতেছে তাঁহারা বিজ্ঞাষটীত বাক্য ব্যাখ্যার্থে চিত্রও প্রকাশ করিবেন অথচ পত্রের মূল্য মাসিক ১০ চারি আনা মাত্র...।

দূরবীক্ষণিকার প্রথম সংখ্যাতে সম্পাদক মহাশয়েরা বিজ্ঞার জন্মঃ ইতিহাস বিষয়ে সংক্ষেপে লিখিয়াছেন বিশেষতঃ ভারতবর্ষের মধ্যে অতিপূর্বে কালে যে কবি ও জ্যোতির্বেজা ও গ্রন্থরচক প্রভৃতি ছিলেন তাঁহাদের কার্য বিষয়ে লিখিয়াছেন । পরে সূর্য্যগ্রহের বিষয়ে জ্যোতির্বেজারা যাহা প্রকাশ করিয়াছেন তাহার সার সংক্ষেপ লিখিয়াছেন ।

সত্যার্ণব (মাসিক...) । জুলাই ১৮৫০ ।

‘সংবাদ প্রভাকর,’ ‘তত্ত্ববোধিনী পত্রিকা’ প্রভৃতিতে মাঝে মাঝে “ত্রীষ্টধর্মের বিরুদ্ধ প্রসঙ্গ” থাকিত । এই কারণে মিসনরীদের পক্ষ হইতে ১৮৫০ খ্রীষ্টাব্দের জুলাই মাসে ‘সত্যার্ণব’ নামে একখানি মাসিক পত্রিকার আবির্ভাব হয় । প্রথম সংখ্যায় সম্পাদক লেখেন :—

...অজ্ঞাবধি মাসে২ “সত্যার্ণব” নামে এক পত্রিকা প্রকাশ করিব । ইংলণ্ডীয় বর্ষ সভার কএক জন যাজক এই পত্রের অধ্যক্ষতা করিবেন, তাঁহাদের অভিমতানুসারে সকল কার্য নির্বাহ হইবেক, তবে কার্যের সুগমার্থ এক জনের প্রতি সম্পাদকীয় ভার অর্পিত হইবেক । এই পত্রের প্রত্যেক সংখ্যায় দুই২ অঙ্করে মুদ্রিত ১৬ পৃষ্ঠা থাকিবে, মাসিক মূল্য /১০ দেড় আনা মাত্র । এ পত্রের মধ্যে বিবিধ বিষয়ের প্রসঙ্গ করা যাইবে । যথা ১ বর্ষ পুস্তকের ব্যাখ্যা এবং সংক্ষিপ্ত ভাষ্য । ২ বর্ষ এবং বর্ষ প্রচার সম্বন্ধীয় সংবাদ । ৩ জীবন বৃত্তান্ত এবং অজ্ঞাত ইতিহাস । ৪ গোষ্ঠীয় সমাচার পত্র হইতে উদ্ধৃত প্রস্তাব । ৫ বর্ষ সম্বন্ধীয় পুরাত্ত্ব । ৬ গোষ্ঠীয় ভাষায় রচিত পুস্তকের প্রসঙ্গ । ৭ বৈদ্যাস্তিক পৌরাণিক এবং মোসলমান ধর্মের প্রসঙ্গ । ৮ বিজ্ঞা বিতরণের প্রসঙ্গ । ৯ প্রার্থনা পুস্তকের ব্যাখ্যা । ১০ পূর্বতন বিষয়ের এবং বিবিধ স্থলের বর্ণনা । ১১ আয়ুর্বেদ প্রকরণ । ১২ স্বাভাবিক পদার্থ তত্ত্ব । ১৩ মাসিক সংবাদ ।

‘সত্যার্ণব’ “নং ১৪৮ কর্ণওয়ালিশ ষ্ট্রট ভবনে বিজ্ঞাকল্পক্রম যন্ত্রে মুদ্রিত” হইত । ইহার প্রথম বর্ষের প্রত্যেক সংখ্যায় একখানি কাঠখোদাই চিত্র এবং দ্বিতীয় বর্ষ হইতে সকল সংখ্যায় দুই বা ততোধিক চিত্র থাকিত । ‘সত্যার্ণব’ সম্পাদন করিতেন পাদরি লং । ‘সমাচার চন্দ্রিকা’ (৩১ আঘাট ১২৫৮) প্রকাশ :—

এই পুস্তক ক্রীযুক্ত রেবরও কে লাং সাহেব কর্তৃক সম্পাদিত হইয়া থাকে, তাহাতে বোধ হয় করেক জন বাদালি ভদ্র মহাশয় তাঁহার সাহায্য করেন ।

তৃতীয় কাণ্ড হইতে ‘সত্যার্ণব’ ষৈমাসিক (দুই মাস অন্তর) পত্রে পরিণত হয় ; ১ম সংখ্যার শেষে এই বিজ্ঞাপন মুদ্রিত হইয়াছে :—

“বিজ্ঞাপন পত্রমেতৎ । সত্যার্ণব গ্রাহক মহাশয়দিগের প্রতি সমাদর পুরঃসর বিজ্ঞাপন করা যাইতেছে যে এই পত্র এতৎকালাবধি মাসিঃ প্রচারিত না হইয়া মাসদ্বয়ান্তরে প্রকাশিত হইবে ।... ”

‘সত্যার্ণব’ পাঁচ বৎসর চলিয়াছিল বলিয়া মার্চক উল্লেখ করিয়াছেন ।

সর্বশুভকরী পত্রিকা (মাসিক) । আগষ্ট ১৮৫০ ।

১২৫৬ সালের ফাল্গুন মাসে কলিকাতা “ঠনঠনীয়ার ৬রামচন্দ্র চন্দ্রের ৫৮ সংখ্যক ভবনে” সর্বশুভকরী সভা স্থাপিত হয় । সভার সত্যগণ ১২৫৭ সালের ভাদ্র মাসে (আগষ্ট ১৮৫০) ‘সর্বশুভকরী পত্রিকা’ নামে মাসিক পত্রিকা প্রকাশ করেন । ইহার কণ্ঠদেশে এই শ্লোকটি শোভা পাইত :—

অশ্বমেধসহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্ ।

অশ্বমেধসহস্রাণ্ডু সত্যমেবাতিরিচ্যতে ।

পত্রিকা প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হইয়াছে :—

আমরা কএক জন বন্ধু একমতাবলম্বী হইয়া গত ফাল্গুন মাসে সর্বশুভকরী নামে এক সভা স্থাপন করিয়াছি । সভাসংস্থাপনের মুখ্য অভিপ্রায় এই যে, বহু কালাবধি আমাদের দেশে কতগুলি কুরীতি ও কদাচার প্রচলিত আছে তদ্বারা এতদেশের বিষম অনিষ্ট ঘটতেছে ও কালক্রমে সর্বনাশ ঘটবারও সম্ভাবনা আছে । যাহাতে এই সমস্ত কুরীতি ও কদাচার চিরদিনের নিমিত্ত হতাদর ও দূরীভূত হয় সাধ্যানুসারে তদ্বিষয়ে যত্ন করা যাইবেক । কিন্তু এই সম্বন্ধিত অসাধ্যসাধন বিষয়ে সর্বশুভকরী কত দূর পর্যন্ত কৃতকার্য হইতে পারিবেন তাহা অগম্য জানেন । আমরা এই যে দুঃসাধ্য মহৎ ব্যাপারে হস্তার্পণ করিবার মানস করিয়াছি পত্রিকা প্রচার তৎসমাধানের এক প্রধান উপায় বোধ হওয়াতে এই পত্রিকা প্রচার করিতে আরম্ভিলাম । এবং ইহাকে সভার প্রতিকল্প স্বরূপ বিবেচনা করিয়া তদীয় সর্বশুভকরী নাম দ্বারাই ইহার নামকরণ করিলাম ।

কি প্রাচীন কি নব্য উভয় সম্প্রদায়ের লোকেরি স্বীকার করা উচিত যে কোলীশ্রব্যবস্থা, বিধবাবিবাহ প্রতিষেধ, অন্নবরসে বিবাহ প্রকৃতি য়ে কতিপয় অতি বিষম অশেষদোষাকর কুৎসিত নিয়ম প্রচলিত আছে তৎসমুদায় নিরাকৃত হইলে এতদেশের অনেক ছন্নবস্থা মোচন ও মঙ্গল লাভ হইতে পারে । উল্লিখিত বিষয়সমূহ দ্বারা কত প্রকার অনিষ্ট ঘটতেছে ইহা প্রায় সকল লোকেরি হৃদয়ঙ্গম আছে । এবং এই পত্রিকাতেও ক্রমে ক্রমে তৎসমুদায় সবিস্তর প্রকটত করা যাইবেক... ।

‘সর্বশুভকরী পত্রিকা’র প্রত্যেক সংখ্যায় ১০ পৃষ্ঠা পরিমাণ একটি দীর্ঘ রচনা স্থান

পাইত। ইহার মাসিক চাঁদা সঙ্ক্ষে পত্রিকার শেষ পৃষ্ঠায় এই সম্পাদকীয় বিজ্ঞাপন মুদ্রিত হইত :—

এই পত্রিকার মূল্যের বিষয়ে সর্বস্বত্বকরী সভা কোন নিয়ম নির্ধারণ না করিয়া গ্রাহক মহাশয়দিগকে জানাইতেছেন, তাঁহারা শ্রদ্ধা করিয়া মাসিক ১০ চারি আনার অন্যান্য যে কিছু দান করিতে ইচ্ছা করিবেন পত্র দ্বারা তাহা সম্পাদকের বিদিত করিবেন। এবং তাঁহাদিগের সেই দান সর্বস্বত্বকরী সভা সাতিশয় আদরপূর্বক প্রতিগ্রহণ করিবেন।...শ্রীমতীলাল চট্টোপাধ্যায়। সম্পাদক।

‘সর্বস্বত্বকরী পত্রিকা’র প্রথম সংখ্যায় “বাণ্যবিবাহের দোষ” ও দ্বিতীয় সংখ্যায় “জীশিক্ষা” নামে প্রবন্ধ আছে। প্রথমটি বিদ্যাসাগর মহাশয়ের ও দ্বিতীয়টি মদনমোহন তর্কালঙ্কারের রচনা বলিয়া শত্ৰুচন্দ্র বিদ্যারত্ন ‘বিদ্যাসাগর জীবনচরিতে’ উল্লেখ করিয়াছেন। প্রকৃতপক্ষে বিদ্যাসাগর ও মদনমোহনই পত্রিকাখানির প্রতিষ্ঠাতা; মতীলাল চট্টোপাধ্যায় নামে সম্পাদক ছিলেন। ‘রাজনারায়ণ বসুর আত্ম-চরিতে’ প্রকাশ :—

ইনি [মদনমোহন তর্কালঙ্কার] ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় ‘সর্বস্বত্বকরী’ নামে পত্রিকা বাহির করেন। এই পত্রিকাতে জীশিক্ষার আবশ্যিকতা বিষয়ে একটি প্রস্তাব তর্কালঙ্কার মহাশয় লিখিয়াছিলেন। জীশিক্ষা বিষয়ক ঐরূপ উৎকৃষ্ট প্রস্তাব অত্যাধি বদভাষায় প্রকাশিত হয় নাই।* তর্কালঙ্কার মহাশয় বিষয়ত্রয়ের একজন উদ্যোগী হইয়া সমাজ-সংস্কার কার্যে যেরূপ উৎসাহ প্রকাশ করিয়াছিলেন, তত্ক্ষণ তিনি সঙ্গ সাধুবাদের উপযুক্ত।

প্রথম দুই সংখ্যা পত্রিকা প্রকাশিত হইবার পর সর্বস্বত্বকরী সভায় গণগোল উপস্থিত হয়। “সভার বীজস্বরূপ বাবু তারকনাথ দত্তের সহিত সভ্যগণ অকৌশল করিলেন।” ‘সর্বস্বত্বকরী পত্রিকা’র তৃতীয় সংখ্যা ১৮৫১ সনের ফেব্রুয়ারি মাসে ও চতুর্থ সংখ্যা এপ্রিল মাসে প্রকাশিত হইয়াছিল। এই দুই সংখ্যার বিষয়বস্তু সঙ্ক্ষে সমসাময়িক পত্রে এইরূপ উল্লেখ পাওয়া যায় :—

সর্বস্বত্বকরী পত্রিকার তৃতীয় সংখ্যায় মাংসাহারের বিরুদ্ধে যে এক সুদীর্ঘ ও যুক্তিসিদ্ধ প্রস্তাব প্রকাশ হইয়াছিল...। (‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়,’ ৩ মার্চ ১৮৫১)

আমরা গত দিবস বৈকালে ‘সর্বস্বত্বকরী পত্রিকা’র চতুর্থ সংখ্যা প্রাপ্ত হইলাম, তাহা কেবল মত্ত এবং মাদকদ্রব্যে পরিপূরিত হইয়াছে। (‘সংবাদ প্রভাকর,’ ২৬ এপ্রিল ১৮৫১)

১৮৫১ সনেই ‘সর্বস্বত্বকরী পত্রিকা’র প্রচার রহিত হয়। চার বৎসর পরে ১৮৫৫ সনে উহা পুনঃপ্রকাশিত হইয়াছিল। বিলাতের ব্রিটিশ মিউজিয়মে এক খণ্ড ‘সর্বস্বত্বকরী পত্রিকা’ আছে; তাহা “১ম খণ্ড। ৩য় সংখ্যা। শ্রাবণ ১২৬২। ইং আগষ্ট ১৮৫৫।” ইহার আখ্যা-পত্রে মুদ্রিত প্রবন্ধ-সূচি এইরূপ :—

1. The present state of the Medical science of the Country ;
2. The Establishment of a Vernacular Library ;
3. The Long Life ;
4. The British Indian Association ;
5. The new Law ;
6. The Idleness ;
7. The Price Current.

* এই প্রবন্ধটি ত্রয়োদশ-সংখ্যক ‘সাহিত্য-সাধক-চরিতমালা’র পুনর্মুদ্রিত হইয়াছে।

১১ আগষ্ট ১৮৫৬ তারিখের 'সংবাদ প্রভাকরে' ২য় খণ্ড, ৩য় সংখ্যা 'সর্বস্বতকরী পত্রিকা'র সমালোচনা-প্রসঙ্গে গুপ্ত-কবি এইরূপ মন্তব্য করেন:—

'সর্বস্বতকরী' নামী মাসিক পত্রিকার তৃতীয় সংখ্যা প্রাপ্ত হইয়া পাঠানত্তর পরমানন্দ মাত্ করিলাম, এই পত্রের রচনা অতি উত্তম এবং তাহাতে উত্তম উত্তম প্রবন্ধ সকল প্রকটিত হইতেছে, প্রার্থনা করি এই 'সর্বস্বতকরী' সর্বস্বতকরী হইয়া চিরস্থায়িনী হউক।

সংবাদ সুধাংশু (সাপ্তাহিক)। সেপ্টেম্বর ১৮৫০।

১৮৫০ সনের সেপ্টেম্বর মাসে পাদরি কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের সম্পাদনায় 'সংবাদ সুধাংশু' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (১০ সেপ্টেম্বর ১৮৫০) প্রকাশ,—

আমরা সংবাদ সুধাংশু নামক নূতন প্রকাশিত সাপ্তাহিক সংবাদ পত্র প্রাপ্ত হইয়া পাঠানত্তর আহ্লাদিত হইলাম, ...সম্পাদক মহাশয় পত্রের [মাসিক] মূল্য চারি আনামাত্র অবধারিত করিয়াছেন।

'সংবাদ সুধাংশু' পত্রের প্রথম সংখ্যায় প্রকাশিত অস্থানীয় প্রস্তাবের অংশ-বিশেষ উদ্ধৃত করিতেছি :—

আমরা পরম পরাংপর জগৎকর্তার নাম স্মরণ করত অজ্ঞাবধি সংবাদ সুধাংশু নামে সাপ্তাহিক সমাচার পত্র প্রকাশারম্ভ করিলাম। আমারদের বাসনা এই যে সর্ব বিষয়ে জগদীশ্বরের মহিমা, বিস্তার এবং স্বদেশীয় লোকের মঙ্গল বর্দ্ধন হয় সুতরাং এই নব পত্রিকাকে পরমেশ্বরের মহিমা বিস্তারের এবং স্বদেশের মঙ্গল বর্দ্ধনের উপযোগিনী করাই আমারদের অভিপ্রেত ; এই অভিপ্রায়ানুসারে আমরা সর্বদা সত্য স্থাপন পূর্বক তত্ত্ব নিরূপণ এবং মিথ্যার উৎখালন করিতে যত্ন করিব, অপন্ন মাৎসর্য পরিহার পুনঃসর যাহা যথার্থ তাহাই লিপিবদ্ধ করিব, পাঠকবর্গের বিভ্রমনার্থ অলীক বচনেতে লেখনী নিযুক্ত করিব না। আমরা খ্রীষ্টীয় বর্দ্ধাবলম্বী, খ্রীষ্টীয় বর্ধের শাসন প্রায় কাহার অগোচর নাই, অনেকেই তদ্বর্ধের উপদেশ এবং স্রীতিনীতির প্রশংসা করিয়া থাকেন, অতএব অধিক কি লিখিব সেই নীত্যনুযায়ি সরলতাচরণ করাই আমারদের প্রতিজ্ঞা। এই পত্রিকা আপাততঃ ছয় প্রকরণে বিভক্ত হইবে। ১ সম্পাদকীয় উক্তি। ২ প্রেরিত পত্র। ৩ নূতন২ এছের বিবরণ। ৪ সাহিত্যাদি প্রকরণ। ৫ অতীত সপ্তাহের সমাচার। ৬ আগামি সপ্তাহের পঞ্জিকা। কিন্তু আমাদের এমত প্রতিজ্ঞা নহে যে প্রত্যেক পত্রেরই উল্লেখিত প্রকরণ সকল নিয়ত থাকিবে কেননা প্রেরিত পত্র অথবা নূতন২ এছের বিবরণ নিত্য নয় তাহা নৈমিত্তিক মাত্র কেহ পত্র না পাঠাইলে অথবা নূতন এছ রচনা না করিলে এই প্রকরণ থাকিবার সম্ভাবনা নাই। অপন্ন সাহিত্যাদি প্রকরণে জ্ঞানের কণাও থাকিবে অর্থাৎ তাহাতে পুরাতন পদার্থতত্ত্বপ্রভৃতি বিবিধবিভা বিষয়ক প্রবন্ধ রচিত অথবা অনুবাদিত হইবে। (১৪ সেপ্টেম্বর ১৮৫০ তারিখের 'সত্যপ্রদীপে' উদ্ধৃত)

এগার মাস চলিবার পর ২ আগষ্ট ১৮৫১ তারিখে এই সাপ্তাহিক পত্রের প্রচার রহিত হয়। পরবর্তী ৫ই আগষ্ট ‘সংবাদ প্রভাকর’ লিখিয়াছিলেন :—

আমরা অতিশয় আক্ষেপ পূর্বক প্রকাশ করিতেছি যে আমারদিগের অভিনব সাপ্তাহিক সহযোগি সংবাদ সুধাংশু প্রকাশক মহাশয় স্বীয় পত্র রহিত করিয়াছেন, তদ্বিশয়ে তিনি যে এক ঘোষণাপত্র প্রকাশ করেন তাহা আমরা নিম্নভাগে গ্রহণ করিলাম।

“সংবাদ সুধাংশু। শনিবার ১৮ শ্রাবণ ১২৫৮।—সম্প্রতি সংবাদ সুধাংশু স্থগিত হইল, এক্ষণে আর প্রকাশিত হইবে না। আমরা ছয় মাস পর্যন্ত সম্পাদকীয় কার্য্য করিতে প্রতিজ্ঞা করিয়াছিলাম, সে প্রতিজ্ঞা পালন করিয়া একাদশ মাস কাল পাঠকবর্গের সেবা করিয়াছি, কিন্তু অত্যাধি তৎকর্ত্তে অবসর প্রার্থনা করিতে হইল।”

সংবাদ বর্দ্ধমান (সাপ্তাহিক)। সেপ্টেম্বর ১৮৫০।

১৮৫০ সনের ২৩এ (৭) সেপ্টেম্বর বর্দ্ধমান হইতে ‘সংবাদ বর্দ্ধমান’ প্রকাশিত হয়। এই সাপ্তাহিক সংবাদপত্র বর্দ্ধমান-রাজের পৃষ্ঠপোষকতায় এবং কালিদাস বন্দ্যোপাধ্যায়ের সম্পাদকত্বে প্রচারিত হইত। ইহার আবির্ভাবে আনন্দ জ্ঞাপন করিয়া ‘সংবাদ বর্দ্ধমান জ্ঞানপ্রদায়িনী’ (১২ আশ্বিন ১২৫৭, শুক্রবার) লেখেন :—

সংবাদ বর্দ্ধমান।—গত সোমবার সন্ধ্যার সময় আমরা সংবাদ বর্দ্ধমান পত্র প্রাপ্ত হইলাম। আত্মসাদ সাগরে নিমগ্ন হইলাম। সম্পাদক মহাশয় বহু বাহুল্য ব্যয়ে নূতন অক্ষর ও উত্তম নকশা ও প্রেস প্রভৃতি আনিয়া পত্রকে উৎকৃষ্ট রচনায় রচিত করিয়া গ্রাহকদিগকে সন্তুষ্ট করিয়াছেন। অতএব আমরাও তাঁহাকে ধন্যবাদ প্রদান করিলাম। (৫ অক্টোবর ১৮৫০ তারিখের ‘সত্যপ্রদীপে’ উদ্ধৃত)

কয়েক বৎসর চলিবার পর ‘সংবাদ বর্দ্ধমান’ রহিত হয়। ১৮৫৮ সনের মার্চ মাসে ইহা পুনঃপ্রকাশিত হইয়াছিল; ‘অরুণোদয়’ পত্রে (১ এপ্রিল ১৮৫৮) প্রকাশ :—

পাক্ষিক সংবাদ।—...‘সংবাদ বর্দ্ধমান’ নামক এক পত্রিকা দেখিয়া আমরা আত্মসাদিত হইলাম।

ভৌবিভ ও মৃত সাময়িক-পত্র—এপ্রিল, ১৮৫১

১৪ এপ্রিল ১৮৫১ (২ বৈশাখ ১২৫৮) তারিখের ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ প্রচলিত ও তিরোধানপ্রাপ্ত সাময়িক-পত্রের একটি তালিকা প্রকাশিত হয়; উহা এইরূপ :—

আমাদিগের এই পত্র পরমেশ্বরানুকম্পায় এবং গ্রাহকবর্গ ও বন্ধু বান্ধব মহাশয়দিগের অহুগ্রহে এবং সংবাদপত্র সম্পাদক মহোদয়গণের আহুকুল্যে ক্রমে মাসিক সাপ্তাহিক হইয়া পরে দৈনিক হইয়াছে...। আমরা এ স্থলে সংবাদ পত্রের ও অত্যাধি মন্ত্রালয়ের তালিকা পাঠকবর্গের গোচর নিমিত্ত নিম্নে প্রকাশ করিলাম।...

সংবাদ পত্রের নাম	সম্পাদক ও যন্ত্রাধ্যক্ষের নাম	নিবাস ও মাসিক মূল্য
প্রাত্যহিক ।—	সংবাদ প্রভাকর	ক্রীযুত ইঁখরচন্দ্র গুপ্ত
	” পূর্ণচন্দ্রোদয়	” অদ্বৈতচন্দ্র আঢ্য
দিনান্তরিক ।—	সংবাদ ভাস্কর	” গৌরীশঙ্কর তর্কবাগীশ
	” রসসাগর	” রত্নলাল বন্দ্যোপাধ্যায়
অর্ধ-সাপ্তাহিক ।—	সমাচার চন্দ্রিকা	” রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়
	সংবাদ রসরাজ	” গদাধর ভট্টাচার্য্য
	” সঙ্কররঞ্জন	” গোবিন্দচন্দ্র গুপ্ত
	বর্ধমান জ্ঞানপ্রদায়িনী	” বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায়
সাপ্তাহিক ।—	সংবাদ সাধুরঞ্জন	” ইঁখরচন্দ্র গুপ্ত
	” সুধাংশু	” কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়
	গবর্ণমেন্ট গেজিট	” জ্ঞান মাস মন সাহেব
	সত্যপ্রদীপ	” চৌনসেণ সাহেব
	সংবাদ বর্ধমান	” কালিদাস বন্দ্যোপাধ্যায়
	” বর্ধমান চন্দ্রোদয়	ঐ
	রত্নপুর বার্তাবহ	” গুরুচরণ শর্মা রায়
অর্ধ মাসিক ।—	নিত্যধর্ম্মাহুরঞ্জিকা	” নন্দকুমার কবিরত্ন
মাসিক ।—	তত্ত্ববোধিনী	” দেবেন্দ্রনাথ ঠাকুর
	কৌশলভকিরণ	” রাজনারায়ণ মিত্র
	উপদেশক	” পাত্রি জে. তামস সাহেব
	সত্যার্ণব	” পাত্রি জে. লং সাহেব
	সর্ব্বশুভকরী	” মতিলাল চট্টোপাধ্যায়

তিরোধান প্রাপ্ত ।

সাপ্তাহিক ।—সংবাদ কোমুদী...রাজা রামমোহন রায় । সংবাদ তিমির নাশক... কৃষ্ণমোহন দাস । সংবাদ সুধাকর...প্রেমচাঁদ রায় । সংবাদ রত্নাকর...ব্রজমোহন সিংহ । সংবাদ সারসংগ্রহ...বেণীমাধব দে । সংবাদ রত্নাবলী...মহেশচন্দ্র পাল । অমুবাধিকা ...প্রসন্নকুমার ঠাকুর । সমাচার দর্পণ...জ্ঞান মাস মন সাহেব । ভগবতীচরণ চট্টোপাধ্যায় । মহাজন দর্পণ...জয়কালী বসু । সমাচার সভারাজেন্দ্র...মৈলবী আলিমোহা । সংবাদ সুধাসিন্ধু...কালীশঙ্কর দত্ত । সংবাদ গুণাকর...গিরিশচন্দ্র বসু । সংবাদ যুত্মকরী... পার্শ্বতীচরণ দাস । সংবাদ দিবাকর...গদানারায়ণ বসু । সংবাদ নিশাকর...নীলকমল দাস । সংবাদ মুক্তাবলী...কালীকান্ত ভট্টাচার্য্য । জ্ঞানাবেষণ...রসিককৃষ্ণ মল্লিক । সংবাদ সৌম্যমিনী...কৃষ্ণহরি বসু । বদদূত...ভোলানাথ সেন । জ্ঞানঞ্জন...চৈতন্যচরণ ঐকিয়ারি । বেদাল স্পেক্টেটর...রামগোপাল ঘোষ । ভক্তিহৃৎক...রামদিধি দাস ।

পাশ্চাত্যগীতন...ঈশ্বরচন্দ্র গুপ্ত। আবেল গুড়ুম...ব্রজনাথ বসু। সংবাদ রাক্ষসী...
গঙ্গানারায়ণ বসু। সংবাদ কাব্যরত্নাকর...ভারতচন্দ্র ভট্টাচার্য। সমাচার জ্ঞানদর্পণ...
উমাকান্ত ভট্টাচার্য। বারাগসী চন্দ্রোদয়...উমাকান্ত ভট্টাচার্য। ভৈরবদণ্ড...উমাকান্ত
ভট্টাচার্য। সংবাদ ভারতবন্ধু...শ্রীমাচরণ বন্দ্যোপাধ্যায়। সংবাদ মনোরঞ্জন...গোপাল-
চন্দ্র দে। সংবাদ সূজনরঞ্জন...হেরম্বচরণ মুখোপাধ্যায়। সংবাদ দিগ্বিজয়...দ্বারকানাথ
মুখোপাধ্যায়। জগদ্বীপক ভাস্কর...মৌলবী বজ্রআলি। মুরশিদাবাদ পত্রিকা...রাজা
কৃষ্ণনাথ রায়। সংবাদ রত্নবর্ষণ...মাধবচন্দ্র ঘোষ। জ্ঞানদীপিকা...ভগবতীচরণ
চট্টোপাধ্যায়। জ্ঞানসঞ্চারিণী পত্রিকা...গঙ্গানারায়ণ বসু। অরুণোদয়...পঞ্চানন
বন্দ্যোপাধ্যায়। সংবাদ রসমুদ্রণ...গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায়। সংবাদ জ্ঞানরত্নাকর...
বিষ্ণুভর কর। সংবাদ ভৃঙ্গদূত...নীলকমল দাস। সংবাদ কোমল...মহেশচন্দ্র ঘোষ।
সংবাদ সূজনবন্ধু...নবীনচন্দ্র দে।

অর্ধ-মাসিক।—সুর্জনদমন মহানবমী...ঠাকুরদাস বসু।

মাসিক।—হিন্দুধর্ম চন্দ্রোদয়...হরিনারায়ণ গোস্বামী। শাস্ত্র প্রকাশ...লক্ষ্মীনারায়ণ
জয়ালঙ্কার। বিজ্ঞানদর্শন...অক্ষয়কুমার দত্ত। সত্যসঞ্চারিণী...শ্রীমাচরণ বসু। জগদ্বন্ধু
পত্রিকা...সৌভানাথ ঘোষ। বিজ্ঞানসেবধি...গঙ্গাচরণ সেন। জ্ঞানসিন্ধু তরঙ্গ...রসিককৃষ্ণ
মল্লিক। জ্ঞানোদয়...রামচন্দ্র মিত্র। রসরত্নাকর। দূরবীক্ষণিকা।

এই “মুদ্রাক্ষন যন্ত্রের” ও “তিরোধানপ্রাপ্ত” পত্রের তালিকা অনুদিত হইয়া প্রথমে
‘ইংলিশম্যান’ (২২ এপ্রিল ১৮৫১) ও পরে ‘ইংলিশম্যান’ হইতে ‘ফ্রেণ্ড-অব-ইণ্ডিয়া’
(১ মে ১৮৫১) মুদ্রিত হয়।

জ্ঞানদর্শন (পাক্ষিক)। ১৩ মে ১৮৫১।

“পাথুরিয়াঘাটা মৃত শিবচরণ ঠাকুরের বাটা” হইতে শ্রীপতি মুখোপাধ্যায়ের সম্পাদনায়
‘জ্ঞানদর্শন’ নামে পাক্ষিক পত্র প্রকাশিত হয়। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—১৩ মে
১৮৫১। পরবর্তী ১৮ই মে ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ লেখেন :—

জ্ঞানদর্শন নামক পাক্ষিক পত্র প্রকাশের যে অহুষ্ঠান হইতেছিল বর্তমান কৈরী মাসের
প্রথমাবধি তাহা কার্যতঃ সম্পন্ন হইতে আরম্ভ হইয়াছে। জ্ঞানদর্শনের প্রথম সংখ্যা ক্ষুদ্র
পুস্তকাকারে মুদ্রিত করণানন্তর তৎসম্পাদক মহোদয় কর্তৃক এক ষণ্ড অম্বয় সমীপে প্রেরিত
হইয়াছিল, আমরা তাহা পাঠ করিয়া দেখিলাম পত্র বাস্তবিক জ্ঞানদর্শনই বটে অর্থাৎ
স্বদেশের ষিৎ বিষয়ে ও অগ্রান্ত বিষয়ে যাহাতে জ্ঞান বৃদ্ধি হইতে পারে এমতং প্রস্তাব
দ্বারা ই উক্ত পত্র পরিপূর্ণ হইয়াছে...।

‘জ্ঞানদর্শনে’র একটি মাত্র সংখ্যা প্রকাশিত হইয়াছিল বলিয়া জানা যায়।

কাশীবার্তাপ্রকাশিকা (পাক্ষিক...)। ১ জুন ১৮৫১।

‘বারাণসী চম্পোদয়’র অভাব দূরীকরণার্থ কাশীদাস মিত্রের* সম্পাদনায় লিখোয় মুদ্রিত ‘কাশীবার্তাপ্রকাশিকা’ নামে পাক্ষিক পত্রের আবির্ভাব হয়। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—১ জুন ১৮৫১ (১২ জ্যৈষ্ঠ ১২৫৮)। ঈশ্বরচন্দ্র গুপ্ত তৎসম্পাদিত ‘সংবাদ প্রভাকরে’ (১২ জুন ১৮৫১) লেখেন :—

আমরা সাতিশয় আনন্দপূর্বক প্রকাশ করিতেছি যে বাঙ্গালা বর্তমান শকের [১৭৭৩]

১২ জ্যৈষ্ঠ দিবসে শ্রীশ্রীবারাণসীস্থ বাগোবাহার নামক প্রভুরের যত্ন হইতে বাবু কাশীদাস মিত্র কর্তৃক ‘কাশীবার্তা প্রকাশিকা’ নামী এক অভিনব পাক্ষিক পত্রী প্রকটিত হইয়াছে, ইহার মাসিক মূল্য ১০ মাত্র।

‘কাশীবার্তাপ্রকাশিকা’র কঠে এই শ্লোকটি মুদ্রিত হইত :—


কাশী বহুতমা বিমুক্তিনগরী সালঙ্কতা গঙ্গয়া, যত্রান্তে মণিকর্ণিকা শুভকরী মুক্তির্থি তৎকিয়রী
স্বর্লোকসুলিতঃ সত্বেব বিবৃধৈঃ কাশ্যাঃ সমং ব্রহ্মণা, কাশী কোণিতলে স্থিতা গুরুতরা স্বর্গো লঘুঃ পে-গতা।

ইহার প্রথম সংখ্যায় মুদ্রিত সম্পাদকীয় দিক্কাপনটি উদ্ধৃত করিতেছি; ইহা হইতে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

আমারদিগের ‘বারাণসী চম্পোদয়’ পত্রের বৎসরাবধি অজ্ঞাতবাস থাকাতে পাঠকবৃন্দ সন্দেহ করিয়া থাকিবেন, যে চম্পোদয় বৃষি নিবিড় নীরদাচ্ছন্ন হইয়া চিরকালের জন্য শূন্যপথে লুপ্ত হইলেন; কিন্তু তাহা নহে, তাঁহার অন্তর্হিত হওনের নিগূঢ় অস্ত্র কখনে আমরা প্রবৃত্ত হইতেছি, সর্বসাধারণ জনগণ শ্রবণ করিয়া মনের সন্দেহ ভঞ্জন করিবেন; পাঠক মহাশয়-দিগের স্মরণ থাকিতে পারে, কলিকাতা নগরে ‘রসমুদগর’ নামে এক অভিনব পত্র প্রভাকরের ঔরসে সাগরসভাগর্ভজাত ভূমিষ্ঠ হইবামাত্র শিষ্টস্বভাব পরিত্যাগপূর্বক জনকের প্রতি কোপদৃষ্টি করিয়াছিল; অবশেষে যুত্যা নিকট সময়ে বিকটাকারে কাশীর প্রতি কটাক্ষ করিবাতে, বারাণসী চম্পোদয় স্বয়ং ঐ ছদ্মপোষ্য শিশুর সমভিব্যাহারে সমরে প্রবর্ত না হইয়া ‘উত্তরবদণ’ নামক এক বণ্ড সন্তান প্রসব করিয়া ভণ্ড মুদগরের সমোচিত দণ্ড করিলেন; পরে ঐ বিজয়ী বাসকের পরলোক হওয়াতে ‘চম্পোদয়’ শোকসাগরে মগ্ন হইয়া আপনায় অজ্ঞানবিকল্পে কান্নাকল্পদ্বারা নূতন কলেবর ধারণপূর্বক নবীন নাম যথা ‘কাশীবার্তাপ্রকাশিকা’ নামে আখ্যাত হইয়া নব অঙ্গরূপে বিখ্যাত হইয়াছেন; আমরা ভরসা করি পাঠক মহাশয়ের পুরাতন চম্পোদয়পেক্ষা অভিনব ‘কাশীবার্তাপ্রকাশিকা’ পত্রের বিবিধ সূচার সংবাদ পাঠে পরিতৃপ্ত হইতে পারিবেন।

* ইনি কাশী হইতে ‘আকতাবি হিন্দ’ নামে একখানি উর্দু সাপ্তাহিক পত্র প্রকাশ করিয়াছিলেন :—‘কাশীবার্তা প্রকাশিকা সম্পাদক বাবু কাশীদাস মিত্র কাশীযন্ত্রে কাশীধামে উর্দু ভাষায় পায়ত্ত্ব অক্ষরে ‘আকতাবি হিন্দ’ নামে এক অভিনব সাপ্তাহিক সংবাদ পত্র প্রকটন করিয়াছেন।’ (‘সংবাদ প্রভাকর,’ ২০ জানুয়ারি ১৮৫২)

এই বার্ষিকীধামে তিন সহস্ৰাবিক বঙ্গদেশীয় মহাব্যয় বসবাস হইয়াছে, তাহাণ্ডে অনেক ধনশালী, গুণশীল, বর্ষপন্নায়ণ, বিজ্ঞ, বিচক্ষণ, সর্বদা বর্ষকর্ম অহুঠানে বেদ পুঁঠাপাদি শ্রবণে দৈবেগংসবে উল্লাসারবে চিত্তকে নিত্য রাখিরা কাল যাপন করিতেছেন, ও বৈষয়িক ব্যবহারেও যথাসাধ্যব্যয়ে আমোদ প্রমোদে যচ্ছন্দে আনন্দের ভাজন হইয়াছেন; কিন্তু এই জনমণ্ডলি সমাজমণ্ডলে সাধারণের সংকারজনক কোন সংবাদপত্র বঙ্গভাষার প্রচার না থাকাত্তে মহা আক্ষেপের বিষয় কহিতে হয়, অতএব আমরা বিশেষ আলোচনা করিরা 'কাশীবর্ত্তাপ্রকাশিকা' নামী এই অভিনব পত্রিকা প্রকাশে যত্নযুক্ত হইলাম..."



['কাশীবর্ত্তাপ্রকাশিকা' পত্রের প্রথম সংখ্যার শিরোভাগ]

১৮৫৩ সনের জ্যৈষ্ঠ মাস হইতে 'কাশীবর্ত্তাপ্রকাশিকা' সাপ্তাহিক রূপ ধারণ করে :—

আমরা পরমজ্ঞানদের সহিত কাশীবর্ত্তা মুঠে প্রকাশ করিতেছি যে আমাদের বিজ্ঞ প্রবীণ কাশী মুক্তিযুদ্ধি সহযোগি মহাশয় পাক্ষিকী পত্রিকা সাপ্তাহিক করিতে স্থির করিরা আগামি জ্যৈষ্ঠ মাসাবধি প্রতি ইংরাজী মাসের ১৮।১৫।২২ বাসরে প্রকাশায় করিবেন তাহাতে বিজ্ঞবর যেরূপ পরিপাটি করিরা পাত্ৰীয় কার্য সুসম্পন্ন করিরা থাকেন তদনুসারে তাঁহার অবত্ৰই শ্রমের আধিক্যতা হইবেক, কিন্তু দেশহিতৈষি বক্তাবগ্রন্থ পত্রের পূর্ক যেরূপ মাসিক ১০ আনা বা বার্ষিক ৫ টাকা মূল্যাবধারিত ছিল তাহাতেই পত্র বিবৃত করিবেন, সুতরাং বক্তাবদের ভাজন হইলেন। এবং আমরা কাশীপতির নিকট প্রার্থনা করি যে তিনি যেরূপ জীযত বাবু কাশীবাসের প্রতি অহুতুল আছেন তরূপ অহুতম্পায় কাশী বাবুর মানস সকল করেন।...শং। (২৫ ডিসেম্বর ১৮৫২ তারিখের 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' উক্ত)

ইহার কিছু দিন পরেই 'কানীবার্ত্তাপ্রকাশিকা'র প্রচার রহিত হয়। ১৮৫৮ সনে পত্রিকাখানি পুনর্জীবিত হইয়াছিল। 'সংবাদ প্রভাকরে' (৮ ফেব্রুয়ারি ১৮৫৮) প্রকাশ :—

'কানীবার্ত্তাবহ' পত্র পুনর্বার্ত্তা প্রকটত হইয়া অতি উত্তমরূপে নিষ্পাদিত হইতেছে...।

গোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায় ইহার সম্পাদক ছিলেন। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (১৫ ফেব্রুয়ারি ১৮৭০) প্রকাশিত একখানি প্রেরিত পত্রে "শ্রীগোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়। বিলুপ্ত কানীবার্ত্তাপ্রকাশিকা সম্পাদক" নাম পাইতেছি।

সংবাদ জ্ঞানোদয় (সাপ্তাহিক) । ৭ জুন ১৮৫১ ।

'সংবাদ জ্ঞানোদয়' একখানি সাপ্তাহিক সংবাদপত্র। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল— ৭ জুন ১৮৫১ (২৫ জ্যৈষ্ঠ ১২৫৮)। পরবর্ত্তী ১১ই জুন 'সংবাদ প্রভাকর' লিখিয়াছিলেন :—

আমরা গত দিবসীয় প্রভাকরে সংবাদ জ্ঞানোদয় নামক এক অভিনব সাপ্তাহিক সংবাদ পত্রের কেবল নামোদ্দেশ্য করিয়াছিলাম, অতঃপাঠকগণের গোচর করিতেছি, যে বাবু চন্দ্রশিখর মুখোপাধ্যায় মহাশয় তৎপত্রের সম্পাদকীয় কর্মের ভার গ্রহণ করিয়াছেন, ১২৫৮ সালের ২৫ জ্যৈষ্ঠ শনিশরবাসরে ইহার জন্ম হইয়াছে, পরে যথানিয়মে প্রতি শনিবারে প্রকটত হইবেক, এই পত্রের মাসিক বেতন ১০, অগ্রিম বার্ষিক মূল্য ৪ টাকা।

এক বৎসর চলিয়া 'সংবাদ জ্ঞানোদয়ে'র প্রচার রহিত হয়। পর-বৎসর ভাদ্র মাসে (আগষ্ট ১৮৫২) ইহা পুনঃপ্রকাশিত হইয়াছিল। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬০) প্রকাশ :—

ভাদ্র, ১২৫৯...জ্ঞানোদয় নামক পত্র পুনঃপ্রকাশ হয়।

এবারও এক বৎসর যাইতে-না-যাইতেই পত্রিকাখানি লুপ্ত হয়। ১৮৫৫ সনের ১৩ই জানুয়ারি 'সংবাদ জ্ঞানোদয়' হরিহর চট্টোপাধ্যায় কর্তৃক পুনরুজ্জীবিত হইয়াছিল। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬২) প্রকাশ :—

মাঘ, ১২৬১। জীযুত বাবু হরিহর চট্টোপাধ্যায় বর্ত্তমান মাঘ মাসের প্রথম দিবসাবধি 'জ্ঞানোদয়' নামক নৃত পত্রকে সংখ্যাবিশিষ্ট করিয়া পুনর্বার্ত্তা প্রকাশ করিয়াছেন।

মেদিনীপুর ও হিজিলি অঞ্চলের অধ্যক্ষ (মাসিক) । জুন ১৮৫১ ।

১৮৫১ সনের মধ্যভাগে মেদিনীপুরের কলেक्टर এইচ. ভি. বেলীর (H. V. Bayley) আত্মকৃত্যে ও কতিপয় স্থানীয় লোকের পরিচালনে মেদিনীপুর হইতে সর্বপ্রথম বাংলা সাময়িক-পত্র প্রকাশিত হয়। ইহা 'মেদিনীপুর ও হিজিলি অঞ্চলের অধ্যক্ষ' (Midnapur and Hijili Guardian) নামে একখানি দ্বিভাষিক (ইংরেজী-বাংলা) ফালিকপত্র। প্রথম সংখ্যার প্রকাশকাল—জুন ১৮৫১। 'সংবাদ প্রভাকরে' (১ আগষ্ট ১৮৫১) প্রকাশ :—

বিভাকরকর যত্নানন্দ হইতে সংপ্রতি "মেদিনীপুর এবং হিজিলি অঞ্চলের অধ্যক্ষ" নামক ইংরেজী ও বাঙ্গালাভাষার সুবিত এক অভিনব পত্র প্রকটত হইতেছে, আরতা তাহার

দ্বিতীয় সংখ্যা প্রাপ্ত হইলান, প্রথম সংখ্যা দৃষ্টি করি নাই, একত্র সম্পাদক মহাশয়সিগের নাম এবং আর আর বিবরণ জানিতে পারিলাম না, ঐ পত্রের তাৎপর্য এবং অভিপ্রায় উন্নয়ন বটে, কিন্তু বাহালা ইংরাজী ভাষা জ্ঞাত নহেন তাঁহারা কেবল বঙ্গভাষা পাঠ দান হঠাৎ তাহার মর্দার্থ গ্রহণ করিতে পারেন না, যাহা হটুক, অথবা বাদলা লেখার বিষয়ে এই নবীন পত্র জীৱামণ্ডরস্থ মনোহর মুকুয়ের ['সমাচার দর্পণের'] নিকট অনায়াসেই জ্ঞাপ্রাপ্ত হইতে পারিবেন।

'মেদিনীপুর ও হিজলি অঞ্চলের অধ্যক্ষে' স্থানীয় লোকের রুচিকর সংবাদাদিও থাকিত। ইহা এক বৎসর স্থায়ী হইয়াছিল।

বিবিধার্থ-সঙ্গুহ (মাসিক)। অক্টোবর ১৮৫১।

১৮৫১ খ্রীষ্টাব্দে কলিকাতায় ভার্ণাকিউলার লিটারেচর কমিটি বা বঙ্গভাষাভূবাদক সমাজ প্রতিষ্ঠিত হয়। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাধাকান্ত দেব, রাজেন্দ্রলাল মিত্র, হজ্জসন প্র্যাট, সীটনকার, পাদরি লং ও রবিন্সন-প্রমুখ পণ্ডিতবর্গ এই সমাজের সহিত যুক্ত ছিলেন। ইহার উদ্দেশ্য ছিল—“to publish translations of such works as are not included in the design of the Tract of Christian Knowledge Societies on the one hand, or of the School Book and Asiatic Societies on the other and likewise to provide a sound and useful Vernacular Domestic Literature for Bengal.” *

বঙ্গভাষাভূবাদক সমাজের আহুকুল্যে, রাজেন্দ্রলাল মিত্রের সম্পাদনায়, ১৮৫১ খ্রীষ্টাব্দের শেষার্ধ্বে (কার্তিক ১২৫৮) বিলাতী 'পেনি ম্যাগাজিনে'ব আদর্শে 'বিবিধার্থ-সঙ্গুহ' নামে একখানি সচিত্র মাসিকপত্র প্রকাশিত হয়।* বাংলায় প্রকৃতপক্ষে ইহাই প্রথম সচিত্র মাসিক পত্রিকা। পত্রিকা প্রচারের উদ্দেশ্য নিম্নোক্ত বিজ্ঞাপন পাঠে জানা যাইবে :—

পুরাতত্ত্ববিহাস প্রাণিবিজ্ঞা শিল্প সাহিত্যাদিভ্যোতক মাসিক পত্র।—বঙ্গভাষাভূবাদক সমাজের আহুকুল্যে উপরোক্ত নামক এক মূতন মাসিক পত্র আগামি আশ্বিন মাসাবধি প্রকটিত হইবেক। যাহাতে বঙ্গদেশস্থ জনগণের জ্ঞানবৃদ্ধি হয় এমং সং ও আনন্দ-জনক প্রস্তাব সকল প্রচার করা উক্ত সমাজের মুখ্য কল্প, এবং ইংরাজী ভাষার 'পেনি ম্যাগাজিন' নামক পত্রের অমুর্ভূত এতৎপত্রে তদভিপ্রায় সিদ্ধার্থে অবিরত সম্যক চেষ্টা করা যাইবেক। আবাল বৃদ্ধ বনিতা সকলের পাঠযোগ্য করণার্থে উক্ত পত্র অতি কোমল ভাষায় লিখিত হইবেক, এবং ভদ্রতয় প্রস্তাবিত বস্তু সকলের বিশেষ পরিজ্ঞানার্থে তাহাতে নানাবিধ ছবি থাকিবেক। এই পত্রের প্রতি সংখ্যার পরিমাণ ১৬ পৃষ্ঠা, এবং ইহার বার্ষিক মূল্য ১১০ টাকা নিরূপণ করা

* পত্রিকা প্রকাশের জন্ত রাজেন্দ্রলাল বঙ্গভাষাভূবাদক সমাজের নিকট হইতে মাসিক ৮০ সাহায্য পাইতেন।—Long's Returns...(1859), p. liv-lv.

গিন্নায়ে, ...। শ্রীরাজেন্দ্রলাল মিত্র। বিবিধার্থ সংগ্রহ সম্পাদক। ভূঁড়া ২ শ্রাবণ, শকাব্দা: ১৭৭৩। (‘সংবাদ প্রভাকর,’ ১২ সেপ্টেম্বর ১৮৫১)

‘বিবিধার্থ-সঙ্গ হ’ একখানি উৎকৃষ্ট মাসিক পত্রিকা ছিল। “পুরাতত্ত্বের আলোচনা, প্রসিদ্ধ মহাত্মাদিগের উপাখ্যান, প্রাচীন তীর্থাদির বৃত্তান্ত, স্বভাবসিদ্ধ রহস্য-ব্যাপার ও জীবসংস্কার বিবরণ, ঋতুক্রমের প্রয়োজন, বাণিজ্য-ক্রমের উৎপাদন, নীতি-গর্ভ উপস্থাপন, রহস্যব্যাঞ্জক আখ্যান, নূতন গ্রন্থের সমালোচন, প্রভৃতি নানাবিধ বিষয়ের আলোচনার” ইহার কলেবর পূর্ণ হইত। ইহাতেই সর্বপ্রথম মধুসূদন দত্তের প্রথম কাব্য—‘তিলোত্তমাসম্ভবে’র প্রথম সর্গ মুদ্রিত হয়। ‘বিবিধার্থ-সঙ্গ হে’ রাজেন্দ্রলালের বহু রচনা স্থান পাইয়াছিল। ইহার পুস্তক-সমালোচনারও একটা বৈশিষ্ট্য ছিল; এগুলি সম্পাদকের গভীর জ্ঞানের পরিচায়ক। শৈশবে রবীন্দ্রনাথকে ইহা মুগ্ধ করিয়াছিল; তিনি ‘জীবন-স্মৃতি’তে লিখিয়াছেন :—

রাজেন্দ্রলাল মিত্র মহাশয় ‘বিবিধার্থ-সংগ্রহ’ বলিয়া একটী ছবিওয়ালী মাসিক পত্র বাহির করিতেন। তাহারি বাঁধানো এক ভাগ সেকদাদার আলমারির মধ্যে ছিল। সেটি আমি সংগ্রহ করিয়াছিলাম। বার বার করিয়া সেই বইখানা পড়িবার ধুসি আজও আমার মনে পড়ে। সেই বড় চোঁকা বইটাকে বুকে লইয়া আমাদের শোবার ঘরের তক্তাপোষের উপর চীৎ হইয়া পড়িয়া নর্হাল তিমি মৎস্তের বিবরণ, কাজির বিচারের কোতুকজনক গল্প, ফকরুন্নবীর উপস্থাপন পড়িতে কত ছুটির দিনের মধ্যাহ্ন কাটিয়াছে।

এই ধরণের কাগজ একখানিও এখন নাই কেন? ...সর্বসাধারণের দিব্য আরামে পড়িবার একটী মাঝারি শ্রেণীর কাগজ দেখিতে পাই না।

‘বিবিধার্থ-সঙ্গ হে’র প্রথম ছয় পর্ব সম্পাদন করেন—রাজেন্দ্রলাল মিত্র। পত্রিকাখানি নিয়মিতভাবে প্রকাশিত হয় নাই; ইহার বিভিন্ন পর্বের প্রকাশকাল এইরূপ :—

১ম পর্ব ১৭৭৩ শক, কার্তিক—১৭৭৪ শক, আশ্বিন।

২য় পর্ব ১৭৭৪ শক, পৌষ—১৭৭৫ শক, অগ্রহায়ণ।

৩য় পর্ব ১৭৭৫ শক, চৈত্র—১৭৭৬ শক, কাশ্বদ।

৪র্থ পর্ব ১৭৭৯ শক, বৈশাখ—চৈত্র

৫ম পর্ব ১৭৮০ শক, বৈশাখ—চৈত্র

৬ষ্ঠ পর্ব ১৭৮১ শক, বৈশাখ—চৈত্র

রাজেন্দ্রলাল মিত্রের পর কালীপ্রসন্ন সিংহ ‘বিবিধার্থ-সঙ্গ হে’র দ্বিতীয় সম্পাদক। ২৭ মে ১৮৬১ (১৫ জ্যৈষ্ঠ ১২৬৮) তারিখের ‘সোমপ্রকাশে’ নিম্নলিখিত বিজ্ঞাপনটি মুদ্রিত হয় :—

বিজ্ঞাপন।—ইংলণ্ডীয় বিচিত্র চিত্রযুক্ত পুরাতত্ত্ব ইতিহাস শিল্প সাহিত্যাদি স্তোভক বিবিধার্থ সংগ্রহ পত্র এতাবৎকাল গবর্ণমেন্টের আয়ুকুল্যে অল্পব্যয়ক সমাজের অধীনে শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রলাল মিত্র কর্তৃক সম্পাদিত হইয়া আসিতেছিল। এক্ষণে বর্তমান লন

শাল হইতে অনুবাদক সমাজ তৎপত্রের সম্পাদকীয় ভার শ্রীযুক্ত কালীপ্রসন্ন সিংহ মহোদয়কে অর্পণ করিয়াছেন। স্বদেশীয় ও বিদেশীয় গ্রাহক মহাশয়েরা বিবিধার্থ বিষয়ক পত্রাদি ও নিজ নিজ পুর্ক দেয় ও বর্তমান বর্ষের অগ্রিম মূল্য শ্রীযুক্ত কালীপ্রসন্ন সিংহ মহোদয়ের শিরোনামায় ষোড়াসাঁকোহ ভবনে প্রেরণ করিবেন।

পূর্বে বিবিধার্থ সংগ্রহের অগ্রিম ও মাসিক মূল্যের বিলে তৎসম্পাদক শ্রীযুক্ত বাবু রাজেশ্বরলাল মিত্র স্বাক্ষর করিতেন, বর্তমান সন ১২৬৮ শাল হইতে সম্পাদকের অমুমত্যানুসারে তৎপ্রতিনিধি স্বরূপে আমি স্বাক্ষর করিব। শ্রীমদ্বন্দন মুখোপাধ্যায়। বিবিধার্থ সংগ্রহের সহকারী সম্পাদক।

কালীপ্রসন্ন অনিয়মিতভাবে প্রকাশিত 'বিবিধার্থ-সঙ্গ'হ'র ৭ম পর্কের (১৭৮৩ শক) মাত্র বৈশাখ-অগ্রহায়ণ সংখ্যা সম্পাদন করিয়া অবসর গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলেন। 'নীলদর্পণ' নাটক ইংরেজীতে প্রচার করিবার অভিযোগে নীলকরেরা পাদরি লঙ্কে রাজধারে দণ্ডিত করিলে (২৪ জুলাই ১৮৬১) কালীপ্রসন্ন গবর্নমেন্টের অর্থাভুকুল্যে পরিচালিত 'বিবিধার্থ-সঙ্গ'হ' (আষাঢ় ১৭৮৩ শক) মূল নাটকখানির বিস্তারিত সমালোচনা প্রকাশ করেন। ইহাতে কর্তৃপক্ষ রুষ্ট হন, ফলে পত্রিকাখানির অকাল-মৃত্যু ঘটে। ৩ সেপ্টেম্বর ১৮৬২ তারিখের 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' পত্রে সম্পাদক 'এডুকেশন গেজেট' সম্পর্কে যে মন্তব্য করেন, তাহাতে 'বিবিধার্থ-সঙ্গ'হ' সম্বন্ধে এই সংবাদটুকু আছে :—

প্যারিবাবু [প্যারীচরণ সরকার] দেখিলেন এ পত্রে আপন অভিপ্রায়মত প্রতাবাদি লিখিলে বেঙ্গল গবর্নমেন্ট বিরক্ত হইয়া উঠেন, তৎক্ষণই তিনি মানে মানে ইহার সম্পাদকীয়তা পরিত্যাগ করেন। বিবিধার্থ সংগ্রহ নামে আর একখানি গবর্নমেন্ট সংরক্ষিত সংবাদ পত্র ছিল। কিম্বদ্বিবেশের নিমিত্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয় তাহার সম্পাদক হইয়াছিলেন। সম্পাদক বাবু বিবিধার্থে নীলকরদিগের গ্লানি প্রকাশ করায় গবর্নমেন্ট যার পর নাই অসন্তুষ্ট হইয়া উঠেন, এবং সেই স্ত্রেই বিবিধার্থের বিনাশ হয়।

জ্ঞানারুণোদয় (মাসিক)। ৩১ জামুয়ারি ১৮৫২।

১৮৫২ সনে কৃষ্ণচন্দ্র কর্ণকার-প্রতিষ্ঠিত শ্রীরামপুরের চন্দ্রোদয় যন্ত্রালয় হইতে 'জ্ঞানারুণোদয়' নামে মাসিক পত্র প্রকাশিত হয়। "শ্রীরামপুরের মধ্যে এতদেশীয় মনুষ্য কর্তৃক প্রকাশিত পত্র প্রকাশের স্ত্রে এই প্রথম হইল।" ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল— ৩১ জামুয়ারি ১৮৫২ (১২ মাঘ ১২৫৮)। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হইয়াছে :—

...স্বজাতীয় মহোদয়গণ...নগরে ও অনেকানেক পল্লিগ্রামে বিভ্রামন্দির প্রতিষ্ঠা ও বহু প্রকার পুস্তকাদির আলোচনা ও সম্বাদপত্রাদি পঠনান্বয়ে বহু অর্ধসাধ্য সাধ্য করিতেছেন, এতৎ সাহসে সাহসী হইয়া নিয়ম লিখিত অনুক্রমে বাৎসরিক পক্ষ ব্রূপণে

ঋণাশক্তি পরিপ্রমে সাধারণের হিত ও মনোরঞ্জনার্থে মাসিকেক পুস্তক প্রকাশে প্রবৃত্ত হইলাম।...সাধারণের সুগোচনার্থে জ্ঞানারূপোদয়ে সময়ে সময়ে যেং বিষয় প্রকটন হইবেক তাহার নির্বন্ধ। প্রথমতঃ পুরাণাদির জ্ঞান ও ভাষা। দ্বিতীয়তঃ ঐতিহাসিক লোকের পূর্বাধি অভ্যর্থন আচার ব্যবহারাদি। তৃতীয়তঃ পূর্ব ক্ষত্রিয় ও জবন এবং আধুনিক রাজনীতি প্রভৃতি ও অপরাগর দেশীয় ইতিহাসাদি। চতুর্থতঃ বিবিধ বিজ্ঞা প্রসঙ্গ এবং দেশোপকার স্বচক নানা মত সুনীতি প্রস্তাব, উত্তমতঃ জগৎভাষ্য, ও স্বদেশীয় এবং ভিন্ন দেশীয় বার্তাবলি।

‘জ্ঞানারূপোদয়’ পত্রের সম্পাদকীয় কার্য নির্বাহ করিতেন শ্রীরামপুর-নিবাসী কালিদাস মৈত্র ও যত্ননাথ চট্টোপাধ্যায়। মৈত্র মহাশয় প্রায় এক বৎসর এই কার্যে নিযুক্ত ছিলেন। ‘জ্ঞানারূপোদয়’ পত্রের ১১শ সংখ্যায় (৩০ নবেম্বর ১৮৫২) প্রকাশ :—

আমরা সাতিশয় আক্ষেপসহ প্রকাশ করিতেছি যে আমরাদিগের মাতৃ এবং প্রিয়বর সহকারি সম্পাদক শ্রীযুত বাবু কালিদাস মৈত্র মহাশয় গত মাসাবধি এতৎ পত্রের সম্পাদকীয় কার্যের গুরুতর ভারহইতে নির্গণ্ত হইয়াছেন।

এক বৎসর চলিয়া ‘জ্ঞানারূপোদয়’র প্রচার রহিত হয়। ১৮৫৪ সনের ১৩ই এপ্রিল (১ বৈশাখ ১২৬১) যত্ননাথ চট্টোপাধ্যায়ের সম্পাদকত্বে ইহা পুনঃপ্রকাশিত হইয়াছিল। ‘সংবাদ প্রভাকরে’ (১২ বৈশাখ ১২৬১) প্রকাশ :—

শ্রীরামপুরের জ্ঞানারূপোদয় পত্র বিনাশের গ্রাসে পতিত হইয়া বর্তমান মাসের প্রথম দিবসাবধি পুনর্বার প্রকাশারম্ভ হইয়াছে, ঐ পত্রের লেখা উত্তম হয় বটে, কিন্তু তাহা সাধারণের পাঠোপযোগী না হওয়ার্তে গ্রাহক সংখ্যা বৃদ্ধি হয় না, এই কারণেই একবার বন্ধ হইয়াছিল, এবারে আবার কি হয় বলা যায় না, আমরা পরমেশ্বরের নিকটে প্রার্থনা করি এই অরণ্য গগন বিরাজিত অরণ্যের স্থিতিকাল পর্যন্ত স্থায়ী হউক।

বিজ্ঞারত্ন (মাসিক)।

১ বৈশাখ ১২৬০ (১২ এপ্রিল ১৮৫৩) তারিখের ‘সংবাদ প্রভাকরে’ দ্বন্দ্বরচন্দ্র গুপ্ত লিখিয়াছিলেন,—

আমরা [গত বর্ষে প্রকাশিত বাদালা সংবাদপত্রের ইতিহাসে] যুত পত্রের সংখ্যা প্রকাশের স্থানে দুইট পত্রের নাম উল্লেখ করিতে ভুলিয়াছিলাম, অর্থাৎ ভারতচন্দ্র শিকদার মহাশয়ের প্রণীত ‘বিজ্ঞারত্ন’ বাহা অতিশয় দিবসমাত্র জীবিত ছিল...

আমরা এই পত্রিকার সঠিক প্রকাশকাল জানিতে পারি নাই। ইহা ১৮৫২ সনের অব্যবহিত পূর্বে প্রকাশিত হইয়াছিল বলিয়া মনে হয়।

সাময়িক-পত্রের ক্রাস-বৃদ্ধি : ১৩-এপ্রিল-১৮৫১—১১-এপ্রিল ১৮৫২

আমরা ১৮৫১ সালের এপ্রিল মাসে প্রচলিত ও তৎপূর্বে তিরোধানপ্রাপ্ত সাময়িক-পত্রের একটি তালিকা এই প্রেষের ১১৭ পৃষ্ঠায় স্মৃতি করিয়াছি। পরবর্তী এক বৎসরের মধ্যে যে-

সকল পত্রের জন্ম-মৃত্যু হয়, সেগুলির নাম ১ বৈশাখ ১২৫৯ তারিখের 'সংবাদ প্রভাকর' হইতে উদ্ধৃত করিতেছি :—

১২৫৮ সালে প্রকাশিত : সাপ্তাহিক—সমাচার দর্পণ (৩য় পর্যায়), কাশীবার্তা প্রকাশিকা, সংবাদ জ্ঞানোদয়। অর্ধ-সাপ্তাহিক—জ্ঞানদর্শন। মাসিক—মেদিনীপুর ও হিজলি অঞ্চলের অধ্যক্ষ, বিবিবার্ণ-সঙ্গ, জ্ঞানারণোদয়।

১২৫৮ সালে রহিত :—কৌশল কল্পন, সংবাদ সুধাংশু, জ্ঞানদর্পণ, সংবাদ জ্ঞানোদয়, সংবাদ সঙ্কনরঞ্জন, বর্ধমান চন্দ্রোদয়, সর্বভাষকরী, সত্যপ্রদীপ।

সংবাদ বিভাকর (অর্ধ-সাপ্তাহিক)। ১৫ জুন ১৮৫২।

১৫ জুন ১৮৫২ (৩ আষাঢ় ১২৫৯, মঙ্গলবার) 'সংবাদ বিভাকর' নামে একখানি অর্ধ-সাপ্তাহিক পত্রের প্রথম সংখ্যা প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন—মনোমোহন বসু ; ইনি কবি ও নাট্যকার হিসাবে পরবর্তী কালে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। ১৭ জুন ১৮৫২ তারিখে 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' লেখেন :—

আমরা আঙ্কাদ পূর্বক পাঠকবর্গের গোচরার্থ প্রকাশ করিতেছি যে গত পরশ্বাবি জীযুত বাবু মনোমোহন বসু কোং কর্তৃক 'সংবাদ বিভাকর' নামক অর্ধ সাপ্তাহিক সংবাদ পত্র অর্ধ মুদ্রা মাসিক মূল্যে প্রকাশারম্ভ হইয়াছে নবীন সম্পাদকদিগের অতিপ্রায় এবং পত্রের রচনা উত্তম হইয়াছে...।

ইহার স্থিতিকাল প্রায় এক বৎসর। 'সংবাদ প্রভাকর' (১ বৈশাখ ১২৬১) প্রকাশ :—

১২৬০, বৈশাখ। 'সংবাদ বিভাকর' বিভাকররহিত সময়ে গমন করেন।

সংবাদ শশধর (সাপ্তাহিক)। ৬ জুলাই ১৮৫২।

১২৫৮ সালের মাঘ মাসে শ্রীরামপুর চন্দ্রোদয় যজ্ঞালয় হইতে 'জ্ঞানারণোদয়' মাসিক পত্র প্রকাশিত হয়—এ-কথা পূর্বেই বলিয়াছি। ইহার চারি মাস পরে এই পত্রিকার কর্তৃপক্ষ 'সংবাদ শশধর' নামে একখানি সাপ্তাহিক পত্রও প্রকাশ করেন। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—৬ জুলাই ১৮৫২ (২৪ আষাঢ় ১২৫৯)।

...অন্যদ্বি 'সংবাদ শশধর' নামক সাপ্তাহিক এক অতিনব পত্র সম ১৮৫২ জীঠাষের জুলাই মাসের ষষ্ঠ দিবসাবধি বা শকাব্দা ১৭৭৪ বা সন ১২৫৯ বঙ্গাব্দের ২৪ আষাঢ় মঙ্গলবারাবধি প্রতি মঙ্গলবাসরে শ্রীরামপুর চন্দ্রোদয় যজ্ঞে প্রকাশ করিতেছি তৎপরে ইংরাজী প্রেসিদ্ধ "এনসাইক্লোপিডিয়া ব্রিটেনিকা" অর্থাৎ বিবিধ সঙ্গিতা মুক্তাবলি আবলিক্রমে মূল ইংরাজী ও তদর্থ সাধারণের অনায়াস বোধগম্য প্রচলিত ভাষায় অসংবাদ সহ সমস্ত দেশ বিদেশীয় সংবাদ ও সম্পাদকীয় উক্তি ও আইন ও নীতিপ্রকৃতি সমস্ত উপকারক বিষয় সময়েই সুদৃষ্ট সুদীর্ঘ কাগজে অত্যন্ত মূল্যে প্রকাশ করিতেছি...। জীকালিদাস মৈত্র

সম্পাদক। শ্রীরামচন্দ্র রায় কর্তৃকার, তথা, শ্রীহরচন্দ্র রায় কর্তৃকার—শ্রীরামপুর চন্দ্রোদয়
যন্ত্রাধ্যক্ষ সম্পাদক। (‘জ্ঞানারূপোদয়,’ ভাদ্র ১২৫৯)

এই সাপ্তাহিক পত্রের বার্ষিক মূল্য ছিল ছয় টাকা। এক বৎসর যাইতে-না-যাইতেই
ইহার তিরোধান ঘটে। ১ বৈশাখ ১২৬০ (১২ এপ্রিল ১৮৫৩) তারিখের ‘সংবাদ প্রভাকরে’
প্রকাশ :—

গত বৎসর কয়েকখানি পত্র প্রাণত্যাগ করিয়াছে। ‘শশধর’ নামে শ্রীরামপুরে যে
এক বারোইয়ারী পত্র হয়, সেই শশধর একেবারে মেঘাচ্ছন্ন হইলেন।

বিশ্ববিলোকন (সাপ্তাহিক ?)। নবেম্বর ১৮৫২।

১২৫৯ সালের অগ্রহায়ণ (১৮৫২, নবেম্বর) মাসে ‘বিশ্ববিলোকন’ প্রকাশিত হয়। ইহা
খুব সম্ভব, সাপ্তাহিক পত্র ছিল। চার-পাঁচ মাস পরেই ইহার প্রচার রহিত হয়। ‘সংবাদ
প্রভাকরে’ (১ বৈশাখ ১২৬০) প্রকাশ :—

অগ্রহায়ণ ১২৫৯।... বিশ্ববিলোকন নামক পত্রের জন্ম হয়। ...

গত বৎসর যেমন কয়েক খানি পত্র জন্ম গ্রহণ করিয়াছে, তেমনি আবার কয়েক খানি
পত্র প্রাণত্যাগ করিয়াছে।...‘বিশ্ব বিলোকন’ নামে একখানা চারিইয়ারী পত্র হইয়াছিল,
ঐ বিশ্ব বিলোকন কিছুদিন বিশ্ব বিলোকন করিতে করিতেই দুঃ পথের অতীত হইলেন।

ধর্মরাজ (মাসিক)। ফেব্রুয়ারি ১৮৫৩।

১২৫৯ সালের ফাল্গুন মাসে (ফেব্রুয়ারি ১৮৫৩) ‘ধর্মরাজ’ নামে একখানি মাসিকপত্র
প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন—কলিকাতা কাঁশারিপাড়ার তারকনাথ দত্ত।
‘ধর্মরাজে’র মাসিক মূল্য ১০ এবং অগ্রিম বার্ষিক মূল্য ২১০ নির্দ্ধারিত ছিল। পত্রিকার কঠে
নিম্নের শ্লোকটি শোভা পাইত :—

বিরাজতে সত্য সমাজরাজঃ, সদধর্মরাজী নিধিরাজরাজঃ।

তমঃ প্রভাবকতি ধর্মরাজঃ, স্তমপ্রযুক্তিপ্রদ ধর্মরাজঃ ॥

পত্রিকা-প্রচারের উদ্দেশ্যে সঙ্ক্ষে সম্পাদক প্রথম সংখ্যায় যাহা লিখিয়াছিলেন, নিম্নে তাহা
উদ্ধৃত করিতেছি :—

ধর্ম যে এক মাত্র ও অনির্কচনীয় পদার্থ তাহা না জানিয়া কেবল ভ্রান্তি বুদ্ধির বশতাপন্ন
হইয়া অনেক ভ্রান্তিতেই যোরতর বিসম্বাদিতা করিয়া আসিতেছেন। বিশেষতঃ পাদশ্রী
নামধারি ধর্মাবতারের প্রভাষণের পরিচর্যা করত অধুনাতন অন্যৎ হিন্দুজাতীয় অজ্ঞান
যালক সকলকে যে প্রকারে বিমোহিত করিয়া থাকেন তাহা সর্বত্রই প্রকটত আছে।
ইহার বর্তমান রাজ ভ্রান্তি বলিয়া ধর্মের উপরেও সেই রাজশক্তি বিস্তার করিতে
বসিয়াছেন।...

সংপ্রতি কোন কোন যুবক জনদিগের অন্তঃকরণে স্বৰ্ণ রক্ষার্থে অপেক্ষাকৃত কিকিরাহ ও উদ্বোধ হইয়াছে, কথাবার্তার চলাচল ও ধারাবহণ দেখিলে এমত বোধ হয় বটে। কিন্তু সার্বজনিক রূপে প্রচারিত না হইলে তাহাতে কোন ফল দর্শিতে পারে না। যতশি ইশ্বর প্রসাদে এদেশ হইতে অনৈক্যভাব প্রস্থান করে এবং তৎপদে ঐকমত্য সংস্থাপিত হয়, তবে একদিন স্বৰ্ণ রক্ষার প্রতি প্রত্যাশা করা যাইতে পারে।...কয়েক বৎসর হইল অনেক মহাজন ও অধ্যাপকগণ একত্রিত হইয়া স্বৰ্ণ পরিত্যক্ত ব্যক্তিদিগকে পুনঃসংস্কার করাইয়া যে ঘরে লইবার কথা চালাচালি করিয়াছিলেন, সে সমস্ত মনে হইল, সুখি এতদিনের পরে অগবীষর প্রসন্ন হইয়া আমারদিগের হতভাগা হিন্দু জাতিকে স্বৰ্ণ রক্ষার্থ এক-মতিত্ব প্রদান করিলেন। কিন্তু তাহার কিছু কাল পরে আর সে বিষয়ের কিছুই নিষ্ঠা প্রদর্শিত হইল না। যেমন শ্রুতি শাস্ত্রের অভিপ্রায় পর্যালোচনা করিলে নানা মূনির নানা মত এই জনপ্রবাদ প্রতীত হয়, সেই প্রকার স্বদেশীয় লোক নিচয়ের একত্র সমবেত হইয়া স্বৰ্ণ রক্ষার পরামর্শ নানা প্রকার কুটিল পতিতে এক কালেই কালের গ্রাসে পতিত হইয়াছে। আর তাহার উচ্চাচ কিছুই শুনিতে পাওয়া যায় না।

অপরন্তু সেই স্বৰ্ণ পরিত্যক্ত ব্যক্তিদিগের পুনঃ স্বৰ্ণ গ্রহণের অহুষ্ঠানের বিকলতা পর্য্যন্ত এমত অহুষ্ঠাব করিলাম, যে কোন একটা বিশেষাহুষ্ঠান ব্যতিরেকে ইহা সম্পন্ন হইতে পারিবেক না। সেই অহুষ্ঠান কি? যদ্বারা আপনাদিগের যথার্থ স্বৰ্ণ নিরূপণ ও বিবর্ধের দোষোখান ঘূষিত হয়, এমত একখানি পত্র বা পুস্তক মাসিক রূপে প্রকাশ পাইলে বিশেষ উপকার দর্শিত হইবেক। কারণ, মধ্যে মধ্যে আমারদিগের প্রতিনিবি স্বরূপে এই পত্র বা পুস্তক উপস্থিত হইয়া সাধারণের মনে এই বিষয়ের হিত প্রত্যয় জন্মাইতে পারিবেক। তাহা হইলে তথাপিও অপেক্ষাকৃত কিকিং কিকিং করিয়া স্বৰ্ণ রক্ষা বিষয়ে যত প্রদর্শিত হয়। এই বিবেচনার অধুনা কয়েকজন বাহুবের সহিত বাহাহুভাব পূর্বক “ধর্মরাজ” নামক এই মাসিক পুস্তক এই পবিমাণে প্রকটন করিতে আরম্ভিলাম।...ধর্মরাজ সর্বপ্রকার অনিষ্ট চেষ্টায় বিরত থাকিরা নিয়তই কেবল ইষ্টনিষ্ঠ ব্যাপারে ব্যাগুত থাকিবেন। কেন না, আমরা ইহাতে স্বপরোপকারের প্রত্যাশা রাখি।...ধর্মরাজ নিম্নত হিন্দুধর্ম বিরোধি খুঞ্জীমানগণের প্রবোধক স্বৰ্ণ বটত প্রস্তাব সকল প্রকটন এবং সাহিত্যাদি বিভালোচনার নিয়ুক্ত থাকিবেন।...ইহার মুখ্য্যভিপ্রায় স্বৰ্ণ পোষণ করত খুষ্টধর্ম দোষণ, এবস্ত্রকার হস্তব্য ব্যাপার ব্যাহুস্তু বুদ্ধিতে সহজে ধারণা হয় না, একত্র কাব্যশাস্ত্র সম্বন্ধ প্রবন্ধ সকলও প্রকটিতে যত্নবস্ত হইব, কেন না, কাব্যালোচনা করিলে নৈসর্গিক বুদ্ধির প্রকৃমতার ভাষাত্যাস সহকারে তথাপিও অপেক্ষাকৃত ধর্মজ্ঞান হইতে পারে, স্ততরাং কাব্য সম্বন্ধে ধর্মরাজের প্রতি বার্ষিক জনেরা কখনই বিগতস্মেহ হইবেন না, অপর নীতিজ্ঞান শিকা হইলে কদাপি কাহারো হুষ্ট কার্যে প্রযুক্তি হইতে পারে না, একারণ নীতি বিষয়ক প্রস্তাবাবলীতেও ধর্মরাজের কৃতাদয়গ হইবেক,...

‘ধর্মরাজ’ নিম্নমিত ভাবে প্রকাশিত হয় নাই; প্রথম বর্ষের ষাদশ সংখ্যাব প্রকাশকাল—

সাময়িক-পত্রের হ্রাস-বৃদ্ধি—১২ এপ্রিল ১৮৫৩

১২ এপ্রিল ১৮৫৩ (১ বৈশাখ ১২৬০) তারিখের 'সংবাদ প্রভাকরে' জীবিত ও মৃত সাময়িক-পত্রের যে ছুইটি তালিকা প্রকাশিত হয়, তাহা এইরূপ :—

জীবিত পত্র

দৈনিক :— সংবাদ প্রভাকর, সংবাদ পূর্ণচন্দ্রোদয় ।

দিনান্তরিক :— সংবাদ ভাস্কর ।

অর্ধ-সাপ্তাহিক :—সংবাদ মসরাজ, সংবাদ বিভাস্কর, মৃতদ সমাচার চক্রিকা ।

সাপ্তাহিক :— গবর্ণমেন্ট গেজেট, সংবাদ সাধুরঞ্জন, রত্নপুর বার্তাবহ, বর্ধমান জ্ঞানপ্রদায়িনী, সংবাদ বর্ধমান, সংবাদ জ্ঞানোদয়, কাশীবার্তাপ্রকাশিকা ।

পাক্ষিক :— নিত্যবর্ষাহরঞ্জিকা ।

মাসিক :— তত্ত্ববোধিনী পত্রিকা, উপদেশক, সত্যার্ণব, বিবিবার্ণ-সঙ্গু হ, বর্ধরাজ ।

মৃত পত্র

এই গ্রন্থের ১১৮-১৯ পৃষ্ঠায়, ১৮৫১ সনের এপ্রিল মাসের পূর্বে তিরোধানপ্রাপ্ত সাময়িক-পত্রের একটি তালিকা মুদ্রিত হইয়াছে ; সেগুলির পুনরুল্লেখ না করিয়া বাকী মৃত পত্রগুলির নাম দেওয়া হইল ।

৫৪ । সর্বরসমঞ্জিনী, ৫৫ । দিনমণি, ৫৬ । সত্যবর্ধ প্রকাশিকা, ৫৭ । জায়কর্ষদ মর্ষণ, ৫৮ । জ্ঞানমর্ষণ, ৫৯ । সজ্জনরঞ্জন, ৬০ । সুধাংশু, ৬১ । কৌন্তভ কিরণ, ৬২ । সত্যপ্রদীপ, ৬৩ । সর্বসুভকারী, ৬৪ । হিন্দু বন্ধু, ৬৫ । বর্ধমান চন্দ্রোদয়, ৬৬ । জ্ঞান-চন্দ্রোদয়, ৬৭ । বিভাস্কর, ৬৮ । সাম্যদণ্ড মার্ভণ্ড [উদণ্ড মার্ভণ্ড ?], ৬৯ । সমাচার মর্ষণ [৩য় পর্ষায়], ৭০ । জ্ঞানারুণোদয়, ৭১ । সংবাদ শশধর, ৭২ । সাগর, ৭৩ । পুরাতন চক্রিকা, ৭৪ । বিশ্ববিলোকন, ৭৫ । মেদিনীপুর ও হিজলি অঞ্চলের অধ্যক্ষ, ৭৬ । জ্ঞানোদয় [২য় পর্ষায়] ।

এই মৃত পত্রের তালিকায় গুপ্ত-কবি হরচন্দ্র রায় ও গঙ্গাকিশোর ভট্টাচার্য্য-পরিচালিত 'বাকাল গেজেট'র উল্লেখ করিতে ভুলিয়াছেন ।

ছোট জাণ্ডলীয়া হিতৈষি সভার বস্তুতা (মাসিক) । এপ্রিল ১৮৫৩ ।

"কারিক, বাচনিক, মানসিক, এবং আর্থিক সাহায্য দ্বারা স্বদেশের হিত সাধন" উদ্দেশে "১৭৬৯ শকের ৩০ চৈত্র দিবসে [১১ এপ্রিল ১৮৪৮] এই [ছোট জাণ্ডলীয়া হিতৈষি] সভা গ্রামস্থ কতিপয় মুবা বয়স্কগণের দ্বারা প্রতিষ্ঠিত হয় ।...প্রথমাবস্থায় ত্রৈমাসিক-অর্থাৎ তিন মাসান্তরে সভা হইত, এক্ষণে দুই মাসান্তরে হইয়া আসিতেছে ।...এই সভা পূর্বে ঐ গ্রামের বিভাগস্বরে হইত, অথবা ঐ দুই বৎসর কাল সভার ব্যয়ে এক উত্তম গৃহ নির্মিত

হইয়া তাহাতেই সভা হইয়া থাকে, এবং সভাধীন এক পুস্তকালয়ও সংস্থাপিত হইয়াছে। পূর্বে অর্দ্ধেক সভ্য প্রতি সভায় কোন এক রচনা পাঠ করিতেন, এক্ষণে সার্ক বর্ষান্তীত হইল, প্রত্যেক সভায় এক জন সভ্য পূর্বে সভার প্রস্তাবিত প্রসঙ্গোদ্দেশে লিখিত বক্তৃতা পাঠ করিয়া থাকেন।” (১ বৈশাখ ১৭৭৫ শক)

সভার উৎকৃষ্ট বক্তৃতাগুলি প্রকাশার্থে ১৮৫৩ সনের এপ্রিল মাসে “জিলা বারাসভের অন্তঃপাতি ‘ছোট জাঙ্গলীয়া’ নামক গ্রামস্থ ‘ছোট জাঙ্গলীয়া হিতৈষি সভার’ সভ্যগণ কলিকাতা নগর মধ্যে একখানি মাসিক পুস্তক প্রকাশে প্রবৃত্ত’ হন। ‘ছোট জাঙ্গলীয়া হিতৈষি সভার বক্তৃতা’ নামে এই মাসিক-পুস্তকের ১ম খণ্ড, ১ সংখ্যা প্রকাশিত হয়— ১৭৭৫ শকের বৈশাখ মাসে। প্রত্যেক খণ্ডের মূল্য ছিল ১০ আনা মাত্র। ইহার প্রতি সংখ্যায় একটি করিয়া বক্তৃতা মুদ্রিত হইত। ১ম সংখ্যায় (পৃ. ১৬)—সৃষ্টির শোভা বর্ণনা, ২য় সংখ্যায় (পৃ. ৩২)—স্বদেশাভিমান, এবং ৩য় সংখ্যায়—দয়া এবং ছায়পরতা (পৃ. ৬), ও ৩০ চৈত্র ১৭৭৪ শকে অমুষ্ঠিত ৫ম সাপ্তাহিক সভার বক্তৃতা (পৃ. ১০) স্থান পাইয়াছে। আমরা এই মাসিক-পুস্তকের ৪র্থ সংখ্যা (শ্রাবণ) পর্যন্ত দেখিয়াছি। পরবর্তী কার্তিক মাস হইতে ইহা ‘ছোট জাঙ্গলীয়া হিতৈষি মাসিক পত্রিকা’ নাম গ্রহণ করে। পত্রিকাখানির সহিত ভূতপূর্ব ‘বিভাকর’-সম্পাদক মনোমোহন বসুর ঘনিষ্ঠ যোগ ছিল।

ভারতবর্ষীয় কৃষিবিসয়ক বিবিধ সংগ্রহ। ইং ১৮৫৩।

১৮২০ খ্রীষ্টাব্দে পাদরি উইলিয়ম কেরী কর্তৃক এগ্রিকালচারাল এণ্ড হার্টিকালচারাল সোসাইটি অব ইণ্ডিয়া প্রতিষ্ঠিত হয়। দেশীয় লোকের মধ্যে কৃষিবিসয়ক জ্ঞান বৃদ্ধির সহায়তাকল্পে সভার *Transactions* ও *Journal* হইতে প্রবন্ধাদি বাংলা ভাষায় প্রচারের জন্ত একটি অল্পবাদ-সমিতি গঠিত হয়। সমিতির উদ্যোগে ও প্যারীচাঁদ মিত্রের সম্পাদনায় ‘ভারতবর্ষীয় কৃষিবিসয়ক বিবিধ সংগ্রহ’ (*The Agricultural Miscellany*) প্রকাশিত হয়। এই সাময়িক-পুস্তকের ১ম ও ২য় খণ্ড ১৮৫৩, ৩য়-৪র্থ খণ্ড ১৮৫৪, ৫ম খণ্ড ১৮৫৫ এবং ৬ষ্ঠ খণ্ড ১৮৫৬ সনে প্রকাশিত হইয়াছিল। সভার ১৮৫৬ সনের কার্য-বিবরণে প্রকাশ :—

Nearly all the papers in the first five numbers are translations from the *Transactions* and *Journals* but those in this number [No. 6] are original articles. The Council conceive that the best acknowledgements of the Society are due to the Translation Committee generally for selecting the papers for the volume in question but more specially, to Babu Peary Chand Mittra who has kindly performed the office of Editor and to Babu Shib Chunder Deb to whom the Society are indebted for the long and useful list of plants extending over seventy pages which forms the appendix to this volume.

বিজ্ঞানদর্পণ (মাসিক)। ২৬ এপ্রিল ১৮৫৩।

১৮৫৩ সনের ২৬এ এপ্রিল (১৫ বৈশাখ ১২৬০) ‘বিজ্ঞানদর্পণ’ নামে মাসিকপত্র প্রকাশিত হয়। পরবর্তী ৩রা মে (২২ বৈশাখ) ‘সংবাদ প্রভাকর’ লিখিয়াছিলেন,—

শ্রীমুখ বাবু প্রিয়মাধব বহু ভাষা বাবু যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় কর্তৃক 'বিভা বর্ষণ' নামে এক মাসিক মূতন পুস্তক প্রকাশ হইয়াছে, আমরা তাহা পাঠ করত বিশেষ সন্তুষ্ট হইয়াছি পুস্তকের পরিমাণ যোড়শ পৃষ্ঠা, মূল্য দুই আনা মাত্র, প্রিয়মাধব বাবু ও যোগেন্দ্র বাবুর বয়ঃক্রম পঞ্চদশ বর্ষের অধিক নহে, কিন্তু এই নবীন বয়সে তাঁহারা যেরূপ রচনা করিয়াছেন তাৎপাঠে পাঠক মহাশয়েরা চমৎকৃত হইবেন।

“এই মাসিক পুস্তক প্রতি মাসের ১৫ তারিখে প্রকাশ হয়...ইহাতে নীতি ইতিহাস কবিতা ও বালকদিগের পাঠযোগ্য অনেক বিষয় লিখিত থাকে।”

মূলভ পত্রিকা (মাসিক)। জুলাই ১৮৫৩।

১৮৫৩ সনের জুলাই (শ্রাবণ ১২৬০) মাসে ‘মূলভ পত্রিকা’ প্রকাশিত হয়। এই মাসিকপত্রের সম্পাদক ছিলেন—স্বারিকানাথ রায়। প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সৰ্ব্বদে এইরূপ লিখিত হইয়াছে :—

আমরা মাসিক ১/১০ ও অগ্রিম বার্ষিক ১ টাকা মাত্র অতি মূলভ মূল্যে এই মূলভ পত্রিকা প্রকাশে প্রবৃত্ত হইলাম।...ইহাতে সাধ্যমুসায়ে নিয়ত নীতি, ধর্ম, ও রাজকীয় বিষয় বর্ণনা করা যাইবেক।...এতদমুসঙ্গে ক্রমে পুরাতত্ত্ব, ঐতিহাসিকতা, মনোহর ইতিহাস, নানারসকবিতা, ছুগোল ও ঋগোল যুক্তান্ত, শিল্প ও জ্যোতিষতত্ত্ব, হাত রসোদ্ধীপক কথাদি বিবিধ বিষয় বর্ণিত হইবে। এবং বহুবিধ উত্তমোত্তম সংস্কৃত, ইংরেজি ও পারস্য গ্রন্থসমূহের সার অমুবাদিত হইবেক।

‘মূলভ পত্রিকা’র শিরোদেশে প্রথম তিন সংখ্যায় যে সংস্কৃত শ্লোক এবং ৪র্থ সংখ্যা (কার্তিক ১২৬০) হইতে যে কবিতাটি মুদ্রিত হইয়াছিল, তাহা উদ্ধৃত করিতেছি :—

তপোজপ মহাদান পৃথিবীতীর্থদর্শনাং ।	ধন জন যৌবনের গর্ভ কর মন ।
ঋতিপাঠাদনশনাদ্রুত দেবার্চনাদপি ।	জান না নিমেষে হরে সকলি শমন ।
দীকারাঃ সর্ব্বযজ্ঞেযু ধ্বং কলং লভতে নরঃ ।	অতএব রিপুহলে করিয়ে দমন ।
যোড়শীং জামলাভন্ত কলাং নারীতি তৎকলং ।	যাতে জানোদয় হয় করহ এমন ।
	জানিলোক লোকান্তরে করিলে গমন ।
	কীর্ষি তাঁর বরাভলে করয়ে রমণ ।

‘মূলভ পত্রিকা’র মলাটের চারি কোণে এই চারিটি পংক্তি মুদ্রিত থাকিত :—

বাল্যকাল হরিলে হে জীড়ায় প্রসদে ।	বার্দ্ধক্য হরিলে বুধা চিন্তায় তরদে ।
যৌবন হরিলে লক্ষ্য মরণকর রদে ।	প্রণয় করিলে কবে জামরয় সদে ।

২ম সংখ্যায় (চৈত্র ১২৬০) ‘মূলভ পত্রিকা’র প্রথম খণ্ড সমাপ্ত হয়। অতঃপর পত্রিকা-প্রকাশ লইয়া প্রকাশকদের সহিত সম্পাদকের বিচ্ছেদ ঘটে। ‘সংবাদ প্রভাকর’ (২৭ নবেম্বর ১৮৫৪) প্রকাশ :—

কলিকাতা মিউচুয়াল লামক বন্ধালয় হইতে কতিপয় মাসাবধি মূলভ পত্রিকা লামক এক মাসিক পত্রিকা প্রকাশ হইয়া বহু সংখ্যক গ্রন্থকবর্ণের মনোরঞ্জন করিতেছিল, পরন্তু কয়েক

মাসাবধি তদীয় সম্পাদক জীযুত দ্বারকানাথ রায় মহাশয় সম্পাদকীয় কর্ত্রে অত্যন্ত ঊদাত্ত ও শৈথিল্য করিতে কিয়দ্বিবল ঐ পত্রিকা যথানিয়মে প্রকটিত হয় নাই, অথবা উক্ত যজ্ঞাধ্যক্ষ মহাশয়েরা রায় মহাশয়কে ঐ কর্ত্ব হইতে অবসর প্রদান পূর্বক জীযুত লালবিহারী দে মহাশয়কে সম্পাদকীয় ভারার্ণ করিয়াছেন, দে মহাশয় বিনা-বেতনে ঐ গুরুতর ভার সহ করিতে স্বীকৃত হইয়াছেন,...। অপিচ শ্রুত হইল পদচ্যুত সম্পাদক সুলভ-পত্রিকা আখ্যাত্তে অপর এক পত্র প্রচারিত করিতে মানস করিয়াছেন।

১২৬১ সালের অগ্রহায়ণ মাসে দ্বারকানাথ রায় 'সুলভ পত্রিকা'র ২য় খণ্ড জি, পি, রায় এণ্ড কোম্পানীর সাহায্যে ইণ্ডিয়ান ফেমার যজ্ঞালয় হইতে প্রকাশ করিতে লাগিলেন।

নিউ প্রেস যজ্ঞালয়ও স্বতন্ত্রভাবে 'সুলভ পত্রিকা' প্রচারে কান্ত হইলেন না। ইহার "২ খণ্ড, ১৫ সংখ্যা (আশ্বিন ১২৬১)" আমরা দেখিয়াছি। ইহারও কঠে "ধন জন যৌবনের গৰ্ব কর মন" প্রভৃতি শ্লোকটি আছে। কিছু দিন পরে পত্রিকাখানির প্রচার রহিত হয়। ১৮৬৪ সনে ইহা পুনঃপ্রচারিত হইয়াছিল। ১২৭১ সালের ভাদ্র-সংখ্যা 'বামাবোধিনী পত্রিকা'য় প্রকাশ :—

শুভক প্রাপ্তি ।...“সুলভ পত্রিকা ১ম খণ্ড” নিউপ্রেস যন্ত্রে মুদ্রিত হইয়া প্রতি মাসে প্রকাশিত হয়।

ছোট জাণ্ডলিয়া হিতৈষি মাসিক পত্রিকা। অক্টোবর ১৮৫৩।

১২৬০ সালের কার্তিক (অক্টোবর ১৮৫৩) মাসে 'ছোট জাণ্ডলিয়া হিতৈষি মাসিক পত্রিকা' প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬১) প্রকাশ :—

কার্তিক, ১২৬০। 'ছোট জাণ্ডলিয়া হিতৈষি মাসিক পত্রিকা' নামে এক পত্রিকা প্রকাশ হয়।

পত্রিকাখানি অল্প দিন পরেই বন্ধ হইয়া যায়। ১৮৫৪ সনের এপ্রিল মাসে ইহা পুনঃ প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (৪ জ্যৈষ্ঠ ১২৬১) প্রকাশ :—

জাণ্ডলিয়া হিতৈষি সভার পত্রিকা পুনর্বার গত বৈশাখ মাসাবধি প্রকাশারম্ভ হইয়াছে, আমরা তাহা প্রাপ্তানন্তর পাঠ করত পরম পরিভূষ্ট হইয়াছি, পত্রের পরিমাণ তত্ত্ববোধিনী পত্রিকার জায় তিন কারমা...। জাণ্ডলিয়া গ্রামের ভদ্র বংশোদ্ভব যুবকগণ সামান্ত ও অলিকামোদে কাল ক্ষেপণ না করিয়া এইরূপ সভা সংস্থাপন পূর্বক তদধীনে পত্রিকা প্রকাশ করিয়া তাহাতে সং সম্পর্ক সকল প্রকাশ করিতে আমরা যে কি পর্যন্ত আশ্বাসিত হইয়াছি তাহা লিখিয়া কি ব্যক্ত করিব...।

সংবাদ পামণ্ড দলন (অর্ধ-সাপ্তাহিক)। নবেম্বর ১৮৫৩।

১২৬০ সালের অগ্রহায়ণ (নবেম্বর ১৮৫৩) মাসে 'সংবাদ পামণ্ডদলন' নামে একখানি অর্ধ-সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (১ পৌষ ১২৬০) প্রকাশ :—

অগ্রহায়ণ, ১২৬০।...‘সংবাদ পাবণ্ডলন’ নামক এক অর্ধ সাপ্তাহিক অভিনব পত্র প্রকাশ হইয়াছে, আমরা তৎপাঠে সন্তুষ্ট হইলাম।

‘সংবাদ পাবণ্ডলন’ “সংবাদপত্র কয়েক বার প্রকাশ হইয়াই প্রাণ ত্যাগ করে”।

চিকিৎসা রত্নাকর (মাসিক)। ইং ১৮৫৩।

১৮৫৩ সনে হলধর সেনের সম্পাদনায় ‘চিকিৎসা রত্নাকর’ নামে মাসিক পত্র প্রকাশিত হয়। পাদরি লং তাঁহার মুদ্রিত বাংলা পুস্তকের তালিকায় (পৃ. ৩৪) লিখিয়াছেন :—

Chikitsa Ratnakar, No. 1, 2, 8; 4 as. per No. Su. P., 1853, by Haladhar Sen. Gives from the Sanskrit Nidan or Medical Shastras, the causes, symptoms, remedies of diseases.

রসার্ণব (মাসিক)। জাম্বুয়ারি ১৮৫৪।

১২৬০ সালের মাঘ (জাম্বুয়ারি ১৮৫৪) মাসে ‘রসার্ণব’ নামে একখানি মাসিক পত্র প্রকাশিত হয়। ‘সংবাদ প্রভাকরে’ (১ ফাল্গুন ১২৬০) প্রকাশ :—

মাঘ, ১২৬০। বাবু রাধামাধব মিত্র কর্তৃক রসার্ণব নামে ১০ মূল্যে এক মাসিক পুস্তক প্রকাশ আরম্ভ হয়।

সংবাদ দিনকর (সাপ্তাহিক)। ২৭ ফেব্রুয়ারি ১৮৫৪।

১৮৫৪ সনের ২৭এ ফেব্রুয়ারি (১৭ ফাল্গুন ১২৬০) তারিখে ‘সংবাদ দিনকর’ নামে সাপ্তাহিক পত্রের উদয় হয়। পরবর্তী ১৩ই মার্চ ‘সংবাদ প্রভাকর’ লিখিয়াছিলেন :—

‘সংবাদ দিনকর’ নামক এক অভিনব সাপ্তাহিক সংবাদ পত্র গত ১৭ ফাল্গুন সোমবার দিবসে বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদক কর্তৃক প্রকাশিত হইয়াছে, ইহার মাসিক মূল্য ১০ আনা মাত্র।

সমাচার সুধাবর্ষণ (দৈনিক)। জুন ১৮৫৪।

১৮৫৪ সনের জুন মাসে “কলিকাতা বড়বাজার কোমলনয়নের বেড নং ১৬।১০ ভবন হইতে” ‘সমাচার সুধাবর্ষণ’ নামে একখানি দৈনিক (বাংলা ও নাগরী) প্রাত্যহিক পত্র প্রকাশিত হয়। “ঐহারা পারত ভাবার অল্পশীলন করেন তাঁহারদিগের ও ব্যবসায়দিগের পক্ষেও ইহা বিশেষ উপকারে আসিবেক”। ‘সংবাদ প্রভাকরে’ (১০ আগষ্ট ১৮৫৪) প্রকাশ :—

‘সমাচার সুধাবর্ষণ’ নামক এক প্রাত্যহিক পত্র দেবনাগর এবং বাদালা অক্ষরে প্রকাশারম্ভ হইয়াছে, আমরা তাহার ৫৪ সংখ্যা প্রাপ্ত হইয়াছি তাহাতে জাহাজি সংবাদ, বিদিসের দল ও অভ্যন্তর দেশীয় দুই একটা সংবাদ লিখিত আছে।

‘সমাচার স্তম্ভাবর্ষণ’র সম্পাদক ছিলেন—শ্রীমত্মন্দর সেন। ইহাতে প্রকাশিত একখানি পত্রের শিরোনামায় আছে :—“বিচক্ষণবর শ্রীযুক্ত শ্রীমত্মন্দর সেন সমাচার স্তম্ভাবর্ষণ সম্পাদক মহাশয় সমীপেষু।”

‘সমাচার স্তম্ভাবর্ষণ’ প্রথম হিন্দী দৈনিক সংবাদপত্রও বটে, এ-সংবাদ হিন্দীভাষাভাষীদের জন্য না-থাকিতে পারে।

মাসিক পত্রিকা (মাসিক)। ১৬ আগষ্ট ১৮৫৪।

১৮৫৪ সনের ১৬ই আগষ্ট (১ ভাদ্র ১২৬১) ‘মাসিক পত্রিকা’ প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন—প্যারীচাঁদ মিত্র ও রাখানাথ শিকদার, উভয়েই সে-যুগের খ্যাতনামা ব্যক্তি।* এই পত্রিকা প্রধানতঃ মহিলাদের জন্ত প্রচারিত হইয়াছিল। ‘মাসিক পত্রিকা’র প্রথম সংখ্যায় প্রকাশ :—

এই পত্রিকা সাধারণের বিশেষতঃ স্ত্রীলোকের জন্তে হাণ্ডা হইতেছে, যে ভাষার আমাদিগের সচরাচর কথাবার্তা হয়, তাহাতেই প্রস্তাব সকল রচনা হইবেক। বিজ্ঞ পণ্ডিতেরা পড়িতে চান, পড়িবেন, কিন্তু তাঁহাদিগের নিমিত্তে এই পত্রিকা লিখিত হয় নাই। প্রতি মাসে এক এক নম্বর প্রকাশ হইবেক, তাহার মূল্য এক আনা মাত্র।

‘মাসিক পত্রিকা’ চারি বৎসর চলিয়াছিল। প্যারীচাঁদের ‘আলালের ঘরের দুলাল’ প্রথমে ইহারই পৃষ্ঠায় (১ম বর্ষণম সংখ্যা হইতে) ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

প্রকৃত যুদ্ধগর (মাসিক)। নবেম্বর ১৮৫৪।

১৮৫৪ সনের নবেম্বর মাসে ‘প্রকৃত যুদ্ধগর’ নামে এক আনা মূল্যের একখানি মাসিক পত্র প্রকাশিত হয়। ‘মাসিক পত্রিকা’র বিপক্ষতা করিবার জন্তই ইহার আবির্ভাব। গুপ্ত-কবি ৩০ নবেম্বর ১৮৫৪ (১৬ অগ্রহায়ণ ১২৬১) তারিখের ‘সংবাদ প্রভাকরে’ লিখিয়াছিলেন :—

‘প্রকৃত যুদ্ধগর’ ইত্যভিধেয় এক ক্ষুদ্রাকার মাসিক পুস্তক আমরা গত দিবস প্রাপ্ত হইয়াছি তাহার ভাষা লেখা উত্তম হইয়াছে বটে, কিন্তু অভিনব মাসিক পত্রিকার বিরুদ্ধে লেখনী সঞ্চালন করাই সম্পাদকের অভিপ্রায়, কলতঃ এইরূপ বাদাহ্বাব্দে দেশের কি উপকার তাহা আমরা নিশ্চয় করিতে পারিলাম না।...এই প্রকৃত যুদ্ধগরের মূল্য /০ এক আনা মাত্র,...

* “Radha Nauth Siodkar...conducted with me a monthly Bengali Magazine called ‘Masie Patricia’ for about three years.”—Peary Chand Mittra : A Biographical Sketch of David Hare, p. 82.

সিদ্ধান্ত দর্পণ (মাসিক) । ২২ মার্চ ১৮৫৫ ।

১৮৫৫ সনের ২২এ মার্চ (১০ চৈত্র ১২৬১) ‘সিদ্ধান্ত দর্পণ’ নামে মাসিক পত্র প্রকাশিত হয়। প্রথম সংখ্যায় মুদ্রিত “বিজ্ঞাপন”টি এইরূপ :—

বর্তমানে এতদেশে অনেকানেক মাসিক সাপ্তাহিক দৈনিক প্রভৃতি নানা দিগ্‌দেশীয় সমাচার পরিপূরিত ও নীতি বিষয়ক প্রস্তাবিত পত্র সকল প্রকাশ হইয়া এতদেশের অনেক অজানান্যকার দুরীকৃত হইতেছে অতএব এই মহোপকার বিষয়ের যত উন্নতি হইবেক দেশের ততই মঙ্গলোন্নতির সম্ভাবনা এতদর্শে আমরা কতিপয় ব্যক্তি একত্র হইয়া এই ‘সিদ্ধান্ত দর্পণ’ নামে একখানি মাসিক পত্র প্রকাশ করণে প্রবৃত্ত হইলাম...। শ্রীযোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় নির্বাহক ।

বিভোৎসাহিনী পত্রিকা (মাসিক) । ২০ এপ্রিল ১৮৫৫ ।

কালীপ্রসন্ন সিংহ তৎপ্রতিষ্ঠিত বিভোৎসাহিনী সভার মুখপত্র-স্বরূপ ‘বিভোৎসাহিনী পত্রিকা’ নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশ করিয়াছিলেন। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—২০ এপ্রিল ১৮৫৫। পত্রিকার মলাটে এই অংশটি মুদ্রিত হইত :—

বিভোৎসাহিনী পত্রিকা। মাসিক প্রকাশ। শ্রীকালীপ্রসন্ন সিংহ দ্বারা বিরচিত। বাঙ্গাল সুপিরিয়ার যন্ত্রে মুদ্রিত।

‘বিভোৎসাহিনী পত্রিকা’র প্রথম সংখ্যার শেষে এই সম্পাদকীয় “বিজ্ঞাপন”টি মুদ্রিত হইয়াছে :—

যদিও আমরা তাদৃশ বদভাষার ব্যুৎপত্তি হয় নাই, তথাপি বিভাবত্তব্যক্তিব্যুৎপত্তির উৎসাহে এই কর্মে প্রবৃত্ত হইলাম। এই পত্রিকা বাহার প্রয়োজন হইবেক, তিনি ঘোড়সাঁকোছ বিভোৎসাহিনী সভার কার্যালয়ে তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিবেন; ইহার মূল্য ১/০ এক আনা মাত্র। শ্রীকালীপ্রসন্ন সিংহ, সম্পাদক। ঘোড়সাঁকোছ বিভোৎসাহিনী সভা, ১৭৭৭ নং, ৮ বৈশাখ, ১২৬২ সাল।

সত্য মাজেই বিনা মূল্যে একখণ্ড করিয়া প্রাপ্ত হইতে পারিবেন।

‘বিভোৎসাহিনী পত্রিকা’র প্রতি সংখ্যায় ১০ পৃষ্ঠা পরিমাণ রচনা থাকিত। প্রথম দুই সংখ্যার স্থচী এইরূপ :—

১ম সংখ্যা : সত্যতার বিষয়, চাকল্য (জমশ : প্রকাশ), বিজ্ঞাপন।

২য় সংখ্যা : বাল্য বিবাহ, কৌলীভ, চাকল্য, বিভাতীয় রাজগণের অধীনে ভারতবর্ষের অবস্থা।

এই সকল প্রবন্ধ কালীপ্রসন্ন সিংহের স্বরচিত। তাঁহার প্রাথমিক রচনাগুলি এ-যাবৎ কেহই উদ্ধার করিতে পারেন নাই। আমি ‘বিভোৎসাহিনী পত্রিকা’র পৃষ্ঠা হইতে কয়েকটি রচনা ‘সাহিত্য-পরিষৎ-পত্রিকা’র (১৩৬৩ সাল, ৩য় সংখ্যা, পৃ. ১২৬-৩৪) পুনর্মুদ্রিত করিয়াছি। ‘বিভোৎসাহিনী পত্রিকা’ বৎসরাধিক কাল জীবিত ছিল।

মাসিক পত্রিকা নং ১।

বাং তাং ১ ভাদ্র শাল ১২৬১। ইং তাং ১৬ আগষ্ট ১৮৫৪।

এই পত্রিকা সাধারণের বিশেষতঃ স্ত্রীলোকের জন্যে ছাপা হইতেছে, যে ভাষায় আমরাদিগের সচরাচর কথাবার্তা হয়, তাহাতেই প্রস্তাব সকল রচনা হইবেক। বিজ্ঞ পণ্ডিতেরা পড়িতে চান, পড়িবেন, কিন্তু তাহাদিগের নিমিত্তে এই পত্রিকা লিখিত হয় নাই। প্রতি মাসে এক এক নম্বর প্রকাশ হইবেক, তাহার মূল্য এক আনা মাত্র।

শ্রাদ্ধে কিছু মাত্র ফল নাই।

শ্যামলাল বাবুর শ্রাদ্ধ বড় জাঁক জমকে হইল, রুপার ঘোড়স্ হয়, আর খাল ঘড়া গাড়ু বনাং পরদের কাপড় অনেক উৎসর্গ হয়, ব্রাহ্মণ ভোজনও উত্তম হয়, সকলেই শ্যামলাল বাবুর পুত্রগণকে প্রশংসা করিতেছে।

লোকে কি শ্রাদ্ধের জোরে স্বর্গে যায়? তাহা হইলে কেবল বড়মানুষেরা স্বর্গে যাইত, কারণ তাহাদিগেরি শ্রাদ্ধ বড় ঘটায় হইয়া থাকে। গরীবদিগের শ্রাদ্ধ কখন হয়, কখন বা না হয়, যখন হয় তখন অতি কষ্টেই হয়, শ্রাদ্ধের দ্বারা লোকে স্বর্গে গেলে, গরীব লোকের স্বর্গে যাইবার সম্ভাবনা নাই।

এমন কথা কখন সত্য হইতে পারে না। খনী হইলেই লোকে যে পুণ্যবান হয় তাহা নয়। দেখ অনেক বড়মানুষ মিথ্যাবাদি, জুয়োচোর। প্রায় সকলেই মদখোর, বেশ্যাবাজ্। ইহারা মরিলে ইহাদিগের শ্রাদ্ধ বড় ঘটায় হইবেক, শ্রাদ্ধের জোরে ইহারা কখন স্বর্গে যাইতে পারিবেক না, কারণ ইহারা স্বর্গে গেলে

ক

['মাসিক পত্রিকা'র একটি পৃষ্ঠার প্রতিলিপি]

জ্ঞানবোধিনী (সাপ্তাহিক)। মে ১৮৫৫।

১২৬২ সালের জ্যৈষ্ঠ (১৮৫৫, মে) মাসে 'জ্ঞানবোধিনী' নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬৩) প্রকাশ :—

জ্যৈষ্ঠ ১২৬২। কলিকাতা নগরে 'জ্ঞানবোধিনী' পত্রিকা নামে সাপ্তাহিক পত্রিকা... প্রকাশারম্ভ হয়।

বঙ্গ বার্তাবহ (পাক্ষিক)। মে ১৮৫৫।

১২৬২ সালের জ্যৈষ্ঠ (১৮৫৫, মে) মাসে হারাণচন্দ্র মুখোপাধ্যায়ের সম্পাদনায় ভবানীপুর হইতে 'বঙ্গ বার্তাবহ' নামে একখানি পাক্ষিক পত্রিকা প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬৩) প্রকাশ :—

জ্যৈষ্ঠ ১২৬২।...ভবানীপুরে 'বঙ্গবার্তাবহ' নামে পাক্ষিক পত্রিকা প্রকাশারম্ভ হয়।

"এই পত্র প্রতি মাসের প্রথম এবং ষোড়শ দিবসে ভবানীপুরস্থ হিন্দুপেট্রিরিয়ট যজ্ঞে ত্রীশ্রামাচরণ সরকার কর্তৃক মুদ্রিত এবং শ্রীরামলাল চট্টোপাধ্যায় দ্বারা প্রকাশিত হয় মাসিক মূল্য ১০ আনা মাত্র।"

সর্বার্থ পূর্ণচন্দ্র (মাসিক)। জুলাই ১৮৫৫।

অদ্বৈতচন্দ্র আচ্যের সম্পাদকতায় ১৮৫৫ সনের জুলাই মাসের প্রথমার্ধে পূর্ণচন্দ্র যজ্ঞ হইতে 'সর্বার্থ পূর্ণচন্দ্র' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকরে' (১ বৈশাখ ১২৬৩) প্রকাশ :—

আষাঢ়, ১২৬২। 'সর্বার্থ পূর্ণচন্দ্র' নাম এক অভিনব মাসিক পত্র প্রকাশ হয়।

পত্রিকার মলাটে এই প্লোকাট শোভা পাইত :—

ইতিহাসপুরাণানি কাব্যাধ্যানকথাশুভা।

জ্ঞানমস্তি হৃদস্তোত্রমস্তোত্রং ভাকরো যথা ॥

প্রথম সংখ্যায় প্রকাশিত "অবতরণিকা" অংশ উদ্ধৃত করিতেছি, ইহা হইতে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

...আমরা দেশ বিদেশীয় প্রাচীন ও নব্য বিবিধ গ্রন্থের বিষয় সকল প্রকাশ করণাভিলাষে 'সর্বার্থ পূর্ণচন্দ্র' নামে এই মাসিক পত্রিকা প্রচারে প্রবৃত্ত হইলাম। এই পত্রীতে এ দেশের প্রাচীন পুরাণাদি শাস্ত্র এবং কাব্য নাটক, তথা নীতিশাস্ত্রাদির পুস্তক হইতে কিঞ্চিৎ ক্রমশঃ অঙ্কন করিয়া নিয়ত প্রকাশ করা যাইবে, এতদ্বিষয় পায়সীক ও ইংরাজী ভাষায় জ্ঞান বিজ্ঞান প্রকাশক গ্রন্থ হইতে বিবিধ ইতিহাস উপাখ্যান এবং অবনী-মণ্ডলে যে সময়ে যেহে অঙ্কন ঘটনা হয় তদ্বিষয়ক পুস্তকচয় হইতেও অঙ্কন পূর্বক কিছুৎ সংগ্রহ করিয়া ইহাতে প্রকাশ করিব, অপর উপস্থিত যতে সাধারণ হিতার্থ বিষয় সকলের

আন্দোলনেও ক্রটি হইবে না, যেহেতু বিষয়ের আলোচনা করিলে দেশের হিত বা অহিত সৰ্ব সাধারণের বুদ্ধি পথে উদ্ভিত হইতে পারে এবং রাজপুরুষদিগের নিকট আবেদন অথবা সাধারণের মনোযোগ দ্বারা অহিত নিবারণ পুরঃসর হিত সম্পাদন সম্ভব, সময়েই সে সকল বিষয়েরও আলোচনা করা যাইবে।

এই ‘সর্বার্থ পূর্ণচন্দ্র’ প্রতি মাসে এই প্রকার ছাত্রিংশৎ পৃষ্ঠ পরিমাণে প্রকাশ হইবে, প্রকটিত হইবার দিন অবধারিত থাকিবে না, বৎসরে দ্বাদশ সংখ্যা প্রকাশ পাইবে। পাঠকবর্গ দ্বাদশ সংখ্যার মূল্য অগ্রে প্রদান করিলে অতি সুলভ মূল্যে অর্থাৎ দুই টাকায় প্রাপ্ত হইবেন, এক এক সংখ্যার মূল্য দিলে চারি আনা দিতে হইবে।...

প্রথম সংখ্যার “নির্ঘণ্ট” এইরূপ :—

অবতরণিকা। বিষ্ণু পুরাণ, প্রথম অধ্যায়। মার্কণ্ডেয় পুরাণ, প্রথম অধ্যায়। মহাভারত, আদি পর্ক, প্রথম অধ্যায়। কঙ্কিপুুরাণ, প্রথম অধ্যায়। রামায়ণ, আদি কাণ্ড, প্রথম সর্গ। কুমার সম্ভব, প্রথম সর্গ। উত্তর রামচরিত, প্রথম অঙ্ক। দুষ্টান্ত শতক, [৪০ শ্লোক]। পঞ্চ রত্নম্। ষড় রত্নম্। গোলেশ্বরী, প্রথম ও দ্বিতীয় কাহিনী। মণ্ডনের নীতিসার।

‘সর্বার্থ পূর্ণচন্দ্র’র সর্বসমেত ৩৪ সংখ্যা অনিয়মিতভাবে প্রকাশিত হইয়াছিল। প্রথম ও দ্বিতীয় বর্ষের পত্রিকা ১২৬২ ও ১২৬৩ সালে, এবং তৃতীয় বর্ষের পত্রিকা (১০ সংখ্যা) ১২৬৬-৬৭ সালে প্রকাশিত হয়।

বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকা (মাসিক ...)। সেপ্টেম্বর ১৮৫৫।

১২৬২ সালের আশ্বিন (১৮৫৫, সেপ্টেম্বর) মাসে নবীনচন্দ্র আচ্যের সম্পাদনে ‘বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকা’ নামে মাসিক পত্র প্রকাশিত হয়। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য এইরূপ :—

...যে সমস্ত পত্রী প্রচলিত আছে সৰ্ব সাধারণে তন্মূল্য প্রদান করিতে প্রায় সক্ষম হয় না এক বা অর্ধ মুদ্রা মূল্যের প্রাত্যহিক পত্র গ্রহণ করিতেও অনেকে বিরূপ হন অতএব সকল লোকের সুলভ নিমিত্ত ‘বঙ্গবিজ্ঞা প্রকাশিকা’ নামে একখানি মাসিক পত্রী প্রকটন করা গিয়াছে। এই পত্রীতে নীতি বিজ্ঞা শিক্ষা, বাণিজ্য, ইত্যাদি বিবিধ বিষয়ের সার বিবরণ এবং যে সমস্ত বিষয়ের আন্দোলনে জ্ঞান ও স্বভাব বৃদ্ধি এবং সাধারণোপকার সম্ভাবনা তাহার সংক্ষেপ বর্ণন থাকিবেক। আপাততঃ অকটেবো পরিমাণের ষোড়শ পৃষ্ঠে প্রত্যেক সংখ্যা প্রকাশ হইবে মূল্য সংখ্যা প্রতি এক আনা মাত্র।

‘বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকা’র প্রথম সংখ্যার (আশ্বিন, ১২৬২) “নির্ঘণ্ট” :—

ভূমিকা। ঈশ্বর তত্ত্ব। বিজ্ঞানশীলন। বাণিজ্য। রাজস্ব। নীতি। উদ্ভি। হিতকথা। পত্র।

‘বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকা’র প্রথম চারি খণ্ড মাসিক আকারে প্রকাশিত হইয়াছিল। এই চারি খণ্ডের হিসাব দিতেছি :—

প্রথম খণ্ড...১ম—৭ম সংখ্যা, ১২৬২ সাল।

দ্বিতীয় খণ্ড...৮ম—১১শ সংখ্যা, ১২৬৩ সাল; ২০শ সংখ্যা, ১২৬৪ সাল; ২১শ সংখ্যা, ১২৬৫ সাল।

তৃতীয় খণ্ড...২২শ—২৪শ সংখ্যা, ১২৬৫ সাল।

চতুর্থ খণ্ড...২৫শ—২৮শ সংখ্যা, ১২৬৫ সাল; ২৯শ সংখ্যা, ১২৬৬ সাল।

চতুর্থ খণ্ডের শেষ বা ২৯শ সংখ্যা ৪৬২ পৃষ্ঠায় শেষ হইয়াছে। ইহার পর পত্রিকার ৫ম খণ্ড প্রথমে পাক্ষিক আকারে এবং পরে দৈনিক আকারে বাহির হইতে থাকে। উক্তর শ্রীনরেন্দ্রনাথ লাহা ‘সুবর্ণবণিক সমাচারে’ (৫ম-৮ম বর্ষ) ‘বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকা’ সম্বন্ধে বিস্তৃত আলোচনা করিয়াছেন; তিনি লিখিয়াছেন:—

চতুর্থ খণ্ড বা ঊনত্রিংশ সংখ্যা পর্যন্ত বঙ্গবিজ্ঞাপ্রকাশিকা পত্রিকা মাসিক আকারেই বাহির হয়। কিন্তু পঞ্চম খণ্ড বা ত্রিংশ সংখ্যা হইতে ইহা পাক্ষিক আকারে দেখা দেয়।... এই [২৯শ] সংখ্যায় মাঘ ও কাশ্বন মাসে (১২৬৬ সালের) সংঘটিত কয়েকটি বিশিষ্ট ঘটনার উল্লেখ আছে। তৎপার্শ্বে মনে হয়, এই ঊনত্রিংশ সংখ্যা ১২৬৬ সালের চৈত্র মাসে বাহির হয়। ইহা দ্বারা আমরা বুঝিতে পারি যে, পরবর্তী ১২৬৭ সালে বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকার পঞ্চম খণ্ড আরম্ভ হয়। পাক্ষিক আকারের প্রথম সংখ্যাটি বৈশাখ মাসে প্রকাশিত হয় নাই, সম্ভবত উহা জ্যৈষ্ঠ মাসে প্রকাশিত হইয়া থাকিবে। কারণ এই সংখ্যায় “পাক্ষিক সংবাদ” শীর্ষক (৪৭০ পৃষ্ঠা) ঘটনাবলীর মধ্যে “বৈশাখের শেষ দিবসে বড়বাজারে আকিনহাটার নিকট” সংঘটিত ঘটনাবিশেষের বিবরণ স্থান পাইয়াছে।...

কত দিন এই পত্রিকা পাক্ষিকাকারে চলিয়াছিল, এবং তাহার পর ইহা সাপ্তাহিক আকারে বাহির হইয়াছিল কি না—বলা সুকঠিন। কারণ আমরা পাক্ষিকাকারে প্রকাশিত পত্রিকার ৪৩ সংখ্যা পর্যন্ত পাইয়াছি। এই ৪৩ সংখ্যা ১২৬৭ সালে প্রকাশিত এবং ইহা বঙ্গবিজ্ঞা প্রকাশিকা পত্রিকার পঞ্চম বর্ষের অন্তর্গত সংখ্যা। এই সংখ্যার পরে আমরা ১২৭৫ সালের ২রা বৈশাখের [১৪শ বর্ষ] ‘বঙ্গবিজ্ঞাপ্রকাশিকা’র দর্শন পাই। তখন ইহা দৈনিক সংবাদপত্ররূপে প্রকাশিত হইতেছে।

১২৭৫ সালের ২রা বৈশাখের বঙ্গবিজ্ঞাপ্রকাশিকা...পত্রিকাখানি রয়েল ৪ পেজী আকারের আটপৃষ্ঠাব্যাপী ছিল।...ইহা রবিবার ব্যতীত প্রত্যহ প্রকাশিত হইত।...প্রতি সংখ্যা পত্রিকার শীর্ষদেশে প্রথমে ইংরেজী তৎপরে দেবনাগর তার পর বালা অক্ষরে পত্রিকার নাম। তৎনিরে “Daily Advertiser. প্রাত্যহিক পত্র” এবং দেবনাগর অক্ষরে “হর মোক্ষ পত্র” লেখা আছে। ইহার নীচেই নিম্নলিখিত সংস্কৃত শ্লোকটি স্থান পাইয়াছে,—

আত্মাততল্যাধ্যাপুরা রম্যরমা নবীনচন্দ্রাচ্যসদাচ্যদ্যাত্যত।

পত্রী সুপত্রীবহতাসতাং সতাং সা বঙ্গবিজ্ঞাপ্রকাশিকা।

মর্শ্ব ধুরন্ধর (মাসিক)। জাহ্নয়ারি ১৮৫৬।

১২৬২ সালের মাঘ (১৮৫৬, জাহ্নয়ারি) মাসে ‘মর্শ্ব ধুরন্ধর’ নামে মাসিক পত্র প্রকাশিত হয়। ‘সংবাদ প্রভাকরে’ (১ বৈশাখ ১২৬৩) প্রকাশ :—

মাঘ, ১২৬২।...‘মর্শ্ব ধুরন্ধর’ নামে এক মাসিক পত্রিকা প্রকাশ হয়।

বেহালা হরিভক্তি প্রদায়িনী সভার সাংসরিক সংবাদ পত্রিকা।

এপ্রিল ১৮৫৬।

১৮৫২ সনে বেহালায় হরিভক্তিপ্রদায়িনী সভা প্রতিষ্ঠিত হয়। “হরিভক্তি স্থাপন করা সভার প্রধান সঙ্কল্প”। এই সভা হইতে সভ্য সমাজে বিতরণার্থ ১২৬৩ সালের বৈশাখ মাসে ‘সাংসরিক সংবাদ পত্রিকা’র ১ম সংখ্যা প্রচারিত হয়। সভা-সম্পাদক গুরুদয়াল রায়ের বার্ষিক অভিভাষণ ও কয়েকটি ভক্তিরসাত্মক গান পত্রিকার কলেবর পূর্ণ করিত। আমরা এই সাংসরিক সংবাদ পত্রিকার ২ সংখ্যা (বৈশাখ ১২৬৪) ও ৬ সংখ্যা (বৈশাখ ১২৬৮) দেখিয়াছি। এই দুই সংখ্যার মলাটে যথাক্রমে এই দুইটি সংস্কৃত শ্লোক মুদ্রিত আছে :—

শমাস্ত্রালং জলং বহুশমসো ভাস্করোদয়ঃ।

কাস্তিকলেরদোষস্ত নামসংকীর্ণনং হরেঃ ॥

ব্যায়ন কৃতে যজন্ যজ্ঞৈশ্চৈত্যায়ং দ্বাপরৈর্হর্ষয়ন।

যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ণ্য কেশবম্ ॥

সত্য জ্ঞানসঞ্চারিণী পত্রিকা (মাসিক)। এপ্রিল ১৮৫৬।

১৮৫৬ সনের এপ্রিল মাসে ‘সত্য জ্ঞানসঞ্চারিণী পত্রিকা’ প্রকাশিত হয়। এই মাসিক পত্রিকা সম্বন্ধে গুপ্ত-কবি ২৯এ মে (১৭ জ্যৈষ্ঠ ১২৬৩) ‘সংবাদ প্রভাকরে’ মন্তব্য করেন :—

‘সত্য জ্ঞানসঞ্চারিণী পত্রিকা’ নামে একখানি মাসিক পত্রিকার প্রথম সংখ্যা আমরা প্রাপ্ত হইয়াছি তাহা ভবানীপুরস্থ হিন্দু পের্টরিয়ার্ট যন্ত্রে মুদ্রিত হইয়াছে, তৎ-সম্পাদক মহাশয় যে একটি প্রতিজ্ঞা করিয়াছেন যতপি যথানিয়মে তত্তাবৎ প্রতিপালন করিতে পারেন তবে ঐ পত্রিকা সাধারণ বিজ্ঞানসূত্রাগি ব্যক্তিদ্বিগের পরম আদরগীয়া হইবেক তাহার সন্দেহ নাই, পরন্তু এই প্রথম সংখ্যক পত্রিকার যে কয়েকটি বিষয় লিখিত হইয়াছে আমরা তাহার আশ্চর্য পাঠ করিয়াছি, লেখা প্রণালীসিদ্ধ হইয়াছে বটে, কিন্তু আরো কিঞ্চি পরিষ্কার হইলে সাধারণের পাঠোপযোগি হইতে পারে, যাহা হউক আমরা পরমেশ্বরের নিকটে প্রার্থনা করি যে এই পত্রিকা চিরস্থায়িনী হইয়া তাঁহার পরম প্রেমময় সত্যজ্ঞান বিষয়ে সকলের চিন্তাকর্ষণ করুন।

নবকৃষ্ণ বসু এবং ত্রীনাথ বন্দ্যোপাধ্যায় এই পত্রিকার পরিচালক ছিলেন বলিয়া লং উল্লেখ করিয়াছেন।

এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহ (সাপ্তাহিক)। ৪ জুলাই ১৮৫৬।

শিক্ষা-বিভাগের দক্ষিণ-বিভাগীয় ইন্স্পেক্টর হজসন প্র্যাটের প্রাতপোষতায় এই সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশিত হয়। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—৪ জুলাই ১৮৫৬ (২২ আষাঢ় ১২৬৩)। “এই এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহ প্রত্যেক শুক্রবারে ইটালি পল্লপুকুর ১৪ নম্বর ভবনে সত্যার্ণব বস্ত্রে মুদ্রিত হইয়া প্রকাশিত হয়। ইহার বার্ষিক অগ্রিম মূল্য ৩ টাকা, মাসিক অগ্রিম মূল্য ১০ সাড়ে চারি আনা মাত্র।”

‘এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহে’র সম্পাদক নিযুক্ত হইয়াছিলেন—রেভারেণ্ড ও’ব্রায়ান স্মিথ। শিক্ষা-বিভাগীয় ডিরেক্টরের বার্ষিক বিবরণ হইতে পত্রিকা প্রচারের উদ্দেশ্য জানা যায় :—

About the beginning of the year under report, a Newspaper in Bengali, called the *Educational Gasette*, was established, under the Editorial charge of the Reverend O'Brien Smith, under the auspices and patronage of this Department, assisted by a Government Grant of Rupees 200 a month. The object is to supply the people in the interior of the country with a Newspaper cheap in price and healthy in tone.—
Report of the Director of Public Instruction for the year 1856-57.

কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় কিছু দিন ‘এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহে’র সহকারিতা করিয়াছিলেন। সমসাময়িক সংবাদপত্রে ইহার উল্লেখ আছে :—

ভাদ্র, ১২৬৭।...এডুকেশন গেজেট সম্পাদক শ্রীযুক্ত রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ‘শরীর সাধনী বিজ্ঞা’ নামী একখানি বক্তৃতা প্রকাশ করিয়াছেন। (‘সংবাদ প্রভাকর’, ১৭ সেপ্টেম্বর ১৮৬০)

Education Gasette.—We are glad to perceive that His Honor the Lieut. Governor has sanctioned for another year, increased contribution of Rs 270 per mensem towards the support of this really useful journal which has been conducted with great ability by Mr. O'Brien Smith, and Baboo Rung Lal Banerjee. (*The Indian Field* for Sept. 20, 1862.)

‘এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহ’কে সরকারী মুখপত্রে পরিণত করিবার জন্ত ৩১ ডিসেম্বর ১৮৬৩ তারিখে একটি প্রস্তাব গৃহীত হয়। ইহার ফলে সম্পাদকের পারিশ্রমিক বৃদ্ধি করিয়া ৩০০ করা হয়; সরকারী ও অপরাপর বিষয়ে সঠিক সংবাদ লাভ করিয়া যাহাতে তিনি সাময়িক ঘটনাবলী প্রকাশ করিতে পারেন, তাহারও ব্যবস্থা করা হইয়াছিল। প্রবন্ধাদি নির্বাচন ও পত্রিকার সকল প্রকার দায়িত্ব সম্পাদকের উপর ছন্ত হয়,—গবর্নেন্ট ইহার সহিত সাক্ষাৎ সংসর্গ রাখেন নাই। ও’ব্রায়ান স্মিথ ১৮৬৬ সনের জানুয়ারি মাস পর্যন্ত সম্পাদকতা করিয়া স্বাস্থ্যহানির জন্ত স্বদেশ গমন করিতে বাধ্য হন। তাঁহার স্থলে স্থায়ী সম্পাদক নিযুক্ত হইবার পূর্বে কানাইলাল পাইন ও ব্রহ্মমোহন মল্লিক দুই মাস পত্রিকা পরিচালন করিয়াছিলেন। ব্রহ্মমোহন তাঁহার স্বভিকথায় বলিয়াছেন :—

শিখ সাহেব বিলাত চলিয়া গেলেন। আমার বন্ধু কানাইলাল পাইনের উপর পত্রিকা-পরিচালনের ভার দ্রুত হইল। আমি তাঁহার কাগজে রণজিৎ সিংহের জীবনবৃত্তান্ত লিখিতে আরম্ভ করিলাম।...হুগলিতে অবস্থানকালে ছুদেব বাবু কলিকাতার এডুকেশন গেজেট আপিসে প্রায়ই আসিতেন। পত্রিকাখানি আমার হাত হইতে প্যারিচরণ সরকারের হাতে গেল; তিনি ছাড়িয়া দিলে ছুদেব বাবু ইহার সম্পাদক হইলেন।...বন্ধিম বাবুর সঙ্গেও আমার প্রথম আলাপ হয় ছুদেব বাবুর বাড়ীতে। বন্ধিম বাবু তখন সবে মাত্র লিখিতে আরম্ভ করিয়াছিলেন; মাঝে মাঝে এডুকেশন গেজেটে লিখিতেন। (‘পুয়াতন প্রসঙ্গ,’ ২য় পর্ব্বায়, পৃ. ৫৮-৬০)

১৮৬৬ সনের মার্চ মাসে প্রেসিডেন্সী কলেজের ইংরেজী-সাহিত্যের সহকারী অধ্যাপক প্যারীচরণ সরকার ‘এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বাৰ্ত্তাবহে’র সম্পাদক-পদে নিযুক্ত হন। তাঁহার কার্যকালে রচনার দিক্ হইতে পত্রিকার যথেষ্ট উৎকর্ষ সাধিত হইয়াছিল; গ্রাহকসংখ্যাও বৃদ্ধি পাইয়াছিল। কিন্তু আড়াই বৎসর যাইতে-না-যাইতেই এমন একটি ঘটনা ঘটিল, যাহাতে তিনি শেষ পর্যন্ত পদত্যাগ করিতে বাধ্য হইলেন। ১৮৬৮ সনের মে মাসে ঈস্টার্ন বেঙ্গল রেলওয়ের শ্রামনগর স্টেশনের নিকট একটি রেলওয়ে দুর্ঘটনায় বহু লোক হতাহত হয়। রেলওয়ে-কর্তৃপক্ষ হতাহত লোকের যে সংখ্যা প্রকাশ করেন, তাহা জনসাধারণের নিকট বিশ্বাসযোগ্য প্রতীয়মান হয় নাই। গবর্ণমেন্টও রেলওয়ে-কর্তৃপক্ষের রিপোর্টের উপর নির্ভর করিয়া একটি বিবরণ প্রকাশ করিয়াছিলেন। প্যারীচরণ প্রচলিত সাময়িক-পত্রের বিবরণ অবলম্বন করিয়া, স্বাধীন অনুসন্ধান করিয়াও বটে, ১০ জ্যৈষ্ঠ ১২৭৫ তারিখে ‘এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বাৰ্ত্তাবহে’ ঘটনার এই বিবরণ প্রকাশ করেন :—

ঈষ্টার্ন বেঙ্গল রেলওয়ের দুর্ঘটনা।—বিগত ২৬ শে বৈশাখ ঈষ্টার্ন বেঙ্গল রেলওয়ের শ্রামনগর স্টেশনে যে দুর্ঘটনা হইয়াছিল, তাহার অত্যন্ত ভয়ানক বিবরণ ক্রমে ক্রমে প্রকাশ হইয়া পড়িতেছে। ঐহারা তৎকালে ঐ স্থানে উপস্থিত ছিলেন, তাঁহাদের মধ্যে অনেকেই প্রকাশক্রমেই বলিতেছেন যে, প্রায় তিন শত লোক মারা পড়িয়াছে। আবার উহা আপেক্ষা আরও ভয়ঙ্কর কয়েকটি বৃত্তান্ত শুনিতে পাওয়া যাইতেছে। অনেকেই এরূপ অস্বভব করিতেছেন যে রেলওয়ে কর্মচারীরা যখন তাড়াতাড়ি ভাঙ গাড়ী হইতে হত আহত ব্যক্তিগণকে বাহির করিতে আরম্ভ করেন, তখন তাঁহাদের কেহ কেহ অত্যন্ত মৃৎস ব্যবহার করিয়াছিলেন। যাহাতে দুর্ঘটনার চিহ্ন অত্যন্ত কাল মধ্যেই নিরাকৃত হয়, সেই চেষ্টায় শশব্যস্ত হইয়া উক্ত কর্মচারীরা দয়াবর্নশূন্য হইয়া পড়েন। হত আহত ব্যক্তিরা যে স্থানে ছিল, তথা হইতে ৬৭ হাত দূরে তাঁহাদিগকে স্থানান্তরিত করিবার গাড়ী আনিয়া রাখা হয়, এবং ৬৭ হাত দূরির উপর দিয়া স্থত ও স্থতপ্রায় ব্যক্তিগণকে যে প্রকার ভয়ানকরূপে নিক্ষেপ করা কিবা চানিয়া লইয়া যাওয়া হয়, তাহাতে যাহারা স্থতপ্রায় ছিল, তাহাদের জীবিত থাকিবার অধিক সম্ভাবনা ছিল না। এই সকল শশব্যস্ত কর্মচারী ভাঙ গাড়ী হইতে

“প্যাসেঞ্জার” বাহির করিবার সময় হত আহতের অল্প মাত্র বিজ্ঞিততা প্রদর্শন করে, হত ব্যক্তিকেও যেমন বলপূর্বক টানিয়া অথবা উর্ধ্বে নিক্ষেপ করিয়া স্থানান্তরিত করিবার গাভীতে রাখে, যে সকল আহত ব্যক্তির মৃতপ্রায় হইয়াছিল, অথবা কণা কহিতে অসমর্থ ছিল, তাহাদের প্রতিও তদ্রূপ ব্যবহার করে। এই প্রকার নৃশংস ব্যবহার দ্বারা যদি একজন মৃতপ্রায় ব্যক্তিরও প্রাণনাশ হইয়া থাকে, তাহা হইলে ঐ সমস্ত কর্মচারীর গুরুতর দণ্ড হওয়া উচিত। ইহাও অনেকের মুখে শুনা যাইতেছে যে, একান্ত রিপোর্টে যিনি বেরূপ লিখিয়া দেউন না কেন, বস্তুতঃ সকল আহত ব্যক্তির প্রতি যথোচিত-রূপ যত্ন ও সত্ৰসা করা হয় নাই। যে সকল কর্মচারী ঐ ক্ষেত্রে উপস্থিত হইয়াছিলেন, তাঁহারা সদয়চিত্ত হইলে আহত ব্যক্তিগণের প্রতি ইহা অপেক্ষা অধিকতর যত্ন করা হইতে পারিত, তাহা অনেকেই বলিতেছেন। বাকালি দর্শকদিগের কথা যদি সকলে গ্রাহ্য না করেন, তথাপি কলিকাতার পুলিশ কমিশনার ষ্ট্রুয়ার্ট হগ সাহেব এবং আরব্যয় সম্বন্ধীয় সুপ্রিম কোর্টিলের মেম্বর সর ম্যিচার্ড টেম্পল সাহেবের কথা অবশ্যই মস্ত করিতে হইবে। ইঁহারাও স্বচক্ষে হুইজন আহত ব্যক্তির হুর্দশা দেখিয়াছেন। উহারা বিনা যত্নে পতিত রহিয়াছে দেখিয়া, হগ সাহেব ঈর্ষণ্য বেঙ্গল রেলওয়ের প্রধান কর্মচারী প্রেঙ্কে সাহেবকে তদ্বিষয় অবগত করাতো, উক্ত কর্মচারী হগ সাহেবকে এইরূপ উত্তর দেন যে, “তোমার এ বিষয়ে কথা কহিবার অধিকার নাই।” এবং পরে হগ সাহেবের ব্যবহার অশিষ্ট বলিয়া অভিযোগ করিয়াছেন। কি আশ্চর্য ব্যাপার। মৃতপ্রায় মজুমদার যত্নাভাবে কষ্ট পাইতেছে দেখিয়া, তাহাদের কষ্ট দূর করিবার উদ্দেশে সকলকেই কে না বলিতে পারেন? বিশেষতঃ এহুলে উক্ত প্রকার ছরবহাশ্রম ব্যক্তির কষ্ট নিবারণ, চেষ্টাই উক্ত কর্মচারীর একটি প্রধান কর্ম, অতএব এ বিষয়ে তাঁহাকে কোন কথা বলিবার অধিকার মস্ত মাত্রেই আছে। হগ সাহেব যে প্রকার দয়ালু আন্তঃকরণের পরিচয় দিয়াছেন, ঈর্ষণ্য বেঙ্গল রেলওয়ে কর্মচারীর প্রধানপক্ষীয় হুই একজন যদি তদ্রূপ দয়া প্রকাশ করিতেন তাহা হইলে এই হুর্দশা লজ প্যাসেঞ্জারের প্রধান কর্মচারীদিগকে কোন প্রকারে ঘোষী করিতে পারিতেন না। কিন্তু বেরূপ শুনা যাইতেছে তাহাতে উক্ত কর্মচারীদিগের প্রতি অনারাসেই অধিক, দোষারোপ করা যাইতে পারে। তাড়াতাড়ি হত ব্যক্তিসমূহকে রাজিকালে পোপনে নুতন ট্রেন আনাইয়া স্থানান্তরিত করা, এবং কোথায় নিক্ষেপ করা হইল তাহা কাহাকেও না জানান, অত্যন্ত সন্দেহের কারণ, অবশ্যই স্বীকার করিতে হইবে। মৃতব্যক্তিদিগের আত্মীয়বর্গ আসিয়া হ ব জাতির প্রথা অনুসারে মৃতব্যক্তির শেষ কার্য সমাধা করিতে দিবার কোন চেষ্টা হইল না কেন? হুর্দশনার পরদিন প্রাতঃকাল পর্যন্ত মৃতদের মাথা হইলে নিকটস্থ সকল গ্রামের আরোহী-দিগের আত্মীয়বর্গ আসিয়া হ ব আত্মীয়ের গতি করিতে পারিত, সে সজ্ঞা হইতেও মৃতব্যক্তিগণের আত্মীয়বর্গকে বঞ্চিত করা হইল কেন? যে করেকথানি গাভী ডাঙ্গিয়া যায়, রাজিমধ্যে তৎসমুদায় অগ্নি দিয়া ভস্মীভূত করিবারই না তাৎপর্য কি-? গোপন করিবার লজ এতদূর ব্যগ্র হইবার কি প্রয়োজন ছিল? যখন রাজিমধ্যেই চূপে চূপে সমস্ত মৃতদেহ স্থানান্তরিত করিয়া কুঞ্জার নীচে পড়াতে বা অপর স্থানে নিক্ষেপ করা হইয়াছে, তখন

প্রকাশিত রিপোর্টের লিখিত সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যক স্বতদেহ স্থানান্তরিত করা হইয়াছিল বলিয়া অন্যান্যসেই লোকের মনে সন্দেহ জন্মিতে পারে। প্রাতঃকাল পর্যন্ত রাখিয়া অথবা ঐ মাজির মধ্যেই বানাকপুরের ম্যাজিস্ট্রেটকে হুঁটনা স্থানে আনাইয়া তাঁহাকে সমস্ত হত আহত ব্যক্তি দেখাইয়া, তাঁহার অহুমতি এহুণের পর যদি স্বতদেহ পন্নাত্তে এবং আহত ব্যক্তিগণকে হাঁসপাতালে পাঠান হইত, তাহা হইলে রেলওয়ে কর্মচারীদের অন্ততঃ আইনসম্বন্ধে কণ্ঠ করাও হইত। কিন্তু তাঁহারা তাহাও করেন নাই। ইহার কারণ কি? সকলেই বলিতেছে যে তাড়াতাড়িতে কতকগুলি স্বতপ্রাণ ব্যক্তিকেও স্বতব্যক্তির সহিত এক গাড়ীতে নিক্ষেপ করিয়া পন্নার বিসর্জন দেওয়া হইয়াছে। এরূপ বখাৰ্ণ ঘটনাছে কি না, রেলওয়ে কর্মচারীর মধ্যে বাহারা ভয়গাড়ী খালাশ করিয়াছিলেন তাঁহারা নিশ্চয় বলিতে পারেন। অপর কেহই নিশ্চয় বলিতে পারেন না। কিন্তু সকলেরই মনে সন্দেহ জন্মিয়াছে। শ্রামনগরের নিকটস্থ গ্রামবাসীদের মুখেও ঐ কথা শুনা যায় এবং তাঁহারা বলেন, যে হত আহতের সংখ্যা তিন শতের মূন নহে। যে সকল ব্যক্তি হত বা আহত হইয়াছিল তাহাদের বড়ী, অলকার, টাকা ও অস্ত্র জব্বাদি কোথায় গেল, কে লইল তাহারও কিছুই অহুসদ্ধান হয় নাই। শুনা গেল অনেক আহত ব্যক্তি বলিয়াছিলেন যে, তিনি যখন অচেতন হইয়া পড়িয়াছিলেন, তখন রেলওয়ে কর্মচারীর হুইএকজন তাঁহার পকেটে হাত দেওয়াতে তিনি যেমন সচেতন হইয়া চাখিয়া দেখেন তৎক্ষণাৎ দহুয়ং কর্মচারীরা অস্ত্র দিকে যায়। এই সকল কর্মচারী লুঠ করিতে গিয়াছিল সাহায্য দিতে যায় নাই।

যাহাতে এই হুঁটনা-সংক্রান্ত সমস্ত ব্যাপারের পুখাঙ্গপুখা অহুসদ্ধান হয়, এবং তৎসম্পর্কীয় সমস্ত সত্য প্রকাশ পায়, তৎক্ষণ গবর্নমেন্ট একটা কমিশন নিযুক্ত করুন। ঐ জন সুযোগ্য দেশীয় এবং বিদেশীয় ব্যক্তি কিছু দিন এ বিষয়ে অহুসদ্ধান করিলেই সমস্ত ব্যক্ত হইবে। অনেক দূর পর্যন্ত এইরূপ বৃশংস ব্যবহারের জনরব হইয়াছে। যত দিন না গবর্নমেন্টের নিয়োজিত উপযুক্ত ব্যক্তিগণ দ্বারা বিশেষরূপ অহুসদ্ধান না হইবে, তত দিন রেলওয়ে কর্মচারীরা ভন্নানক দুঃখীয়তার অপবাদ হইতে মুক্তি অথবা কৃত অপরাধের বোগ্য দণ্ড পাইবে না, এবং শ্রেণীবাসীদের নানাপ্রকার সংশয়ও দুঃখীকৃত হইবে না। অতএব একটা কমিশন নিযুক্ত হওয়া সর্বতোভাবে উচিত।

ঘটনার সরকারী বিবরণ প্রচারিত হইবার কয়েক দিন পরেই 'এডুকেশন গেজেটে' উপরি-উদ্ধৃত বিবরণটি প্রকাশিত হয়। সরকারী অর্থে প্রতাপালিত পত্রিকায় এরূপ বিবরণ স্থান পাওয়ান সম্পাদক কর্তৃপক্ষের বিরাগভাজন হইয়াছিলেন। গবর্নমেন্ট ২ জুন ১৮৬৮ তারিখে সম্পাদককে জানাইয়াছিলেন:—

The article is calculated, from the false account which it gives of the occurrence, to mislead and to alarm the Native public, and the admission of such an article without first taking some steps to inquire into the truth of the statements it contained, seems to the Lieutenant Governor to be entirely opposed to the spirit of the conditions on which the Education Gazette is supported by Govt., the chief of

those conditions, it may be said being that the paper shall be a vehicle for furnishing the people with the means of forming a sound opinion on passing events by supplying them with accurate information.

উত্তরে প্যারীচরণ পরবর্তী ১৬ই জুন তারিখে গবর্নেন্টকে জানাইয়াছিলেন :—

8. When I indited the article in question, I did so under the conviction that the accounts which had appeared in the *Hindoo Patriot*, the *National Paper*, the *Indian Mirror*, the *Somprakash*, the *Prabhakar*, and the *Chandrika*, and upon which the article was based were in the main correct; and the enquiries which I had personally made from different reliable sources had tended to produce that conviction.

5. On reference to the conditions on which the Education Gazette is supported by Government, I find nothing, I beg to submit, which to my understanding, prevents me from giving expression to my impressions and convictions on passing events. And the one alluded to in your letter, as being the chief of those conditions, has not, I may be permitted to add, been infringed in the article under notice, inasmuch as it was not admitted without enquiries.

বলা বাহুল্য, প্যারীচরণের এই উত্তরে গবর্নেন্ট তাঁহাদের পূর্বমন্তব্য প্রত্যাহার করেন নাই। স্বাধীনচেতা প্যারীচরণ পরবর্তী ৩১এ জুলাই পদত্যাগ-পত্র পেশ করেন; ৮ই আগষ্ট গবর্নেন্ট কর্তৃক উহা গৃহীত হয়।

প্যারীচরণ সরকারের স্থলে ১৮৬৮ সনের ডিসেম্বর মাসে ছুদেব মুখোপাধ্যায় (তৎকালে স্কল-ইন্স্পেক্টর) 'এডুকেশন গেজেটের' সম্পাদক নিযুক্ত হন। তাঁহার সম্পাদকত্বে প্রকাশিত 'এডুকেশন গেজেটের' প্রথম সংখ্যার প্রকাশকাল—৪ ডিসেম্বর ১৮৬৮। গবর্নেন্ট ছুদেববাবুকে পত্রিকাখানির সর্বস্বত্ব দান করিয়াছিলেন। ছুদেবের কর্তৃত্বাধীনে পত্রিকাখানি যথেষ্ট উৎকর্ষ লাভ করিয়াছিল। কবি হেমচন্দ্রের 'ভারত-সঙ্গীত' ও অছাচ্ছ কবিতা ইহার পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছিল। 'এডুকেশন গেজেট' দীর্ঘকাল জীবিত ছিল।

সর্বতত্ত্ব প্রকাশিকা (মাসিক)। জুলাই ১৮৫৬।

এই মাসিক পত্রিকাখানি ১৮৫৬ সনের জুলাই মাসে প্রকাশিত হয়। পরবর্তী ৬ই আগষ্ট (২৩ শ্রাবণ ১২৬৩) তারিখে 'সংবাদ প্রভাকর' লেখেন :—

'সর্বতত্ত্ব প্রকাশিকা' অর্থাৎ প্রাণি বিজ্ঞা, স্তত্ব বিজ্ঞা, ভূগোল বিজ্ঞা ও শিল্প সাহিত্যাদি ভৌতিক মাসিক পত্রিকা। ইত্যতির একখানি নূতন পত্রিকা আয়ত্তা প্রাপ্ত হইয়া তাহার আভ্যুপাঙ্গ পাঠ করিয়া পরম সন্তুষ্ট হইয়াছি, ...নুসানু সরল বদ তাহার অতি পরিষ্কাররূপে অভিব্যক্তি সকল ব্যক্ত হওয়াতে এই পত্রিকা সর্ব সাধারণের পাঠোপযোগী হইয়াছে, বিশেষতঃ 'স্বতর্ক-বন্দন' নামক প্রথম প্রভাব সর্বাঙ্গান্ত হইয়াছে।

পত্রিকাখানি 'সত্য'-সম্পাদক কাগাঁপ্রসন্ন সিংহই যে 'সর্বতত্ত্ব প্রকাশিকা' প্রকাশ করিয়াছিলেন, বঙ্গসাময়িক সাহিত্যে তাঁহাদের উল্লেখ আছে :—

সমাচার।...বিভোৎসাহিনী সভা সম্পাদক সর্ব্ব তৎ প্রকাশিকা নামক এক মাসিক পত্রিকা প্রকাশ করিয়াছেন। (‘বদবিভা প্রকাশিকা পত্রিকা’, ১ম খণ্ড, ৮ সংখ্যা, ১২৬৩)।

সর্ব্বতত্ত্ব প্রকাশিকা। এই নামে এক মাসিক পত্রিকা প্রকাশ হইয়াছে, বিভোৎসাহিনী সভাধ্যক্ষ ত্রীযুত বাবু কালীপ্রসন্ন সিংহ মহাশয়ের আত্মকৃত্যে মাসে২ প্রকাশ হয়। (‘সম্বাদ ভাস্কর’, ২৩ আগষ্ট ১৮৫৬)।

অরুণোদয় (পাক্ষিক)। আগষ্ট ১৮৫৬।

১৮৫৬ সনের আগষ্ট মাসে ‘অরুণোদয়’ নামে একখানি সচিত্র পাক্ষিক পত্র রেঃ লালবিহারী দেব সম্পাদনায় প্রকাশিত হয়। ১৮৫৬, ৫ই আগষ্ট (২২ শ্রাবণ ১২৬৩) শুশু-কবি ‘সংবাদ প্রভাকরে’ লিখিয়াছিলেন :—

সম্বাদানু ত্রীযুক্ত দেবরেও লালবিহারী দেব প্রণীত অরুণোদয় নামক পত্রের প্রথম সংখ্যা পূর্ব্বগত দিবসে প্রাপ্ত হইয়াছি, এই পত্র পক্ষান্তে সম্বাদ ভাস্কর পত্রাপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্রাকারে প্রকাশ হইবেক, ...ঐ পত্রের মঙ্গলাচরণ নিম্নভাগে গ্রহণ করিলাম, ...।

“মঙ্গলাচরণ।—সকলেই স্বীকার করিয়া থাকেন যে পূর্ব্বাপেক্ষা এইক্ষণে বঙ্গদেশে বহুবিধ বিজ্ঞান অল্পশীলন বিশেষতঃ গৌড়ীয় ভাষার বিলক্ষণ ত্রীযুচ্ছ হইতেছে, যে জ্ঞান পূর্ব্ব কেবল ব্রাহ্মণ পণ্ডিতগণের মধ্যে অবস্থিতি করিত সেই জ্ঞান অথবা সর্ব্বসাধারণ ভ্রমগণ মধ্যে বিস্তারিত হইতেছে। পূর্ব্ব গৌড়ীয় ভাষাতে প্রায় একখানিও পুস্তক ছিল না, এক্ষণে ঐ ভাষার সহস্র২ পুস্তক প্রণীত হইতেছে। পূর্ব্ব সমাচার পত্রিকার নাম গন্ধ ও ছিল না, অথবা অনেকানেক মাসিক পাক্ষিক, সাপ্তাহিক এবং প্রাত্যহিক পত্রিকা প্রকট হইতেছে, বস্তুতঃ সর্ব্বসাধারণের বিজ্ঞানোচনার প্রতি অমুরাগের বৃদ্ধি হইলেই ছুরি ছুরি পুস্তক ও সম্বাদ পত্রিকা প্রকাশ হওয়া সম্ভবনীর বটে। কিন্তু যদি এইক্ষণে গৌড়ীয় ভাষাতে বহুবিধ বৈষয়িক সমাচার বচীত পত্রিকা প্রকাশিত হইয়া থাকে, তাহাচ পরমার্থ বচীত অর্থাৎ সত্যার্থ বিষয়ক জ্ঞান প্রদানকর পত্রিকা দুর্লভ, কলতঃ মানাবিধ বৈষয়িক ও সাংসারিক জ্ঞানোদয়শীলন প্রচুররূপে থাকিলেও সত্য বর্ন জ্ঞানের আলোচনা না থাকিলে কোন দেশের প্রকৃত উন্নতির সম্ভাবনা নাই, অতএব এতৎ মূতন পত্রিকা কেবল সাংসারিক ও বৈষয়িক সংবাদ এবং বিজ্ঞান বার্ভাদিতে পূরিত না হইয়া সত্য বর্ন অর্থাৎ ত্রীভিন্নান বর্ন-স্বচক উপদেশে ও মানাবিধ পরমার্থ বচীত প্রবন্ধে অলঙ্ঘিত হইবে।

অপর আধুনিক পুস্তক ও সম্বাদ পত্র সকলেতে অনেকানেক কঠিন ও কঠোর শব্দের প্রয়োগ বেধা যায়, এবং ঐরূপ হ্রস্ব বা ক্য প্রণালী জ্ঞানবান্দ ব্যক্তিদেব পক্ষে বিনোদজনক হইলেও আমরা কেবল সুকোরল ও সুগম ভাষাকে অবলম্বন করিয়া ইষ্টসাধন করিব, যেহেতুক আমাদের এই ক্ষুদ্র পত্রিকা কি পণ্ডিত কি অপণ্ডিত সকলেরি উপকারার্থে প্রকাশিত হইতেছে।

ঈশ্বরীধরের প্রসাধেতে এই পত্রিকা পক্ষান্তে একবার অর্থাৎ প্রতি মাসে দুইবার প্রকাশ

পাইবে এবং ইহার প্রত্যেক সংখ্যার মূল্য এক আনা অথবা অগ্রে প্রেধান করিলে বার্ষিক মূল্য ১ টাকা নির্ধারিত হইল।...

এই পত্রিকার শিরোনামে নিম্নলিখিত শ্লোকটি মুদ্রিত হইত :—

অপরং অনঙ্গসমীপে দৃঢ়তরং ভবিষ্যদ্যাক্যং বিজতে যুদ্ধক যদি দিনারন্তং সুমমমঃসু
প্রতাতীর নক্ষত্রতোদয়কং বাবং তিমিরময়ে স্থানে ছলন্তং । প্রদীপমিব তদ্যাক্যং সমস্তক্ষে তর্হি
ভদ্রং করিস্তথ । পিতরন্ত দ্বিতীরং সর্কসাধারণ পত্রং । ১ । ১১ ।

‘অরুণোদয়’ ১৮৬২ সন পর্যন্ত চলিয়াছিল বলিয়া মার্চক ঠাঁহার পুস্তক-তালিকায় (পৃ. ২৪, ৩০) উল্লেখ করিয়াছেন।

অদ্বয়তত্ত্বপ্রদর্শিকা পত্রিকা (মাসিক)। অক্টোবর ১৮৫৬।

১৮৫৬ সনের অক্টোবর মাসে “শ্রীশ্রীভাগবতী সভার অদ্বয়তত্ত্বপ্রদর্শিকা পত্রিকা” প্রকাশিত হয়। এই মাসিক পত্রিকার প্রথম সংখ্যার প্রকাশকাল—কার্তিক, ১২৬৩। প্রথম সংখ্যার পত্রিকা-প্রকাশের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ লিখিত হইয়াছে :—

সনাতনধর্মের অভাব সভাবনা ভাবনার এতদেশীয় কতিপয় ইষ্টনিষ্ঠ ধর্মিষ্ঠ ভগবদ্ভক্তি পরারণ জনগণ উৎসাহে ১৭৭৭ শকাব্দীর কার্তিক মাসের দ্বিতীয় দিবসে রবিবাসরে পরমতত্ত্বদর্শিকা ‘শ্রীশ্রীভাগবতী সভা’ উদ্ভিতা হয়।

সভার নিয়মঃ প্রথমতঃ দেবান্ডাহুগতশাস্ত্র পাঠ, তৎপরে বক্তৃতা ও তদন্তে হরিসংকীর্তন এই নিয়মে প্রতি রবিবাসরে বেলা ইংরাজী চতুর্থ ঘটিকা সময়ে আরম্ভ হইয়া প্রদোষ সময়ে সভা বিদায় হয়। মহামহোপাধ্যায় মাভতম শ্রীমুক্ত রঘুনাথ দেবান্ডাহুগত ভট্টাচার্য সভাচার্যমহাশয়ের অহুমতত্বস্বারে এই ‘অদ্বয়তত্ত্ব প্রদর্শিকা’ নামী পত্রিকা প্রকাশ করিতে উদ্ভত হইয়াছি। কিন্তু এতৎ হ্রস্ব ব্যাপার সম্পদে যদিও প্রাকৃত ভাবার দুলালিত্য ও দুশ্রাব্যতার অভাব সভাবনা, তথাপি সংশয়াপন্ন জীবের তঞ্জিরূপ মহারত্ন লাভ যে ভগবদ্ভক্তি ইহাতে বর্ধনানুমানি জীহরিপরাণ ব্যক্তিবর্গের কদাচ অনাদরণীয় নহে। এতৎ পত্রিকার মুখ্য প্রয়োজন ‘সব্বদত্ত্ব’ ব্রহ্মপশ্চিমমহাশয়ভানতত্ত্ব শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্দ. অর্থাৎ শ্রীকৃষ্ণই স্বীয় পরিষ্কর সহিত দিত্য সীলা বিশিষ্ট সন্নাকৃতি পূর্ভক্ত। ‘অভিধেয়তত্ত্ব’ তদ্রাগাহুগা ভক্তি। ‘প্রয়োজনতত্ত্ব’ ব্রহ্মবাসি জনাহুগত শ্রীত্যাগত শ্রীতি। ইহা ক্রতিশ্বত্যাগুগত মুক্তি দ্বারা লিখিত হইবে। অথচ আত্মসদিক ও প্রাসদিক বেৎ হলে বেৎ বিবরণ উখিত হইবে তাহাও সুবিদ্যার রূপে লিখিত হইবে। এই পত্রিকার তত্ত্বসম্বন্ধীয় লিপি ভিন্ন অত্র কোন বিবরণ লিখিত হইবে না। যদি কেহ তত্ত্ব বিবরণে কোন প্রের করিয়া ভদ্রভক্তাকাজার পত্র প্রেরণ করেন তাহা অত্রপত্র উদ্ভিত করিয়া সাধ্যাহুগারে প্রত্যাগত লিখিতে বিরূপ হইব না। এই পত্রিকা প্রতিমাসে প্রথম দিবসে দ্বাত্রিংশৎ পৃষ্ঠার পূর্ণিত হইয়া প্রকাশিত হইবেক।... প্রাবকগণ সমীপে মাসিক পত্রিকার মূল্য ১০ চারি আনা পরিমুদিত হইবেক।

শ্রীধরকামাধ হোড়, ও শ্রীমধুসূদন সরকার সম্পাদক। কলিকাতা। জানবাজার
গোয়ালটুলি কার্টিক, সন ১২৬৩।

‘অম্বয়তত্ত্বপ্রদর্শিকা পত্রিকা’র কর্তৃত্বে এই অংশটি মুদ্রিত হইত :—

একমেবাদ্বিতীয়ং স্বয়ম্ভবস্তং প্রপচে

—০—

যত্র ব্রহ্মেতিসংজ্ঞাং কচিদপি নিগমে যতি চি-

ম্বাজসস্তাপ্যংশো যত্রাৎশকৈঃ বৈবিক্তবতি

বশরমেব মায়্যং পুমাংস্ত। একং যন্তেব রূপং

বিলসতি পরমব্যোমি নামায়ণাধ্যং সশ্রীক্কে

বিধস্তাং স্বয়মিহ ভগবান্ প্রেমতত্ত্বজিত্তাভাং।

পঞ্চম সংখ্যা (১৫ পৌষ ১২৬৪) হইতে এই পত্রিকার সম্পাদক হন রঘুনাথ বেদান্তবাগীশ
ভট্টাচার্য। পত্রিকাখানি নিয়মিত ভাবে প্রকাশিত হইত না।

মজিলপুর পত্রিকা (মাসিক)। ডিসেম্বর ১৮৫৬।

২৫ ডিসেম্বর ১৮৫৬ তারিখে ‘সম্বাদ ভাস্কর’ এই মাসিক পত্রিকা সম্বন্ধে যে মন্তব্য করেন,
তাহা উদ্ধৃত করিতেছি :—

মজিলপুর পত্রিকা। কলিকাতার দক্ষিণ মজিলপুর গ্রামে “মজিলপুর পত্রিকা” নামে
এক পত্রিকা প্রকাশ পাইয়াছে, মজিলপুর নিবাসি শ্রীযুক্ত বাবু মহেশ্বরনারায়ণ দত্ত ও শ্রীযুক্ত
কৃষ্ণকিশোর দত্তের আত্মকৃত্যে মজিলপুর পত্রিকার জন্মগ্রহণ হইয়াছে, বিজ্ঞা বিষয়ে দত্ত
বাবুদিগের উৎসাহ না থাকিলে তাঁহারা ব্যয় সাহায্য করিতেন না, মজিলপুর পত্রিকা
সমাচার পত্রিকা নহে, সম্পাদক মহাশয় প্রতিজ্ঞা করিয়াছেন সংস্কৃতাদি ভাষা ভাষার গ্রন্থ
হইতে অনুবাদ করিয়া শাস্ত্রবিজ্ঞা, উদ্ভিদবিজ্ঞা, রসায়নবিজ্ঞা, পদার্থবিজ্ঞা, জ্যোতিষ, পুরাতত্ত্ব,
ভূগোলতত্ত্ব, ভূতত্ত্ববিজ্ঞা, সাহিত্য, ভায়দর্শন, রাজনিয়ম ইত্যাদি দ্বারা পত্রিকা পরিপূরণ
করিবেন, আমরা প্রার্থনা করি মজিলপুর পত্রিকার দীর্ঘ জীবন হউক এবং সাধারণ লোকেরা
সম্পাদক বাবুকে সন্তুষ্ট করুন।

শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিতে’ (পৃ. ৫১-২) ‘মজিলপুর পত্রিকা’ প্রকাশের সংবাদ
আছে।

উত্তরপাড়া পাক্ষিক পত্রিকা। ডিসেম্বর ১৮৫৬।

১৮৫৬ সনের ডিসেম্বর মাসের প্রথমার্ধে ‘উত্তরপাড়া পাক্ষিক পত্রিকা’ প্রকাশিত হয়।
ইহার ৫ম সংখ্যার তারিখ—২২ মাঘ ১২৬৩; স্মৃত্তরায় প্রথম সংখ্যার প্রকাশকাল ১ পৌষ
হওয়া সম্ভব ;

এই পাক্ষিক পত্রিকা প্রতিমাসে বারম্বর মুদ্রিত হইয়া উত্তরপাড়া নগরে প্রকাশ হয়।
এহেগেছক মহাশয়ের উক্ত নগর নিবাসি সম্পাদক ত্রীবিষ্ণুভক মুখোপাধ্যায়ের নিকট অথবা
বালী পোষ্ট আফিসে সংবাদ করিলে পত্রিকা প্রাপ্ত হইবে। (১৫শ সংখ্যা)

পত্রিকার কঠে নিয়োক্ত শ্লোকটি শোভা পাইত :—

সংগন্ধকপাতেরং পাক্ষিকী নাম পত্রিকা।

স্বাক্ষতে স্বাক্ষরংসীব মানসাত্তোজলাসিনী।

ইহাতে সাধারণতঃ কবিতা, প্রবন্ধ, প্রেরিত পত্র ও বিবিধ সংবাদেয় সার থাকিত ; মাঝে
মাঝে কোন কোন ইংরেজী রচনা মুদ্রিত, অথবা খ্যাভনারা লেখকদের রচনার অংশ-বিশেষ
পুনর্মুদ্রিত হইত। সম্পাদকের লিখিত ইংরেজী প্রবন্ধ “Topography of Ooterparah”
১০ম সংখ্যা (১৫ বৈশাখ ১২৬৪) হইতে ধারাবাহিক ভাবে প্রকাশিত হইয়া ১৬ সংখ্যায়
শেষ হইয়াছে। ইহার মাসিক মূল্য ছিল ৬/০ মাত্র।

হিন্দুরত্নকমলাকর (সাপ্তাহিক)। ২৪ ফেব্রুয়ারি ১৮৫৭।

‘সম্বাদ রসরাজ’ পত্রের প্রকাশ রহিত করিয়া ‘সম্বাদ ভাস্কর’-সম্পাদক গৌরীশঙ্কর
ভর্কবাগীশ ‘হিন্দুরত্ন-কমলাকর’ নামে একখানি সাপ্তাহিক পত্র ভাস্কর-যন্ত্র হইতে প্রকাশ
করেন। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—২৪ ফেব্রুয়ারি ১৮৫৭ (১৪ ফাল্গুন ১২৬৩)।
ধর্মদাস মুখোপাধ্যায়ের নামে প্রকাশিত হইলেও গৌরীশঙ্করই ‘হিন্দুরত্নকমলাকর’ের প্রকৃত
পরিচালক ছিলেন। ইহার আবির্ভাবে ‘সমাচার চন্দ্রিকা’ (৯ মার্চ ১৮৫৭) এইরূপ মস্তব্য
করেন :—

হিন্দুরত্ন কমলাকর।—পাঠক মহাশয়েরা জ্ঞাত আছেন যে ‘রসরাজ’ পত্রে কেবল
বেশীর স্বামহিম্বিনদের মাসি প্রকাশ হইবাতে ঐ পত্র সম্পাদক গৌরীশঙ্কর ভট্টাচার্য্য জগদ্বেরী
হইয়া উঠিয়াছিলেন, তাহাতে ইষ্টাইটে২ লক্ষী হিন্দুমহাশয়েরা তাহাকে উৎসন্নপ্রোৎসন্ন দিতে
প্রতিজ্ঞা করিয়াছিলেন, কিন্তু জ্ঞানক বধ করিতে কোন হিন্দু অগ্রসর হইবেন ? এই নিমিত্ত
স্বাম্যাক কমলাকর বাহাদুর ভট্টাচার্য্যকে ডাকিয়া ‘রসরাজ’ বিদায় দিতে বলিলেন, রসরাজ
সম্পাদকের কপালে শেষ দশার কারাবাস নাই সুতরাং মানে মানে তিনিও স্বীকার করিলেন,
১৪ ফাল্গুন দিনে ‘রসরাজ’ পরিবর্তে ‘হিন্দুরত্ন কমলাকর’ নামক পত্র প্রকাশ করিয়াছেন,
শঙ্কর ভট্টাচার্য্য এইকণে হিন্দু হইলেন, না হইয়াই বা কি করেন...। গৌরীশঙ্কর ভট্টাচার্য্য
প্রায়শ্চিত্ত স্বরূপ বাহা লিখিয়াছেন আমরা নিজে তাহা গ্রহণ করিলাম।

“সর্বসাধারণ হিন্দুগণ প্রতি আবেদন।—বর্ধগন্নায়ন হিন্দু মহাশয়গণ এই বিজ্ঞাপনে দৃষ্ট
রোগণ করুন, উপস্থিত কাল কালরূপে উপস্থিত হইয়াছে, এই বিশাল কাল ধর্ম এনে কাল
বেদ-ধারণ করিয়াছে, কালক্রমে হিন্দু ঋত্বির কর্ণবেটহ শিষ্য-কল্পন হইতেছে, কাল বলে
বিদ্বান্ধীর কর্ণপাল দুগালগন হিন্দু মাজ্যে মাজ্যেধর হইয়াছেন, ঐহারা হিন্দু ধর্মের অক্ষয়
নহেন, প্রতিকূল হইয়া হিন্দু কুলকে ব্যাকুল করিতেছেন, হিন্দু ধর্মের বিনাশার্থ কাঙ্ক্ষিত

ব্যস্তরূপ করেন, ইহাতে হিন্দু ধর্ম দুর্বলভাবে পলায়নপর হইয়াছেন, শাস্ত্র বচাব হিন্দুগণ রাজ্যজ্ঞা পরিবেশন করিতে পারেন না, হিন্দু ধর্মের দুর্বলতার কেবল মনোব্যথার কাল বিলম্ব করিতেছেন, এমত যোরতর ভরানক সময়ে একখানি সমাচার পত্র দেখিতে পাই না হিন্দু ধর্ম পক্ষে একট কথ্য কথিয়া উপকার করে, এই সকল দেখিয়া শুনিয়া মাতবর হিন্দু মহাশয়দিগের উপদেশ ক্রমে আমরা 'হিন্দু রত্ন কমলাকর' প্রকাশ করিলাম, এই পত্র হিন্দু ধর্ম পক্ষের পক্ষ রক্ষার অল্প স্বরূপ হইল, সর্ব সাধারণ ধর্ম পরায়ণ হিন্দু মহাশয়গণ এই অল্পকে ব্রহ্মাঙ্গ জ্ঞানে রক্ষা করুন, ইহার মূল্য অধিক নয়, মাসে অর্ধ মুদ্রা মাত্র, সর্ব সাধারণ হিন্দু মহাশয়েরা সাহসকূল হইয়া ক্রমোন্নতি দেখাইলে এক বৎসর মধ্যেই আমরা সপ্তাহে বারম্বর প্রকাশ করিব, আপাততঃ প্রতি মঙ্গলবারে এই আকারে প্রচার করিয়া হিন্দু মহাশয়গণের স্বকাজী ধর্ম বিষয়ে ভক্তি প্রদান পরীক্ষা করিব ইতি । হিন্দু রত্নকমলাকর সম্পাদকানাং ।”

‘হিন্দুরত্নকমলাকর’ পত্রের কর্তৃদেয়ে নিম্নোক্ত প্লোকটি মুদ্রিত হইত :—

ধর্মরত্নমহুঃশালিভিঃ সৌরভে চ বিততে ধৃতাদয়ৈঃ ।
হিন্দুরত্নকমলাকরঃ পরং সঙ্কটৈঃ সততমেধ সেব্যতাম্ ॥

বিজ্ঞানমিহিরোদয় (মাসিক...) । ১৩ এপ্রিল ১৮৫৭ ।

১৮৫৭ সনের ১৩ই এপ্রিল (২ বৈশাখ ১২৬৪) ‘বিজ্ঞানমিহিরোদয়’ নামে একখানি মাসিক পত্র “শ্রীরামপুর ‘তমোহর’ যন্ত্রে শ্রীমুত জে এচ পিটস’ সাহেবকর্তৃক মুদ্রিত হইয়া উক্ত নগর নিবাসি শ্রীমুত কালীপদ চট্টোপাধ্যায়-দ্বারা” প্রকাশিত হয় । ইহার সম্পাদক— ‘কলিকৌতুক নাটক’-রচয়িতা শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধি । ‘বিজ্ঞানমিহিরোদয়ে’র প্রতি সংখ্যা আট পৃষ্ঠা-পরিমিত ছিল; প্রত্যেক সংখ্যার শেষে এই অংশটি মুদ্রিত হইত :—

যে মহাশয়েরা এই পত্র গ্রহণাভিলাষী হইবেন তাঁহারা সহর শ্রীরামপুরে শ্রীমুত বাবু হরিশঙ্কর দে চতুর্ধরীণ মহোদয়ের নিকট পত্র প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন । ইহার মাসিক মূল্য (৷) দুই আনা ও বাবিক অগ্রিম মূল্য (১\্) এক টাকা মাত্র । শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধি । সম্পাদক ।

‘বিজ্ঞানমিহিরোদয়ে’র কর্ত্ত এই প্লোকটি শোভা পাইত :—

পুস্তকপ্রেরণ প্রতিফলং বসু হরিশঙ্করং নির্ভৈরশ্রিভির্ভিন্দু সাজতমাংসি দুহৃতবিদ্যামর্থান্ সমুদীপয়ন্ ।
শ্রীনারায়ণপুর্বেনৈশিখরাসুতন্ কক্যাংস্তোত্রয়ন্ সবিজ্ঞানবিলোচনোহি মিহিরঃ শ্রীনারায়ণঃক্রমতি ॥

‘বিজ্ঞানমিহিরোদয়ে’ বিরূপ রচনা স্থান পাইত, তাহার আভাল দিবার জন্ত ইহার কিত্তির সংখ্যার (২ জ্যৈষ্ঠ ১২৬৪) প্রবন্ধগুলির নাম দিতেছি :—

- ১। বিজ্ঞানমিহিরোদয়, ২। মনস্তত্ত্ববিদ্যা, ৩। মহাবীর অর্ধলেক্ষ্যাক্ষর বাহসাহেবর জীবন চরিত্র, ৪। অধ্যাত্ত্ববিদ্যা, ৫। হরিশঙ্কর মহোদয়, ৬। মৈত্রব চরিত্র কাব্য, ৭। ঐষ্টধর্মসুন্দর, ৮। মাসিক সন্দেহাবলি ।

‘বিজ্ঞানমিহিরোদয়’ প্রথমে মাসিকপত্র-রূপে প্রতি মাসের ২রা তারিখে প্রকাশিত হইত। দ্বিতীয় বর্ষের ১ম সংখ্যা (১ বৈশাখ ১২৬৫) হইতে ইহা পাক্ষিক আকার ধারণ করে। এই সংখ্যার মুদ্রিত সম্পাদকীয় বিজ্ঞাপনে প্রকাশ :—

...আমরা বেরূপ সময় ও শারীরিক মানসিক স্বাস্থ্য বিসর্জন দিয়া দেশোপকারি ব্রত অবলম্বন করিয়াছি, আমাদেরই গ্রাহক মহোদয়গণও সেইরূপ দেশহিতৈষিতা-গুণ-ভাজন হইয়া যৎকিঞ্চিৎ অর্থ বিতরণ আহুকুল্যে তদুদ্দেশ্যে উৎসাহপ্ৰদান হইয়াছেন। কিন্তু আমাদের যে সকল বিষয়ে লেখনী পরিচালনের অভিপ্রায় আছে, তাহা সমুদায় এই ক্ষুদ্রকার পত্রে সন্নিবিষ্ট হওয়ার সাধ্য হয় না, এক্ষণে আমরা অসামান্য গুণসম্পন্ন গণ্য মাত্র গ্রাহকগণের করুণা-বিতরণে কার্পণ্য প্রকটন সম্ভাবনা না করিয়া প্রতি মাসে বারম্বার মিহিরোদয়ের প্রকাশে প্রযত্ন ধারণ করিয়াছি বোধ করি ইহাতে তাঁহাদের মাসিক দাতব্য পণ্যের যে বৈগুণ্য হইবে তদ্ব্যতীত তাঁহারা কেহই কাতর হইবেন না। এবং তাহাতে অন্যদিকে স্বাভিলাষ অসিদ্ধ ব্রত অসুৎসাহ বাণে এতাদৃক বিদ্ধ হইতে হইবে না। সময়ে২ প্রতিজ্ঞাত বিষয় সকল ও বিশেষতঃ সংস্কৃত গ্রন্থোক্ত শাস্ত্রীয় বিবরণ সকল বদ্ধভাবে অস্থাবিত হইয়া দেশেব উপকারার্থ এতৎপক্ষে প্রকটিত হইবে।

সর্বার্থ প্রকাশিকা (মাসিক)। এপ্রিল ১৮৫৭।

১৮৫৭ সনের এপ্রিল (বৈশাখ ১৭৭২ শক) মাসে ‘সর্বার্থ প্রকাশিকা’ নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ইহার পরিচালক—কানাইলাল পাইন।

লোক লোচন চন্দ্রিকা (মাসিক)। জুন ১৮৫৭।

১২৬৪ সালের আষাঢ় (১৮৫৭, জুন) মাস হইতে ‘লোক লোচন চন্দ্রিকা’ নামে একখানি মাসিক পত্র আহিরীটোলা-নিবাসী ভোলানাথ মুখোপাধ্যায়ের সম্পাদকত্বে প্রকাশিত হয়। ‘বিজ্ঞানমিহিরোদয়ে’ (ভাদ্র ১২৬৪) প্রকাশ :—

অথবা মহানগরী কলিকাতাতে সময়ে২ নবং পত্রিকাদি প্রকটিত হইয়া যেনের বিভোরতি-পক্ষে মহোপকার বিস্তার করিতেছে, আমাদেরই তরুণ মিহিরোদয়ের সহজাত নবীন “সর্বার্থ প্রকাশিকা” পাঠে আমরা, যে প্রকার আনন্দ-লাভ করিয়াছিলাম, বিগত আষাঢ় মাসে প্রকাশিত নবীন “লোক-লোচন-চন্দ্রিকা” নামক মাসিক পত্রিকা দর্শনে সেইপ্রকারে মনঃ মনঃ বিনোদে প্রকুর হইল, তাহাতে যে সমস্ত হিতকর বিষয় প্রকটিত হইয়াছে তদ্ব্যতীত অকোমল সুধাপ্রায় সাধু ভাবার অতি সুন্দররূপে বিস্তৃত হওয়ার সম্পাদক মহাশয় জননী ভাবার সুপুল শ্রেয় হইলেন, ...এই পত্রিকা কলিকাতার আহিরীটোলা নিবাসি প্রস্তুত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের প্রকাশ হইয়া থাকে। ইহার মাসিক মূল্য (/০)।

সংবাদপত্র-শাসন

সিপাহী-বিদ্রোহের সময় লর্ড ক্যানিং এক বৎসরের জন্ত (১৩ জুন ১৮৫৭—১৩ জুন ১৮৫৮) সংবাদপত্রের কঠরোধ করেন। “রাজাছমতি বিরহে কোন মুদ্রাযন্ত্র সংস্থাপন করিলে অথবা রাজাভিষক্ত বিরুদ্ধে সংবাদপত্রে বা পুস্তক বিশেষে অভিপ্রায় বিকাশ করিলে ৫০০০ টাকা দণ্ড ও দুই বৎসরের অনধিক কারাবাস করিতে হইবেক।” ইহা “১৮৫৭ সালের ১৫ আইন নামে খ্যাত।” এই আইনের ফলে অন্ততঃ দুইখানি সংবাদপত্র— কান্দীপ্রসাদ ঘোষ-সম্পাদিত ইংরেজী সাপ্তাহিক ‘হিন্দু ইন্টেলিজেন্সার’ ও রংপুরের ‘রঙ্গপুর বার্তাবহ’ প্রচার রহিত করিতে বাধ্য হইয়াছিল। ১৫ জুন ১৮৫৮ তারিখে ‘সংবাদ প্রভাকর’ স্বস্তির নিশ্বাস ফেলিয়া মন্তব্য করেন :—

আমারদিগের বর্তমান গবর্ণর জেনরল বাহাদুর বিগত ইংরাজি ১৮৫৭ ঐষ্টাব্দের ১৩ জুন দিবসাবধি ১৮৫৮ ঐষ্টাব্দের ১৩ জুন অরিধ পর্যন্ত ভারতবর্ষীর হাণ্ডায়ত্রের স্বাধীনতা বহু করেন, আমরা সেই অবধি যে প্রকার সাবধান এবং বিধিত বিবেচনাসংকাবে মানেং সম্পাদকীয় কার্য নির্বাহ করিয়া আসিতেছি, তাহা শুণগ্রাহক পাঠক মহাশয়েরা বিশেষরূপে অবগত আছেন, এক্ষণে হাণ্ডায়ত্রের স্বাধীনতা পুনঃপ্রাপ্ত হওয়া গেল।

পঞ্চম পরিচ্ছেদ (১৮৫৮—১৮৬৮)

সুবোধিনী (পাক্ষিক) । ১৩ জাঙ্ঘয়ারি ১৮৫৮ ।

এই পাক্ষিক পত্রিকাখানি ১৮৫৮ সনের ১৩ই জাঙ্ঘয়ারি (১ মাঘ ১২৬৪) রামচন্দ্র দিচ্ছিতের সম্পাদনার চুঁচুড়া হইতে প্রকাশিত হয় । ইহার সমালোচনা-প্রসঙ্গে 'এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহ' পরবর্তী ২২এ জাঙ্ঘয়ারি লিখিয়াছিলেন :—

চুঁচুড়া নগরে প্রকাশিত সুবোধিনী নামী এক পাক্ষিকী পত্রিকার প্রথম সংখ্যা আমরা প্রাপ্ত হইলাম, বর্তমান মাঘ মাসের প্রথম দিবসে ইহার জন্ম হইয়াছে । সম্পাদকের নাম শ্রীরামচন্দ্র দিচ্ছিত । পত্রিকার মাসিক মূল্য ১০ আনা । প্রথম সংখ্যায় নিম্নলিখিত বিষয়সম্বন্ধ প্রকটত হইয়াছে :—ঈশ্বর ভোজ, পত্রিকা প্রকাশের অভিপ্রায়, সত্যমায়তনং, নীতিসার, শাস্তিভঙ্গক, গোলেশ্বার অম্ববাদ, ভারতবর্ষীয় হুজীর, মানসের প্রতি হিতোপদেশ ।

আমরা প্রার্থনা করি এতদ্ব্যতিরিক্ত পত্র নিকর বাদলা দেশের নানা স্থানে পল্লবনবং প্রকাশিত হউক । পরন্তু সুবোধিনীর উচিত, জন্মস্থি চুঁচুড়া এবং তদন্তঃপাতি প্রদেশের সমাচার উপহার প্রদান পূর্বক পাঠকগণকে পরিভূক্ত করেন, ইহাতে বিশেষ উপকার এই যে সংবাদ লিখনের অভ্যাস সুন্দররূপ হইলে তাঁহার ভাষার লালিত্য বৃদ্ধি সহ সাধারণের কথকিং উপকার সাধন হইবেক ।

'সুবোধিনী' পত্রিকা সম্বন্ধে অক্ষয়চন্দ্র সরকার "পিতা-পুত্র" গ্রন্থে যেটুকু সংবাদ দিয়াছেন, তাহা নিয়ে উদ্ধৃত করা গেল :—

সুবোধিনীনামে একখানি সাপ্তাহিক সংবাদ পত্র কলেজের অতি নিকটে চৌমাথা হইতে প্রকাশিত হয় । সম্পাদক রামচন্দ্র দিচ্ছিত—বাদালায় হিন্দুস্থানী ব্রাহ্মণ । ওবারশিয়র পরীক্ষা পাস করা । সংস্কৃত, বাদালা বেশ জানিতেন । সরল, প্রাজ্ঞ, বিশ্বস্ত সাপ্তাহিক, সুবোধিনী ছাপা হইত । কুল্‌ফ্যাপ আকারের কাগজ ; ছই শুভে । ধাঁহার সাধারণী দেখিয়াছেন, তাঁহার এতন সহজেই বুদ্ধিতে পারিবেন, সে সুবোধিনী আকারে একারে সাধারণীর আদর্শ । ('বদভাষার লেখক', পৃ. ৫১৮-১৯)

রচনা-রত্নাবলি (মাসিক) । জাঙ্ঘয়ারি ১৮৫৮ ।

১৮৫৮ সনের জাঙ্ঘয়ারি মাসে (মাঘ ১২৬৪) 'রচনা-রত্নাবলি' নামে একখানি মাসিক পত্রিকা বিনামূল্যে প্রচারিত হয় । প্রথম সংখ্যায় প্রকাশ :—

বর্তমানে বঙ্গভাষার নামাধিৰ জ্ঞানগর্ভ পুস্তক, পত্রিকা ও সমাচার পত্রাদি প্রকাশিত হওয়াতে, এতদেশের অজানাঙ্ককার দূরীকৃত হইতেছে বটে, কিন্তু অপর সাধারণ লোকের উপকারার্থ বিনামূল্যে কোন মাসিক পুস্তক প্রকাশিত হয় না । অতএব, আমরা করেক

বহু একত্র হইয়া বিদ্যা মূল্যে এই মাসিক পুস্তক প্রকাশ করিলাম। ইহাতে নানা বিষয়িণী গণ পত্নময়ী রচনা প্রকাশিত হইবেক।—বিজ্ঞাপন

প্রাণনাথ দত্ত এই মাসিক পত্রিকার অচ্ছতম পরিচালক ছিলেন। ২২ ফেব্রুয়ারি ১৮৫৮ তারিখের 'সংবাদ প্রভাকরে' প্রকাশ :—

অতি মাত্তবৎশ বিজ্ঞানমুগ্ধাঙ্গি মুশিক্ষিত মুলেখক শ্রীমান্ বাবু প্রাণনাথ দত্ত, বৈজ্ঞানাথ চক্র এবং অপরাপর কতিপয় মুগ্ধগামি মুজন যুবকের প্রণীত "রচনা-মত্বাবলি" নামী একখানি বিনামূল্যের মাসিক পত্রিকার ১ সংখ্যা প্রাপ্ত হইয়া পাঠ পূর্বক পরমানন্দলাভ করিলাম। ইহার গণ পত্ন উভয় রচনাই সর্ব্বদা-মুল্লয় এবং অতি মুমধুর হইয়াছে।

বিচারক (সাপ্তাহিক)। জ্যুয়ারি ১৮৫৮।

'বিচারক' নামে একখানি সাপ্তাহিক পত্র ১৮৫৮ সনের জ্যুয়ারি (?) মাসে প্রকাশিত হয়। ইহার প্রথম তিন সংখ্যা হস্তগত হইলে পরবর্তী ২২এ ফেব্রুয়ারি 'সংবাদ প্রভাকরে' এইরূপ মন্তব্য করেন :—

'বিচারক' নামক একখানি অভিনব সাপ্তাহিক পত্রের ১ হইতে ৩ সংখ্যা প্রাপ্ত হইলাম, বিচারক তত্ত্ব বিচারে প্রবৃত্ত হইয়াছেন, এই অস্থঠানট অতি সদস্থঠান বটে। প্রতিজ্ঞা এবং উৎসাহকে স্থিররূপে রক্ষা করিয়া শেষ পর্যন্ত রক্ষা করিতে পারিলে অত্যন্ত সুখের বিষয় হইবে। সম্পাদক মহাশয় কি জ্ঞত আপনার নামট গোপন করিয়াছেন, তাহা জনিতে পারিলাম না।

'বিচারক' সম্পাদন করিতেন আচার্য্য কৃষ্ণকমল ভট্টাচার্য্য। তিনি নৃত্তিকথায় বলিয়াছেন,—

সিপাহীবিদ্ৰোহের সময়...বাকালী রচনার দিকে আমার কিছু ঝোক ছিল। 'বিচারক' নামে একখানি সাপ্তাহিক সংবাদ পত্র তৎকালে আমি বাহির করিয়াছিলাম। ইহা অ্যাডিসনের Spectatorএর ধরণে গঠিত হইয়াছিল। একটী সন্দর্ভে সমস্ত কাগজ পূর্ণ হইত। সর্ব্বোপরি একটী করিয়া সংকৃত motto থাকিত। কি কারণে, মনে নাই, পাঁচ ছয় সংখ্যা বাহির হইয়াই উহা কিন্তু বন্ধ হইয়া যায়। পণ্ডিত তারানাথ তর্কবাচস্পতি মহাশয়ের জাতিজাতা তারাবন ভট্টাচার্য্য পত্রিকার ব্যয়ভার বহন করিয়াছিলেন। ('সুনাভন প্রসঙ্গ,' ১ম পর্য্যায়, পৃ. ২০০-২০১)

কলিকাতা বাস্তাবহ (অর্দ্ধ-সাপ্তাহিক)। ১৮ জ্যুয়ারি ১৮৫৮।

১৮৫৮ সনের ১৮ই জ্যুয়ারি (৬ মাঘ ১২৬৪) 'কলিকাতা বাস্তাবহ' নামে একখানি সংবাদপত্র প্রকাশিত হয়। ইহা অর্দ্ধ-সাপ্তাহিক পত্র; প্রতি সোম ও শুক্রবারে প্রকাশিত হইত। 'সংবাদ প্রভাকরে' প্রকাশ :—

৬ মাস দিবসে 'কলিকাতা-বার্ভাবহ' নামে একখানি দূতন সমাচার পত্র প্রকাশ হয়। (১৩ এপ্রিল ১৮৫৮)

'কলিকাতা বার্ভাবহ' নামক অভিনব বাক্যলা সমাচার পত্রের প্রথম সংখ্যা আমরা গত দিবস প্রাপ্ত হইলাম, ইহার কলেবর ভাকরের ভার, প্রতি সোমবার এবং শুক্রবারে প্রকটিত হইবেক, মাসিক মূল্য ১০ আট আনা মাত্র। প্রথম সংখ্যার কয়েকটি বিষয় কেবল গভে লিখিত হইয়াছে, রচনা অতি উত্তম, প্রার্থনা করি পরমেশ্বরের কৃপায় সম্পাদক কৃতকার্য হইয়া সাধারণের প্রিয় হউন। (১৯ জানুয়ারি ১৮৫৮)

এই পত্রের শিরোভাগে প্রেমচাঁদ তর্কবাগীশ-রচিত একটি কবিতা শোভা পাইত। তর্কবাগীশ মহাশয়ের জীবনচরিতে প্রকাশ :—

কলিকাতা-বার্ভাবহ নামক কাগজখানির শিরোভাগে "কিং চান্দ্রী বিশ্বমপ্রভা কিম্ব বা প্রাত্যকরী চাতুরী" ইত্যাদি মর্মে যে কবিতাঙ্গি তর্কবাগীশ রচনা করিয়া দেন তাহা অতি ক্রটি-সুখকর হইয়াছিল মনে হয়।—নামাকর চট্টোপাধ্যায় : '৩প্রেমচন্দ্র তর্কবাগীশের জীবনচরিত ও কবিতাবলী', ৪র্থ সংস্করণ, পৃ. ৯৯।

হিতৈষিণী পত্রিকা (মাসিক)। এপ্রিল ১৮৫৮।

'হিতৈষিণী পত্রিকা' নামে একখানি মাসিক পত্রিকা কলিকাতা হাড়কাটা লেনস্থ হিতৈষিণী সভার মুখপত্র ছিল। সভার অবৈতনিক সম্পাদক ছিলেন কানাইলাল পাইন। ১৭৭৯ শকের ফাল্গুন মাসের 'ভদ্রবোধিনী পত্রিকা'র এই বিজ্ঞাপনটি মুদ্রিত হয় :—

হিতৈষিণী সভা হইতে আগামী বৈশাখ মাসাবধি প্রতিমাসে ব্রাহ্মধর্ম ও নীতি বিষয়ক পত্র প্রয়োজন মতে ইংরাজী কিম্বা বাকলা ভাষায় লিখিত হইয়া প্রকাশিত হইবে। তাহার প্রতি ধণ্ডের মূল্য এক পরলা মাত্র।

চমৎকারমোহন (বারক্রমিক)। আগষ্ট ১৮৫৮।

'চমৎকারমোহন' নামে একখানি সমাচার পত্র ১৮৫৮ সনের আগষ্ট (শ্রাবণ ১২৬৫) মাসে জন্মলাভ করে। ইহা ইংরেজী ও বাংলা ভাষায় সোম, বৃহস্পতি ও শনিবারে প্রকাশিত হইত। পত্রিকাখানি কলিকাতা চোরবাগানে শ্রীকান্ত শর্মার দ্বারা চমৎকার-মোহন যন্ত্রে মুদ্রিত হইত। ইহার সম্পাদক ছিলেন—'প্রিয়মদ' ও 'নলিনীকান্ত' উপাচার-প্রণেতা কেদারনাথ দত্ত। 'চমৎকারমোহন' পত্রের চতুর্থ সংখ্যার প্রকাশকাল—১৬ আগষ্ট ১৮৫৮ (১ ভাদ্র ১২৬৫)।

কলিকাতা পত্রিকা (মাসিক)। অক্টোবর ১৮৫৮।

১৮৫৮ সনের অক্টোবর মাসে যধুনানাথ দত্তের অধ্যক্ষতায় 'কলিকাতা পত্রিকা' প্রকাশিত হয়। এই মাসিক পত্রিকার প্রথম সংখ্যার প্রকাশকাল—কার্তিক ১৯১৫ সংবৎ। ইহার

সমালোচনা-প্রসঙ্গে ঈশ্বরচন্দ্র গুপ্ত তৎসম্পাদিত ‘সংবাদ প্রভাকরে’ (১০ জ্যাজুয়ারি ১৮৫২) লিখিয়াছিলেন :—

কলিকাতা পত্রিকা।—আমরা কয়েক দিবস হইল, কলিকাতা পত্রিকার দ্বিতীয় ৪৩ প্রাপ্ত হইয়া পাঠ করত অতিশয় আশ্চর্য হইয়াছি, কারণ এই পত্রিকার নব্য ভব্য লেখকেরা অতি সুপ্রণালীমতে রচনাদি করিতেছেন, তাঁহারদিগের লিপিনৈপুণ্যের বিষয় আমরা আর অধিক কি প্রকাশ করিব তাঁহারদিগের লেখাই পাঠকগণকে উপচোকন প্রদান করিলে ভাল হয়, এই পত্রিকার প্রথমে লেখকদিগের ‘বিজ্ঞাপনী’ দ্বিতীয়ে ‘উপক্রমণিকা’ তৃতীয়ে ‘বাদ্যালার অবস্থা—সমাজ’ চতুর্থে ‘বিজ্ঞাপনা’ প্রকাশ পাইয়াছে পত্রিকার অধ্যক্ষ শ্রীযুত বাবু মণুরানাথ দত্ত, অধ্যক্ষ বাবুর স বিশেষ যত্ন ও পরিশ্রমে পত্রিকার ক্রমোন্নতি হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে, ভয়সা করি গুণগ্রাহক মহোদয়েরা কলিকাতা পত্রিকার গ্রাহক হইয়া লেখকদিগের উৎসাহ বৃদ্ধি করিবেন, আমরা কলিকাতা পত্রিকার সংখ্যা বৃদ্ধি দেখিলে পয় অতিশয় সন্তুষ্ট হইব।

ভারতবর্ষীয় সমাচার পত্র (সাপ্তাহিক) । ১ নবেম্বর ১৮৫৮ ।

১৮৫৮ খ্রীষ্টাব্দের ১লা নবেম্বর তারকচন্দ্র চূড়ামণি এই সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ করেন। পরবর্তী ৩০এ নবেম্বরের ‘সংবাদ প্রভাকরে’ প্রকাশ :—

নূতন সমাচার পত্র। ‘ভারতবর্ষীয় সমাচার পত্র’ নামক একখানি অভিনব সংবাদ পত্র গত ১ নবেম্বর হইতে প্রকাশারম্ভ হইয়াছে, সম্পাদক শ্রীযুক্ত তারকচন্দ্র চূড়ামণি ভট্টাচার্য। পত্রখানি সাপ্তাহিকরূপে প্রকাশ পাইতেছে, ...এ পত্রের মাসিক মূল্য ১০ আট আনা মাত্র।

সোমপ্রকাশ (সাপ্তাহিক) । ১৫ নবেম্বর ১৮৫৮ ।

১৮৫৮ সনের ১৫ই নবেম্বর (১ অগ্রহায়ণ ১২৬৫) সোমবার কলিকাতা চাঁপাতলা হইতে ‘সোমপ্রকাশ’র প্রথম সংখ্যা প্রকাশিত হয়। এই সাপ্তাহিক পত্রের সম্পাদক ছিলেন—কলিকাতা সংস্কৃত কলেজের সাহিত্য-শ্রেণীর অধ্যাপক ষারকানাথ বিজ্ঞানভূষণ। ‘সোম-প্রকাশ’র কঠে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

“প্রবর্ততাং প্রকৃতিহিতাম পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।”

‘সোমপ্রকাশ’ প্রকাশের পরিকল্পনাটি বিজ্ঞানাগর মহাশয়ের। রাজনৈতিক বিষয়ের নীতিমত আলোচনা প্রকৃতপক্ষে ‘সোমপ্রকাশে’ই প্রথম সুরু হয়। বিজ্ঞানাগর মহাশয় “পরামর্শাদি দ্বারা ‘সোমপ্রকাশ’ সম্পাদন বিষয়ে বিজ্ঞানভূষণ মহাশয়ের বিশেষ সহায়তা করিতেন।” ১৮৬২ সনের এপ্রিল মাস হইতে “এই পত্র কলিকাতার দক্ষিণ-পূর্ব, মাতলা রেলওয়ের সোনাপুর স্টেশনের দক্ষিণ চাংড়িপোতা গ্রামে শ্রীযুক্ত ষারকানাথ বিজ্ঞানভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতে প্রকাশিত হয়।”

ভারতবর্ষীয় সভা। মাসিক বিজ্ঞাপনী। জুলাই (?) ১৮৫২।

ইহা ব্রিটিশ ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন বা ভারতবর্ষীয় সভার মুখপত্র ছিল। ১৬ সেপ্টেম্বর ১৮৫২ তারিখে 'এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বাস্তাবহ' এই মাসিকপত্রের প্রাপ্তি স্বীকার করিয়া লেখেন :—

আমরা ভারতবর্ষীয় সভার অভিনব মাসিক বাদলা বিজ্ঞাপনী প্রাপ্ত হইয়াছি, তদ্ব্যযে মে ও জুন মাসের কার্য বিবরণ বিবৃত হইয়াছে,...

১৮৫২ সনে পাদরি লং লিখিয়াছিলেন :—

The Bharatbarshiya Sabha Bigyapini is the organ of the British Indian Association which has hitherto, been the representative of the Native community to the British public, but they now feel that their own views must be made known to the masses and hence the issue of this monthly organ. (Returns...)

সৌদামনী (অর্ধ-সাপ্তাহিক)। ৩ সেপ্টেম্বর ১৮৫২।

'সৌদামনী' অর্ধ-সাপ্তাহিক পত্র; প্রতি মঙ্গল ও শনিবারে প্রকাশিত হইত। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—৩ সেপ্টেম্বর ১৮৫২ (১২ ভাদ্র ১২৬৬)। শ্রামাচরণ সান্যাল ও বিপিনবিহারী সরকার ইহার যুগ্ম-সম্পাদক। "ইহাতে রাজনীতি, সমাচার, আত্মতত্ত্ব, নীতিমালা বিশেষতঃ কবিতাই বিস্তর প্রকাশিত" হইত। 'সৌদামনী' পত্রিকার প্রথম দুই সংখ্যা হস্তগত হইলে 'সংবাদ প্রভাকর' এইরূপ মন্তব্য করেন :—

সৌদামনী নামে এক নবীন পত্রিকা গত সপ্তাহাবধি এই রাজধানীতে প্রকাশিত হইয়াছে। আমরা তাহার প্রথম দুই সংখ্যা প্রাপ্ত হইয়া পাঠানন্তর সন্তোষ প্রাপ্ত হইলাম, যেসকল সরল অথচ উৎকৃষ্ট মিষ্ট ভাষায় গভ পত্র লিখিত হইয়াছে, তাহার প্রশংসা করিতে হইবেক। ত্রীযুক্ত বাবু শ্রামাচরণ সান্যাল, তথা ত্রীযুক্ত বাবু বিপিনবিহারী সরকার মহাশয় এই নবীন পত্রিকার সম্পাদক হইয়াছেন। ইহারা বড় অপরিচিত নহেন। ইহারদিগের বিরচিত অনেক উত্তম প্রবন্ধ এই প্রভাকরে ও নগরীর অন্তর্গত অনেক সমাচার পত্রে প্রকাশ হইয়াছে। অতএব ইহারদিগের দ্বারা সম্পাদকীয় কার্য দখানিয়মে নির্বাহ হইতে পারে। অতুনা আমরা পরমেশ্বরের সমীপে প্রার্থনা করি, নবীন সৌদামনী অক্ষয়বিহারিণী চক্কার ভায় চক্কা না হইয়া স্থিরভাবে অবনিবাসিনী হইয়া কবিতাপ্রিয় পাঠার্থিয়দের চিত্তোদ্দামিনী হউন। সৌদামনী পত্রিকা প্রভাকরের ভায় এক তত্তা কাগজে প্রতি মঙ্গলবার ও শনিবারে প্রকাশ হইতেছে। মাসিক মূল্য আট আনামাত্র। (১০ সেপ্টেম্বর ১৮৫২, শনিবার)

সংবাদ বিজ্ঞান (সাপ্তাহিক)। ১২ সেপ্টেম্বর ১৮৫২।

১২ সেপ্টেম্বর ১৮৫২ (৪ আশ্বিন ১২৬৬) তারিখে গোসাইদাস গুপ্তের সম্পাদনার 'সংবাদ বিজ্ঞান' নামে সাপ্তাহিক পত্রের উদয় হয়। ইহার কঠে এই শ্লোকটি শোভা পাইত :—



দ্বাবকানাথ বিজ্ঞানভূষণ



রমেশচন্দ্র মজুমদার



হবিনাথ মজুমদার



উমেশচন্দ্র দাস

নাশ্বৎ ষাড্যরূপেদরে নচ কচিং বন্তে ধরাড্যাকরানোদাসং কুহুদাকরত কুরুতে কলভানোবান্ধিতাঃ ।
সম্ভ্রুতান্দয়ন মন্যংসি মহতাং ভাবান্ সম্ভ্রুতাবয়নু লগচ্ছন্ দিকরাজ এষ নিভরামব্যাকহুদ্রাকতে ।

‘সংবাদ সাধুরঞ্জন’ পত্রের অভাব পূরণার্থেই ‘সংবাদ বিজ্ঞরাজ’ পত্রের আবির্ভাব । ইহার প্রথম সংখ্যা প্রকাশের পর-দিন ‘সংবাদ প্রভাকর’ যাহা লিখিয়াছিলেন, নিজে তাহা উদ্ধৃত করিতেছি :—

আমারদিগের যজ্ঞালয় হইতে গত দিবসাবধি সংবাদ বিজ্ঞরাজ নামে এক ষাণি সাপ্তাহিক পত্র প্রকাশারম্ভ হইয়াছে । আমারদিগের পরম মেহান্দ পত্রীমান্দ গৌসাইদাস গুপ্ত তাহার সম্পাদক হইয়াছেন । এই ক্ষণে সময় বড় বিরুদ্ধ কোন প্রকার নূতন পত্র প্রকাশ পূর্বক কৃতকার্য হওয়া অতি কঠিন বলিতে হইবেক । যাহা হউক আমরা পরমেশ্বরের সমীপে প্রার্থনা করি এই নবীন পত্র চিরস্থায়ী হউক । বিভ্রামোদি ব্যক্তিগণ আদর পূর্বক ইহা গ্রহণ করিয়া সম্পাদকের উৎসাহবর্দ্ধন করুন । যেরূপ প্রণালীক্রমে ও স্পষ্টভাষায় বিজ্ঞরাজ পত্র লিখিত হইয়াছে তাহা কোন ক্রমে মন্দ বলা যায় না । আমরা পাঠক মহাশয়দিগের পাঠার্থে প্রথম সম্পাদকীয় উক্তি নিয় ভাগে উদ্ধৃত করিলাম ।

‘আমরা অবিচলিত ভক্তিতেই সেই সর্বশক্তিমান ও সর্ববিঘ্নবিনাশক পরমেশ্বরকে প্রণিপাত পূর্বক এই অভিনব পত্র প্রকাশারম্ভ করিলাম । অতুনা আমরা কোন প্রতিজ্ঞাবদ্ধ হইতে মানস করি না । কেবল এইমাত্র বলিতে ইচ্ছা করি, যে স্বদেশের মঙ্গলবিধান করাই আমারদিগের প্রধান সঙ্কল্প, এবং দেশীয় ব্যক্তিদিগের মনোরূপ ক্ষেত্র হইতে কুনীতিরূপ কণ্টকরাশি উন্মূলিত করিয়া সুনীতিরূপ স্মরণ বীজবপন করণে আমারদিগের যত্ন নিয়তই নিযুক্ত থাকিবেক । সংবাদ প্রভাকর পত্রের অন্তর্গত যে প্রকার সাধুরঞ্জন পত্র ছিল এই বিজ্ঞরাজ পত্রও সেই প্রকার হইবেক । কিন্তু উহার সম্পাদকীয় কার্য প্রভাকর হইতে সম্যক প্রকারেই স্বতন্ত্র থাকিবেক । যে সকল মহাশয়েরা সাধুরঞ্জন পত্র গ্রহণ করিতেন তাঁহারা অন্তর্গত পূর্বক এই বিজ্ঞরাজ পত্র গ্রহণ করিলে আমরা পরম বাধিত হইব । যে সকল বিষয় পাঠে তাঁহারদিগের সন্তোষ জন্মে, আমরা সেই সকল বিষয় স্পষ্ট ভাষায় লিখিয়া তাঁহারদিগের শ্রীতিলাভে সাধ্য পর্য্যন্ত যত্ন করণে ক্রটি করিব না । এই বিজ্ঞরাজ পত্র এই আকারে প্রতি সোমবার প্রকাশ হইবেক । মাসিক মূল্য ১০ আনা বার্ষিক অগ্রিম ২১০ টাকা মাত্র ।...’

মঙ্গল উষা (মাসিক ?) । ইং ১৮৬০ ।

কবি সুরেন্দ্রনাথ মজুমদারের সংক্ষিপ্ত জীবনীতে যোগেন্দ্রনাথ সরকার লিখিয়াছেন :—
“১২৬৬ সালের...শেষভাগে একখানি সাময়িক পত্রিকা প্রচারিত হয়, কবি তাহার ‘মঙ্গল উষা’ নাম ও প্রচার-কাল নির্দেশ করিয়া দিয়া লেখক হলেন । কলিকাতাবাসী কোন সাহিত্য-বান্ধব উহার ব্যয়বাহী ও প্রকাশক ছিলেন । ইহার জন্মথণ্ডে পোপের “টেম্পেল

অব কেম্" ("Temple of fame") "বশোমন্দির" নাম প্রাপ্ত হয়। তাহার শিরোনামে এই মহার্ঘ পদবর সন্নিবেশিত ছিল। যথা—

"বামিনী প্রলয়রূপা স্মৃতি মরণ,
বধ মাংস জীবনের সুরম্য মরণ।"

সত্যপ্রদীপ (মাসিক)। জাহ্নয়ারি ১৮৬০।

'সত্যপ্রদীপ' নামে একখানি নিম্নপাঠ্য মাসিক পত্র ১৮৬০ সনের জাহ্নয়ারি মাসে প্রকাশিত হয়। ইহার প্রকাশক—ক্রীষ্টান্ তর্গাকিউলার এডুকেশন সোসাইটির বঙ্গীয় শাখা। 'সত্যপ্রদীপ' ১৮৬৪ সন পর্যন্ত জীবিত ছিল।

রঙ্গপুর দিক্‌প্রকাশ (সাপ্তাহিক)। এপ্রিল ১৮৬০।

রংপুর হইতে প্রকাশিত প্রথম সংবাদপত্র 'রঙ্গপুর বাস্তাবহ'। ইহার প্রচার রহিত হইবার তিন বৎসর পরে—১৮৬০ সনের এপ্রিল (বৈশাখ ১২৬৭) মাসে কাকিনীয়া, রংপুর হইতে দ্বিতীয় সাপ্তাহিক সংবাদপত্র 'রঙ্গপুর দিক্‌প্রকাশ' মধুসূদন ভট্টাচার্য্যের সম্পাদনায় প্রকাশিত হয়। 'সংবাদ প্রভাকর' (১৮ মে ১৮৬০) প্রকাশ :—

জিলা রঙ্গপুর কাকিনীয়া ছুগোলক বাটির জমীদার শ্রীযুক্ত বাবু শত্ৰুঘ্ন রায়চৌধুরীর সাহায্যে ১২৬৭ সালের বৈশাখ মাস অবধি দিক্‌প্রকাশ নামে এক খানি সাপ্তাহিক সমাচার পত্র প্রচার হইতে আরম্ভ হইয়াছে। আমরা উহার এক খণ্ড প্রাপ্ত হইয়াছি।

জ্ঞানচন্দ্রিকা (মাসিক)। এপ্রিল ১৮৬০।

'জ্ঞানচন্দ্রিকা' একখানি মাসিক পত্রিকা। ইহার সম্পাদক—বলাইচাঁদ সেন। বোধ হয়, তাঁহারই নামানুসারে পত্রিকার স্বদেশে 'জ্ঞানচন্দ্রিকা' নামের নীচে "কৃষ্ণাগ্রজ পত্রিকা" (কৃষ্ণের অগ্রজ—বলাই) মুদ্রিত হইত। ইহার পঞ্চম সংখ্যায় মুদ্রিত "প্রত্যাখ্যক ও সম্পাদক শ্রীকলাইচাঁদ সেনস্ত" স্বাক্ষরিত একটি বিজ্ঞাপনে পত্রিকার মূল্য শীঘ্র প্রদান করিবার অনুরোধ আছে, "যেহেতু শ্রীশ্রীশারদীয়া পূজা অতি নিকটবর্তী হইতেছে।" ইহা হইতে মনে হয়, 'জ্ঞানচন্দ্রিকা'র প্রথম সংখ্যা ১৮৬০ সনের এপ্রিল (১ বৈশাখ ১২৬৭) মাসে প্রকাশিত হইয়াছিল।

কবিতাকুমুদামাধলী (মাসিক)। মে ১৮৬০।

১৮৬০ সনের মে মাসে (জ্যৈষ্ঠ, ১৭৮২ শক) ঢাকা বাঙ্গলা বঙ্গ হইতে 'কবিতাকুমুদামাধলী' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ইহাই ঢাকা হইতে প্রকাশিত সর্বপ্রথম বাংলা সাময়িক-পত্রিকা। "বঙ্গীয় কবিতার উৎকর্ষসাধন ও বিত্তম্ কাব্যকলা প্রচার দ্বারা জনমণ্ডলীর

কল্যাণ বর্দ্ধনই এতৎপত্রিকা প্রচারের উদ্দেশ্য ।” ‘কবিতাকুসুমাবলী’র কঠিনদেশে এই শ্লোকটি শোভা পাইত :—

সন্তোষমতু সর্বেষাং সত্যং চিন্তমধ্বরতান্ ।

নানারসসমাকীর্ণা কবিতাকুসুমাবলী ॥

কবি কৃষ্ণচন্দ্র মজুমদার প্রথম বৎসরের ‘কবিতাকুসুমাবলী’ সম্পাদন করিয়াছিলেন । তাঁহার স্মৃতিকথায় প্রকাশ :—

সম্ভাবশতক পুস্তকাকারে প্রকাশিত হইবার পূর্বে, ‘কবিতাকুসুমাবলী’ নামক একখানি পঞ্চমস্রী মাসিক পত্রিকা প্রকাশ করিয়াছিলাম ; ‘সম্ভাবশতকে’র অধিকাংশ কবিতাই উহাতে বাহির হইয়াছিল । আমি, হরিশ্চন্দ্র মিত্র, এবং প্রসন্নকুমার সেন—এই তিন জনে ক্রমে ‘কবিতাকুসুমাবলী’ প্রকাশ করিতে আরম্ভ করি । বৎসরখানেক উহা আমি চালাইয়াছিলাম । (‘অম্মসন্ধান’, ৩০ কাণ্ডন ১২৯৮)

কেদারনাথ মজুমদার তাঁহার ‘বাঙ্গালা সাময়িক সাহিত্যে’ লিখিয়াছেন :—
“কবিতাকুসুমাবলী এক বৎসরের অধিক কাল বাঁচিয়া ছিল কি না, আমরা বহু অম্মসন্ধানেনও তাহার সংবাদ অবগত হইতে পারি নাই ।” ‘কবিতাকুসুমাবলী’র দ্বিতীয় ভাগ প্রকাশিত হইয়াছিল ; উহার ১ম সংখ্যার প্রকাশকাল—“২০ ভাদ্র বুধবার ১৭৮৩ শক ।” এই সংখ্যা হইতে প্রকাশকের বিজ্ঞাপনটি উদ্ধৃত করিতেছি :—

কবিতাকুসুমাবলীর দ্বিতীয় ভাগ প্রচারণে প্রবৃত্ত হওয়া গেল । এইক্ষণ অবধি ইহা প্রতিমাসের বিংশতি দিবসে নিয়মিতরূপে প্রকাশিত হইয়া গ্রাহকগণের সমীপস্থ হইবে । যতপি কখন কোন অপ্রতিকার্য্য দৈবদুর্ঘটনা উপস্থিত না হয়, ভরসা করি এ প্রতিজ্ঞার অন্তথা হইবেক না ।

বিগতবর্ষের জ্যৈষ্ঠ মাসে এই পত্রিকা প্রথম জন্মগ্রহণ করত কিছু কাল নিয়মিতরূপে প্রচারিত হইয়া পশ্চাৎ নানাকারণ বশতঃ কিয়ৎকাল অনিয়মিতরূপে প্রকাশিত হয় । ভবিষ্যৎন গ্রাহকগণমধ্যে অনেকে কবিতাকুসুমাবলীকে সংশ্লিষ্টজীবন বোধ করিয়াছিলেন । যাহা হউক এক্ষণে জগদীশ্বরের ইচ্ছায় কতিপয় বন্ধু বিশেষ আহুকূল্য করিয়া ইহার জীবন রক্ষণে অঙ্গীকৃত হইয়াছেন বলিয়াই আমরা ইহার পুনঃপ্রচারণে সাহস করিলাম । এক্ষণে গ্রাহকগণ কিঞ্চিৎ সাহুকূল্য ব্যবহার করিলেই বোধ হয় আর এই পত্রিকাকে সংশ্লিষ্টপ্রাণী হইতে হইবে না ।

গতবর্ষে যে প্রণালীতে এতৎ পত্রিকার রচনা কার্য্য সম্পাদন করা গিয়াছে, এবারেও সেই প্রণালী অবলম্বিত হইয়াছে । বিশেষের মধ্যে এই যে প্রথম ভাগের মধ্যে মধ্যে গল্প প্রবন্ধেরও সন্নিবেশ করা যাইত, এবারে সেই নিয়মটা প্রায় অবলম্বন করা হইবে না । যেহেতু আমাদের গ্রাহকবর্ষের মধ্যে অনেকেরই কবিতাকুসুমাবলীতে সন্নিবেশিত কবিতা দর্শনের স্পৃহা রাখেন, এবং সেই স্পৃহা পরিপূরণার্থ আমরা দিকে তুরোতুরঃ অগ্রসর করিয়াছিলাম ।...

পরন্তু বিজ্ঞাপ্য এই যে বিশৃঙ্খল্য বিনির্মুক্ত হইবার আশয়ে আমরা জ্যৈষ্ঠ মাস হইতে

কবিতাকুসুমাবলীর দ্বিতীয় ভাগ প্রচার না করিয়া ভাদ্র মাস হইতে ইহাকে সংখ্যাবিশিষ্ট করিয়া প্রচারিত করিলাম। ত্রীহরিনন্দ্র মিত্র। কবিতাকুসুমাবলী প্রকাশক।

মনোরঞ্জিকা (মাসিক)। জুন ১৮৬০।

১৮৬০ সনের জুন মাসে (আষাঢ় ১২৬৭) ঢাকা বাল্লা যন্ত্রালয় হইতে ‘মনোরঞ্জিকা’ নামে আর একখানি মাসিক পত্র প্রকাশিত হয়। অনেকে ভ্রমক্রমে ইহাকে ঢাকার প্রথম সাময়িক-পত্রের গৌরব দান করিয়া থাকেন, কিন্তু প্রকৃতপক্ষে ইহা ঢাকা হইতে প্রকাশিত দ্বিতীয় বাংলা সাময়িক-পত্র। ২ জুলাই ১৮৬০ (২০ আষাঢ় ১২৬৭) তারিখে ‘সোমপ্রকাশ’ লেখেন :—

মনোরঞ্জিকা।—বর্তমান আষাঢ় মাস অবধি ঢাকা বাল্লা যন্ত্রালয় হইতে মনোরঞ্জিকা নামে এক খানি মাসিক পত্রিকা প্রচার আরম্ভ হইয়াছে। ইহাতে যুদ্ধাযন্ত্র, আধুনিক যুদ্ধসম্প্রদায় ও তাড়িত বার্তাবাহ এই তিনটি বিষয় লিখিত দৃষ্ট হইল। সম্পাদকেরা উত্তম বিষয়েই হস্তক্ষেপ করিয়াছেন। তাঁহারা জুমিকা মধ্যে লিখিয়াছেন “পরম্পরবাদ ও পরদোষ কীর্তন করিয়া পত্রিকা খানি কলঙ্কিত ও অপবিজ্ঞ করিবেন না”। তাঁহারা যদি এই প্রতিজ্ঞা হইতে বিচলিত না হইয়া ঈদৃশ সদর্প ও মহোপকাবক বিষয় দ্বারা পত্র পরিপূরিত করেন, তাহা হইলে তাঁহাদিগের পত্রিকার মনোরঞ্জিকা এই নাম অর্ধ হইবে সন্দেহ নাই।

মনোহর (সাপ্তাহিক)। জুন ১৮৬০।

১৮৬০ সনের জুন মাসে কলিকাতা জোড়াসাঁকো হইতে ‘মনোহর’ নামে একখানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন—উমেশচন্দ্র চট্টোপাধ্যায়। ইহার “২য় ভাগ, ১৯ সংখ্যা”র প্রকাশকাল—২৫ নবেম্বর ১৮৬১।

নব্যব্যবহার সংহিতা (মাসিক...)। আগস্ট ১৮৬০।

১২৬৭ সালের ভাদ্র মাসে (আগস্ট ১৮৬০) “ঢাকার সদর আমীনের অঙ্কতর উকীল ত্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিক প্রতিমাস-প্রকাশিত গবর্ণমেন্ট গেজেট হইতে নানাবিধ আইন ও সরকারের অর্ডার প্রভৃতি সংগ্রহ করিয়া ব্যবহার সংহিতা নামে একখানি মাসিক পত্রিকা” প্রকাশ করেন। পরবর্তী ১০ই সেপ্টেম্বর তারিখে ‘সোমপ্রকাশ’ লেখেন :—

“ঢাকা বাল্লা যন্ত্র হইতে নব্যব্যবহারসংহিতা প্রচার হইতে আরম্ভ হইয়াছে। আমরা উহার প্রথম বৎ প্রাপ্ত হইয়াছি।”

১৮৬২ সনের ১৪ই এপ্রিল (২ বৈশাখ ১২৬৯) ‘তারিখের ‘সোমপ্রকাশে’ ‘নব্যব্যবহার সংহিতা’ সম্বন্ধে আর একটু সংবাদ আছে। উহাতে নিম্নের বিজ্ঞাপনটি বৃদ্ধিত হইয়াছে :—

প্রতি মাসের গবর্ণমেন্টের গেজেটে যে সকল আইন ও সরকারুলার অর্ডর এবং রাজকীয় বিজ্ঞাপন প্রকাশ হয় তত্ত্বাবতের অবিকল বাদলা অহুবাদ উদ্ধৃত করিয়া 'নবব্যবহার সংহিতা নাম' পত্রিকাকারে প্রতি পক্ষে, প্রতি মাসে আমি প্রকাশ করিতেছি এবং অনতিবিলম্বে প্রতি সপ্তাহে প্রকাশ করিতেও অঙ্গীকৃত হইয়াছি। আইনাদির বাদলা অহুবাদ সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক পত্রিকাকারে প্রকাশ করিবার একাধিকারী হইবার জন্ত ১৮৪৭ সালের ২০ আইনমতে গবর্ণমেন্টে রেজিষ্টরী করিয়াছি। যখন আমি সাধারণের রাজনিসম শিকার এক নূতন উপায় ও সুবিধা সংস্থাপন করিয়া সর্ব্বাঞ্চে গবর্ণমেন্টে রেজিষ্টরী করিয়াছি তখন আইনাদির বাদলা অহুবাদ পত্রিকাকারে প্রচার করিতে কেবল আমি একাধিকার প্রাপ্ত হইয়াছি, অতএব গবর্ণমেন্টের আদেশ অনুযায়ী কার্য্যকরণার্থ সর্ব্ব সাধারণকে বিজ্ঞাপন করা যাইতেছে যে অস্ত্র কেহ যেন তিন মাসের প্রকাশিত সমুদায় আইনাদির বাদলা অহুবাদ শ্রেণী পূর্ব্বক পত্রিকাকারে প্রচার না করেন। যদি কেহ তাহা করেন তবে তিনি আমার ক্ষতি পূরণের দায়ী হইবেন। জীন্সামচন্দ্র ভৌমিক। ঢাকার সদর আমীন আদালতের উকীল।

রাজপুর পত্রিকা (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬০।

১৮৬০ সনের সেপ্টেম্বর (?) মাসে 'রাজপুর পত্রিকা' প্রকাশিত হয়। ইহা সম্ভবতঃ মাসিক পত্রিকা। ২৪ সেপ্টেম্বর ১৮৬০ তারিখে 'সোমপ্রকাশ' লেখেন :—

এ সপ্তাহেও এক খানি নূতন এছ ও এক খানি নূতন পত্রিকা আমাদিগের হস্তগত হইয়াছে।...পত্রিকাখানির নাম রাজপুর পত্রিকা। ইহা...আমাদিগের চিন্তকে আকর্ষণ করিতে সমর্থ হয় নাই বটে কিন্তু ইহা পাঠ করিয়া আমরা বিরক্তচিন্ত হই নাই। ইহা যথার্থ বাদলা ভাষার রীতিতে প্রণীত হইয়াছে। বাদলাভাষার বিশুদ্ধ রীতিতে লিখিত বলিয়া কোন স্থানে অর্থ প্রতীতির ব্যাঘাত জন্মে নাই। অনেক বাদলা পত্রিকা ও এছে এ গুণ ছুর্লভ। ইহাতে কয়েকটি বিশেষ দোষ লক্ষিত হইল। কিন্তু পত্রিকা প্রচারয়িতাদিগের প্রথম আরম্ভ বলিয়া তাহা বর্জ্য নহে। আমাদিগের দেশের যেরূপ রীতি আছে, প্রাথমিক অল্পমাত্র দীর্ঘতরকালস্থায়ী হয় না। উক্ত পত্রিকা সম্পাদয়িতারা যদি সেইরূপ বীতমাত্র ও শিথিলময় না হন, আমাদিগের বোধ হইতেছে, ইহার উৎকর্ষসাধনে সমর্থ হইবেন।

বিজ্ঞান কৌমুদী (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬০।

১৮৬০ সনের সেপ্টেম্বর (?) মাসে জগমোহন তর্কালঙ্কারের সম্পাদনায় 'বিজ্ঞান কৌমুদী' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। পরবর্তী ১৪ই অক্টোবর (৩০ আশ্বিন ১২৬৭) 'সোমপ্রকাশ' এই পত্রিকা সম্বন্ধে যে মন্তব্য করেন, তাহা উদ্ধৃত করিতেছি :—

বিজ্ঞান কৌমুদী নামে একখানি নূতন পত্রিকা প্রচার হইতে আরম্ভ হইয়াছে। বিজ্ঞান শাস্ত্রের আলোচনাই এতৎপত্র প্রচারের মুখ্য উদ্দেশ্য। স্ত্র অস্ত্র বিষয়ও ইহাতে লিখিত দুই

হইল। প্রথম বারের পত্রে যে কয়েকটি বিষয় লিখিত হইয়াছে, আমরা পাঠ করিয়া দেখিলাম, সকলগুলিই শ্রেয়স্কর। এতৎ পাঠে পাঠকগণের সর্বশেষ উপকার লাভের সম্ভাবনা আছে।...

ত্রিপুরা জ্ঞানপ্রসারিণী (মাসিক) । ইং ১৮৬০ ।

ত্রিপুরা জ্ঞানপ্রসারিণী সভা হইতে বিক্রমপুর দুধুরিয়া-নিবাসী কৈলাশচন্দ্র সরকারের সম্পাদনায় ১২৬৭ সালে শারদীয়া পূজার অনতিপূর্বে 'ত্রিপুরা জ্ঞানপ্রসারিণী' প্রকাশিত হয়।

সংস্কার সংশোধিনী (মাসিক) । ইং ১৮৬০ ।

বিক্রমপুরাস্তম্ভ কুকুটীয়াস্থ জ্ঞানমিহির বিকাশিনী সভা হইতে এই মাসিক পত্রিকা প্রচারিত হয়। ইহার সম্পাদক—কুকুটীয়া মধ্য-বঙ্গবিভাগের শিক্ষক জগন্নাথ সরকার। পত্রিকাখানি বেশী দিন স্থায়ী হয় নাই। ১২৭৪ সালের চৈত্র-সংখ্যা 'পল্লী-বিজ্ঞানে' মুদ্রিত একখানি পত্রে প্রকাশ :—

কিরদ্বিবস বিগত হইল বিক্রমপুর হইতে 'সংস্কার সংশোধিনী' নামী একখানি মাসিক পত্রিকা প্রচারিত হইতেছিল, তাহা প্রকাশকগণের শৈথিল্যে এবং নানাবিধ অন্তরায়ে বর্ষেক গত না হইতে হইতেই বিলুপ্ত হইয়া যায়।.....ভাগ্যকুলনিবাসী জমীদার শ্রীযুত প্রেমচন্দ্র রায় চৌধুরী প্রভৃতি মহোদয়গণের পক্ষে শ্রীজগন্নাথ সরকার। ১৮৬৮ ইং ৩রা এপ্রিল।

ঢাকাপ্রকাশ (সাপ্তাহিক) । ৭ মার্চ ১৮৬১ ।

ঢাকা বাঙ্গলা যজ্ঞের পৃষ্ঠপোষক ও পরিচালকবর্গ কলিকাতা হইতে প্রকাশিত 'সোম-প্রকাশ'র অঙ্করণে ঢাকা হইতে একখানি সাপ্তাহিক পত্র প্রচারের সঙ্কল্প করেন। ইহার ফলে ৭ মার্চ ১৮৬১ তারিখে কবি কৃষ্ণচন্দ্র মজুমদারের সম্পাদনায় 'ঢাকাপ্রকাশ' প্রকাশিত হয়। কৃষ্ণচন্দ্র তাঁহার স্মৃতিকথায় বলিয়াছেন :—

ঢাকা হইতে 'ঢাকা প্রকাশ' নামক যে পত্রিকাখানি বাহির হইয়া থাকে,...আমিই তাহার সম্পাদক নিযুক্ত হই—প্রথম 'ঢাকা প্রকাশ' আমার হাত হইতে বাহির হইতে থাকে। 'ঢাকা প্রকাশ'র সম্পাদন-কালে প্রথম বেতন ২৫ টাকা পাইতাম; কিন্তু, যশোহর নর্দাল সুলের শিরোগপত্রে ৩০ টাকা বেতন নির্দিষ্ট হওয়ার, উক্ত পত্রের অধিকারীসমূহ এই সময় আমার ৩৫ টাকা বেতন বাধ্য করিয়া দেন। কাজেই, আমি আর নর্দাল-সুলের কার্য গ্রহণ না করিয়া, ঐ 'ঢাকা প্রকাশ'র সম্পাদন-কার্যেই ত্রুতী থাকি। তখনকার 'ঢাকা প্রকাশ'র পরিচালকগণের মধ্যে ত্রুতস্বয়ং মিত্র, বীনবন্ধু মৌলিক, ঈশ্বরচন্দ্র বসু, এবং চন্দ্রকান্ত বসু প্রভৃতিই প্রধান ছিলেন। তাঁহারা সকলেই আমাকে আন্তরিক প্রদা করিতেন। কাজেই, গভর্ণমেণ্টের কার্য অ্যাপ করিয়াও আমি তখন ঐ তর্বেই নিযুক্ত

ধাকি। বিশেষ আদি যেন ভালও বাসিতাম—ঐ কাক। (‘অনুসন্ধান’, ৩০ কাঙ্ক্ষন ১২২৮, পৃ. ৩৬০)

কৃষ্ণচন্দ্রের অনেক রচনা ‘ঢাকাপ্রকাশ’ের পৃষ্ঠা অলঙ্কৃত করিয়াছিল। ‘ঢাকাপ্রকাশে’ কার্যকালেই তাঁহার ‘সভাবশতকে’র জন্ম ও তাঁহার কবি-খ্যাতি প্রতিষ্ঠিত হয়। চতুর্থ বৎসরের ২২শ সংখ্যা পর্য্যন্ত “প্রকাশক”-রূপে ‘ঢাকাপ্রকাশে’ তাঁহার নাম পাওয়া যায়। ইহার পর তিনি ‘ঢাকাপ্রকাশ’ ত্যাগ করেন।

৭ বৈশাখ ১৩৩৭ (৭০ ভাগ, ১ম সংখ্যা) তারিখের ‘ঢাকাপ্রকাশে’ সহকারী সম্পাদক শ্রীপূর্ণচন্দ্র শুট্টাচার্য্য “ঢাকাপ্রকাশের জীবনকথা” নামে একটি প্রবন্ধ প্রকাশ করেন। ইহা হইতে কিঞ্চিৎ উদ্ধৃত করিতেছি :—

বিগত ১২৬৭ সালের ২৪শে [২৫এ] কাঙ্ক্ষন বৃহস্পতিবার ঢাকাপ্রকাশ জন্মগ্রহণ করে।...ঢাকাপ্রকাশ প্রথমে প্রতি সপ্তাহে বৃহস্পতিবার প্রকাশিত হইত, এবং উহা ‘শুক্লাবার’ বলিয়া পত্রিকায় মুদ্রিত আছে; ৩কৃষ্ণচন্দ্র মজুমদার মহাশয়ই ৩মহেশচন্দ্র গঙ্গোপাধ্যায়ের সহায়তায় ঢাকাপ্রকাশের সম্পাদন-ভার গ্রহণ করিয়াছিলেন। পত্রিকার অঙ্কে মজুমদার মহাশয়ের নাম প্রকাশকরূপে পরিদৃষ্ট হয়, গাঙ্গুলী মহাশয়ের নাম কোষায়ণও দেখা যায় না; ইহা হইতে বুঝা যায়, সে সময় সম্পাদকের নামেই পত্রিকা প্রকাশিত হইত, এবং মজুমদার মহাশয়ই মূল সম্পাদক ছিলেন। প্রথম বৎসর পত্রিকা রয়েল চান্সি শেখী কর্ম্মার ২ কর্ম্মা বা ৮ পৃষ্ঠায় প্রকাশিত হইত, এবং ইহার বার্ষিক মূল্য ছিল ‘ডাকমান্ডল সমেত ৫ টাকা’। প্রথমাবধিই ঢাকাপ্রকাশ ‘সিদ্ধি: সাধ্যে সত্যামন্ত’ এই ঋষিবাক্য সাধনমন্ত্ররূপে গ্রহণ করিয়াছেন; আজিও তাহা অব্যাহতই আছে, কেবল বর্তমান স্বঘাণিকারী ও সম্পাদক মহাশয় উহার সহিত চরণের অপরাধ ‘প্রসাদাধিহ বৃদ্ধচৈ:’ বোগ করিয়াছেন মাত্র।

দ্বিতীয় বৎসরে ঢাকাপ্রকাশের কলেবর পুষ্টি হইয়া ৩ কর্ম্মা বা ১২ পৃষ্ঠায় পরিণত হয়, এবং তখন উহার মূল্যও ‘ডাকমান্ডল সমেত ৮ টাকা’ নির্দ্ধারিত হইয়া থাকে। পত্রিকার পৃষ্ঠপোষক ও পরিচালকগণের মধ্যে অনেকেই নব প্রচারিত ব্রাহ্মধর্ম্মের সমর্থক ছিলেন; কাজেই প্রথমাবধি ঢাকাপ্রকাশে এই ধর্ম্মমত মাঝে মাঝে কুটির উঠিতে দেখা গিয়াছে। চতুর্থ বৎসরের ২২ সংখ্যা পর্য্যন্ত ঢাকাপ্রকাশ ৩কৃষ্ণচন্দ্র মজুমদার মহাশয়ের সম্পাদকতায়ই প্রকাশিত হইয়াছিল।.....

মজুমদার মহাশয় ঢাকাপ্রকাশের কার্যভার ত্যাগ করিলে, তদানীন্তন ঢাকা কলেজিয়েট স্কুলের শিক্ষক এবং পরবর্ত্তী স্কুল ইনস্পেক্টার বাবু দীননাথ সেন [ঢাকা শাখা ব্রাহ্মসমাজের সম্পাদক] উহার পরিচালন-ভার গ্রহণ করেন, এবং ২৩ হইতে ৩৬ সংখ্যা পর্য্যন্ত ঢাকাপ্রকাশ তাঁহার সম্পাদকতায়ই প্রকাশিত হয়; এই কয় সংখ্যায় সেন মহাশয়ের নাম প্রকাশক-রূপে মুদ্রিত আছে। এই ২৩ সংখ্যা হইতে পত্রিকা শুক্লাবারের পরিবর্ত্তে শুক্রবার বাহির হইতে আরম্ভ হয়। ৩৭ সংখ্যায় প্রকাশক-রূপে জগন্নাথ অধিবোধীর নাম মুদ্রিত দেখা যায়; কিন্তু ৩৮ সংখ্যা হইতে ৩গোবিন্দপ্রসাদ রায় পত্রিকার পরিচালনভার গ্রহণ করায়, ৪র্থ বর্ষের বাকী কয় সংখ্যা তাঁহার নামেই প্রকাশিত হইয়াছে। পঞ্চম বর্ষে

বাবু গোবিন্দপ্রসাদ রায় পত্রিকার তত্ত্বাবধায়করূপে পরিচিত হন, এবং প্রিন্টার প্রসন্নকুমার ভৌমিক কর্তৃক পত্রিকা প্রকাশিত হইতে থাকে। এই পঞ্চম বর্ষ হইতেই পত্রিকাপ্রকাশের দিন শুক্রবার পুনরায় পরিবর্তন করিয়া রবিবার করা হয়; সেই হইতে এ পর্যন্ত রবিবারই ঢাকাপ্রকাশ যথারীতি প্রকাশিত হইতেছে।

৫ম বর্ষের কোন্ সময়ে হইতে পত্রিকা-প্রকাশের ভার প্রসন্নকুমার ভৌমিকের উপর পড়ে, 'সংবাদ প্রভাকর' (৩ নবেম্বর ১৮৬৫) হইতে উক্ত নিয়োগ পাঠ করিলে তাহার আভাস পাওয়া যাইবে :—

সোমপ্রকাশের ভার ঢাকাপ্রকাশের সম্পাদকের নাম পরিবর্তিত হইয়াছে। ঢাকাপ্রকাশ এতদিন জীযুক্ত গোবিন্দপ্রসাদ রায়ের দ্বারা প্রকাশিত হইতেছিল, এক্ষণ অবধি প্রসন্নকুমার ভৌমিক কর্তৃক প্রচারিত হইবে এবং শুক্রবারের পরিবর্তে রবিবার প্রকাশের নিয়ম হইয়াছে। আজিকাল সম্পাদকদিগের নাম পরিবর্তন একটি অভ্যাস হইয়া উঠিল। এখন আর সাধ্যপক্ষে কেহ আপনার উপর ষোক রাখিতে চাহেন না। এ উপায় মন্দ নয়।

বঙ্গ হিতার্থিনী (সাপ্তাহিক)। মে ১৮৬১।

১৮৬১ সনের মে মাসে (বৈশাখ ১২৬৮) 'বঙ্গ হিতার্থিনী' পত্রিকা, খুব সম্ভব সাপ্তাহিক, প্রকাশিত হয়। 'সোমপ্রকাশে' (২০ মে ১৮৬১) প্রকাশ :—

বিবিধ সংবাদ।—...বঙ্গ হিতার্থিনী নামে এক ধানি নূতন পত্রিকা প্রচার হইতে আরম্ভ হইয়াছে। ইহার সম্পাদক জীযুক্ত শিবকৃষ্ণ দত্ত।

ভারতবর্ষীয় সম্বাদ পত্র (পাক্ষিক)। মে ১৮৬১।

১২৬৮ সালের জ্যৈষ্ঠ (১৮৬১, মে) মাসে 'ভারতবর্ষীয় সম্বাদপত্র' নামে একখানি পাক্ষিক সমাচার পত্র রত্নাবলীর মর্শ্বানুবাদক তারকচন্দ্র চূড়ামণির সম্পাদনায় প্রকাশিত হয়। ইহা বিনামূল্যে বিতরিত হইত। ১৮৬১ সনের ১লা জুলাই তারিখে 'সোমপ্রকাশ' লেখেন :—

ভারতবর্ষীয় সম্বাদ পত্র নামে একখানি পাক্ষিক সমাচার পত্র প্রচারিত হইতে আরম্ভ হইয়াছে। জীযুক্ত তারকচন্দ্র চূড়ামণি ইহার সম্পাদক। ইহাতে রাজনীতি সংক্রান্ত বিষয় সকল সবিস্তর লিখিত দৃষ্ট হইল। সম্পাদক অত্রত্য কতিপয় প্রেমান ও ধনবান্ লোকের সাহায্য প্রাপ্ত হইয়াছেন। তদ্বারাই ইহার ব্যয় নির্বাহিত হইতেছে। ইহার মূল্যগ্রহণ সীতি করা হয় নাই। সম্পাদক ইহা বিনা মূল্যে বিতরণ করিতেছেন। যে সকল ব্যক্তি সাহায্যদান করিয়াছেন এবং যত টাকা সংগ্রহ হইয়াছে, তাহা আমরা পাঠকগণের গোচর করিবার লক্ষ্যে তারক চূড়ামণির কৃত বিজ্ঞাপন অবিকল গ্রহণ করিলাম।

“বিজ্ঞাপন—নিম্ন লিখিত মহাশয়েরা ভারতবর্ষীয় সংবাদ পত্রে সাহায্য করিয়াছেন—
জীযুক্ত রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাদুর ২৫০। জীযুক্ত রাজা ঈশ্বরচন্দ্র সিংহ বাহাদুর ২৫০।
জীযুক্ত রাজা কালীকৃষ্ণ দেববাহাদুর, জীযুক্ত রাজা কমলকৃষ্ণ দেববাহাদুর ১৫০। জীযুক্ত

কালীপ্রসন্ন সিংহ মহোদয় ৫০০। শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ঠাকুর ১০০। শ্রীযুক্ত অত্মচার্য
শুধ ৫০। শ্রীযুক্ত রমানাথ ঠাকুর ৫০। মোং ১৩৫০। শ্রীভারতচন্দ্র চূড়ামণি সম্পাদক।”...

সম্পাদক যথেষ্ট পরিশ্রম স্বীকারপূর্বক নানাপ্রকার অহুসস্থান করিয়া রাজনীতি সংক্রান্ত
বিষয় সকল সংগ্রহ করিতেছেন। এবিধ বিষয়ের অহুসস্থান এখন নিতান্ত আকর্ষণকর হইয়া
উঠিয়াছে। এতাদৃশ বিষয়ের অহুসস্থান ব্যতিরেকে দেশের শ্রীবৃদ্ধি লাভ সম্ভাবিত নহে।
উক্ত পত্রখানি উত্তম অক্ষরে ও উত্তম কাগজে মুদ্রিত হইতেছে, পাঠ করিয়া পাঠকগণ শ্রীত
হইবেন সন্দেহ নাই। ঞ্চ বিচারকালে আমাদের লেখনী যেমন অগ্রসর হয়, দোষ
বিচারকালে সেরূপ হয় না, দোষ বিচার করিয়া পুতন লেখকের উৎসাহ তদ্রূপ করা
আমাদের অভিপ্রেত নহে। কিন্তু একটি দোষের উল্লেখ না করিয়া মৌনাবলম্বন বিধেয়
হইতেছে না। আমরা উক্ত সম্পাদক ও তাঁহার পাঠকগণের উপকারার্থই সেই দোষোন্মেষ-
রূপ অগ্রিম কার্য স্বীকার করিলাম। উক্ত পত্রের রচনার প্রসঙ্গ গুণের অল্পতা দৃষ্ট হইল।
সম্পাদক তৎসংশোধনে যত্নবান হউন, এই আমাদের আশংসনীয়।

১৮৫৮ সনের নবেম্বর মাসে তারকচন্দ্র চূড়ামণি ‘ভারতবর্ষীয় সমাচারপত্র’ প্রকাশ
করিয়াছিলেন, এ কথা পূর্বেই বলা হইয়াছে।

পরিদর্শক (দৈনিক)। জুলাই ১৮৬১।

১৮৬১ সনের জুলাই (৭) মাসে জগন্মোহন তর্কালঙ্কার ও মদনমোহন গোস্বামীর
সম্পাদকত্বে ‘পরিদর্শক’ নামে একখানি দৈনিক পত্র প্রকাশিত হয়। ইহার আবির্ভাবে
‘সোমপ্রকাশ’ (২২ জুলাই ১৮৬১) লিখিয়াছিলেন :—

পরিদর্শক নামে একখানি দৈনিক পত্র প্রচার হইতে আরম্ভ হইয়াছে। শ্রীযুক্ত
জগন্মোহন তর্কালঙ্কার ও মদনমোহন গোস্বামী এতৎ সম্পাদন ভ্রতে দীক্ষিত হইয়াছেন।
সুতন বলিয়া এক্ষণে আমরা এতদ্বিষয়ে আপনাদের বক্তব্য ব্যক্ত করিতে অভিলাষী নহি।
এখন ইহার প্রশংসা স্থলে আমরা এইমাত্র বলিতে পারি, বিশুদ্ধ বাঙ্গলা ভাষার রীতিক্ষে
ইহার রচনা হইতেছে। এখন এ গুণও পরম দুর্লভ জ্ঞান হয়।

এই দৈনিক পত্রের সমালোচনা-প্রসঙ্গে কালীপ্রসন্ন সিংহ তৎসম্পাদিত ‘বিবিধার্থ-
সঙ্গ্রহে’ (১৭৮৩ শক, আষাঢ়) লেখেন :—

পরিদর্শক।—একখানি যথাবিহিত দৈনিক পত্রের নিমিত্ত আমরা বহু দিবসাবধি ক্ষু
ছিলাম; পরিদর্শক আমাদের সে মনোরথ পূর্ণ করিয়াছে। বর্তমানে বাঙ্গালিসমাজ
পরিদর্শক হইতে যত উপকার লাভে সমর্থ হইবেন, সোমপ্রকাশের প্রকাশ পূর্বে অত্যন্ত
বহুল সংবাদপত্র হইতে তাহা প্রত্যাশা করা যায় নাই। পরিদর্শকের এক বিষয়ে কিঞ্চিৎ
অনটন দেখা যায়। আমরা পরিদর্শক হইতে যত দূর প্রত্যাশা করি, তাহার ক্ষুদ্র কলেবর
সে ভায় সহনে অসমর্থ; তদ্বিমিত্ত আমরা পরিদর্শক-সম্পাদকদ্বিগকে অহুরোধ করি, তাঁহারা
সাধারণের উপকারার্থ কিছু কতি স্বীকার করিয়াও পরিদর্শকের কলেবর বৃদ্ধি করুন।

এই মন্তব্য করিয়াই কালীপ্রসন্ন কান্ত হন নাই; 'পরিদর্শক'র অনটন দূর করিবার জন্ত শেষে তিনিই অগ্রসর হইয়াছিলেন। ১৮৬২ সনের ১৪ই নবেম্বর (১ অগ্রহায়ণ ১২৬৯) হইতে কালীপ্রসন্ন স্বয়ং 'পরিদর্শক' পত্রের সম্পাদন-ভার গ্রহণ করেন, সঙ্গে সঙ্গে পত্রের কলেবরও বৃদ্ধি পাইয়াছিল। মহেঞ্জনাথ চট্টোপাধ্যায়ের 'বঙ্গভাষার ইতিহাস' (পৃ. ৮৬) পাঠে জানা যায়, 'পরিদর্শক'-সম্পাদনে কালীপ্রসন্নের সহকারী ছিলেন—জগন্মোহন তর্কালঙ্কার ও ভুবনচন্দ্র মুখোপাধ্যায়। 'পরিদর্শক'র এই নূতন ব্যবস্থায় আনন্দ প্রকাশ করিয়া 'সোমপ্রকাশ' (২৪ নবেম্বর ১৮৬২) লেখেন :—

পরিদর্শকের সম্পাদক পরিবর্ত ও কলেবর বৃদ্ধি।—এই অগ্রহায়ণ মাসের প্রথম দিনাবধি পরিদর্শকের সম্পাদক পরিবর্ত ও কলেবর বৃদ্ধি হইয়াছে। এ দুটাই আমাদের আনন্দের হেতু হইয়াছে। পরিদর্শক দৈনিক পত্র। পাঠকগণ দৈনিক পত্র দ্বারা বহু বিষয় অবগত হইবার বাসনা করেন। কিন্তু এত দিন উহার যেরূপ ক্ষুদ্র অবয়ব ছিল, তাহাতে তাঁহাদের মনোরথ পূর্ণ হইবার সম্ভাবনা ছিল না। এখন উহার আকার বৃদ্ধি হইয়াছে। এখন জাতব্য অনেক বিষয় উহাতে সমাবেশিত হইবে। দ্বিতীয় আঙ্কলদের বিষয় এই, ক্রীমুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ সম্পাদকতা ভার গ্রহণ করিয়াছেন। বঙ্গভাষার উন্নতি করে তাঁহার সবিশেষ অহুন্নগণ ও যত্ন আছে। তিনি লাভার্থী নহেন। পরিদর্শকের আয়ের ন্যূনতা দর্শন করিলে তিনি যে ভয়োগসাহ হইবেন, সে সম্ভাবনা নাই। বৃহদাকার পত্রের নিত্য কার্য সমাধান স্বভাব্যসাধ্য নয়, জগদীশ্বরের কৃপায় তাঁহার তৎসম্পাদন সামর্থ্যও আছে। আমরা প্রথমাবধি কয়েক ষাণ্ডি পরিদর্শক অভিনিবেশ পূর্বক পাঠ করিলাম। যে যে প্রস্তাব লিখিত হইয়াছে, প্রায় তাহার সমুদয়গুলি অতিশয় হৃদয়গ্রাহী হইয়াছে। সছাড়াবির বিষয়ে আমরা কিছু অপরিভৃষ্ট আছি। এ বিষয়ে সাপ্তাহিক পত্রের ভার পরিদর্শক যে পরোচ্ছিষ্টগ্রাহী হন, ইহা আমাদের অভিপ্রেত নহে।

কয়েক মাস বাইতে-না-বাইতেই কালীপ্রসন্ন 'পরিদর্শক'র প্রচার রহিত করিতে বাধ্য হইয়াছিলেন। ১৮৬৩ সনের ১৬ই ফেব্রুয়ারি 'সোমপ্রকাশ' লেখেন :—

আমরা অতিশয় দুঃখিত হইলাম, পরিদর্শক অকালে দেহ পরিত্যাগ করিয়াছে। বাকলা ভাষায় এক ষাণ্ডি উৎকৃষ্ট দৈনিক সছাধ পত্র নাই। পরিদর্শককে দেখিয়া আমাদের কথকিং এই আশা জন্মিয়াছিল যে ইহা ক্রমে সেই কোড দূর করিতে সমর্থ হইবে, কিন্তু তাহাও উন্নত হইল। সম্পাদক বিরক্ত হইয়া পরিদর্শক উঠাইয়া দিলেন। তিনি বিরোগের যে যে কারণ নির্দেশ করিয়াছেন, গ্রাহকগণের অনাদর উহার অন্ততম বলিয়া উপভুক্ত হইয়াছে। ইংরাজী সমাচার পত্রাদির ভার সমাচার পত্র পাঠের মর্জজ ও তৎপাঠে অহুন্ন লোক বাকলাদিগের মধ্যে আজিও অধিক হন নাই যথার্থ বটে, কিন্তু যদি অহুন্ন কল্পিত করিয়া দেখা যায়, তাঁহাদের ক্ষেত্রে সম্পূর্ণ দোষক্ষেপ কোন ক্রমেই ভারস্বপ্ত বলিয়া প্রতীতমান হয় না। এক্ষণে আমরা দেখিতে পাইতেছি, বাকলাদিগের দিন দিন পাঠ ক্ষুণ্ণ বৃদ্ধি হইতেছে। কিন্তু সেই বুদ্ধির অহুন্নপ তোষ্য লাভ না হওয়াতে তাহার আবার

মান্য হইয়া বাইতেছে। কলতঃ আমাদিগের সংস্কার এইরূপ, সম্পাদকদিগের যথারীতি পত্র সম্পাদন ক্ষমতা বিরহ বাদলা সমাচার পত্রের উন্নতিব সমধিক প্রতিবন্ধকতা করিতেছে। ভাল সামগ্রী প্রস্তুত করিয়া সম্মুখে উপস্থিত করিলে কাহার তাহাতে লোভ না করে? ভাল মন্দ বুঝিতে পারেন, এখন এরূপ অনেক লোক হইয়াছেন। আমরা সম্পাদকের একটা সঙ্কোচ অসুচিত প্রতিজ্ঞা দেখিয়া যার পর নাই ছুঁক হইলাম। তিনি প্রতিজ্ঞা করিয়াছেন, বাদলি সমাজের এরূপ অবস্থা থাকিতে তিনি আর বাদলিদিগের উপকার করিবেন না। তাঁহার সদৃশ দেশহিতৈষী উদারবৃত্তাব ব্যক্তির যদি এরূপ প্রতিজ্ঞা করেন, তবে কাহা হইতে সমাজের অবস্থা সংশোধিত হইবে?

সুধাকর (সাপ্তাহিক...)। ইং ১৮৬১।

১৮৬১ সনের সেপ্টেম্বর মাসের অব্যবহিত পূর্বে ‘সুধাকর’ প্রকাশিত হয়। ১৮৬২, ৬ই জাছুয়ারি তারিখে ‘সোমপ্রকাশ’ এইরূপ মন্তব্য করেন :—

‘সুধাকর’ অত্র অত্র অনেক বাদলা সমাচার পত্রের ছায় কেবল সামান্য বিষয় দ্বারা পরিপূর্ণিত না হইয়া, মহার্ঘ বিষয় সকলকে স্বহৃদয়ে স্থান দান করিতে আরম্ভ করিয়াছেন; জন্মঃ ইহার লিপি-নৈপুণ্যও দৃষ্ট হইতেছে।

‘সুধাকর’ সম্ভবতঃ সাপ্তাহিক পত্র। ইহার পরিচালক—মথুরানাথ তর্কভূষণ। কয়েক বৎসর পরে ইহার প্রচার রহিত হয়।

১ বৈশাখ ১২৭৭ (এপ্রিল ১৮৭০) তারিখে পাক্ষিক আকারে দ্বিতীয় পর্যায়ের ‘সুধাকর’ প্রকাশিত হয়। প্রথম সংখ্যায় মুদ্রিত মথুরানাথ শর্মা “বিজ্ঞাপনে” প্রকাশ :—

এই সুধাকর পত্র ইতিপূর্বে কয়েক বৎসর প্রকাশিত হইয়া গ্রাহকগণের মনোরঞ্জন করিতে সক্ষম করে নাই। পরে আমার অনবকাশপ্রযুক্ত ইহা বন্ধ হইয়া থাকে। অতীত আমার পরম বন্ধু শ্রীযুক্ত বাবু রাধানাথ মিত্র মহোদয়ের সাহায্য ভরণসার পুনর্বার সুধাকর উদ্বিত করিয়া ইহার স্নিগ্ধ ক্রমে গ্রাহকগণের অন্তঃকরণ স্মৃতিভর করিতে উদ্যত হইলাম। এবারে ইহাতে অধিকাংশ পত্র লেখাই আমার উদ্দেশ্য, তজ্জন্ত রাধানাথ বাবুকেই সম্পাদকতা কার্যের ভার দিয়া স্বয়ং সহকারিতা অবলম্বন করিলাম।

পাক্ষিক ‘সুধাকর’ের কর্ত্তে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

তো তো বিচিঞ্জবিষয়ায়ত ছুরিপানপয়ুৎসুকাঃ স্নজনবন্দনমনস্কোমাঃ।

মালং বিবীদত যতোহস্ত তমঃ সনুলমুল্লয়রুদরযেতি সুধাকরোহয়ং।

যেমন কর্ম তেমনি ফল (সাপ্তাহিক ?)। ইং ১৮৬১।

১৮৬১ সনের শেষার্ধ্বে সংস্কৃত কলেজের জনৈক কৃতবিদ্ব জাত্রেয় সম্পাদনায় এই সমাচার-পত্রের উদয় হয়। ‘সোমপ্রকাশ’ (৯ জুন ১৮৬২) প্রকাশ—

বিবিধ সংবাদ।—২৬এ জ্যৈষ্ঠ শনিবার। পাঠকবর্গ এই সোমপ্রকাশেই দেখিয়াছেন 'যেমন কর্ন তেমনি কল' নামে এক খানি জবজ্বল সমাচার পত্র হইয়াছিল। রসরাজের সহিত প্রতিযোগিতা করাই উহার উদ্দেশ্য। উহার গুণ রসরাজের অপেক্ষা মূন নহে। আমরা শুনিলাম রসরাজ সম্পাদকের ভায় উহারও সম্পাদক জীৱনবাসী হইয়াছেন। অবিনয়ের কল ভোগ কে নিবারণ করিবে। আমরা পূর্বে সাবধান করিয়াছিলাম।

শ্রীচৈতন্যকীর্তিকৌমুদী পত্রিকা। ইং ১৮৬১।

১২৬৮ সালে (ইং ১৮৬১) কলুটোলা শ্রীচৈতন্যসভার মুখপত্র-রূপে 'শ্রীচৈতন্যকীর্তিকৌমুদী পত্রিকা' প্রকাশিত হয়। সভার উপদেশক—বৈষ্ণবচরণ দাস পণ্ডিত বাবাজি। পত্রিকার আখ্যাপত্রে এই শ্লোকটি মুদ্রিত আছে :—

ভগবদ্পূণাঙ্গশীলনমথ সঙ্কনসঙ্গমোহং সদ্যুজ্জিতঃ।

এতৎ সর্বং লভতে চৈতন্যসভাপ্রবেশভাগ্যেন।

এই পত্রিকার শেবাংশটি উদ্ধৃত করিতেছি। ইহাতে একদা রামমোহন রায়ের সহিত সংশ্লিষ্ট পণ্ডিত উৎসবানন্দ বিজ্ঞাবাগীশের কিঞ্চিৎ পরিচয় আছে :—

...কেহ মায়াবাদ মোহে বিমূর্ত্তজির বাধা দেয়। কেহ তাহাদের প্রতি ঘেঁষবশে বেদান্তশাস্ত্রের ঘেঁষ করে। বস্তুতঃ বেদান্ত প্রতিপাদিত অবিদিত দেবতাভক্তি যাহা সংশাসকৃৎ চৈতন্যের নিত্যসম্মত তাহা যে পর্যন্ত লোকে অবিদিত থাকে তদবধি মুমতি কোথায়? একারণ ভক্তি শাস্ত্রগণের বেদান্ত সম্মত ব্যাখ্যা প্রচার নিমিত্তে প্রভু শ্রীমুক্ত ৬উৎসবানন্দ বিজ্ঞাবাগীশ মহাশয়ের আবির্ভাব করেন। উক্ত মুনি বেদান্ত সম্মত ভক্তিব্যাখ্যা নিমিত্তে বৈদান্তিক সতামণ্যে (ব্রাহ্মসমাজে) ব্যাখ্যাভূষ পদ গ্রহণ করেন। অপরক বৈষ্ণবগণের হৃৎ প্রকর্ষদারিনী ভক্তিশাস্ত্র সঙ্কিনী সভা লোকে প্রচারিত হটক ইত্যাদিরে সাহসতসভা প্রবন্ধ চিন্তনাদি তপস্তা করেন। সেই মহাত্মার অতুল্য তনয় ঈশ্বরচন্দ্র ভায়রস্ব ভট্টাচার্য মহাশয় বাদিসিংহ হইয়া কুতর্ক বাদিগণের দুর্কীদ সমস্তকে নিজ উদ্ভল বিচার দ্বারা নিরস্ত করেন। শ্রীমুক্ত ৬বিজ্ঞাবাগীশ মহাশয় ভক্তিশাস্ত্র সভার উন্নতি সাধনার্থে তপস্কর্যা করেন তাঁহার পরিচর্যাপরায়ণা পদ্মনারী বিমূর্ত্তজিপরায়ণা স্ত্রী বিভ্রমান ছিলেন। পরে বিমূর্ত্ত জীতি পর্যালোচনা করিয়া সেই বৈষ্ণবী ঠাকুরাণীর বরদেবতা অষ্টাদশ [১৯শ ?] শতাব্দীর পূর্কার্কে আমাকে উৎপন্ন করিলেন। পরে আমাকে ভক্তি শাস্ত্রগণের বেদান্ত অবিকল্প বিমূর্ত্ত ব্যাখ্যান দ্বারা লোক হিত সাধনমোদেষে শিক্ষা প্রদান করেন। সেই মহাপুণ্য ব্যাখ্যান বিষয়ে শ্রীমান্ রসিকলাল শর্মা ও শ্রীমান্ আনন্দচন্দ্র শর্মা ইহাদিগের নিয়োগে তাহা বর্ণনা করিলাম। পরে মহান্ত ভায় অধিকারী আমাকে বিমূর্ত্তস্বী নারী কস্তা বৈষ্ণব বিভাগে প্রদান করেন। বিমূর্ত্তস্ত ব্রাহ্মণেরা বৈষ্ণব পুঞ্জ কামনাতে বৈষ্ণব বিভাগে বৈষ্ণবী স্ত্রী গ্রহণ করিয়া থাকেন। পরে স্বন্যাবনে বৈষ্ণব সভাপাধ্যক-ভোতারাম বাবাজীর প্রেরণাতে উক্ত ব্যাখ্যান বর্ণনা করিলাম। দীলমাবধ হালদার প্রকৃতি মহাত্মা

দ্বিভাগ তদর্থে সম্মান করিয়াছেন। পরে জীমান্ কালীদাস বর, মধুসূদন পাইন, রামসেবক মল্লিক, নরুচ্চন্দ্র শীল প্রভৃতি বণিষ্ঠ-মণ্ডলী আমাকে চৈতন্তচরিত ব্যাখ্যাবিষয়ে তত্ত্বিপূর্বক অধ্যয়ণ করেন অতঃপর সর্ববেদান্ত সম্বন্ধে চৈতন্তচরিত ব্যাখ্যা করণাশয়ে প্রথমত সংক্ষেপ রচনা করিলাম।... (পৃ. ৫৭-৫৮)

গল্পপ্রস্থান। গল্প মাসিক। ইং ১৮৬১ (১)

কেদারনাথ মজুমদার (১৮৬১ সনে প্রকাশিত ১) পূর্ববঙ্গের এই দুইখানি মাসিক পত্রিকা সম্বন্ধে লিখিয়াছেন :—

‘গল্পপ্রস্থান’—ঢাকা হুজুর বালিকা বিদ্যালয়ের শিক্ষক বাবু মহেশচন্দ্র গদ্যোপাধ্যায় এই পত্রিকা খানা বাহির করেন। ইনি ইতঃপূর্বে ‘মনোরঞ্জিকা’ পত্রিকার প্রকাশক ছিলেন। মনোরঞ্জিকা উঠিয়া গেলে গল্পপ্রস্থান বাহির করেন। ইনি মধ্যে বিভাধর দাসের সহিত ‘গল্প মাসিক’ নামেও এক খানা পত্রিকা বাহির করিয়াছিলেন। (‘বাক্সালা সাময়িক সাহিত্য,’ পৃ. ৩৬৭)

শিল্প কল্প লতিকা (মাসিক)। জাহ্নয়ারি ১৮৬২।

১২৬৮ সালের পৌষ (১৮৬২, জাহ্নয়ারি) মাসে এই মাসিক পত্রিকার প্রথম সংখ্যা “কলিকাতা। শাণ্ডারিটোলা নং ১৯ ভবনে, নিউ বেঙ্গল যন্ত্রে মুদ্রিত” হইয়া প্রকাশিত হয়। “শ্রীযুক্ত বাবু উমাচরণ দেব সাহায্যে” অভয়ানন্দ বন্দ্যোপাধ্যায় এই পত্রিকা সম্পাদন করিতেন। প্রথম সংখ্যার “বিজ্ঞাপন”টি উদ্ধৃত করিতেছি; ইহা হইতে পত্রিকার উদ্দেশ্য ও পরিচয়ের সন্ধান পাওয়া যাইবে।

শিল্প কল্প লতিকা। প্রকাশ হইতে আরম্ভ হইল। ইহাতে আমাদিগের অশন, আচ্ছাদন, নিকেতন ও ভ্রমণায়ুজ্ঞান দ্রব্যের উৎপাদনে আবশ্যিক যন্ত্র ও কৌশল; এবং সুখ ও চমৎকারিতা সাধন বহুবিধ সামগ্রী প্রস্তুত করণের প্রথা, এবং তৎসম্পর্কীয় অন্যান্য প্রকরণ, ইংরাজি ভাষায় লিখিত প্রসিদ্ধ প্রসিদ্ধ পুস্তক হইতে সঙ্কলন করিয়া, এবং দেশীয় কারখানায় যে রূপে কৰ্ম্ নিৰ্ব্বাহ হইয়া থাকে তাহা সংগ্রহ করিয়া লেখা যাইবে। যেমন আমরা সাহস করিয়া এই কার্যে প্রবৃত্ত হইয়াছি, এক্ষণে দেশীয় আচ্য, বিজ্ঞানমোদী, ব্যবসায়ী ও সাধারণ ব্যক্তিগণ এতৎ করিয়া উৎসাহ প্রদান করেন, তাহা হইলে সংকল্পিত বিষয়টি অনায়াসে নিৰ্ব্বাহিত হইতে পারে।.....শ্রীঅভয়ানন্দ বন্দ্যোপাধ্যায়। সম্পাদক।

‘শিল্প কল্প লতিকা’ দীর্ঘকাল স্থায়ী হয় নাই।

বিশ্বমনোরঞ্জন (সাপ্তাহিক)। জাহ্নয়ারি ১৮৬২।

১৮৬২ সনের জাহ্নয়ারি মাসে ‘বিশ্বমনোরঞ্জন’ নামে সাপ্তাহিক পত্র আজিমগঞ্জের ধনসিদ্ধ যজ্ঞালয় হইতে প্রকাশিত হয়। পরবর্তী ১৩ই ফেব্রুয়ারি ‘ঢাকাপ্রকাশ’ লিখিয়াছিলেন :—

মুতন পত্রিকা। অজমিন হইল, মুর্শিদাবাদের অন্তর্গত আক্ৰিমগঞ্জে একটী বাংলা মুদ্রাধর স্থাপিত হইয়াছে। বিগত মাঘ মাসাবধি তাহাতে 'বিশ্ব মনোরঞ্জন' নামক একখানি অভিনব সাপ্তাহিক প্রকাশিত হইতেছে। তাহার দ্বিতীয় সংখ্যা আনুমানিক হস্তগত হইয়াছে।

১৮৬৪ সনের প্রথমাবধি পত্রিকাখানি 'ভারতরঞ্জন' নামে প্রকাশিত হইতে থাকে। 'ভারতরঞ্জন'র কঠে এই শ্লোকটি শোভা পাইত :—

ভায়াং পথঃ প্রবিচলন্তি পদং ন বীরাঃ ।

'বিশ্বমনোরঞ্জন' ও 'ভারতরঞ্জন' উভয় পত্রেরই স্বাধিকারী ছিলেন—নবকিশোর সেন।

মঙ্গলোদয় (সাপ্তাহিক) । এপ্রিল ১৮৬২ ।

১৮৬২ সনের এপ্রিল (১২৬২, বৈশাখ) মাসে 'মঙ্গলোদয়' নামে সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। প্রতি মঙ্গলবারে ইহার উদয় হইত। ২৮ এপ্রিল ১৮৬২ তারিখের 'হিন্দু পেট্রিয়মে' প্রকাশ :—

"The Week. Tuesday 22nd April.—We have received the first issue of a Bengally weekly called Mongolodoy.

বউবাজারের ব্রজগোপাল ও নন্দগোপাল মতিলাল 'মঙ্গলোদয়'র প্রকাশক ছিলেন। পত্রিকার শিরোভাগে এই কবিতাটি মুদ্রিত হইত :—

বার্ধস্মাভিনবরা প্রমোদয়ন্তু দর্শয়ন্তু নব নব মহোৎসবং ।

অঞ্জসা একটীতার্ধসকলঃ সন্তু পাত্ত ভবতু মঙ্গলোদয়ঃ ।

শুভকরী (মাসিক) । ১২ মে ১৮৬২ ।

১৭৮১ শকাব্দার ১২এ চৈত্র বালী গ্রামে 'শুভকরী' সভা প্রতিষ্ঠিত হয়। "সুদীর্ঘ প্রবন্ধ রচনা বা স্মৃষ্টি বস্তুতা করা শুভকরীর উদ্দেশ্য নহে—যতদূর সাধ্য দীনজনের হিতসাধন; ব্যাধিগ্ৰস্ত অকর্ণগণ নিরুপায় ব্যক্তি ও অনাথা বিধবাদিগকে যথাসাধ্য সাহায্য প্রদান; ও দরিদ্র বালকদিগের অধ্যয়নার্থ আত্মকূল্য বিধান ইত্যাদি শুভকর কার্যের অহুষ্ঠান করাই শুভকরীর মুখ্য অভিপ্রায়।" দুই বৎসর পরে সভাকর্তৃক 'শুভকরী' নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ইহার সম্পাদক নির্বাচিত হন—উত্তরপাড়া গবর্নেন্ট বাংলা পাঠশালার প্রধান শিক্ষক পণ্ডিত রামসদয় ভট্টাচার্য। 'শুভকরী' পত্রিকা কলিকাতায় মুদ্রিত হইয়া মাসের শেষ তারিখে প্রকাশিত হইত। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—১২ মে ১৮৬২ (৩০ বৈশাখ ১২৬২)। পত্রিকার কঠে—"জ্ঞানাং পরতরো নহি" মুদ্রিত হইত।

'শুভকরী'র ১ম ও ২য় সংখ্যার পত্রিকা প্রচারের উদ্দেশ্য সফল হইয়াছিল।

মঙ্গলময়ী বিজ্ঞান ও সাহিত্য পূর্ণ পত্রিকা সম্ভ্রতি আর প্রকাশিত হইতেছে না ; এবং অচির কাল মধ্যে কোন বিজ্ঞ ব্যক্তি কর্তৃক যে প্রচারিত হইবে, তাহারও সম্ভাবনা দেখি না । আমরা এই অসম্ভাব নিরাকরণ প্রত্যাশায় এই সুমহত্যাপারের অহুষ্ঠানে প্রবৃত্ত হইতেছি । (১ম সংখ্যা)

...কিছুদিন গড় হইল সত্য মহাশয়েরা সভার আর বৃদ্ধি করিবার নিমিত্ত এই এক উপায় উদ্ভাবিত করেন । “শুভকরী নামী একখানি মাসিক পত্রিকা প্রকাশিত হউক এবং উহার মূল্য স্বল্পরূপে যে কিছু অর্থ সংগৃহীত হইবে, সভার উদ্দেশ্য সাধনেই তাহা ব্যয়িত হউক” ।...পত্রিকা প্রচার করণের পূর্বে আমরা এক প্রকার প্রতিজ্ঞা করিয়াছিলাম যে আমাদের পত্রিকাখানি সংবাদপত্র হইবে না ; উহা কেবল ইতিহাস, বিজ্ঞান ও সাহিত্য-পূর্ণ থাকিবে । তদনুসারে বৈশাখ মাসের পত্রিকার কোন প্রকার সংবাদ লিখিত হয় নাই । কিন্তু অতঃপর আর আমরা পূর্নকৃত প্রতিজ্ঞা প্রতিপালনে সমর্থ হইতেছি না ।...আগামী মাস হইতে প্রধানতঃ কতকগুলি সংবাদ আমাদের পত্রিকার এক পৃষ্ঠ অধিকার করিয়া লইবে । (২য় সংখ্যা)

তিন বৎসর চলিবার পর ‘শুভকরী’ বন্ধ হইয়া যায় । সহযোগী ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ (১০ আগস্ট ১৮৬৫) লিখিয়াছিলেন :—“বালীর শুভকরী পত্রিকা উঠিয়া গিয়াছে, বড় দুঃখের বিষয় ।”

চিত্তরঞ্জিকা (মাসিক) । ১৪ মে ১৮৬২ ।

‘চিত্তরঞ্জিকা’ ঢাকার আর একখানি মাসিক পত্রিকা । ইহার প্রথম সংখ্যার প্রকাশ-কাল—১৪ মে ১৮৬২ (১ জ্যৈষ্ঠ ১২৬৯) । ‘চিত্তরঞ্জিকা’ প্রকাশ করেন ঢাকা কলেজের তৎকালীন ছাত্র সারদাকান্ত সেন । অনেকে বলেন, কবি হরিশ্চন্দ্র মিত্র ইহার সম্পাদক ছিলেন । ‘চিত্তরঞ্জিকা’র প্রথম সংখ্যায় প্রকাশিত বিজ্ঞাপনটি নিয়ে উদ্ভূত হইল ; ইহা পাঠে পত্রিকা প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

সম্ভ্রতি মাসিক প্রত্যেকর ব্যতীত সম্ভাব ও রসপূর্ণ পত্রময়ী পত্রিকা আর দেখা যায় না । বোধ হয় তন্নিবন্ধন কাব্যপ্রিয় মহোদয়গণ কবিতা-কুসুমের সৌরভ সম্বোধে বঞ্চিত হওন প্রযুক্ত সর্বদাই কোভপ্রভ থাকেন । আমরা সাধ্যানুসারে সেই কোভ অপনয়নার্থ এই পত্রিকাখণ্ড প্রকাশ করিলাম । নূতন কবিতা প্রকাশ করাই আমাদের মুখ্য উদ্দেশ্য । কিন্তু সকল কবিতাই যে আমাদের স্বকপোলকল্পিত হইবে, এমত নহে । বিবিধ ভাষা হইতে সম্ভাবপূর্ণ কবিতা কলাপের অহুবাদ অথবা তাহাদের সারমর্মও প্রকাশিত হইবে । পরন্তু সাধারণের স্পৃহা একপ্রকার নহে । ক্রমাবচ্ছিন্ন কবিতা পাঠে কেহ কেহ বিরক্তি প্রকাশ করিতে পারেন, এই আশঙ্কায় গঁড় রচনার এবং অহুবাদেও কাত্ত থাকিব না । অপিত্ত মানা এম হইতে গড় পত্র রচনার নিয়মাবলী সকলন করিয়া সময়ে সময়ে প্রকাশ করিতে প্রয়াস পাইব ।...সম্ভ্রতি এই পত্রিকার আরতন কবিতাকুসুমাবলীর ভার ৮ পেজি দুই করমা করা

.সেল, তথাপি ইহার মূল্য তদনুসারে ন্যূন নির্দ্ধারিত হইল। স্থানীয় গ্রাহকগণের প্রতি এক টাকা চারি আনা ও বিদেশীয় গ্রাহকগণের প্রতি ডাক মাসুল সমেত দুই টাকা মাত্র।
(‘ঢাকা রিভিউ ও সন্মিলন’, তাজ-আবিন ১৩২৮ দ্রষ্টব্য)

বন্দোজ্জল (সাপ্তাহিক)। জুন ১৮৬২।

১৮৬২ সনের জুন (৭) মাসে ‘বন্দোজ্জল’ নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়।
‘সোমপ্রকাশে’ (৩০ জুন ১৮৬২) প্রকাশ :—

বিবিধ সংবাদ।—১১ই আষাঢ় ১২৬৯, মঙ্গলবার। আমরা বন্দোজ্জল নামক একখানি সাপ্তাহিক পত্র পাইতেছি। এক্ষণে ইহার দোষ গুণ বলিতে আমাদিগের ইচ্ছা নাই। আপাততঃ আমরা এই মাত্র কহিতে পারি ইহাতে যে রাশি রাশি পত্র প্রচারিত হইয়া থাকে, তাহা পরিত্যাগ করিয়া সম্পাদক যদি সামাজিক ও রাজ্যসংক্রান্ত বিষয়ক প্রস্তাব লিখনে মনোনিবেশ করেন সমধিক কৃতার্থতা লাভ করিতে পারেন।

অমাবস্তা (মাসিক)। জুন ১৮৬২।

‘অমাবস্তা’ নামে একখানি মাসিক পত্রিকা ১৮৬২ সনের জুন (৭) মাসে প্রকাশিত হয়।
‘সোমপ্রকাশে’ (৭ জুলাই ১৮৬২) প্রকাশ :—

বিবিধ সংবাদ।—২২এ আষাঢ় শনিবার।—আমরা অমাবস্তা নামে একখানি মাসিক পত্রিকা প্রাপ্ত হইয়াছি। ইহার মূল্য দুই পয়সা মাত্র। অমাবস্তা জগৎকে যেমন আলোকময় করে, ইহা কি সেইরূপ করিবে।

ঢাকাবার্তা প্রকাশিকা (সাপ্তাহিক)। জুন ১৮৬২।

১৮৬২ সনের জুন মাসে ‘ঢাকাবার্তা প্রকাশিকা’ নামে সাপ্তাহিক পত্র ঢাকা হইতে প্রকাশিত হয়। ‘সোমপ্রকাশে’ (৩০ জুন ১৮৬২) প্রকাশ :—

ঢাকাবার্তা প্রকাশিকা। ইহা ঢাকার প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। ত্রিযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিক ইহার সম্পাদন কার্যে লতী হইয়াছেন।

‘ঢাকাবার্তা প্রকাশিকা’র পরমাত্ম এক বৎসর। ১৮৬৩ সনের ২রা জুলাই ‘ঢাকাপ্রকাশ’ লিখিয়াছিলেন যে, “গত দুই সপ্তাহ হইতে” ‘ঢাকাবার্তা প্রকাশিকা’র প্রচার বন্ধ হইয়াছে।

অবকাশরঞ্জিকা (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬২।

১৮৬২ সনের সেপ্টেম্বর (৭) মাসে ঢাকা হইতে হরিশ্চন্দ্র মিত্রের সম্পাদকত্বে ‘অবকাশ-রঞ্জিকা’ নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। পত্রিকাখানি সম্বন্ধে ‘সোমপ্রকাশ’ ২২ সেপ্টেম্বর ১৮৬২ তারিখে লেখেন :—

অবকাশরঞ্জিকা। এ ষানি মাসিক পত্রিকা। ত্রীযুক্ত বাবু হরিন্দ্র মিত্র ইহার সম্পাদক। ঢাকা নূতন যন্ত্রে মুদ্রিত ও প্রচারিত হইতেছে। মূল্য ১০ আনা। উক্ত পত্রিকার ভূমিকার এক স্থলে লিখিত হইয়াছে, “নানা রসাত্মক পভময় কাব্য, বিবিধ বিষয়িণী কবিতামালা, তথা দেশীয় কুপ্রথার উচ্ছেদক নাটক, প্রহসন প্রভৃতি প্রচার দ্বারা পাঠকগণের অবকাশকাল রঞ্জন করাই অবকাশরঞ্জিকার একমাত্র উদ্দেশ্য।” অবকাশরঞ্জিকার প্রথম সংখ্যা দর্শন করিয়াই আমাদের বিলক্ষণ হৃদয়দম হইল, সম্পাদক যদি শিথিলপ্রবৃত্ত ও উপেক্ষমাণ না হন কৃতকার্য হইতে পারিবেন। অবকাশরঞ্জিকা কেবল নামতঃ নয়, অর্থতও লোকের অবকাশরঞ্জিকা হইবে সন্দেহ নাই।...

অমৃতপ্রবাহিণী (পাক্ষিক)। ডিসেম্বর ১৮৬২।

‘অমৃতপ্রবাহিণী’ যশোহর হইতে প্রকাশিত একখানি পাক্ষিক পত্রিকা। ১৮৬২ সনের ডিসেম্বর মাসে ইহা প্রথম প্রকাশিত হয় বলিয়া মনে হইতেছে। ইহার সমালোচনা প্রসঙ্গে ‘সোমপ্রকাশ’ (১২ জাম্ময়ারি ১৮৬৩) লেখেন :—

অমৃতপ্রবাহিণী।—এখানি পাক্ষিক পত্রিকা। ইহাতে বিজ্ঞানাদি ষটটি বিবিধ বিষয় লিখিত হইতেছে। লেখা মন্দ হইতেছে না। আমরা বিলক্ষণ অন্তর কবিতা দেখিতেছি, এখন এ সকল বিষয়ে ভাল লোকে হস্তক্ষেপ করিতেছেন। অমৃতপ্রবাহিণী যশোহরে হইতেছে। ইহাও এদেশের একটি শুভ লক্ষণ বলিতে হইবে। এত দিন মফস্বলে ঈদৃশ বিষয় সকলের অমৃষ্টান সম্ভাবনা ছিল না।

‘অমৃতপ্রবাহিণী’র সম্পাদক ছিলেন—বসন্তকুমার ঘোষ, স্বনামধন্য শিশিরকুমার ঘোষের অগ্রজ। মৃগালকান্তি ঘোষ ‘অমৃতপ্রবাহিণী’র জন্মকথা এইরূপ বর্ণনা করিয়াছেন :—

শিশিরকুমার.....কালকাতায়...গিয়া কয়েক দিনের চেষ্টায় একটি কাঠনির্মিত প্রেস সরঞ্জামসহ অতি সস্তায় হস্তগত করিলেন।...তাহার পর ছাপাখানার সরঞ্জামসহ শিশিরকুমার নৌকাযোগে বাগীতে আসিলেন।...গ্রাম্য স্ত্রীধরের সাহায্যে কাঠের প্রেসটি মেরামত করিয়া ষাটান হইল।...প্রথমেই সাহিত্য, বিজ্ঞান, শিল্প, কৃষি বিষয়ক একখানি পাক্ষিক পত্রিকা প্রকাশিত হইল। ইহার নাম দিলেন ‘অমৃতপ্রবাহিণী পত্রিকা’, আর সম্পাদকীয় ভার লইলেন বসন্তকুমার নিজে। ইচ্ছা থাকিল ক্রমে রাজনীতি সম্বন্ধে একখানি সাপ্তাহিক পত্রিকা বাহির করিবেন। কিছুকাল ‘অমৃতপ্রবাহিণী’ নিয়মমত বাহির হইবার পর বসন্তকুমার অত্যন্ত পীড়িত হইয়া পড়িলেন। তাঁহাকে লইয়া সকলে বিশেষ ব্যস্ত থাকায় কাগজ বন্ধ রাখিতে হইল।...১২৭৩ সালের ১২ই চৈত্র বসন্তকুমার পরলোকগত হইলেন। (‘পঞ্চপুন্দ্র,’ আশ্বিন ১৩৩৭)

সংবাদ ভারতবন্ধু (সাপ্তাহিক)। জাম্ময়ারি ১৮৬৩।

১৮৬৩ সনের জাম্ময়ারি মাসে (১২৬২, মাঘ) মূর্শিদাবাদ হইতে ‘সংবাদ ভারতবন্ধু’ নামে সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশিত হয়। ‘সোমপ্রকাশে’ (২ ফেব্রুয়ারি ১৮৬৩) প্রকাশ :—

বিবিধ সংবাদ ।...১৭ই মাঘ বৃহস্পতিবার ।...আমরা ভারত বন্ধু নামক একখানি নূতন সংবাদ পত্রের কয়েক সংখ্যা প্রাপ্ত হইয়াছি। ইহা বিশ্বমনোরঞ্জন যজ্ঞে মুরসিদাবাদে [আক্ষিগঞ্জ] মুদ্রিত হইতেছে। পত্রখানি চিরজীবী হইয়া ভারতের বন্ধুতা করেন, এই আশাধিগেয় প্রার্থনা।

আম্বুর্বেদ পত্রিকা (সাপ্তাহিক)। জাহুয়ারি ১৮৬৩।

১৮৬৩ সনের জাহুয়ারি মাস হইতে হাবড়ার সিবিলা সার্জন ডাঃ রবার্ট বার্ভের সাহায্যে 'আম্বুর্বেদ পত্রিকা' নামে সাপ্তাহিক পত্র প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন— বংশবাটী-নিবাসী ঘারকানাথ দাস। "মহুশ্যদেহের কি ভাব, দেহমধ্যে কিরূপে রোগ প্রবেশ করে, সেই রোগ হইতেই বা কি প্রকারে পরিত্রাণ পাওয়া যায়, তাহার উপায় এবং নানাবিধ বিধান প্রভৃতির বিবরণ স্পষ্টরূপে প্রকাশিত করাই এই পত্রিকার উদ্দেশ্য। ইহার মাসিক মূল্য ১০ অগ্রিম বার্ষিক ৫।" ইহার সমালোচনা-প্রসঙ্গে 'সোমপ্রকাশ' (১২ জাহুয়ারি ১৮৬৩) লিখিয়াছিলেন :—

আম্বুর্বেদ পত্রিকা। ইহা পাঠ করিয়া আমরা হুগী কারণে আশ্চর্য হইলাম। এক, এরূপ পত্রিকা বাদলা ভাষায় এই নূতন প্রচারিত হইতেছে, এতদ্বারা মহোপকার লাভ সম্ভাবনা আছে। দ্বিতীয়, ইহা অতি সহজ ভাষায় ও সহজ রীতিতে লিখিত হইতেছে। ত্রিতীয় বাবু ঘারকানাথ দাস ইহার সম্পাদকতা ভার গ্রহণ করিয়াছেন।

রহস্য-সন্দর্ভ (মাসিক)। জাহুয়ারি ১৮৬৩।

'বিবিধার্থ-সঙ্গ্রহ'র অভাব পূরণার্থ, কলিকাতা-মুল্লবুক-সোসাইটি ও ভার্গাকিউলার লিটারেচার সোসাইটির আম্বুকুল্যে 'রহস্য-সন্দর্ভ' নামে একখানি সচিত্র মাসিক পত্র ১৮৬৩ সনের ফেব্রুয়ারি মাসে ("১ পর্ব ১ খণ্ড মাঘ; সংবৎ ১৯১৯") প্রকাশিত হয়। ইহার প্রথম সম্পাদক রাজেশ্রলাল মিত্র। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সঙ্ক্ষে প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হয় :—

...অভিনব পত্রের অভিপ্রায় কি তাহার কিয়দংশ ইহার নামধারাই অসুত্ব হইবে।

অবিকল্প এই মাত্র বক্তব্য যে পূর্বে 'বিবিধার্থ-সঙ্গ্রহ' নামক মাসিক পত্র যে উদ্দেশ্যে বহল পাঠকস্বল্পের মনোরঞ্জন করিত ইহাও সেই অভিপ্রায়ে প্রতিষ্ঠিত এবং তাহারই পদাঙ্কানু-সরণার্থে সঙ্ঘটিত হইয়াছে; কলে উক্ত পত্রের খণিগণাগণ্য সম্পাদক মহোদয় কোন অল্পমোদে তাহার রহিত করিতে তাহার স্থানীভূত করিতেই এই পত্রের বিকাশ হইল— তাহার রহিত না হইলে ইহার অস্থান হইত না। এইরূপ পত্র সম্ভ্রতি আর প্রচলিত নাই; অথচ এতাদৃশ কেবলমাত্র-বিভাগ্যমণি সাময়িক পত্র যে জনসমাজের হিতকর ও আনন্দপ্রাপক বটে তাহা বিবিধার্থ-সঙ্গ্রহের নিরুসঙ্গতায় নিশ্চয় বোধ হইতেছে। পুনরায় উক্ত আলোচনা, প্রসিদ্ধ যথাস্থানে উপাখ্যান, প্রাচীন তীর্থাদির বৃত্তান্ত, বর্তমানিক রহস্য-ব্যাপার ও

কীবসংস্থার বিবরণ, ষাণ্মাসিক-ব্রহ্মোৎসব, বাণিজ্য-ব্রহ্মোৎসব উৎসাহন, নীতি-গর্ভ উপস্থান, রহস্যব্যাঙ্গক আখ্যান, নূতন গ্রন্থের সমালোচন, প্রকৃতি নানাবিধ বিষয়ের আলোচনার উক্ত পত্র অতি অল্পকালে সখ্যাতিরিক্ত ব্যক্তির প্রেমাস্পদ হইয়াছিল; এই মাসিক পত্র তদন্তকরণদ্বারা তাহার পুরস্কার প্রার্থনা করে। মধ্যে মধ্যে স্বষ্টির সমালোচনে সহৃদয়মাত্রের অহুমোদন আছে—সকলেই তাহার আখ্যান শ্রবণে পরিতৃপ্ত হইয়া থাকেন; অতএব তাঁহাদিগের নিকট এই সন্দর্ভ সমাদৃত হইতে পারে। অপর মহুশ্য মাত্রেরই—বিশেষতঃ পারস্ত আরব তুরক হিন্দুপ্রকৃতি জাতীয়দিগের—আখ্যানিকা শ্রবণে বিশেষ অহুসাগ আছে; সেই আখ্যানিকাচ্ছলে ছুত প্রেত নাগর নাগরিকার অলীক বাক্যে কাল হরণ না করিয়া স্বষ্টির সমালোচনে স্বষ্টিহইতে প্রকৃতি মন আকর্ষিত হইয়া পরমার্শ সিদ্ধ হইতে পারে, তাহার অহুমোদন-তৎপন্ন বলিয়াও এই পত্রের সার্থকতা সিদ্ধ হইবার সম্ভাবনা। অধিকন্তু চিত্রপট যে মনের সংস্কারক তাহা নব্য তত্ত্বাহুসন্ধারিরা স্থির করিয়াছেন; অতএব সময়ে সময়ে উত্তম চিত্রদ্বারা চিত্তাহুরঞ্জন করাও ইহার উদ্দেশ্য; তদর্পে এই পত্রের প্রয়োচক বঙ্গাহুসন্ধারক সমাজের আদেশে বহু শত ছবি বিলাত হইতে আনীত হইয়াছে, তাহার প্রকাশে বোধ হয় অনেকই পরিতৃপ্ত হইবেন।

‘রহস্য-সন্দর্ভ’-সম্পাদনেও রাজেশ্বরলাল মিত্র বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়াছিলেন। তিনি শারীরিক অসুস্থতাবশতঃ পঞ্চম পর্বের ‘রহস্য-সন্দর্ভ’ নিয়মিত ভাবে প্রকাশ করিতে পারেন নাই; ৬ষ্ঠ পর্বের প্রথম সংখ্যায় (৬১ খণ্ড) এই সম্পাদকীয় নিবেদনটি মুদ্রিত হয় :—

সূচিকা।—...রহস্য-সন্দর্ভের শেষ দ্বাদশ খণ্ড এক-বৎসরকাল-মধ্যে প্রকাশিত না হইয়া তদধিক দীর্ঘকালে পাঠকমহোদয়ের হস্তে উপনীত হইয়াছে, এবং তাহার প্রকটন সময়েরও বিশেষ অনিয়ম ঘটয়াছে। এই ত্রুটি আমরা পূর্বাধি জ্ঞাত আছি; কিন্তু ভয়ানক পীড়ায় আক্রান্ত হইয়া দীর্ঘকাল শয্যাগত থাকায় আমরা এপর্যন্ত তাহার কোন প্রতীকার করিতে পারি নাই।...পরন্তু এরূপ ঘটনা সাময়িক পত্রের বিশেষ প্রতিদ্বন্দ্বী; ইহাতে অভ্যুৎকৃষ্ট পত্রেরও বিশেষ হানি ঘটনা থাকে; এবং তাহার নিবারণার্থ আমরা সম্ভ্রতি এক জন সুপণ্ডিত প্রবীণ পারদর্শী আত্মীয়ের সাহায্য গ্রহণ করিয়াছি। তিনি বহুকাল সাময়িক পত্রে অনেকের মনোরঞ্জন করিয়াছেন, এবং রহস্য-সন্দর্ভের অভিধেয়ও বিলক্ষণ জ্ঞাত আছেন। তাঁহার সুপ্রস্ন লেখনী নিঃসৃত সন্দর্ভ-কলাপে সহৃদয় মহোদয়দিগের আনন্দ সর্বাধিক হইবেক ইহা আমরা নিশ্চয় জ্ঞাত আছি, এবং প্রকুলচিত্তে তাঁহাকে রহস্যাহুসন্ধারিদিগের পরিচিত করিতেছি। এতৎপত্রের অবিকাংশই তাঁহাদ্বারা রচিত, এবং ভবিষ্যতে তাহাতে এই সন্দর্ভ নিয়মিত সময়ে পাঠকদিগের মানস পরিতৃপ্ত করে তাহাতে তিনি সর্কতোভাবে অহুরক্ত থাকিবেন। এতৎ প্রস্তাবলেখক পূর্বে সপ্ত-বৎসর-মাবৎ ‘বিবিধার্থ সঙ্গ্রহ’ ও পরে ‘রহস্য-সন্দর্ভের’ পাঁচ পর্ব নির্বাহ করিয়াছেন। তৎসাধনে বার্ককোর সহিত কিকিং শৈথিল্যের সম্ভব অবশ্য মানিতে হইবে।...

কিন্তু ৬ষ্ঠ পর্বের ৬ষ্ঠ সংখ্যার (৬৬ খণ্ড) সহিত যোজিত একটি স্বতন্ত্র “বিজ্ঞাপনে” রাজেন্দ্রলাল জানাইতে বাধ্য হইলেন যে—

সম্পাদকের অবকাশাত্মপ্রযুক্ত এই পত্রের এই খণ্ড অবধি সমাপ্ত হইল। এতৎ সম্বন্ধে কাহার কিছু প্রাপ্য থাকিলে প্রার্থনামাত্র সম্পাদক তাহা পরিশোধিত করিবেন।

রাজেন্দ্রলালের পর প্রাণনাথ দত্ত ‘রহস্য-সন্দর্ভে’র পরিচালন-ভার গ্রহণ করেন। তিনি ১২৭৮ সালে দুই সংখ্যা (৬৭-৬৮ খণ্ড) এবং ১২৭৯ সালে দশ সংখ্যা (৬৯-৭৮ খণ্ড) প্রকাশ করিয়া সপ্তম পর্ব শেষ করেন। ১২৮০ সালের বৈশাখ মাসে ‘রহস্য-সন্দর্ভে’র “নবপর্বাবলী” বাহির হয়; ইহা এক বৎসর চলিয়াছিল। ‘রহস্য-সন্দর্ভে’র বিভিন্ন পর্বগুলির প্রকাশকাল এইরূপ :—

১ম পর্ব	মাঘ, ১২১৯ সংবৎ	তে পৌষ, ১২২০ সংবৎ,	১—১২ খণ্ড
২য় পর্ব	বৈশাখ, ১২২১ ”	চৈত্র, ১২২১ ”	১৩—২৪ ”
৩য় পর্ব	বৈশাখ, ১২২২ ”	চৈত্র, ১২২২ ”	২৫—৩৬ ”
৪র্থ পর্ব	বৈশাখ, ১২২৩ ”	চৈত্র, ১২২৩ ”	৩৭—৪৮ ”
৫ম পর্ব	বৈশাখ, ১২২৭ ”	চৈত্র, ১২২৭ ”	৪৯—৬০ ”
৬ষ্ঠ পর্ব	বৈশাখ, ১২২৮ ”	আশ্বিন, ১২২৮ ”	৬১—৬৬ ”
৭ম পর্ব	চৈত্র, ১২৭৮ সাল	ফাল্গুন, ১২৭৯ সাল	৬৭—৭৮ ”
নব-পর্বাবলী	বৈশাখ, ১২৮০ ”	চৈত্র, ১২৮০ ”	১—১২ ”

গ্রামবার্তাপ্রকাশিকা (মাসিক...) এপ্রিল ১৮৬৩।

১৮৬৩ সনের এপ্রিল (১২৭০, বৈশাখ) মাসে কুমারখালী বাংলা পাঠশালার প্রধান শিক্ষক হরিনাথ মজুমদার (কাঙ্গাল হরিনাথ) ‘গ্রামবার্তাপ্রকাশিকা’ নামে একখানি মাসিক সমাচার পত্রিকা প্রকাশ করেন। ইহার প্রথম সংখ্যা পাঠ করিয়া ‘সোমপ্রকাশ’ (১ জুন ১৮৬৩) লিখিয়াছিলেন :—

গ্রামবার্তা প্রকাশিকা। ইহা অভিনব মাসিক সমাচার পত্রিকা। গত বৈশাখ মাস অবধি কলিকাতা অপর সর্কটুলার রোড বাহির য়ুগপুত্রের ত্রীযুক্ত গিরিশচন্দ্র বিচারক্সের বিচারক্স যন্ত্র হইতে প্রচারিত হইতেছে। কুমারখালী নিবাসী ত্রীযুক্ত বাবু হরিনাথ মজুমদার ইহার সম্পাদক। গ্রামের যুগান্তাধি বাহুল্যরূপে ইহাতে লিখিত হইবে। আমরা ইহার প্রথম সংখ্যা প্রাপ্ত হইয়াছি। পাঠ করিয়া দেখা গেল লেখা মন্দ হইতেছে না। ইহাতে গভ ও পভ আছে। সম্পাদক যদি পরিশ্রম করিয়া লেখেন, তাহা হইলে ইহার উন্নতি হইতে পারে। ইহার মাসিক মূল্য পাঁচ আনা, বার্ষিক ৩ টাকা।

গিরিশচন্দ্র বিচারক্স-রচিত এই প্লোকটি ‘গ্রামবার্তাপ্রকাশিকা’র কণ্ঠে শোভা পাইত :—

শুণালোকপ্রদা হোক-প্রদোষ-ধ্বংস-চক্রিকা।

রাজতে পত্রিকা নাম গ্রামবার্তাপ্রকাশিকা।

হরিনাথ তাঁহার অপ্ৰকাশিত দিনলিপিতে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সহজে যাহা লিখিয়া গিয়াছেন, নিম্নে তাহা উদ্ধৃত করিতেছি :—

আমি শুনিলাম, বাদশা সৎবাদপত্রের অস্বাভাবিক করিয়া গবর্ণমেন্ট তাহার মৰ্ণ অবগত হইতে সক্ষম করিয়াছেন, তন্নিমিত্ত একটী কার্যালয়ও স্থাপিত হইবে। ‘ঘরে নাই এক কড়া, তবু নাচে গায় পড়া’। আমার ইচ্ছা হইল, এই সময় একখানি সৎবাদপত্র প্রচার করিয়া, গ্রামবাসী প্রজারা যে যে ভাবে অত্যাচারিত হইতেছে, তাহা গবর্ণমেন্টের কর্ণগত করিলে, অবশ্যই তাহার প্রতিকার এবং তাহাদিগের নানা প্রকার উপকার সাধিত হইবে, সন্দেহ নাই। গ্রাম ও গ্রামবাসী প্রজার অবস্থা প্রকাশ করিবে বলিয়া পত্রিকার নাম ‘গ্রামবার্তা-প্রকাশিকা’ রাখিয়া ‘গিরিশচন্দ্রের’ কর্তা গিরিশচন্দ্র বিহারত্ন মহাশয়কে একটী শিরোনামে লিখিয়া অর্থাৎ হেডিং আর একটী শ্লোক প্রস্তুত করিতে প্রতিক্রমিত করাইলাম।

মাসিক ‘গ্রামবার্তা’র সর্বসমেত :৯শ ভাগ প্রকাশিত হইয়াছিল। ইহার “১২ ভাগ—১ম সংখ্যা” প্রকাশিত হয় ১২৮১ সালের বৈশাখ মাসে, কিন্তু “১৩ ভাগ—১ম সংখ্যা”র প্রকাশ-কাল—আশ্বিন ১২৮২। শেবোক্ত সংখ্যায় সম্পাদক এই কৈফিয়ৎ দিয়াছেন :—

গত বৎসর নানা বিপদে বিপন্ন হইয়া গ্রামবার্তা মৃত্যু-শয্যায় শয়ন করে। তাহার তাদৃশী অবস্থাবলোকনে অনেক গ্রাহক নিঃস্ব হইয়া তাহাকে পরিত্যাগ করেন এবং অনেক দাতা তাহার নাম পর্যন্ত ভুলিয়া যান। কেবল দীনপালিনী ত্রীমতী মহারাজী স্বর্ণময়ী মহোদয়ার সাহায্যদানের উপর নির্ভর করিয়া, সে জীবন রক্ষা করিয়াছে। অল্পখা এত দিন তাহার চিহ্ন পর্যন্ত থাকিত না। আমরা নানা কারণে আশ্বিন মাস হইতে মাসিক গ্রামবার্তার নূতন বৎসর আরম্ভ করিলাম।

এই ভাবে পত্রিকা দুই বৎসর চলিবার পর পুনরায় বৈশাখ হইতে বর্ষ গণনা করা হয়। ‘গ্রামবার্তা’র বয়স ঊনবিংশ বৎসর পূর্ণ হয় ১২৮৮ সালের চৈত্র মাসে। চৈত্র-সংখ্যায় সম্পাদক এই বিদায়-বাণী প্রচার করেন :—

গ্রাহকগণ ! অসুখে প্রকাশে আমাদের মাসিক গ্রামবার্তার প্রাপ্য মূল্যগুলি সহজে প্রেরণ করিয়া আমাদেরকে ঋণজাল হইতে মুক্ত করিবেন। মাসিক গ্রামবার্তা যে এই হইতে বন্ধ হইল, ইহার কারণ গ্রাহকদিগকে পূর্বেই জ্ঞাত করা হইয়াছে। সুতরাং এক্ষণে সে বিষয়ের পুনরুল্লেখ করিতে আর ইচ্ছা করি না। তবে গ্রাহকগণ রীতিমত সময়ে গ্রামবার্তার দেয় মূল্য না দেওয়াই যে ইহা বন্ধ হইবার প্রধান কারণ, তাহা, বোধ হয়, কাহাকেও বুঝাইয়া দিতে হইবে না।

১২৭৬ সালের বৈশাখ (১৮৬৯, এপ্রিল) মাস হইতে ‘গ্রামবার্তাপ্রকাশিকা’র একটী স্বতন্ত্র পাক্ষিক সংস্করণ প্রকাশিত হইয়াছিল। এই প্রসঙ্গে ‘সৎবাদ প্রভাকর’ (১১ মে ১৮৬৯) লেখেন :—

আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম, কুমারখালীর 'গ্রামবার্তা' প্রকাশিকা দ্বিতীয় মাসিক পত্রিকাখানি পাক্ষিক হইয়াছে। এতৎ পত্রিকা সম্পাদক শ্রীমুত হরিনাথ মজুমদার স্বদেশের হিত সাধনে উৎসাহিত হইয়া অনেক ধনবানের শরণ লইয়াছিলেন।

১২৭৭ সালের বৈশাখ মাস হইতে পাক্ষিক 'গ্রামবার্তা'প্রকাশিকা' সাপ্তাহিকে পরিণত হয়।* সাপ্তাহিক 'গ্রামবার্তা' কিছু দিন পরিচালনা করিয়া কাকাল হরিনাথ ঋণগ্রস্ত হন। তিনি শেষে উহার প্রচার রহিত করিবার সঙ্কল্প করেন। কিন্তু সহৃদয় বন্ধুবর্গের আত্মকুল্যে সে-যাত্রা পত্রিকাখানি রক্ষা পায়। এই প্রসঙ্গে ১৭ এপ্রিল ১৮৭৩ (৬ বৈশাখ ১২৮০) তারিখের 'অমৃত বাজার পত্রিকা' হইতে দুইটি সংবাদ উদ্ধৃত করিতেছি :—

আমরা গত সংখ্যক 'গ্রামবার্তা' পত্রিকা পাঠ করিয়া অত্যন্ত চুঃখিত হইয়াছিলাম। 'গ্রামবার্তা'র সম্পাদক আজ কয়েক বৎসর শারীরিক, মানসিক ও বৈষয়িক নানা কষ্ট স্বীকার পূর্বক এই পত্রিকা খানি চালান। ক্রমে ঋণগ্রস্ত হন এবং আপাততঃ তিনি ঋণভারে এরূপ ভারাক্রান্ত হইয়া পড়েন যে, কাগজখানি বন্ধ করার সংকল্প করেন এবং গত পত্রিকায় সেই রূপ প্রকাশ করেন। কিন্তু এলা বৈশাখে তিনি পত্রিকা সম্বন্ধে নিজ গৃহে একটি উৎসব করিয়া থাকেন। এবার সেই উপলক্ষে তাঁহার আত্মীয় বন্ধু বান্ধবের নিকট পত্রিকা রহিত করিবার প্রস্তাব করার তাঁহার অত্যন্ত চুঃখিত হন এবং একটি টাকা করিয়া পত্রিকা খানি আপাতত রাখিয়াছেন। 'গ্রামবার্তা'র সম্পাদক কুমারখালীতে একটি যন্ত্রালয় [স্থাপনের] উদ্যোগ করিতেছেন।...

কুমারখালি—প্রতিবাদ।...গত কল্যাণ 'গ্রামবার্তা' প্রকাশিকার সাংস্কৃতিক উৎসব হইয়া গিয়াছে। সাপ্তাহিক কাগজ বন্ধ হইবার কথা হইয়াছিল, কিন্তু একজন বনাচ্য ব্যক্তি তাহার সমস্ত ব্যয় চালাইতে স্বীকার করার সকল সত্য্যগণে সেই ভার কুলাইতে স্বীকৃত হইয়াছেন। ...কেষাক্ষিণ কুমারখালীবাসিনাম্।

১২৮০ সালের প্রারম্ভে কাকাল হরিনাথ কুমারখালীতে মথুরানাথ-যজ্ঞ স্থাপন করেন। ১৭ শ্রাবণ ১২৮০ তারিখের 'অমৃত বাজার পত্রিকা'র প্রকাশ :—

সংবাদ।—...আমরা শুনিয়া আনন্দিত হইলাম যে, কুমারখালীতে একটি মুদ্রাযন্ত্র স্থাপিত হইয়াছে এবং তদ্রূপ স্থানীয় সন্থাপক 'গ্রামবার্তা' প্রকাশিকা উক্ত যন্ত্রে মুদ্রিত হইতেছে।

সাপ্তাহিক 'গ্রামবার্তা'র প্রচার রহিত হয় ১২৮৬ সালের প্রারম্ভে। 'সুলভ সমাচারে' (৩১ মে ১৮৭২) প্রকাশ :—“সাপ্তাহিক 'গ্রামবার্তা' পত্রিকাখানি অর্থের অভাবে উঠিয়া গেল।” এই প্রসঙ্গে মাসিক 'গ্রামবার্তা' (বৈশাখ ১২৮৭) লেখেন :—

* 'গ্রামবার্তা'প্রকাশিকা' আরও কিছু দিন পাক্ষিক আকারে প্রকাশিত হইয়াছিল। ১২৭১ সালের আষাঢ় হইতে চৈত্র, এবং ১২৭৭ সালের কার্তিক হইতে চৈত্র 'গ্রামবার্তা' পাক্ষিক পত্রিকা ছিল। 'হিন্দুহিতৈষিণী' (২০ কার্তিক ১২৭৭) লেখেন :—“গ্রামবার্তা প্রকাশিকা পুনরায় পাক্ষিক হইয়া প্রকাশ হইয়াছে।”

নানা কারণে মধ্যে মধ্যে মাসিক পত্রিকা বন্ধ হইয়াছে, কিন্তু কখন সাপ্তাহিক পত্রিকা বন্ধ হয় নাই,—দুর্ভাগ্যবশতঃ গত বৎসর তাহাও সংঘটিত হইয়াছে। একদিকে ভারতাকাশে যুদ্ধাশাসনো ব্যবহার উদ্ভূত বজ্রের ছায় গর্জন (বড়লাট লর্ড লিটনের শাসন আমলে) এবং তদ্ব্যবস্থাপনায় ‘বঙ্গভাষার সম্বাদপত্র কেবল সাক্ষীগোপাল মনে করিরা’, অত্র দিকে তাহার প্রতি লোকের অমনোযোগ, গ্রাহকগণেরও মূল্য প্রদানে ঔদাসীন্য অবলম্বন, নানা চিন্তার উৎকর্ষ রোগাক্রান্ত হইয়া সম্পাদকের শয্যাশ্রয় ইত্যাদি ঘটনাসমূহ সাপ্তাহিক গ্রামবার্তা বন্ধ হইবার কারণ।... .. গ্রামবার্তার কতিপয় সহদয় বন্ধু সাপ্তাহিক পত্রিকা প্রচারের নিমিত্ত বিবিধ প্রকারে যত্ন করিতেছেন। যদি তাঁহারা কৃতকার্য হইতে পারেন, তাহা হইলে সম্বন্ধেই সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হইবে, অত্যা তাহার জীবনাশা আর নাই।

১২৮৯ সালের বৈশাখ মাসে সাপ্তাহিক ‘গ্রামবার্তা’ পুনরুজ্জীবিত হয়। ইহার পরিচালন-তার গ্রহণ করেন—জলধর সেন ও অক্ষয়কুমার মৈত্রেয়। ১২৯২ সালের আশ্বিন মাসে ইহা লুপ্ত হয়।

‘গ্রামবার্তাপ্রকাশিকা’ হিতকর পত্রিকা ছিল। ইহার অভ্যুদয়ে “পূর্বে ধনবানাদি সবল লোকেরা দুর্বলের প্রতি প্রকাশরূপে সহসা যে প্রকার অত্যাচার করিতেন, তদ্রূপ করিতে সাহসী” হইতেন না। ইহাতে কেবল গ্রামের বৃদ্ধান্তই থাকিত না। হরিনাথের দিন-লিপিতে প্রকাশ :—

যখন গ্রামবার্তা মাসিক ছিল, তখন ধর্মনীতি ও সমাজনীতি প্রভৃতি সাহিত্যময় প্রবন্ধ এবং রাজনীতিময় প্রস্তাব, গ্রামের ঘটনাময় সম্বাদ সহকারে গ্রামবাসীদের জ্ঞাতব্য রাজ্যের অভ্যুদয়, মত্তব্য ও বিবিধ সংবাদ প্রকাশিত হইত। পান্ডিত্যবাহার ধর্মনীতি সাহিত্য ব্যতীত পূর্ববৎ আর সকলেরই প্রচার হইয়াছে। সাপ্তাহিকাবস্থায় সাহিত্যময় প্রবন্ধাদি প্রচার রহিত হইয়া বাহুল্যরূপে রাজনীতিরই আলোচনা হইতে লাগিল। কিন্তু সাহিত্য, ধর্ম ও বিজ্ঞানাদি আলোচনার নিমিত্ত স্বতন্ত্ররূপে একখানি মাসিক গ্রামবার্তাও প্রকাশিত হইত।...

কেবল সংবাদদাতা, পত্রপ্রেরক ও ঐতিকথার প্রতি নির্ভর করিয়া গ্রামবার্তার প্রকাশ হইত না। আমরা গ্রামবার্তার উপযুক্ত বার্তা জানিবার নিমিত্ত কখনও গোপনে কখনও প্রকাশে নানা স্থান পরিদর্শন ও দূরস্থ গ্রামপল্লী অবসর মত সময়ে সময়ে ভ্রমণ করিয়াছি এবং এই প্রকার ভ্রমণ করিয়া শান্তিপুর, উলাদি উপনগর পরিদর্শনে তাহার নামোৎপত্তির কারণ ও প্রাচীন বৃদ্ধান্ত এবং মেহেরপুর, চাকদহ ও উলা প্রভৃতি স্থানের মহামারীর অবস্থা অনেক সংগ্রহ করিয়াছিলাম। উক্ত উপায়ে নিজে যাহা সংগ্রহ করি ও হিমালয় প্রভৃতি নানা দিক্ দর্শন করিয়া ভ্রমণকারিগণ যাহা সংগ্রহ করিতেন, তাহা সমস্তই মাসিক গ্রামবার্তার প্রকাশিত হইত। নানা প্রদেশের ভ্রমণবৃত্তান্ত গ্রামবার্তার প্রকাশিত হইয়া গ্রাম ও পল্লীবাসীদের মত দূর উপকার সাধন করিয়াছিল, আমি তত দূর অত্যাচারী লোকের বিষয়ে পড়িয়া নানা প্রকারে উৎপীড়িত ও অত্যাচারিত হইতে লাগিলাম।...

অবোধবন্ধু (মাসিক)। এপ্রিল ১৮৬৩।

১৮৬৩ সনের মে (৭ ১২৭০, বৈশাখ) মাসে ‘অবোধবন্ধু’ নামে একখানি মাসিক পত্র প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন—হোমওপ্যাথক চিকিৎসক যোগেশনাথ বোষ। পত্রিকাখানির সমালোচনা-প্রসঙ্গে ‘সোমপ্রকাশ’ লেখেন :—

অবোধবন্ধু। কলিকাতা স্থলবুক যন্ত্রে মুদ্রিত হইতেছে। আমরা ইহার দুই খণ্ড পাইয়াছি। লেখা মন্দ হইতেছে না। প্রতি খণ্ডের মূল্য অর্ধ আনা। (৬ জুলাই ১৮৬৩)

অবোধবন্ধু তৃতীয় ও চতুর্থ সংখ্যা। এই চতুর্থ ভাগে হেম্মার সাহেবের জীবন চরিত আছে। লেখা ক্রমশঃ উত্তম হইতেছে। (৩১ আগস্ট ১৮৬৩)

‘অবোধবন্ধু’ কিছু দিন চলিয়া আত্মগোপন করে। ১২৭৩ সালের ফাল্গুন (১৮৬৭, ফেব্রুয়ারি) মাসে ইহা নবোত্তম পুনঃপ্রচারিত হয়। “১ খণ্ড ১ সংখ্যা”র প্রারম্ভে এই অংশটি মুদ্রিত হইয়াছে :—

স্বদেশের যে প্রকারে হোতে পারে হিত	তথ্যচ নিরন্ত থাকি, যুক্তিযুক্ত নয় ;
সাধ্যমত চেষ্টা করা সবার উচিত।	কি জানি সহস্র মাঝে যদি কোন জন
ভিল সম হেন কাজ যদি মনে লয়,	সামাজ সে ক্ষুদ্র কাজে উপকৃত হন।

আরম্ভ।


সূর্য যেমন অন্তমিত হইলে আর তাহাকে দেখিতে পাওয়া যায় না, সেইরূপ এই অবোধবন্ধু এতাবৎ কাল পর্যন্ত পার্থক্যবর্গের নিকট অদৃশ্যভাবে অবস্থিতি করিতেছিল। এক্ষণে তাহা পুনর্বীর সর্বসমীপে উদয় হইতেছে, এবং পূর্বাশেখা প্রথমতর করণ বিস্তার করিয়া স্বাধাতে তমসাজ্ঞর অজ্ঞানকে মনকে সন্মুক্ত জ্ঞানালোক দ্বারা উদ্দীপ্ত করে তাহাই আমাদের একান্ত বাসনা। শীতকালে যখন শীতের প্রাচুর্য্য অধিক হয়, যখন শীতল বায়ু বহমান হইয়া সকলকেই কম্পিত করিতে থাকে, তখন যেমন তাহার তীক্ষ্ণতর কিরণ প্রাণী দেহের শীত নিবারণ করে, সেইরূপ এই অবোধ-বন্ধু, যতপি কোন একটা বালক বালিকা কিম্বা অন্তঃপুরস্থ মহিলাগণের অথবা অল্প বুদ্ধি সম্পন্ন ব্যক্তিবৃন্দের অন্তরতম গভীরতম প্রদেশে স্বীয় রশ্মিকাল বিস্তার করত হৃদয়ে ও অন্তঃস্থ কুসংস্কার ও অজ্ঞানতাকে বিদূরিত করে, তাহা হইলে আমাদের পরিশ্রম ও যত্নের যথেষ্ট পুরস্কার হইবে; এতদ্ভিন্ন এই ক্ষুদ্র অবোধ-বন্ধু যদি স্বর্ণকালের নিমিত্ত বিজ্ঞসমাজের চিন্তাকর্ষণ করিতে পারে, আমরা আশাতীত কল লাভ করিব।

‘অবোধ-বন্ধু’র দ্বিতীয় ভাগ আরম্ভ হয় ১২৭৫ সালের বৈশাখ মাসে। প্রথম সংখ্যায় “নব বর্ষ” প্রসঙ্গে এইরূপ লিখিত হইয়াছে :—

১২৭৩ সালের ফাল্গুন মাসে অবোধ-বন্ধু প্রকাশিত হইয়া গত ১২৭৪ সালের মাঘ মাসে তাহার এক বর্ষ পূর্ণ হয়। এক্ষণে নানা কারণ এবং সুরিণা বশতঃ বর্তমান বর্ষের প্রথম মাস হইতে অবোধবন্ধুর দ্বিতীয় বর্ষ আরম্ভ হইল। ইহার ক্ষুদ্র কলেবর পরিবর্তন করা আবশ্যিক বোধে আমরা বৈকল্প করিবার দ্বন্দ্ব করিয়াছিলাম, তাহা রহিত করিয়া



বিহারিলাল চক্রবর্তী



কৃষ্ণকমল ভট্টাচার্য্য



রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

এইরূপ আকারে প্রকাশ করিলাম।...উপসংহার কালে, যে সকল ভ্রাতা ভগিনী গত বর্ষে আমাদেরগকে সাহায্য প্রদান করিয়াছেন, তাঁহাদিগের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। এবং আমার পরম বন্ধু ত্রীমুক্ত বাবু বিহারিলাল চক্রবর্তী মহাশয়ের নাম এখানে উল্লেখ না করিয়া থাকিতে পারিলাম না। তিনি অবোধবন্ধুর অত্র এরূপ নারীরিক ও মানসিক বন্ধ ও পরিশ্রম স্বীকার করিয়াছেন যে অবোধবন্ধু চিরকাল তাঁহার নিকট কৃতজ্ঞতা পাশে বন্ধ রহিল

দ্বিতীয় বর্ষ হইতে পত্রিকার কঠে নিম্নলিখিত শ্লোকটি শোভা পাইত :—

করবদরসদৃশমখিলং ভুবনতলং যৎপ্রসাদতঃ কবয়ঃ ।

পশুন্তি হৃদমতয়ঃ সা জয়তি সরস্বতী দেবী ॥

কবি বিহারিলাল চক্রবর্তী ‘অবোধ-বন্ধু’র সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন। দ্বিতীয় ভাগের নবম সংখ্যা (পৌষ ১২৭৫) হইতে তিনি পত্রিকার স্বত্বাধিকারী হন। তৃতীয় ভাগের প্রথম সংখ্যায় (বৈশাখ ১২৭৬) ভূতপূর্ব স্বত্বাধিকারীর এই বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছে :—

১২৭৬ সাল, ১৫ই বৈশাখ। আমি ১২৭৫ সালের পৌষ মাসের সংখ্যা অবধি অবোধবন্ধুর স্বত্বাধিকার ত্রীমুক্ত বাবু বিহারিলাল চক্রবর্তীকে প্রদান করিয়াছি।... ত্রীষোগেশ্রনাথ ঘোষ। অবোধবন্ধুর ভূতপূর্ব স্বত্বাধিকারী।

‘অবোধ-বন্ধু’র অচ্ছতম প্রধান লেখক ছিলেন আচার্য্য কৃষ্ণকমল ভট্টাচার্য্য। তাঁহার বহু বচনা ইহাতে স্থান পাইয়াছিল। তিনি স্মৃতিকথায় বলিয়াছেন :—

[‘পূর্ণিমা’র] কিছু দিন পরে বিহারিলাল ও যোগেশ্রচন্দ্র ঘোষ (ইনি হোমিওপ্যাথিক চিকিৎসক) প্রভৃতি কয়েকজন বন্ধু একত্র হইয়া ‘অবোধ বন্ধু’ নামক একখানি মাসিক পত্র প্রতিষ্ঠিত করেন। এই পত্রিকাখানি বোধ হয়, ইংরাজি ১৮৭১ সাল পর্য্যন্ত জীবিত ছিল। ইহাতে আমি অনেক বিষয়ে লিখিয়াছিলাম; সমগ্র ‘পল-বর্জিনিয়া’ গ্রন্থ করাসী ভাষা হইতে অনুবাদ করিয়া ক্রমশঃ প্রকাশিত হইয়াছিল; নেপোলিয়নের একটি জীবনবৃত্তান্ত বহুবিস্তারিতভাবে লোডির যুদ্ধ পর্য্যন্ত বাহির করা হইয়াছিল। অনেক প্রবন্ধও লিখিয়াছিলাম। মনে পড়ে, একটি প্রবন্ধে যুরোপের duel (অর্থাৎ যুরোপীয়েরা অপমানিত হইলে পরস্পর প্রাণান্ত পর্য্যন্ত যে মারামারিতে প্রযুক্ত হয়, তাহারই) সম্বন্ধে আলোচনা করিয়াছিলাম। (‘পুরাতন প্রসঙ্গ’, ১ম পর্য্যায়, পৃ. ২০১-০২)

বিহারিলালের বহু রচনা—“নিসর্গসন্দর্শন,” “বঙ্গসুন্দরী,” “সুরবালা কাব্য” প্রভৃতি এই সময় ‘অবোধ-বন্ধু’তে প্রকাশিত হয়। তাঁহার সম্পাদনকালেই হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের “ইন্ডের স্মরণাপান” (শ্রাবণ ১২৭৬), এবং কৃষ্ণকমলের “পৌলভজ্ঞানী,” “নেপোলিয়ন বোনাপার্টের জীবন বৃত্তান্ত” ও অচ্ছাচ্ছ রচনা ‘অবোধ-বন্ধু’তে প্রকাশিত হয়। এই পত্রিকাখানি সম্বন্ধে রবীন্দ্রনাথের মন্তব্য প্রণিধানযোগ্য; তিনি লিখিয়াছেন :—

বাকলা ভাষায় বোধ করি সেই প্রথম মাসিক পত্র বাহির হইয়াছিল তাহার রচনার মধ্যে একটা স্বাদবৈচিত্র্য পাওয়া যাইত। বর্তমান বঙ্গ-সাহিত্যের প্রাণসঞ্চারের ইতিহাস বাহারা পর্য্যালোচনা করিবেন তাঁহারা অবোধবন্ধুকে উপেক্ষা করিতে পারিবেন না। বন্ধবর্ষনকে যদি আধুনিক বঙ্গসাহিত্যের প্রভাতস্বর্য বলা যায় তবে ক্ষুদ্রায়তন অবোধবন্ধুকে প্রত্যুষের স্তম্ভতারা বলা যাইতে পারে। (‘সাধনা’, আষাঢ় ১৩০১, পৃ. ১২৭)

বাল্যকালে আর একটা ছোট কাগজের পরিচয় লাভ করিয়াছিলাম। তাহার নাম অবোধবন্ধু। ইহার আধাধা খণ্ডগুলি বড়দাদার আলমারি হইতে বাহির করিয়া তাঁহারই দক্ষিণদিকের ঘরে খোলা দরজার কাছে বসিয়া বসিয়া কতদিন পড়িয়াছি। এই কাগজেই বিহারিলাল চক্রবর্তীর কবিতা প্রথম পড়িয়াছিলাম। তখনকার দিনের সকল কবিতার মধ্যে তাহাই আমার সব চেয়ে মন হরণ করিয়াছিল। তাঁহার সেই সব কবিতা সরল বাণীর সুরে আমার মনের মধ্যে মাঠের এবং বনের গান বাজাইয়া তুলিত। এই অবোধবন্ধু কাগজেই বিলাতী পৌলবর্জিনী গল্পের সরল বাংলা অনুবাদ পড়িয়া কত চোখের জল ফেলিয়াছি তাহার ঠিকানা নাই। আছা, সে কোন্ সাগরের তীর! সে কোন্ সমুদ্রসমীরকম্পিত মারিকেলের বন! ছাগল-চন্ডা সে কোন্ পাষাণের উপত্যকা! কলিকাতা শহরের দক্ষিণের বারান্দার ছপুয়ের রোঙ্গে সে কী মধুর মরীচিকা বিস্তীর্ণ হইত। আর সেই মাধুর রঙিন ধুমাল-পরা বর্জিনীর সঙ্গে সেই মির্জন দীপের জ্বাল বনপথে একটা বাদালি বাগকের কী প্রেমই জমিয়াছিল। (‘জীবনস্মৃতি’, পৃ. ৭২-৭৩)

সাহিত্য সংক্রান্তি (মাসিক)। ১৩ মে ১৮৬৩।

‘পূর্ণিমা’ লোপ পাইলে বিহারিলাল বন্ধু যোগেশনাথ ঘোষের সহযোগে ‘সাহিত্য সংক্রান্তি’ নামে একখানি মাসিকপত্র প্রকাশ করেন। ইহা “কলিকাতা চোরবাগান ৪৫ নং ভবন, স্কুলবুক প্রেসে শ্রীযোগেশনাথ দাস ঘোষ দ্বারা প্রতি সংক্রান্তিতে মুদ্রিত হইয়া প্রচারিত” হইত। প্রত্যেক সংখ্যায় ১৬ পৃষ্ঠা পরিমাণ রচনা থাকিত, মূল্য ছিল দুই আনা। ‘সাহিত্য সংক্রান্তি’র প্রথম সংখ্যার প্রকাশকাল—১৩ মে ১৮৬৩ (৩১ জ্যৈষ্ঠ ১২৭০)। এই সংখ্যায় “আরম্ভ”, “নভোমণ্ডল”, “কুঁড়ের কাছে ফুলের বাগান” ও “বীর্ধ্যবতী হিন্দুনারী” নামে চারিটি কবিতা এবং “পরাদীনা বঙ্গকণ্ঠা” নামে একটি প্রবন্ধ আছে। “নভোমণ্ডল” ও “বীর্ধ্যবতী হিন্দুনারী” কবিতা দুইটি বিহারিলাল সামাঞ্জ পরিবর্তিত আকারে ‘নিসর্গসন্দর্শন’ কাব্যের ৪র্থ ও ৩য় সর্গরূপে ব্যবহার করিয়াছিলেন। প্রথম সংখ্যায় প্রকাশিত “আরম্ভটি” এইরূপ :—

এলেম আমরা আদি লোকের গোচরে,
নির্ভর হৃদয়ে, শুধু সরল অন্তরে।
নিলেম সে ভায়, বাবে আকো কোন জন
হন নাই উৎসাহী করিতে হত্যাধর্মে।

কি রূপ সে কার্যভার, কি তার আভাস,
কমে তাহা এ সংক্রান্তি করিবে প্রকাশ।
প্রতিজ্ঞা রছিল এবে অন্তরে পোপন ;
কার্যেতে করিতে চাহি তাহার পালন।

দ্বিতীয় সংখ্যা 'সাহিত্য সংক্রান্তি'র প্রকাশকাল—৩২ আষাঢ় ১২৭০। ইহাতে বিহারি-লালের "প্রেম-প্রবাহিণী কাব্য—পল্লিগ্রাম ভ্রমণ" প্রকাশিত হয়; ইহার সহিত 'প্রেম-প্রবাহিণী' পুস্তকের কোন মিল নাই। এই সংখ্যায় "মনের অল্পধ" ও "পৃথিবীর কিছুই স্থায়ী নহে" নামে দুইটি কবিতা এবং "আসন্ন কালে বীরের অহুতাপ" নামে একটি পঞ্চ রচনাও মুদ্রিত হইয়াছে। 'সাহিত্য সংক্রান্তি' অধিক দিন স্থায়ী হয় নাই।

ভারত পরিদর্শন (সাপ্তাহিক) । ১৫ জুন ১৮৬৩ ।

১৫ জুন ১৮৬৩ (২ আষাঢ় ১২৭০) তারিখে শান্তিপুর হইতে 'ভারত পরিদর্শন' নামে সাপ্তাহিক সমাচার-পত্র প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন যত্নাধ তর্কভূষণ। ৬ই জুলাই 'সোমপ্রকাশ' লেখেন :—

ভারত পরিদর্শন। ইহা সাপ্তাহিক সমাচার পত্রিকা। শান্তিপুর কাব্যপ্রকাশ যন্ত্র হইতে ২৯ আষাঢ় অবধি প্রকাশিত হইতেছে। ইহার আরম্ভ দেখিয়া ভারী উন্নতির অনুমান হইতেছে।

পরবর্তী নবেম্বর মাস হইতে 'ভারত পরিদর্শন' কলিকাতায় মুদ্রিত হইতে থাকে। ২৩ নবেম্বর ১৮৬৩ তারিখের 'সোমপ্রকাশে' এই সংবাদটি আছে :—

গত ২৪এ কার্তিক [১২৭০] অবধি ভারতপরিদর্শন পত্র ত্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহের চিংপুরস্থ পুরাপসংগ্রহ যন্ত্র হইতে প্রকাশিত হইতেছে। '

'ভারত পরিদর্শন'ের পরমায়ু প্রায় এক বৎসর। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে' (২৬ এপ্রিল ১৮৬৫) জর্নৈক পত্রপ্রেরক লেখেন :—

সকলেই জ্ঞাত আছেন যে কিছুদিন গত হইল "ভারত পরিদর্শন" নামে একখানি সাপ্তাহিক পত্রিকা কালিঘাটনিবাসী ত্রীযুক্ত যত্নাধ তর্কভূষণ মহাশয় কর্তৃক সম্পাদিত ও জনসমাজে প্রচারিত হইয়াছিল। আমরা ঐ পত্রিকার অন্তর্সৌঠব অবলোকনে এবং উহা পাঠে যে কতদূর শ্রীতিলাভ করিয়াছিলাম তাহা বাক্যপাণ্ডিত এবং মনে২ এরূপ আশা করিয়াছিলাম যে পরিদর্শক পত্রিকার অকালমৃত্যুজনিত শোক ভারত পরিদর্শন দ্বারা এককালে বিদূরিত হইবে। কিন্তু সম্পাদক মহাশয়! আক্ষেপের কথা বলবো কি ভারত পরিদর্শনের বয়স্ক্রম এক বৎসর না হইতে হইতে ইহা পরিদর্শকের অমুগামী হইল।

ঢাকাদর্পণ (সাপ্তাহিক) । জুলাই ১৮৬৩ ।

'ঢাকাবার্তা প্রকাশিকা'র অকাল-মৃত্যু ঘটিলে অপর একখানি সাপ্তাহিক পত্রের দ্বারা উহার অভাব পূরিত হইয়াছিল। ইহা 'ঢাকাদর্পণ'—১৮৬৩ সনের জুলাই মাসে ঢাকা জুলভ যন্ত্র (ইমামগঞ্জ) হইতে হরিচন্দ্র মিত্রের সম্পাদকত্বে প্রকাশিত হয়। ৩ আগস্ট ১৮৬৩ (১৯ শ্রাবণ ১২৭০) তারিখের 'সোমপ্রকাশে' এই সংবাদটি বিজ্ঞাপিত হয় :—

বিবিধ সংবাদ । ১৫ই শ্রাবণ ।—.....ঢাকা দর্পণ নামে একখানি দুতন সাপ্তাহিক পত্র আমাদিগের হস্তগত হইয়াছে । আমরা পত্রখানি পাঠ করিয়া সন্তোষ লাভ করিলাম ।

বামাবোধিনী পত্রিকা (মাসিক) । আগস্ট ১৮৬৩ ।

১২৭০ সালের ভাদ্র মাসে মজিলপুর-নিবাসী উমেশচন্দ্র দত্তের সম্পাদনায় ‘বামাবোধিনী পত্রিকা’ নামে মহিলাদের পাঠোপযোগী বিষয়সম্বলিত একখানি মাসিক পত্রিকা “কলিকাতা বাইর সীমুলিয়া রথুনাথ চাট্টোখ্যের ষ্ট্রীট ১৬ নং বাটীতে বামাবোধিনী সভার কার্যালয়” হইতে প্রকাশিত হয় । ‘বামাবোধিনী পত্রিকা’র প্রথম সংখ্যা হইতে উপক্রমণিকা অংশটি উদ্ধৃত হইল ; ইহা পাঠে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

ঈশ্বর প্রসাদে এক্ষণে এদেশের অবলাগণের প্রতি অনেকের দৃষ্টি পড়িয়াছে । পুরুষদের জ্ঞান তাহাদের শিক্ষা বিধান যে নিত্য আবশ্যক, তদ্বিত্ত তাহাদের হ্রসবস্থার অবসান হইবে না, দেশের সম্যক মঙ্গল ও উন্নতিরও সম্ভাবনা নাই ; ইহাও অনেকে বুঝিয়াছেন । আমরা দেখিতে পাই এই উদ্দেশ্যে দেশহিতৈষি মহোদয়গণ স্থানে স্থানে বালিকা বিদ্যালয় সকল স্থাপন করিতেছেন, দয়ানীল গবর্ণমেন্টও তদ্বিষয়ে সহায়তা করিতেছেন । কিন্তু এ উপায়ে অতি অল্প সংখ্যক বালিকারই কিছু দিনের উপকার হয় । অন্তঃপুর মধ্যে বিদ্যালোক প্রবেশের পথ করিতে না পারিলে সর্বসাধারণের হিত সাধন হইতে পারে না ।

বামাগণের বিজ্ঞা শিক্ষার কতকগুলি প্রতিবন্ধক আছে । তাহার সময় পায় না, উৎসাহ পায় না, শিক্ষকের সাহায্যও তাদৃশ লাভ করিতে পারে না । অতএব অল্প সময়ের আপন আয়াস মতে প্রয়োজনীয় জ্ঞান সকল উপার্জন করিতে পারে, এরূপ কোন উপায় না হইলে তাহাদের লেখাপড়ার সুবিধা দেখা যায় না । আজি কালি বাদশাহী ভাষার অনেক পুস্তক ও পত্রিকাদি প্রকাশ হইতেছে বটে কিন্তু তাহা ইহাদের অতি অল্প উপকারে আইসে । ইতঃপূর্বে মাসিক পত্রিকা নামে একখানি পত্রিকা এই অভাব পূরণ করিবার উপক্রম করিয়াছিল । কিন্তু দুর্ভাগ্যক্রমে অনেক দিবস তাহাও অদর্শন হইয়াছে । সম্প্রতি দেশ-হিতোৎসাহি মহোদয়গণকে তদনুরূপ কোন উপায় অবলম্বন করিতে দেখিতে পাই না । অতএব “শুভকার্যে বধাসাধ্য চেষ্টা করাও ভাল” এই ভাবিয়া আমরা এই বামাবোধিনী পত্রিকাখানি প্রকাশ করিলাম ।

এই পত্রিকাতে স্ত্রীলোকদিগের আবশ্যক সমুদায় বিষয় লিখিত হইবে । তদ্ব্যতীত যাহাতে তাহাদের জ্ঞান ও সুসংস্কার সকল দূর হইয়া প্রকৃত জ্ঞানের উদয় হয়, যাহাতে তাহাদের উৎকৃষ্ট মনোবৃত্তি সকল উপযুক্ত বিষয়ে পরিচালিত হয়, এবং যাহাতে তাহাদের নিত্য প্রয়োজনীয় জ্ঞান সকল লাভ হইতে পারে, তৎপ্রতি বিশেষ দৃষ্টি থাকিবে । ইহাতে যে সকল বিষয় অবলম্বন করিয়া লেখা হইবে, পত্রিকার শিরোনামে তাহার উল্লেখ করা গিয়াছে ।

বামাগণের বোধ সুলভ অল্প বাস্তবোধিনী বিষয়গুলি যত কোমল ও সরল সাহুভাষায় লেখা যায় আমরা তাহার চেষ্টার ক্রটি করিব না । কথাবার্তা এবং উপভাস বা উদাহরণগুলি

অনেক বিষয় সম্বন্ধে হৃদয়দয় করিয়া দেওয়া যায়, অতএব অনেক স্থলে সে উপায়ও অবলম্বিত হইবে। আবশ্যিক মতে ইহাতে নানাবিধ চিত্র ও প্রতিকল্পও প্রকটন করা যাইবে।

এই পত্রিকা প্রকাশ করিয়া আমরা আর কিছুই প্রত্যাশা করি না। কর্তব্য সাধনই আমাদের উদ্দেশ্য। ইচ্ছা করিলে যদি ইহা সাধু সমাজে পরিগৃহীত হইয়া বামাগণের কিছুমাত্র উপকারজনক বোধ হয় তাহা হইলেই ইহার জন্ম সার্থক জ্ঞান করিব।

‘বামাবোধিনী পত্রিকা’র ২য়-২০শ সংখ্যায় পত্রিকার কণ্ঠে চারি পংক্তির এক-একটি নূতন কবিতা শোভা পাইত। দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার কবিতা দুইটি এইরূপ :—

সকলের পিতা যিনি করুণানিধান। চিরদিন পরাধীন কারাবাসি-প্রায়,
নর নারী প্রতি তাঁর করুণা সমান ॥ একেতে অবলা হয় জ্ঞানহীনী তার।
জ্ঞান বর্ধে উভয়ের দিয়াছেন মন। মাহুষ হইয়া অন্ধ পশুমত রয়,
নয়ন থাকিতে অন্ধ কেন বামাগণ ? নারীর সমান দীন ভারতে কে হয় ?

অতঃপর (বৈশাখ ১২৭২ হইতে) প্রত্যেক সংখ্যার কণ্ঠে কবিতার পরিবর্তে কেবল এই দুই পংক্তি মুদ্রিত হইত :—

“কঙ্কাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াত্মিত্বতঃ।”

কঙ্কাকে পালন করিবেক ও যত্নের সহিত শিক্ষা দিবেক।

স্বীকৃতিপ্রচারে ও মহিলাগণকে সাহিত্য-সাধনায় ব্রতী করিবার জন্ত ‘বামাবোধিনী’র প্রচেষ্টা উল্লেখযোগ্য। ৫০ বৎসরে পদার্পণ করিলে ইহার যে ইতিহাস ‘বামাবোধিনী পত্রিকা’র (ভাদ্র ১৩১৯) প্রকাশিত হয়, নিম্নে তাহা উদ্ধৃত হইল :—

১২৯৫ সালের ভাদ্র মাসের সংখ্যায় বামাবোধিনীর যে ইতিহাস প্রকাশিত হইয়াছিল আমরা আবার তাহাই প্রকাশ করিতেছি। ১২৭০ সালের ভাদ্র মাসে বামাবোধিনীর জন্ম হয়। পঞ্চাশ বৎসর পূর্বে যখন এদেশের স্বাধীনতার অবস্থা অতি হীন ছিল, তাঁহাদিগের শিক্ষার্থ বিভাগের সকল অঙ্গুলির অগ্র গণনা করা যাইত, তাঁহাদিগের পাঠ্য পুস্তকের সংখ্যা অতি অল্প ছিল, তাঁহাদিগের বিশেষ অভাব পূরণ জন্ত একখানিও সাময়িক পত্রিকা বিদ্যমান ছিল না, তাঁহাদিগের উন্নতির জন্ত একটিও নারী-সভা স্থাপিত হয় নাই, কেবল কতকগুলি দেশহিতোৎসাহী কৃতবিশ্ব পুরুষ “স্বাধীনতার বিজ্ঞা শিক্ষার আবশ্যিকতা” বিষয়ে প্রকাশ্য সভায় বক্তৃতা দি করিতেন, সেই সময়ে এই বামাবোধিনীর সূচনা হয়। যশোহরনিবাসী আমাদিগের শ্রদ্ধের বন্ধু পরলোকগত বাবু বসন্তকুমার ঘোষ কলিকাতার রঘুনাথ চাট্টোয়ার লেন ১৬ নং বাড়িতে আসিয়া অবস্থিতি করেন। স্বীলোকদিগের সর্বদীন উন্নতির সহায়তার জন্ত একখানি সাময়িক পত্রিকার নিত্য প্রয়োজন, এই বলিয়া তিনি এই কার্যে আমাদিগের কর্তব্য জনকে অগ্রসর হইবার জন্ত উৎসাহিত করেন। ইহারই বিশেষ উদ্যোগে বাসার এক ক্ষুদ্র গৃহে আমাদিগের এক বন্ধুসমিতি হয়, তাহাতে পত্রিকার নামকরণ লইয়া অনেক কথা হয়, অবশেষে আমাদিগের প্রিয় “বামাবোধিনী” নামটি কোমল, সরস ও উদ্বেগসাধক বলিয়া সর্বসম্মতিতে গৃহীত হয়। এই সমিতিতে আশ্রয় বিদ্যমান হয় যে, যশোহরে গিয়া

আমাদিগের বন্ধুবর এক ছাপাখানা বুজিয়া এই পত্রিকা সম্পাদনে প্রযুক্ত হইবেন, এবং সেখা বিষয়ে আমরা তাঁহার সাহায্য করিব। কিছুদিন চলিয়া গেল, শীতা ও অত্যন্ত কারণে বন্ধুবর আপন সফলসিদ্ধি করিতে পারিলেন না। কলিকাতার বাহারা ছিলেন, 'তাঁহাদিগের মধ্যে কেহ কেহ উদ্দেশ্যসিদ্ধির ব্যাধাত দেখিয়া স্তম্ভ কার্যের স্রজপাতে কৃতসম্বন্ধ হইলেন। তখন তাঁহার অল্পবয়স্ক, তাঁহাদিগের অর্ধবল লোকবল কিছুই ছিল না, কিন্তু 'সাহু ইচ্ছার সহায় ঈশ্বর' এই মহাবাক্যের উপর নির্ভর করিয়া তাঁহার্য কর্তব্যসাধনে প্রযুক্ত হইলেন। বামাবোধিনীর ১ম সংখ্যা এক ব্যক্তি (৩উমেশচন্দ্র দত্ত মহাশয়) দ্বারা ইচ্ছাশক্তি লিখিত হয় এবং সফর মুদ্রিত করা হয়। কলিকাতা যুক্তাপুর স্ট্রীট হলওয়েলস লেন ৩ম পুরানাথ তর্করত্নের প্রাকৃত ঘরে বামাবোধিনী প্রথম মুদ্রিত হয়।

পত্রিকাখানি সন্ধ্যা ১ করমা, মূল্য ১০ আনা মাত্র ছিল। সহস্র খণ্ড প্রথম মুদ্রিত হয়। আমাদিগের কোন বন্ধুর বিশেষ উৎসাহে অল্পকাল মধ্যে তাহা নানা স্থানে প্রচারিত হয়। আমরা কৃতজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে, ভুবনমোহিনী বহু স্ত্রী এক মহিলা সর্বপ্রায়ে বামাবোধিনীর গ্রাহিকা হইয়া অগ্রিম বার্ষিক মূল্য প্রদান করেন ও ইহাকে উৎসাহ দান করেন। পত্রিকার প্রথম সংখ্যা কলিকাতা ও মফস্বলের অনেক স্থানে সমাদরে গৃহীত হওয়াতে এই পত্রিকার ২য় সংখ্যা বর্ধিত আকারে, উৎকৃষ্টতর কাগজে ও উৎকৃষ্টতর যন্ত্রালায়ে মুদ্রিত করিবার সঙ্কল্প করা হইল। বহুবাজার ঠানহোপ যন্ত্রের কার্যাব্যয় গোপালচন্দ্র বন্দুর সাহায্যে ইহা সেই যন্ত্রে মুদ্রিত হইল। এই সময়ে আমাদিগের প্রথমোক্তোক্ত বহু বসন্তকুমার বাবু আমদের সহিত পত্রিকার ত্রীমুর্চ্ছিসাধনের জন্ত পরামর্শ দিতে লাগিলেন এবং দীননাথ মিত্র নামক একজন সুবক দ্বারা উভকট প্রস্তুত করাইয়া মধ্যে মধ্যে ইহাতে ছবি প্রকাশের সুবিধা করিলেন। যখন বামাবোধিনীর ২য় সংখ্যা মুদ্রিত হইতেছিল, তখন তাহা মহাত্মা কেশবচন্দ্র সেন মহাশয়ের দৃষ্টিগোচর হয়। তিনি যেরূপ সহায়তার সহিত ইহা পাঠ করিলেন এবং বহু প্রশংসাবাদের সহিত ইহা প্রচারে যেরূপ উৎসাহ দান করিলেন, তাহা আমরা কখনও বিস্মৃত হইব না। বামাবোধিনী করেক মাস নির্বিঘ্নে চলিতে লাগিল এবং ক্রমে ইহার আদর ও গ্রাহকসংখ্যা বৃদ্ধি হইতে লাগিল। ৩উমেশচন্দ্র দত্ত মহাশয় ইহার সম্পাদকীয় ভার গ্রহণ করিয়াছিলেন, কিন্তু এই সময়ে কার্যোপলক্ষে তাঁহাকে কলিকাতা ত্যাগ করিয়া মফস্বলে বাইতে বাধ্য হইতে হইল। পত্রিকাখানির জীবন হরত এইখানেই শেষ হইত, কিন্তু ব্রাহ্ম আত্মীর সত্য নামে একটা সত্য ছিল, তাহার সত্যগণ ইহার ভারগ্রহণে প্রস্তুত হইলেন। সম্পাদক তাঁহাদিগের হস্তে ইহার ভারপণ করিয়া কার্যস্থানে চলিয়া গেলেন এবং বধ্যসাধ্য লেখার সাহায্য করিতে লাগিলেন। উক্ত সত্যর হুই জন উৎসাহী সত্য বাবু কেজমোহন দত্ত ও বাবু বসন্তকুমার দত্ত পর্যায়ক্রমে এই পত্রিকার সম্পাদকীয় ভার লইয়া সুদীর্ঘকাল সুচারুরূপে ইহার কার্য সম্পাদন করিতে লাগিলেন। ইহার উন্নতি সাধনের জন্ত তাঁহার্য অর্ধ, কারিক পরিশ্রম ও বতঃপরতঃ চেষ্টার ক্রটি করেন নাই। পত্রিকাখানির কলেবর ক্রমশঃ বর্ধিত হওয়াতে ইহার মূল্য ১০ আনার স্থলে ১০ ও পরে ১০ ও ১০ আনা হইল এবং কার্যের সুবিধার জন্ত ঠানহোপ বন্ধ হইতে আদি

ব্রাহ্মসমাজ যন্ত্রে, তথা হইতে স্কুলবুক প্রভৃতি যন্ত্রে ও পরে বাবু মহম্মদ আল চট্টোপাধ্যায়ের যন্ত্রে স্থানান্তরিত হইল। বামাবোধিনীর প্রতি এই সকল যন্ত্রালয়ের অধ্যক্ষগণ বিশেষ অহুৎসাহ প্রদর্শন করিয়াছিলেন। বিশেষতঃ স্কুলবুক যন্ত্রের অধ্যক্ষ বর্গীয় বাবু প্যারীচরণ সরকার মহাশয় অনেক ত্যাগস্বীকার করিয়া এই পত্রিকা প্রচারে সহায়তা করিয়াছিলেন। বামাবোধিনীর পাঁচ ছয় শত গ্রাহক থাকিলেও অনেকের নিকট মূল্য অনাদায় থাকার জন্য বামাবোধিনীকে মধ্য মধ্যে অত্যন্ত কষ্টে পড়িতে হইয়াছে, এমন কি সময় সময় ইহা বন্ধ হইয়া যাইবার উপক্রম হইয়াছে। কিন্তু মঙ্গলবিধাতা ঈশ্বরের আশ্রয় কৌশলে অভাবনীয় এক একটী উপায় কোথা হইতে উপস্থিত হইয়া ইহার জীবন রক্ষা ও উন্নতির সহায়তা করিয়াছে। যে দুইটী উৎসাহী বন্ধুর নামোল্লেখ করা গিয়াছে, তাঁহাদিগেরই বিশেষ যত্নে রাজসাহীর করচমাড়িয়া-নিবাসী সহস্র বন্ধু বাবু হরকুমার সরকার বামাবোধিনীর জন্য অনেক পরিশ্রম করেন এবং তাঁহার ও তাঁহার পরিবারের দুইটী রমণীর অর্থ সাহায্যে বামাবোধিনীর পুরাতন কতকগুলি সংখ্যা পুনর্মুদ্রিত হয়। পূর্বোক্ত উৎসাহী বন্ধুদ্বয়ের যত্নেই হেয়ার প্রাইন্স ফণ্ড হইতে সাহায্য পাইয়া বামাবোধিনীতে লিখিত কতকগুলি প্রবন্ধ সংগ্রহপূর্বক 'নারী শিক্ষা' নামে দুইখানি পুস্তক মুদ্রিত করা হয়। এই সাহায্য দান বিষয়ে স্বর্গীয় প্যারীচাঁদ মিত্র ও পরমশ্রদ্ধাম্পদ শিবচন্দ্র দেব মহাশয় বিশেষ সহায়তা করিয়াছিলেন। এই দুই মহাত্মা বামাবোধিনীর প্রতি রূপাণবশ হইয়া হেয়ার প্রাইন্স ফণ্ডের সাহায্যে অতঃপর বামাবোধিনী নামক পুস্তকও মুদ্রিত করাইয়াছিলেন। ইহা দ্বারা বামাবোধিনীর অনেক অভাব মোচন হইয়াছিল। বন্ধুবর বাবু বসন্তকুমার দত্ত ১২৭৬ সালে কার্যোপলক্ষে যখন কলিকাতা ত্যাগ করিয়া বীকীপুর গমন করেন, তখন বামাবোধিনীর প্রথম সম্পাদক মহাশয় কলিকাতার থাকিতে পুনরায় তাঁহারই হস্তে ইহার সমুদায় ভার অপিত হয়, এবং তদবধি তিনিই এই পত্রিকা সম্পাদন করিয়াছেন। মধ্য কয়েক বৎসর এই পত্রিকা ভারত সংস্কার সভার অন্তর্গত বামাবোধিনীর বিভাগ হইতে প্রচারিত হইত, কিন্তু তাহাতে ইহার উদ্দেশ্য বা সম্পাদনব্যবস্থার কোনরূপ পরিবর্তন হয় নাই।

ইহার সম্পাদক কোন কোন অংশীদারের সহিত মিলিত হইয়া ইষ্ট ইণ্ডিয়া প্রেস নামে এক যন্ত্র স্থাপন করেন। ৪৫ বৎসর বামাবোধিনী তাহাতে মুদ্রিত হয়। কিন্তু সম্পাদকের পীড়া ও অশান্ত কারণে তাঁহার মুদ্রায়ন্ত্র অচল হওয়াতে বামাবোধিনীর অত্যন্ত হ্রাসবস্থা হয় এবং বৎসরাধিককাল ইহার প্রচার বন্ধ হইয়া থাকে। ক্রতজ্ঞতার সহিত স্বীকার করা যাইতেছে, বদাশা মহারাজী স্বর্গময়ী এই সময় বামাবোধিনীর সাহায্যার্থে ২০০ ছই শত টাকা দান করিতে ইহার কয়েক খণ্ড প্রচারিত হয়। ভূতপূর্ব ডেপুটি ম্যাজিস্ট্রেট নামসম্বন্ধে সেন মহাশয়ের যত্নে এই সাহায্যলাভ করা যায়। কিন্তু বামাবোধিনী তখন এরূপ ব্যাধিগ্রস্ত হইয়াছিলেন যে, মহারাজীর সাহায্যে ইহা জীবনের অল্প পরিচয় দিয়া আবার অবসর হইয়া পড়িলেন। এক বৎসর কাল বামাবোধিনী লোকচক্ষুর অগোচর হইয়া রহিল এবং ইহা যে পুনর্জীবন লাভ করিবে, সে বিষয়ে বন্ধুগণও নিরাশ হইলেন।

যে দয়াময়ের রূপায় উপর নির্ভর করিয়া বামাবোধিনী জন্মগ্রহণ করিয়াছে এবং যিনি

নানা সঙ্কট হইতে বার বার ইহাকে রক্ষা করিয়াছেন, তিমিই ইহাকে পুনর্জীবন প্রদান করিলেন। ১২৮৫ [১২৮৬ ?] সালের কার্তিক মাস হইতে বামাবোধিনী পুনঃ প্রকাশিত হইতে আরম্ভ হইল।

বঙ্গরক্ষণকে সর্বপ্রকার জ্ঞানে বিভূষিত করা বামাবোধিনীর উদ্দেশ্য, এই জ্ঞান সর্বপ্রকার জ্ঞানগর্ভ প্রস্তাবই ইহাতে সন্নিবেশিত হইয়াছে।.....জ্ঞানপ্রচার বামাবোধিনীর প্রধান উদ্দেশ্য হইলেও এই জ্ঞান যাহাতে বর্ধভিত্তির উপরে প্রতিষ্ঠিত হইয়া নারীজীবনের যথার্থ শোভা সম্পাদন ও কল্যাণ বিধান করে, বামাবোধিনীর ইহা প্রাণগত ইচ্ছা, এই জ্ঞানই পার্থক্য পার্থক্যগণের মনে বর্ধভাব উদ্বীপন ও সংরক্ষণের জ্ঞান ইহা প্রথম হইতে প্রয়াস পাইয়াছেন। কোন সাম্প্রদায়িক বর্ধমত শিক্ষা দেওয়া বা কোন সম্প্রদায়ের প্রতি অশ্রদ্ধা উৎপাদন করা বামাবোধিনীর লক্ষ্যের বহির্ভূত। ইহাতে উদার ও অসাম্প্রদায়িক ভাবে বর্ধবিষয়ক প্রস্তাব সকলের আলোচনা করিতে চেষ্টা করা হইয়াছে, এ বিষয়ে কত দূর ইহা কৃতকার্য হইয়াছে বলিতে পারি না। বামাবোধিনীর লেখক ও লেখিকাগণও ইহার উদ্দেশ্যের অঙ্গুত হইয়া প্রবন্ধ সকল লিখিয়াছেন।

‘বামাবোধিনী পত্রিকা’র বিভিন্ন ভাগ ও পর্কগুলি এই ভাবে প্রকাশিত হইয়াছিল :—

১ম ভাগ, ১ম খণ্ড	...	ভাদ্র-চৈত্র	১২৭০
২য় খণ্ড	...	বৈশাখ-চৈত্র	১২৭১
২য় ভাগ, ১ম খণ্ড	...	বৈশাখ-চৈত্র	১২৭২
২য় খণ্ড	...	বৈশাখ-চৈত্র	১২৭৩
৩য় ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৭৪ ১০০
১৩শ ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৮৪ (১৬৫-১৭৬ সংখ্যা)
১৪শ ভাগ	...	বৈশাখ	১২৮৫ (১৭৭ সংখ্যা)
২য় কল্প, ১ম ভাগ	...	কার্তিক	১২৮৬—চৈত্র ১২৮৬ (১৭৮-১৮৩ সংখ্যা)
২য় ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৮৭ (১৮৪-১৯৫ সংখ্যা) ১০০
৪র্থ ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৮৯
৩য় কল্প, ১ম ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৯০ ১০০
৪র্থ ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৯৩
৪র্থ কল্প, ১ম ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৯৪ ১০০
৫ম ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৯৮
৫ম কল্প, ১ম ভাগ	...	বৈশাখ-চৈত্র	১২৯৯ ১০০
৪র্থ ভাগ	...	বৈশাখ-চৈত্র	১৩০২ ১

অতঃপর ‘বামাবোধিনী পত্রিকা’ প্রত্যেক কল্পে চারি ভাগ করিয়া ১২শ কল্প, ৩য় ভাগ (বৈশাখ-চৈত্র ১৩২৯) পর্যন্ত প্রচারিত হইয়াছিল।

উমেশচন্দ্র দত্তের মৃত্যুর (৪ আষাঢ়, ১৩১৪) পর ষাহারা ‘বামাবোধিনী পত্রিকা’ পরিচালন করিয়াছিলেন, তাঁহাদের নাম ও কার্যকাল :—

- ১২০১-১২০২ সন—শ্রীমুকুন্দর দত্ত ও পণ্ডিত তারাকুমার কবিরত্ন ।
 ১২০২-১২১৪ সন—স্বর্ষকুমার চট্টোপাধ্যায়, কুমারী উষাপ্রভা দত্ত,
 শ্রীসন্তোষকুমার দত্ত, শ্রীদেবকুমার দত্ত, এম-এ ।
 ১২১৪-১২২২ ডিসেম্বর—শ্রীদেবকুমার দত্ত, কুমারী উষাপ্রভা দত্ত,
 কেশবগোপাল মুখোপাধ্যায়, এম-এ, বি-টি ।
 ১২২৩—শ্রীআনন্দকুমার দত্ত, এম-এ ।

উজোগবিধায়িনী (মাসিক) । সেপ্টেম্বর ১৮৬৩ ।

১৮৬৩ সনের সেপ্টেম্বর (?) মাসে পাবনা উজোগবিধায়িনী সভার মুখপত্রে স্বরূপ 'উজোগবিধায়িনী' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ইহার সম্পাদক ছিলেন— বরদাপ্রসাদ রায়। এই পত্রিকার সমালোচনা-প্রসঙ্গে 'সোমপ্রকাশ' (১৪ ডিসেম্বর ১৮৬৩) লিখিয়াছিলেন :—

উজোগবিধায়িনী । এখানি মাসিক পত্রিকা । ইহা পাবনা উজোগবিধায়িনী সভায় লিখিত হইয়া ঢাকার মূলভ ভবন হইতে মুদ্রিত ও প্রকাশিত হইতেছে । আমরা ইহার আশ্বিন ও কাষ্ঠিক দুই মাসের দুই খণ্ড প্রাপ্ত হইয়াছি । ইহার বার্ষিক অগ্রিম মূল্য ১১০ টাকা । সভা এ বিষয়ে কত দূর কৃতকার্য হইবেন, আমরা দুই খণ্ড পাঠ করিয়া তাহা ভালরূপে বুঝিতে পারিলাম না ।

'উজোগবিধায়িনী'র পরমায়ু আড়াই বৎসর ।

সচিত্র ভারত সংবাদ (পাক্ষিক) । ৩০ নবেম্বর ১৮৬৩ ।

১৮৬৩ সনের ৩০এ নবেম্বর (১৫ অগ্রহায়ণ ১২৭০) 'সচিত্র ভারত সংবাদ' প্রকাশিত হয়। ইহা একখানি পাক্ষিক পত্র; "কলিকাতা শিবতলার ১৬ নং স্ট্রীটে সাহস যন্ত্রে শ্রীউমাচরণ ভট্টাচার্য্য কর্তৃক মুদ্রিত হয় ।" ইহার কার্যালয় ছিল "সিকদার পাড়ার ২৩১ নং ভবনে" । 'সচিত্র ভারত সংবাদ' পত্রের প্রথম খণ্ডের ভূমিকাট নিম্নে উদ্ধৃত হইল । ইহা হইতে-পত্রিকা প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

সচিত্র সংবাদ পত্রের অভাব এদেশ হইতে তিরোভাব করণার্থ কয়েকজন দেশহিতৈষি সদাশয় মহাশয় ব্যক্তি আমাদিগকে বিশেষ অনুরোধ করেন, আমরাও তাঁহাদিগের উৎসাহে উৎসাহিত হইয়া "সচিত্র ভারত সংবাদ" নামে এই নবীন পত্রখানি প্রচার করিয়া অল্প দেশ বিদেশীয় গ্রাহক, অল্পগ্রাহক, গুণগ্রাহক ও উৎসাহদাতা এবং সজন ব্যক্তিদিগের নয়ন পথে অর্পণ করিলাম । এই পত্র প্রতি মাসের ১৫ই ও ৩০শে তারিখে প্রকাশিত হইবে । ইহাতে দেশহিতৈষি ব্যক্তিদিগের প্রতিমূর্ত্তি ও জীবন চরিত্র এবং সচিত্র গল্প সকল ও পুরাবৃত্ত এবং পাক্ষিক স্বদেশীয় ও বিদেশীয় সংবাদাবলী এবং অপরাপর ঘটনার সার মর্ম্ম (বাহা পাঠে সাধারণের বিশেষ উপকার দর্শিতে পারে) তদ্বিষয় সকল মূল্যলিভ চলিত বদভাষায়

লিখিত হইবেক, ...। এই পত্র যে প্রকার কোমল ভাষায় লিখিত হইবেক তাহাতে আমরাদিগের দেশীয় রমণীগণও বাঁহারা এক্ষণে বঙ্গ ভাষায় অত্যন্ত পুরাতন এই সকল পাঠ করিয়া থাকেন তাঁহারা ইহার প্রতি খ্রীতি প্রকাশ করিয়া ক্রমে ক্রমে বিভাষ্মীলনে উৎসাহাযিত হইবেন তাহার কোন সন্দেহ নাই। ...এই পত্রের প্রতি ধণ্ডে দুই খানি করিয়া প্রতিমূর্ত্তি থাকিবেক, ঐ প্রতিমূর্ত্তি সকল বিখ্যাত ইংরাজ ও বাদালি লিখোপ্রাকার এবং এনথোভারদিগের দ্বারা প্রস্তুত করান হইতেছে, ...। অগ্রিম বার্ষিক মূল্য ৬ টাকা, ষাণ্মাসিক ৪ টাকা, মাসিক ২/০ আনা, প্রতি ধণ্ডে ১/১০ আনা নির্দ্ধারিত করা হইল।

রচনাবলী (মাসিক) । জাহ্নুয়ারি ১৮৬৪ ।

১৮৬৪ সনের জাহ্নুয়ারি (পৌষ ১২৭০) মাসে রঙ্গপুর দিক্‌প্রকাশ-কার্যালয় হইতে 'রচনাবলী' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ২৫এ জাহ্নুয়ারি 'সোমপ্রকাশ' এইরূপ মন্তব্য করেন :—

রচনাবলী। মাসিক সম্বাদপত্রিকা। রঙ্গপুর কাকিনিয়া শজ্জল মজালয় হইতে পৌষ মাস অবধি প্রকাশিত হইতেছে। বার্ষিক অগ্রিম মূল্য ২০ আনা। প্রথম ধণ্ডের লেখা দেখিয়া ভাল মন্দ কিছুই বুঝা গেল না।

কাব্যপ্রকাশ (মাসিক) । জাহ্নুয়ারি ১৮৬৪ ।

১৮৬৪ সনের জাহ্নুয়ারি (মাঘ ১২৭০) মাসে ঢাকা মোগলটুলি হইতে 'ঢাকাদর্পণ'-সম্পাদক হরিশ্চন্দ্র মিত্র 'কাব্যপ্রকাশ' নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশ করেন। ইহার কণ্ঠে এই শ্লোকটি থাকিত :—

সংসারবিষম্বন্ধস্ত য়ে এব রসবৎকলে ।

কাব্যাস্তরসাস্বাদঃ সঙ্গমঃ স্তজর্নৈঃ সহ ॥

'কাব্যপ্রকাশে'র প্রথম সংখ্যায় প্রকাশিত সম্পাদকের ভূমিকাটি উদ্ধৃত কবিতোচ্ছি ; ইহা হইতে পত্রিকা-প্রচারের উদ্দেশ্য জানা যাইবে :—

বিজ্ঞাপন। জগদীশ্বরের উদার অহুকম্পায় আমরাদিগের অনেক দিনের সঙ্কলিত "কাব্যপ্রকাশ" অস্ত্র প্রকটিত হইল। আমরা ইহাকে ত্রৈমাসিক প্রচার করিতে প্রথমতঃ সংকল্প করিয়াছিলাম, অধিকাংশ গ্রাহক তাহাতে অহুমোদন করেন নাই বলিয়া এক্ষণে প্রতি মাসে প্রচারিত করিতে প্রযুক্ত হইলাম। ...

আমরা শিল্প, বিজ্ঞান বা জ্যোতির্বিজ্ঞানের অহ্মীলনার্থ এতৎপত্র প্রচারণে প্রযুক্ত হই নাই। কেবল বাঙ্গালীসাহিত্যসংসারের অপেক্ষাকৃত অহ্মীকতা সম্পাদন করাই আমরাদিগের অভিপ্রোত, সুতরাং নীচের লিখিত বিষয়গুলি কাব্যপ্রকাশের অবশ্য প্রকাশ বলিয়া অবধারিত হইল।

প্রথম কাব্য। দ্বিতীয় নাটক। তৃতীয় আধ্যাত্মিকা। চতুর্থ প্রহসন। পঞ্চম সাহিত্যের অদ্বীভূত কৌতুকগর্ভ-গল্পাবলী।শ্রীহরিশ্চন্দ্র মিত্র। সম্পাদক। ঢাকা

বাবুরবাজার। ১৭৮৫ শক। ১লা মাঘ। (৫ ফেব্রুয়ারি ১৮৬৪ তারিখের 'সংবাদ প্রভাকরে' উদ্ধৃত)

পাবনাদর্পণ (মাসিক)। মার্চ ১৮৬৪।

'পাবনাদর্পণ' একখানি মাসিক পত্রিকা। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—ফাল্গুন ১২৭০ (মার্চ ১৮৬৪)। পরবর্তী ২৮এ মার্চ 'সোমপ্রকাশ' সমালোচনা-প্রসঙ্গে লিখিয়া-ছিলেন :—

পাবনাদর্পণ। এখানি মাসিক সমাচারপত্রিকা। পাবনার কয়েকজন বিদ্বানরাই ব্যক্তি গত ফাল্গুন মাস হইতে এতৎপ্রচারণ আরম্ভ করিয়াছেন। প্রথম সংখ্যা পাঠ করিয়া ভাল মন্দ অভিপ্রায় প্রকাশ করা যাইতে পারে না।

২৫ এপ্রিল ১৮৬৪ তারিখের 'সোমপ্রকাশে' প্রকাশিত নিম্নের "বিজ্ঞাপন" হইতে 'পাবনাদর্পণ' সম্বন্ধে আরও কিছু সংবাদ পাওয়া যাইবে :—

সংপ্রতি পাবনাদর্পণ নামে একখানি মাসিক পত্রিকা আমাদিগের যত্নালয় হইতে প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে ইহাতে কাব্য নীতি ও বিবিধ সংবাদ লিখিত হইয়া থাকে। ত্রীমুক্ত বাবু রামমুন্সুর রায় ও ত্রীমুক্ত বাবু কাশীনাথ মিশ্র দ্বারা এই পত্রিকা সম্পাদিত হয় এই নবীন সম্পাদকদ্বয়ের যেরূপ উৎসাহ, অহুরাগ ও কল দেখিতে পাওয়া যাইতেছে, ইহাতে বোধ হয় ইহার দিন দিন ত্রীয়ক্তি হইবেক। ইহার প্রয়োজন হয় তিনি কলিকাতায় গুণ্ডত্রাদর্শ অথবা পাবনার সম্পাদকদিগের নামে পত্র লিখিলে প্রাপ্ত হইবেন। ইহার বার্ষিক মূল্য ২।০ হই টাকা চারি আনা ও ডাক মাসুল ৫০ আনা।—ত্রীগুণ্ডত্রাদর্শ।

১৮৬৫ সনে 'পাবনাদর্পণে'র প্রচার রহিত হয়।

শিক্ষাদর্পণ। ও সংবাদসার (মাসিক)। এপ্রিল ১৮৬৪।

ভূদেব মুখোপাধ্যায়ের পরিচালনে ১২৭১ সালের বৈশাখ (১৮৬৪, এপ্রিল) মাসে 'শিক্ষাদর্পণ। ও সংবাদসার' নামে মাসিক পত্রের জন্ম হয়। "এই পত্র হুগলী বুখোদয় যন্ত্রের অধ্যক্ষ ত্রীকাশীনাথ ভট্টাচার্য দ্বারা সেই যন্ত্র হইতে প্রকাশিত হয়।" প্রথম সংখ্যা হইতে ভূমিকাটি উদ্ধৃত করিতেছি :—

শিক্ষাদর্পণ। যে সকল দেশে বিজ্ঞাচর্চার বাহুল্য এবং সুতরায় বিভাগীয় এবং শিক্ষক সংখ্যার আধিক্য হইয়াছে, সর্বত্রই শিক্ষা-প্রণালী-প্রদর্শক এবং তৎসম্বন্ধীয় সংবাদ প্রদায়ক সাময়িক পত্রিকা সকল প্রচারিত হইয়া থাকে। যে ব্যাপারটী দেশের অবস্থা বিশেষ ঘটিলে স্বতঃই ঘটে, তাহার কারণান্তর অনুসন্ধান করা এক প্রকার নিশ্চয়োজন বলিলেই হয়। দেশের সেই অবস্থাবিলেষই তাহার কারণ।

বঙ্গালা দেশের এক্ষণে সেই অবস্থা উপস্থিত হইয়াছে কিনা, নিশ্চয় বলিতে পারা যায় না। কিন্তু আমাদিগের মনে এই শিক্ষা দর্পণ প্রচারিত করিবার অভিপ্রায় প্রথম উদ্ভিত

হওয়ার, এবং কে২ ও কত ব্যক্তিই বা ইহার গ্রাহক হইবেন, তাহা নিশ্চয় রূপে না জানিয়াও ইহা লিখিতে, ছাপাইতে এবং নানা স্থানে প্রেরণ করিতে প্রস্তুতি জরিবার হেতু, দেশের উল্লিখিতরূপ অবস্থার সংঘটন অথবা আমাদের মনের জন্ম মাত্র, এই দুই বই আর কিছুই হইতে পারে না। ঐ দুইয়ের মধ্যে কোনটী প্রকৃত কারণ তাহা পরীক্ষা করিয়া দেখাই আমাদের বর্তমান উদ্দেশ্য।

ঐহাদিগের নিকট এই পত্রিকা যাইবে যদি তাঁহারা সকলে অথবা তাঁহাদিগের মধ্যে অনেকে ইহা গ্রহণ করিবার ইচ্ছা প্রকাশ করিয়া অগ্রিম দের মূল্য প্রেরণ করেন, তবে বুঝিবে যে, দেশ মধ্যে যাহাতে এমত এক ধানি কাগজ চলে, দেশের তাদৃশ অবস্থা উপস্থিত হইয়াছে;—নচেৎ ইহা প্রস্তুত করিতে ও পাঠাইতে যে কএকটী টাকা লোকসান হইবে, তাহা—আমাদিগেরই আঁকেল সেলামী।

এই পর্য্যন্ত লেখা হইয়াছে, এমত সময়ে কোন আত্মীয় ব্যক্তি আসিয়া কি লিখিতেছে যে বলিয়া কাগজ ধানি লইয়া পাঠ করিতে লাগিলেন; আমরা, লেখাটী কেমন লাগিল বুঝিবার জন্ত তাঁহার মুখের প্রতি এক দৃষ্টে চাহিয়া রহিলাম। বন্ধু মহাশয় কাগজ ধানি রাখিয়া দিয়া কহিলেন “বেস খোলা কথা লেখা হইয়াছে বটে, কিন্তু এখনও সকল কথা লেখা হয় নাই—কাগজটী কত দিন অন্তর বাহির হইবে?” বৎসরের প্রথম হইতে বাহির করিবার জন্ত এইবারে যাহা করি; কিন্তু ইহার পর অবধি প্রতি মাসের শেষ দিবসে বাহির করিবার চেষ্টা করিব—অন্ততঃ পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে বাহির হইবেই হইবে; মাসিক পত্রিকা সকল যেমত কখনও ছয় মাস সাত মাস বিলম্বে বাহির হয়, প্রতিজ্ঞা করিতেছি, ইহার সেরূপ দশা হইবে না। “কাগজটী কত বড় হইবে?” সচরাচর চারি পেন্সী আট পৃষ্ঠা পরিপূর্ণ হইবে;—প্রথম সংখ্যার পত্রিকা দেখিলেই গ্রাহকেরা ইহার আকার প্রকার বুঝিতে পারিবেন। “দাম কত হইবে?” অগ্রিম বার্ষিক মূল্য দেড় টাকা অর্থাৎ প্রতি কাগজ দুই আনা মাত্র; তাহার এক আনা ডাক ঠাম্প দিতে যাইবে অপর এক আনাই কাগজের মূল্য। এত অল্প মূল্যে কাগজ করিয়া কোন রকমে বাজে ধরচ করা পোষায় না, এই জন্তই এক বৎসরের দাম আগামী লইব এবং কাগজটী এক বৎসর চালাইতে প্রতিজ্ঞা করিব; যদি এক বৎসর না চালাই, যিনি যে মূল্য দিবেন সমুদায় কে২ং পাঠাইয়া দিব। “বেস বলিলে, কিন্তু সংবাদপত্রের সম্পাদককে কে চিনে—ওরা একেলা এক শ—লেখক এক জন বলে আমরা—সংবাদপত্র সম্পাদকদিগের ঘর নাই ঘর নাই—এমন কি, উহাদের নাম পর্য্যন্তও নাই—তুমি টাকা কে২ং দিবে বলিলে কে বিশ্বাস করিবে?” বন্ধু মহাশয়ের এই প্রশ্নের কি উত্তর করিব ভাবিতেছিলাম, এমত সময়ে আমাদের যন্ত্রাধ্যক্ষ আসিয়া উপস্থিত হইলেন এবং বন্ধু মহাশয় যে বৈষম্য উপস্থিত করিয়াছিলেন তাহা শুনিয়া বয়ং গ্রাহকবর্গের টাকার জামিন হইতে স্বীকার করিলেম।

যন্ত্রাধ্যক্ষ বলিলেন টাকার জামিন হইব তাহাতে দুঃখ নাই—কিন্তু যেমন করিয়া এই সকল কাজ করিতে হয় তেমন করিয়া করিলে কাগজ খানির দ্বারা বিলক্ষণ দশ টাকা লাভ হইতে পারিত। লোকে বলে নামে কি এসে যায়, কিন্তু নামে অনেক হয়। এই কাগজটির নাম শিক্ষা দর্পণ না রাখিয়া “হিন্দু দর্পণ” অথবা—তার চেয়েও ভাল—‘ব্রাহ্ম্য দর্পণ’ রাখুন—আর শিক্ষা প্রণালী ঐশালী লিখিব না বলিয়া গবর্ণমেন্টের দোষ লিখিব এই প্রতিজ্ঞা করুন—আর—লোকে টাকার কথা বলিতে হইলে যেমন আশে২ কহে সেই রূপ হয়ে—প্রাচীন সংবাদপত্রের সম্পাদক ছই একটীর কিছু মর্যাদা রাখুন—তাহা হইলে আমিই প্রতিজ্ঞা করিতেছি দাম ছই আনা না হইয়া চই টাকা করিয়া সব্-সক্রিপ্-স্ন তুলিয়া দিব।



বন্ধু মহাশয় ঋষং হাত্ত সহকারে বলিলেন যন্ত্রাধ্যক্ষ মন্দ পরামর্শ দিতেছেন না। সেই পরিশ্রম করিতে হইবে—সেই ঝগাট পোহাইতে হইবে—তবে লাভটা ছাড় কেন? যেমন করে কাজ করিতে হয় তাহাই কেন কর না? আমরা উত্তর করিলাম, সকল কার্যেই অর্থলাভ আকাঙ্ক্ষা করিলে চলে না; কোন কর্ম টাকার দিকে দৃষ্টি রাখিয়া করিতে হয়, কোন কর্ম বা অস্ত্র দিকে দৃষ্টি করিয়া করিতেই অধিক প্রযুক্তি জন্মে। বর্ষের ক্ষয় তুলিয়া টাকা রোজকার করার প্রযুক্তি নাই—গবর্ণমেন্টকে গালি দিলে গবর্ণমেন্ট কিছুই বলেন না বিলক্ষণ জানা আছে, সুতরাং “পাইকের বঁড়াই” করিয়া বাহাছুরী দেখাইতে নিতান্ত যুগা হয়—আর যন্ত্রাধ্যক্ষ যে দুস দিবার কথা বলিতেছেন, তাহার দিন আর নাই—এক্ষণকার সম্পাদকেরা আর টাকা খাইয়া মন্দকে ভাল ও ভালকে মন্দ বলেন না। তাঁহারা অনেকেই দেশহিতৈষী গুণে বিভূষিত হইয়া আছেন এবং যথেষ্ট পরিমাণে সংবাদপত্র দেশে নাই ইহাই স্বীকার করিয়া থাকেন; সুতরাং তাঁহারা যে সুপ্রশস্ত পথের পথিক হইয়াছেন, যদি আমাদিগকেও তদ্ব্যে সমভিব্যাহারী পায়েন, তবে সরল হৃদয়ে আনন্দ প্রকাশই করিবেন, তাহার সন্দেহ নাই।

বন্ধু মহাশয় কহিলেন, কার্যটি এমন গুরুতর নহে যে পরিশ্রম করিলে অসিদ্ধ না হয়—তবে আমার ইচ্ছা এই যে, শিক্ষাদর্পণ নাম দিয়াছ বলিয়া যেন কেবল বালকদিগকে কেমন করিয়া ক, খ, আর শতিকা প্রভৃতি শিখাইতে হয় তাবন্ধা লিখিয়াই নিবৃত্ত না হও। পল্লীগ্রামের লোকেরা কোন ভাল বিষয়ের কথা শুনিতে পায়েন না—তাঁহাদের মধ্যে কেবল দলাদলীর আর নিমন্ত্রণের কথাই হইয়া থাকে—অতএব প্রামাণিক সংবাদপত্র সমস্ত হইতে কলোপধায়ক ও শুষ্কবাক্যক কতকগুলি কতকগুলি করিয়া সংবাদ উদ্ধৃত করিয়া দিলে তাহা লোকদিগের অনেক উপকার দর্শিতে পারে; সংবাদগুলি কি পুরাতন হইবে বটে—কিন্তু নিতান্ত উপবাসসিদ্ধি ব্যক্তিকে পর্যুষিতান প্রদান করিলেও পুণ্য আছে। আর দেখ, যে সকল আইন প্রচলিত আছে এবং মধ্যে২ প্রস্তাবিত ও প্রচলিত হইয়া যাইতেছে, তাহার মর্ম্ম অনেকেই অবগত হয় না, অথচ আইন না জানায় লোকের যে দোষ হয়, আইন কিছু সেই দোষের দণ্ড দিতে ছাড়ে না। অতএব নিতান্ত প্রয়োজনীয় ব্যবস্থা সমস্তের সারসংগ্রহ করিয়া দিলে পত্রিকার উপকারিতা এবং সুতরাং ইহার গৌরবেরও বৃদ্ধি হইতে

পাশ্বে। ফলতঃ শিক্ষা শব্দের অর্থ কিঞ্চিৎ প্রশস্ত করিয়া লইলে শিক্ষাদর্পণের মধ্যে লিখা যাইতে না পারে এমন কথাই নাই। জর্জন দেশীর এক জন সুপ্রসিদ্ধ পণ্ডিত কহিয়া গিয়াছেন যে, শিক্ষা গ্রহণ করাই পৃথিবীতে জন্মগ্রহণের এক মাত্র উদ্দেশ্য; মহুয় দেশ ধারণের আর দ্বিতীয় প্রয়োজন নাই।

—

যথাযথ এই সকল কথাতেও বিশিষ্ট রূপে তুষ্ট হইলেন না, বোধ হয়। কাগজের নামটা তাঁহাকে ভাল লাগে নাই। তিনি কাপি চাহিলেন এবং উল্লিখিত কথোপকথনে সকল কথাই এক প্রকার বলা হইয়াছে দেখিয়া ও অল্প রূপে লিখিবান সম্ভাভাব প্রযুক্ত ইহাই লিখিয়া তাঁহার হস্তে সমর্পণ করিলাম। ইহাই আমাদের প্রতিজ্ঞাপত্র।

১২৭৪ সালের পৌষ-সংখ্যা (৪র্থ ভাগ, ৯ম সংখ্যা) হইতে পত্রিকাখানির নামকরণ হয়—‘শিক্ষা দর্পণ। ও মাসিক পত্রিকা’। এই সংখ্যায় নিম্নোক্ত বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছে :—

বিজ্ঞাপন। বর্তমান মাস হইতে শিক্ষাদর্পণ ও বর্ধমান মাসিক পত্রিকা সম্মিলিত হইল; এবং সেই জন্ত শিক্ষাদর্পণেরও পূর্বনাম পরিবর্তিত করিয়া ইহাকে “শিক্ষাদর্পণ ও মাসিক পত্রিকা” নাম দেওয়া গেল।

১৮৬৮ খ্রীষ্টাব্দের ৪ঠা ডিসেম্বর হইতে ভূদেব ‘এডুকেশন গেজেট’ পত্রের সম্পাদন-ভার গ্রহণ করেন। ইহার দ্বারা ‘শিক্ষাদর্পণের’ প্রয়োজন মিটিতেছিল; সম্ভবতঃ এই কারণেই তিনি ‘শিক্ষাদর্পণের’ প্রচার রহিত করেন। ‘শিক্ষা দর্পণ’ ৫ম ভাগ, ১০ম সংখ্যা, মাঘ ১২৭৫ পর্যন্ত প্রকাশিত হইয়াছিল।

ধর্মপ্রচারিণী (মাসিক)। মে ১৮৬৪।

১২৭১ সালের প্রারম্ভে বেহালা ব্রাহ্মসমাজের অধীনে ব্রাহ্মধর্ম-প্রচারিণী সভা সংস্থাপিত হয়। “যাহাতে সাধারণ ব্রাহ্মদিগের মধ্যে বিশেষরূপে ব্রাহ্মধর্ম প্রচারিত হয় তাহাই এই সভার উদ্দেশ্য”। সভার মুখপত্রস্বরূপ ‘ধর্মপ্রচারিণী’ নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশিত হয়; উহার প্রথম সংখ্যার প্রকাশকাল—জ্যৈষ্ঠ ১২৭১। ‘ধর্মপ্রচারিণী’র সম্পাদক ছিলেন অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় ও রাজেন্দ্রনাথ গুহ।

ভারতরঞ্জন (সাপ্তাহিক)। জুলাই ১৮৬৪।

আজিমগঞ্জ হইতে প্রকাশিত ‘বিশ্বমনোরঞ্জন’ ও ‘সংবাদ ভারতবন্ধু’র কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। এই দুইখানি পত্রিকার পরিবর্তে ১৮৬৪ সনের জুলাই মাসে ‘ভারতরঞ্জন’র আবির্ভাব হয়। পাক্ষিক ‘গ্রামবার্তাপ্রকাশিকা’ (শ্রাবণ ১২৭১, ২য় পক্ষ) লেখেন :—

আজিমগঞ্জস্থ ‘বিশ্বমনোরঞ্জন’ ও ‘ভারতবন্ধু’ সংবাদ পত্রিকাটির কিছুকাল বন্ধ হওয়ার তাবিয়াছিলাম উক্ত পত্রের কোন্ বিষয় হইয়া থাকিবে। ‘ভারতরঞ্জন’ নাম দিয়া সম্ভ্রান্ত

সম্পাদক উক্ত পত্র প্রকাশ করিয়াছেন। পাঠ করিয়া যারপর নাই সন্তুষ্ট হইলাম। বিশ্বমনোরঞ্জন পত্রিকা সম্পাদক নবকিশোর সেন মহাশয়ের পীড়া ও যত্নই উক্ত পত্রিকাটির অপ্রকাশের কারণ। এক্ষণে যন্ত্রালয় আজিমগঞ্জ হইতে উঠিয়া বহরমপুরে আসিয়াছে। পত্রিকা হুইখানির পরিবর্তে একখানি হইয়াছে, এখন উত্তমরূপে চলিতে পারে।

‘ভারতরঞ্জন’র কণ্ঠে “ছায়াং পথঃ প্রবিচলন্তি পদং ন ধীরাঃ” এই শ্লোকটি মুদ্রিত হইত।

হিন্দু ইন্টারপ্রাটার (পাক্ষিক)। সেপ্টেম্বর ১৮৬৪।

কলিকাতার গুপ্ত এণ্ড ব্রাদার্স ১৮৬৪ সনের সেপ্টেম্বর (৭) মাসে *Hindoo Interpreter* নামে একখানি দ্বিভাষিক (ইংরেজী-বাংলা) পত্রিকা প্রকাশ করেন। ইহা পাক্ষিক (“Bi-monthly”) এবং “More a politico ethical magazine” ছিল বলিয়া জে. ওয়েঞ্জার উল্লেখ করিয়াছেন।* ২৬ সেপ্টেম্বর ১৮৬৪ তারিখে ‘হিন্দু পেট্রিয়ট’ ইহার প্রথম সংখ্যার সমালোচনা-প্রসঙ্গে লেখেন :—

We have to acknowledge with thanks the first number of the *Hindoo Interpreter*, a diglot newspaper, started by the enterprising Booksellers, Messrs. Gupta and Brothers. The first number of a periodical is no criterion to judge it by, but if its conductors will earnestly and perseveringly pursue the high and laudable object they have in view, they will deserve success, though they may not command it. Diglots unfortunately do not find much favor in Bengal...

ধর্মতত্ত্ব (মাসিক...)। অক্টোবর ১৮৬৪।

১৭৮৬ শকের কার্তিক (অক্টোবর ১৮৬৪) মাস হইতে ‘তত্ত্ববোধিনী পত্রিকা’র আদর্শে ‘ধর্মতত্ত্ব’ নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশিত হয়। পরবর্তী অগ্রহায়ণ মাসের ‘তত্ত্ববোধিনী পত্রিকা’য় ইহার যে বিজ্ঞাপন মুদ্রিত হয়, তাহা উদ্ধৃত করিতেছি :—

ধর্মতত্ত্ব-নামী মাসিক পত্রিকার প্রথম সংখ্যা প্রচারিত হইয়াছে। ধর্মনীতি; ধর্মতত্ত্ব; সামাজিক উন্নতি; ব্রাহ্মধর্মের উন্নতি; নীতিগর্ভ আধ্যাত্মিকতা; সাধুদিগের জীবন; বেদ পুরাণ বাইবেল কোরাণ প্রভৃতি ধর্মপুস্তক হইতে সত্য ধর্ম প্রতিপাদক ভাব; এই সমুদায় ঐ পত্রিকার লেখ্য বিষয়। উহার অগ্রিম মূল্য বার্ষিক ২।০ টাকা এবং ষাণ্মাসিক ১।০ এক টাকা চারি আনা নির্ধারিত হইয়াছে। প্রতি সংখ্যার মূল্য ১০ আনা।...ধর্মতত্ত্ব সম্পাদক। কলিকাতা ব্রাহ্মসমাজ।

১৭৮৭ শকের আশ্বিন সংখ্যায় ‘ধর্মতত্ত্ব’র প্রথম বর্ষ শেষ হয়। ক্রমে ইহা অনিয়মিত হইয়া পড়ে। এই কারণে পত্রিকার উপরে “মাসে”র উল্লেখ না করিয়া “সংখ্যা” সন্নিবিষ্ট করা হইতে লাগিল। ১৭৮৮ শকের আষাঢ় মাসের পরবর্তী সংখ্যায় “২২ সংখ্যা”র উল্লেখ আছে; এই সংখ্যায় নিম্নোক্ত বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছে :—

* J. Wenger: *Catalogue of Sanskrit and Bengalee Publications printed in Bengal* (1865), p. 58.

বিজ্ঞাপন। নানা কারণ বশতঃ এতাবৎকাল ধর্মতত্ত্ব প্রকাশবিষয়ে নিতান্ত অনিয়ম প্রদর্শিত হইয়াছে, এক্ষণে আমরা অতিশয় ক্ষুব্ধ আছি, এখনও আমরা দেখিতেছি যে কারণে ধর্মতত্ত্ব মাসে মাসে নিয়মিতরূপে প্রকাশিত হয় নাই এখনও সে সমুদায় সমধিক পরিমাণে বিচ্ছিন্ন রহিয়াছে। অতএব ধর্মতত্ত্বকে মাসিক না রাখিয়া সংখ্যাভূম্যায়ী করাই পরামর্শসিদ্ধ হইয়াছে। বর্তমান অবস্থাতে ধর্মতত্ত্বকে সংখ্যাভূম্যায়ী করিবার অপরা একটা প্রয়োজন এই যে তাহা না করিলে ইহাতে সাময়িক ঘটনাসকল সন্নিবেশ পক্ষে বিশেষ প্রতিবন্ধকতা হয়। এক্ষণে যে সমস্ত ঘটনা সংঘটিত হইতেছে পূর্বমাসীয় পত্রিকা সকলে তাহা সন্নিবেশিত করা কোন মতেই সংগত হয় না। আমাদের পত্রিকা মাসের গণনার এতাবৎকাল পঞ্চাশতী ধাকাতো আমরা অভিনব ঘটনাবলি প্রায় কোনকালেই যথাসময়ে প্রকাশ করিতে সমর্থ হই নাই। এই সমস্ত বিবেচনার অঙ্গবর্তী হইয়া আমরা এই পত্রিকায় মাস পরিচ্যায় করিয়া শুদ্ধ সংখ্যাই সন্নিবিষ্ট করিলাম।...

কিন্তু “২২ সংখ্যা”র তারিখ—১৫ চৈত্র ১৭৮৯।

মাসিক ‘ধর্মতত্ত্ব’ দ্বিভাষিক পত্র ছিল। ইহাতে বাংলা অংশ ছাড়া কয়েক পৃষ্ঠা ইংরেজীও থাকিত। ইংরেজী অংশে ধর্মতত্ত্বমূলক ইংরেজী পুস্তক-পত্রিকার কোন কোন অংশ উদ্ধৃত করা হইত। পত্রিকায় সম্পাদকের নাম নাই।

১৭৯০ শকে ‘ধর্মতত্ত্ব’ নূতন আকারে পাক্ষিক পত্রে পরিণত হয়। তৃতীয় ভাগ, ১ম সংখ্যায় (১ মাঘ, বৃহস্পতিবার, ১৭৯১ শক) প্রকাশ :—

ধর্মতত্ত্ব। ‘পাক্ষিক’ ধর্মতত্ত্ব অল্প দয়াময়ের প্রসাদে এক বৎসরকাল অতিক্রম করিয়া দ্বিতীয় বর্ষে পদার্পণ করিল। এক বৎসরের মধ্যে ইহার উন্নতির সঙ্গে সঙ্গে আকারের অনেক পরিবর্তন হইয়া আসিয়াছে। পত্রিকার বাহ সৌন্দর্য এবং নিয়মিত সময়ে বাহির হওয়া সম্বন্ধে অনেক ক্ষুদ্র ঠাকিলেও ইহার লিখিত বিষয় সকল দ্বারা অনেকে উপকৃত হইতেছেন শুনিয়া আমাদের পরিশ্রম সকল বোধ হইতেছে।

এই সংখ্যা হইতে শিরোভূষণ-স্বরূপ পত্রিকায় নিম্নের শ্লোকটি মুদ্রিত হইতে থাকে :—

সুবিশালমিদং বিশ্বং পবিত্রং জ্ঞানমঙ্গিরং ।
 চেতঃ সুনির্মলভীর্ণং সত্যং শাস্ত্রমনস্বরং ।
 বিশ্বাসো ধর্মমূলং হি শ্রীতিঃ পরমসাধনং ।
 স্বাধ্বনাশস্ত বৈরাগ্যং ব্রাহ্মকরেবং প্রকীর্ত্যতে ॥

পরিদর্শন (মাসিক)। ডিসেম্বর ১৮৬৪।

বহুনাথ ভর্তুকীর সাপ্তাহিক ‘ভারত পরিদর্শন’ ১৮৬৩ সনের ১৫ই জুন প্রকাশিত হইয়া প্রায় এক বৎসর চলিয়াছিল। ইহাই মাসিক আকারে ‘পরিদর্শন’ নামে ১৮৬৪ সনের শেষার্শে চিৎপুর পুরাণ সংগ্রহ যন্ত্রালয় হইতে প্রকাশিত হয়। ‘সোমপ্রকাশ’র (২৩ আশ্বারি ১৮৬৫) নিম্নোক্ত মন্তব্য হইতেও এ-কথার প্রমাণ পাওয়া যাইবে :—

পরিদর্শন। এখানি মাসিক পত্রিকা। পূর্বে ভারতপরিদর্শন যে স্থান ও যে হস্ত হইতে বাহির হইয়াছিল, ইহাও সেই স্থান ও সেই হস্ত হইতে বাহির হইতেছে। আমরা ক্রমে ক্রমে দুই সংখ্যা প্রাপ্ত হইলাম। দেখিয়া এরূপ আশা জন্মিয়াছে, ক্রমে ইহা উৎকর্ষ লাভে সমর্থ হইবে।

সত্যাশ্বেষণ (মাসিক)। জাহ্নুয়ারি ১৮৬৫।

এই বৎসর ব্রাহ্মধর্ম প্রচারোদ্দেশ্যে কয়েকখানি সাময়িক-পত্রের উদ্ভব হয়। ‘ধর্মতত্ত্বের’ কথা পূর্বেই বলা হইয়াছে। ‘সত্যাশ্বেষণ’ নামে আর একখানি ২৪ পৃষ্ঠার মাসিক পত্র বউবাজার সমাজ হইতে ১৮৬৫ সনের জাহ্নুয়ারি (মাঘ, ১৭৮৬ শক) মাসে প্রকাশিত হয়। ইহার অগ্রিম বার্ষিক মূল্য ২।০, ডাকমাণ্ডুল সমেত ৩। প্রথম সংখ্যায় “সত্যাশ্বেষণের উদ্দেশ্য” প্রসঙ্গে এইরূপ লিখিত হইয়াছে :—

ষোড়শ মাস অতীত হইল, ব্রহ্মোপাসনার নিমিত্ত কলিকাতার অন্তঃপাতী বৌবাজারে একটা ব্রহ্মোপাসনালয় সংস্থাপিত হইয়াছে। প্রতি রবিবার সায়ং কালে সেই স্থানে যথানিয়মে উপাসনা কার্য সম্পন্ন হইয়া আসিতেছে। ইতিপূর্বে ব্রহ্মোপাসকগণ বিবেচনা করিলেন, আমরা ব্রহ্মোপাসনার দ্বারা যে অল্পমম নির্মল আনন্দ সম্ভোগ করিতেছি ড্রাড্‌গণকেও তাহার অংশভাগী করা বিধেয়। পরন্তু যে কোন প্রকারে হটুক ব্রাহ্ম ধর্ম প্রচার করাই সেই গুরুতর অভিপ্রায় সংসাধনের একমাত্র উপায়। সেই উদ্দেশ্য সাধনের নিমিত্ত আমরা এই সত্যাশ্বেষণ পত্র প্রচারে প্রবৃত্ত হইয়াছি। নিরবচ্ছিন্ন ব্রাহ্মধর্মের উপদেশ বা অহুশীলন থাকিলে ইহা সাধারণের শ্রীতিকর হইবে না, আশঙ্কায় আমরা এই পত্র বর্ষ্য প্রস্তাবের সহিত নানাবিধ বিতর্ক প্রস্তাবে প্রেপূর্ণিত করিতে সঙ্কল্প করিয়াছি, পরন্তু ইহা সাধারণের নিকট কতদূর আদরণীয় হইবে তাহা বলিতে পারি না।...

‘সত্যাশ্বেষণ’ সম্পাদন করিতেন—জগন্মোহন তর্কালঙ্কার।

বিজ্ঞাপনী (সাপ্তাহিক)। মার্চ ১৮৬৫।

বালিমাটা-নিবাসী গিরিশচন্দ্র রায় চৌধুরী ঢাকার বিজ্ঞাপনী যন্ত্র নামে একটি বাংলা মুদ্রাযন্ত্রের প্রতিষ্ঠা করেন। এই মুদ্রাযন্ত্রের সাহায্যে ‘বিজ্ঞাপনী’ নামে একখানি সাপ্তাহিক পত্র প্রচারের সঙ্কল্প করিয়া, তিনি ‘ঢাকাপ্রকাশ’-সম্পাদক কৃষ্ণচন্দ্র মজুমদারকে ৫০০ বেতনে সম্পাদকীয় কার্য নির্বাহের জন্ত নিযুক্ত করেন। বিজ্ঞাপনী যন্ত্র স্থাপন ও ‘বিজ্ঞাপনী’ পত্র প্রচারের সঙ্কল্পের কথা সংবাদপত্রে ঘোষিত হয়। ৫ সেপ্টেম্বর ১৮৬৪ তারিখের ‘সোমপ্রকাশে’ এই বিজ্ঞাপনটি আছে :—

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীযুক্ত বাবু কালীনারায়ণ রায় চৌধুরী মহাশয়ের বংশীবাড়ারস্থিত নদীর পারের একতালা হাবেলিতে বালিমাটা নিবাসী শ্রীযুক্ত বাবু গিরিশচন্দ্র রায় চৌধুরী কর্তৃক ‘ঢাকা বিজ্ঞাপনী যন্ত্র’ নামে একটা মুদ্রাযন্ত্র

সংস্থাপিত হইয়াছে, ...এখানে ইহাও বিজ্ঞাপ্য যে, উক্ত যন্ত্র হইতে 'বিজ্ঞাপনী' নামক একখানি অভিনব সাপ্তাহিক সম্বাদ পত্রিকা শীঘ্রই প্রচারিত হইবে, ...পত্রিকার আয়তন ৪ পেজি কর্ণার ৩ কর্ণা করা হইবে...। শ্রীকৃষ্ণচন্দ্র মজুমদার। ঢাকা বিজ্ঞাপনী যন্ত্র ১২৭১। ৭ই তারিখ।

১৮৬৫ সনের মার্চ মাসে 'বিজ্ঞাপনী' প্রকাশিত হয়। পরবর্তী ২৭ মার্চ তারিখের 'হিন্দু পেট্রিয়রটে' প্রকাশ :—

THE WEEK. *Thursday, 23rd March.* We have received the first number of a new vernacular paper started in Dacca called the Begaponi or the *Advertiser*.

কৃষ্ণচন্দ্রের সম্পাদনায় 'বিজ্ঞাপনী' একখানি উচ্চাঙ্গের সাপ্তাহিক পত্রে পরিণত হইয়াছিল। 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' (১২ এপ্রিল ১৮৬৫) যথার্থই মন্তব্য করেন :—

কলিকাতায় যে যে বাদলা সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ হইয়া থাকে ঢাকার বিজ্ঞাপনী ঐ ঢাকাপ্রকাশ ইহার কাহার বিতীর্ণ নহে।

ঢাকা ব্রাহ্মসমাজের সহিত কৃষ্ণচন্দ্রের ঘনিষ্ঠতা ছিল। তিনি ১১ কার্তিকের 'বিজ্ঞাপনী'তে ব্রাহ্মধর্মের অল্পকূলে কিছু লিখিলে, অধ্যক্ষ গিরিশচন্দ্র রায় চৌধুরী সম্পাদককে অল্পযোগ করিয়াছিলেন। ইহাতে কৃষ্ণচন্দ্র যে স্বাধীনচিন্ততার পরিচয় দিয়াছিলেন, তাহার কথা 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' (১৭ নবেম্বর ১৮৬৫) পাঠে জানা যায় :—

অবসতি হইল, ইতিপূর্বে বিজ্ঞাপনীতে ব্রাহ্মধর্মের সাপক্ষে কিছু লিখিত হওয়াতে, চাকার ঐক্যবান মজুমদার তৎ অব্যক্ত গিরিশ বাবুকে অল্পযোগ করেন, গিরিশবাবু সম্পাদককে ভবিষ্যতে উচ্চাঙ্গ লিখিতে নিষেধ করিয়াতে স্বাধীনচিন্ত সম্পাদক কার্য পরিত্যাগ করেন। সেই কারণে বিজ্ঞাপনী পত্র এক সপ্তাহ বন্ধ থাকে। পুনর্বার উক্ত সম্পাদক পূর্বমত স্বাধীনচিন্ততা লাভ করিতে কর্তে প্রবৃত্ত হইয়াছেন।

১৮৬৬ সনের এপ্রিল মাসে বিজ্ঞাপনী যন্ত্র ঢাকা হইতে ময়মনসিংহে স্থানান্তরিত হয়। জগন্নাথ অগ্নিহোত্রীর উপর 'বিজ্ঞাপনী'র সম্পাদন-ভার ছাড়া করিয়া কৃষ্ণচন্দ্রও ঐ সময় স্বদেশে ফিরিয়াছিলেন।

ময়মনসিংহ হইতে দুই বৎসর প্রচারিত হইবার পর 'বিজ্ঞাপনী' বন্ধিত হয়। ইহার তিরোধান-সংবাদে 'ঢাকাপ্রকাশ' (২৭ ডিসেম্বর ১৮৬৮) যে আক্ষেপসূচক প্রস্তাব লিখিয়াছিলেন, তাহা উদ্ধৃত করিতেছি :—

আমরা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইলাম, বিজ্ঞাপনী পত্রিকা আর প্রকাশিত হইবে না। উক্ত পত্রিকার ১৩ বছরের অব্যক্ত শ্রীযুত বাবু গিরিশচন্দ্র রায় ভদ্রাবাসী কতিপয় হইতে রুহে বসিয়া একদা তাহার ব্যয়ভারবহনে অসম্মত হইয়াছেন। বিজ্ঞাপনী পত্রিকা হারা আমরা হিত সংকীর্ণিত হইতেছিল। বিশেষতঃ উহা ময়মনসিংহ হইতে প্রকাশিত হওয়াতে তৎপ্রদেশের অনেক বিষয়ে অনেক উন্নতির সভাবনা ছিল। অতএব বিজ্ঞাপনীর মৃত্যু ময়মনসিংহের সর্বিশেষ বিনোদনকরক বসিতে হইবে।

বিজ্ঞাপনী প্রথমে ঢাকা নগরে বনামধের যন্ত্রে বিজ্ঞপন গ্রীষ্মকাল বাবু কৃষ্ণচন্দ্র সত্বদ্যার মহাশয় কর্তৃক জন্ম প্রাপ্ত হইয়া যন্ত্রাধ্যক্ষ গিরিশবাবুর অর্থাহুকুল্যে লালিত পালিত হয়। বিজ্ঞাপনীর বহুঃক্রম অনবিক্ত হই বৎসর হইলে বাবু জগন্নাথ অগ্নিকোজীন্স হন্তে তাহার সম্পাদকতার সমর্পণ করিয়া কৃষ্ণবাবু সম্পাদকতা হইতে অবনয়ন গ্রহণ করেন। কিছু দিন পরে কোন কারণে বিজ্ঞাপনী যন্ত্র ময়মনসিংহে নীত এবং তদবধি তথা হইতেই বিজ্ঞাপনী পত্রিকা প্রচারিত হয়। তদন্ত্য কতিপয় উদ্যলোক গিরিশবাবুর সহিত উক্ত পত্রিকা ও যন্ত্রের লাভালাভের অংশী হন। দুঃখের বিষয় এই যে বিজ্ঞাপনী হই বৎসরের অধিক কাল ময়মনসিংহের জলবায়ু সহ করিতে পারিল না। পত্রিকার গ্রাহক সংখ্যা নিতান্ত কম ছিল না এবং যন্ত্রেও এত কাজ যুটীয়াছিল যে, লাভ ভিন্ন কতিপয় কারণ লক্ষিত হয় নাই। কলতঃ কেবল যন্ত্রাধ্যক্ষদিগের পরম্পরের অনৈক্য অপ্রণয় ও অবহেলা উপস্থিত হওয়াতে ও বিজ্ঞাপনীর কলহপ্রিয়তাাদি কারণে তাহাকে অকালে মৃত্যুমুখে পতিত হইতে হইল।...

হিন্দু হিতৈষিণী (সাপ্তাহিক)। মার্চ ১৮৬৫।

১২৭১ সালের চৈত্র (১৮৬৫, মার্চ) মাসে ঢাকা হইতে 'হিন্দু হিতৈষিণী' নামে একখানি সাপ্তাহিক পত্রের উদয় হয়। ইহার সম্পাদক—হরিশ্চন্দ্র মিত্র। 'হিন্দু পেট্রিয়রটে' প্রকাশ :—

THE WEEK. *Wednesday, 12th April.* We have received the first number of a Bengali periodical, entitled the *Hindoo Hetoishenee*, and published in Dacca. The avowed object of this paper is to defend the Hindoo religion and ceremonies. (17th April 1866).

'হিন্দু হিতৈষিণী' ঢাকার হিন্দু ধর্মরক্ষিণী সভার মুখপত্র ছিল। ইহার কঠে নিম্নলিখিত পংক্তিটি মুদ্রিত হইত,—

“—কর্মণা মনসা বাচা স্বজাহ্নবৎ সমাচরয়েৎ।”

'হিন্দু হিতৈষিণী'তে ব্রাহ্মদিগের বিরুদ্ধে রচনাাদি প্রকাশিত হইত। ১১ জুলাই ১৮৬৫ তারিখে 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' এই পত্রিকাখানি সপক্ষে লিখিয়াছিলেন :—

ঢাকার হিন্দুহিতৈষিণী সভা। অল্প দিন হইল ঢাকার হিন্দুহিতৈষিণী নামে একটা সভা সংস্থাপিত হইয়াছে, বিক্রমপুরের বিখ্যাত জমিদার গ্রীষ্মকাল জগবন্ধু বসু এবং ঢাকার জজ আদালতের উকীল গ্রীষ্মকাল লক্ষীকান্ত মুন্সী এই সভার প্রতিষ্ঠাতা। তদন্ত্য সুশিক্ষিত ব্রাহ্মদিগের দৈনন্দিন উন্নতি দেখিরা হিন্দুধর্মের গৌরব রক্ষার্থ প্রাচীন সত্ৰদ্বারিরা এই সভা করিয়াছেন। হিন্দু হিতৈষিণী পত্রিকা খানি এই সভার মুখবরণ, বিধবাবদাদনার লেখক গ্রীষ্মকাল হরিশ্চন্দ্র মিত্র মহাশয় উক্ত পত্রিকাখানি লিখিতেছেন। হরিশ্চন্দ্র এত কাল চিরদুঃখিনী বধবিধবদিগের সাপক্ষে লেখনী সকালন করিয়া এক্ষণ তাহাদিগের বিপক্ষতাচরণ করিতেছেন, শিক্ষিত অন্তঃকরণের একান্ত পরিবর্তন অসম্ভবনীয়।

১৮৬২ খ্রীষ্টাব্দের মাঝামাঝি হরিশ্চন্দ্র 'হিন্দু হিতৈষিণী'র কার্যভার ত্যাগ করেন।*
কেন্দারনাথ মজুমদার লিখিরাছেন :—

তিনি [হরিশ্চন্দ্র] হিন্দু হিতৈষিণীর কার্য ত্যাগ করিলে বাবু আনন্দচন্দ্র সেন গুপ্ত
হিতৈষিণীর সম্পাদক দায়িত্ব হইয়াছিলেন। ১২৮৪ সাল পর্যন্ত হিন্দু হিতৈষিণী পরিচালিত
হইয়াছিল।

রাজনীতি সংগ্রহ (সাপ্তাহিক)। ১৭ এপ্রিল ১৮৬৫।

'রাজনীতি সংগ্রহ' একখানি সাপ্তাহিক সমাচার-পত্র; ১২৭২ সালের ৬ই বৈশাখ (১৭
এপ্রিল ১৮৬৫) রামগোপাল বসু মল্লিকের সম্পাদনায় কলিকাতা ভবানীপুর হইতে
প্রকাশিত হয়। মহারাণী স্বর্ণময়ী ইহার স্থানিষ্কের জন্ত এক শত টাকা দান করেন। পরবর্তী
১৫ই মে 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' লিখিরাছিলেন :—

রাজনীতি সংগ্রহ নামক একখানি নূতন সংবাদ পত্রিকা সম্প্রতি প্রকাশ হইতে আরম্ভ
হইয়াছে, আমরা তাহার তৃতীয় সপ্তাহের পত্রিকা প্রাপ্ত হইয়াছি, ইহার সম্পাদক শ্রীযুত বাবু
রামগোপাল বসু মল্লিক মহাশয়, প্রতি সোমবার ভবানীপুর চতকড়াকার অপূর্ব রত্নোদয়
বন্দালয় হইতে প্রকাশিত হইয়া থাকে।...[তিনি] সপ্তাহের পত্রিকারই আত্মোপান্ত পাঠ
করিয়া অভিশয় সম্বন্ধে হইয়াছি,...তৎকথা, মুসলীত, রাজনীতি, বহুবার্ভা, বিজ্ঞাপন এবং
ব্যাকরণ, অভিধান, ইতিহাস, উপাখ্যান, কাব্য, নাটক প্রভৃতি প্রায় ১৫।১৬টি সর্বসাধারণের
পরমোপকারজনক ও বিজ্ঞানসূচক বিষয় সকল প্রকাশ করিতে অভিলাষী হইয়াছেন, কিন্তু
বিবেচনা করিয়া দেখিলে বড় সহজ ব্যাপার নহে। তবে কি পত্রের কলেবর দীর্ঘ এবং ছই
করমায় প্রকাশ হইতেছে, তজ্জন্ত ভরসা করি, অনেক বিষয় কিঞ্চিৎ কিঞ্চিৎ করিয়া লেখা
হইতে পারে।.....

এই রাজনীতি সংগ্রহের জন্ম দিবস ৬ই বৈশাখ সোমবার, ইতিমধ্যেই ছই করমায়
হিসাবে তিন সপ্তাহের পত্রিকা প্রকাশ হইয়াছে ইহাতে সম্পাদক মহাশয়ের প্রশংসা অবশ্যই
করা হইতে পারে। প্রথম সংখ্যার পরমার্থতত্ত্ব ব্রহ্মসোত্র, পত্র, সঙ্গীত, তৎপরে উপক্রমণিকা
এবং সম্পাদকের আত্মবৃত্তান্ত তদনন্তর প্রাণীতত্ত্ব। দ্বিতীয় সংখ্যার আইন, রাজনীতি,
প্রেরিতপত্র, বিজ্ঞাপন। তৃতীয় সংখ্যার কতকগুলীন পত্র, আইন প্রাণীতত্ত্ব প্রভৃতি প্রকটিত
হইয়াছে, যতগুলীন বিষয় বর্ণিত হইল, ইহার একটীও অপ্ৰয়োজনীয় নহে, সকলই মেশের
উপকারজনক বলিতে হইবে। বাহা হউক এই দুইই বিষয়ে হস্তক্ষেপ করিয়া সম্পাদক
মহাশয় বেশ লক্ষ্যম হন।...

* "বিজ্ঞাপন। শ্রীযুক্ত হরিশ্চন্দ্র মিত্র হিন্দুহিতৈষিণীর পূর্বসম্পাদক ও মূলভাষ্যের পূর্ব-
তদ্ব্যবহারকের প্রতি। আপনি অত্র প্রায় ৮।৯ মাস অব্যত হিন্দুহিতৈষিণী পত্রিকার ও মূলভাষ্যের
কার্যভার পরিত্যাগ করিরাছেন,...।"—'হিন্দুহিতৈষিণী,' ৭ মে ১৮৭০।

৯ আগস্ট ১৮৬৫ তারিখের 'সংবাদ প্রভাকর' পাঠে জানা যায়, 'রাজনীতি সংগ্রহ' দুই মাসের অধিক কাল স্থায়ী হয় নাই।

রত্নভূমি (মাসিক)। মে ১৮৬৫।

১৮৬৫ সনের জুন (জ্যৈষ্ঠ ১২৭২) সংখ্যা 'গ্রামবার্তাপ্রকাশিকা' পত্রিকায় প্রকাশ :—

কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি 'রত্নভূমি' নামী একখানি মাসিক পত্রিকা প্রাপ্ত হইয়াছি। স্বৰূপে আমদানিষ্ট ট্রিট ৩৪।১নং বাজিতে কাব্যপ্রকাশ যন্ত্রে মুদ্রিত হইয়া শাস্তিপূর্ণ হইতে প্রকাশ হয়। ত্রীমুখ্য বাবু কেম্বেমোহন চট্টোপাধ্যায় মহাশয় ইহার প্রধান অধ্যক্ষ। মাসিক মূল্য ৬/০ আনা ও ডাক মাসুল ১/০ আনা। পরমেশ্বরের গুণাহুকীর্তন ও মহিমা বর্ণনা এই রত্নভূমির মুখ্য অভিপ্রায়। লেখা উৎকৃষ্ট হইতেছে,...

বিদ্যোন্নতিসাহিনী (মাসিক)। জুন ১৮৬৫।

১২৭১ সালের ৩১এ শ্রাবণ (ইং ১৮৬৪) ময়মনসিংহের অন্তর্গত সেরপুরে 'বিদ্যোন্নতি-সাহিনী সভা' প্রতিষ্ঠিত হয়। সভার প্রতিষ্ঠাতা—সেরপুরের জমিদার গোবিন্দকুমার চৌধুরী ও হরচন্দ্র চৌধুরী। "বাঙ্গলা ও ইংরাজী ভাষার সবিশেষ আলোচনা করা এই সভার মুখ্যোদ্দেশ্য। প্রতি রবিবার সন্ধ্যার পর সভার কার্য্যারম্ভ হইয়া রজনী দশ ঘটিকা পর্যন্ত চলিয়া থাকে। সভ্যেরা তথায় ইংরাজী ও বঙ্গ ভাষার আলোচনা, বক্তৃতা প্রদান ও প্রবন্ধ পাঠ করিয়া থাকেন।" এই সভার মুখপত্রস্বরূপ 'বিদ্যোন্নতিসাহিনী' নামে একখানি মাসিক পত্রিকা ঢাকার বিজ্ঞাপনী-যন্ত্রে মুদ্রিত হইয়া ১২৭২ সালের আষাঢ় (১৮৬৫, জুন) মাসে প্রকাশিত হয়। হরচন্দ্র চৌধুরী ইহা সম্পাদন করিতেন। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সৰ্ব্বদা প্রথম সংখ্যায় এইরূপ লিখিত হইয়াছে :—

অত্রত্য বিদ্যোন্নতি সাহিনী সভার নিমিত্তে আমরা এই পত্রিকা প্রচারণ ব্রতে কৃত সংকল্প হইয়াছি। ধর্মনীতি, সামাজিক নিয়ম, রাজনিয়ম, ও দেশোন্নতি সাধনই আমাদের এই পত্রিকার উদ্দেশ্য পরন্তু নানাবিধ প্রবন্ধ, নূতন গ্রন্থ এবং অল্প ভাষা হইতে অল্পবাদিত নানা বিষয়ও ক্রমশঃ প্রকটিত হইবেক। বাঙ্গালা সাহিত্যের গভ্র রচনাই সমধিক উপযোগী, সুললিত ও সুশ্রাব্য। এক্ষণে আমরা প্রচলিত সরল গণ্ডে পত্রিকা প্রচারণে মনস্থ করিয়াছি। উৎকর্ষ ও হ্রস্বগাহ কঠিনং শব্দাঙ্কুর আমাদিগের অভিপ্রেত নহে। আমাদিগের তত হ্র বিস্তারও কোর নাই। আমরা প্রার্থনা করি, লোকের কুৎসা কীর্তন, সভ্যের অপলাপ, অহুচিত পক্ষপাত, স্বধা বা কুবিভক্তা ভ্রমেও যেন আমাদের লক্ষিত না হয়।...আমরা একণে ৮ পেজি কর্ম্মার দুই করমা কলেবরে পত্রিকা মাসিক নিয়মে প্রচারণে প্রবর্ত্ত হইলাম। উৎসাহ পাইলে পাক্ষিক, সাপ্তাহিক, এমম কি, দৈনিক পর্যন্ত হওয়া অসম্ভাবিত নহে।...এই পত্রিকার বার্ষিক অগ্রিম মূল্য ১৪০ ও ডাক মাসুল সমেত ২১০ টাকা মাত্র।...

‘বিশ্বোন্নতিসামিথী’ এক বৎসর স্থায়ী হইয়াছিল। ১২৭৩ সালে বৈশাখ-ভৈশাখ—এই যুগ-সংখ্যা বাহির হইবার পর ইহার প্রচার রহিত হয়।* এই সময়ে সাপ্তাহিক ‘বিজ্ঞাপনী’ টাকা হইতে ময়মনসিংহে স্থানান্তরিত হয়। হরচন্দ্র উহার অল্পতম (১০ আনা) অংশীদার হইয়াছিলেন। এই কারণে ‘বিশ্বোন্নতিসামিথী’ পত্রিকার স্বতন্ত্র অস্তিত্বের প্রয়োজনীয়তা অনুভূত হয় নাই।

সত্যজ্ঞান-প্রদায়িনী (ত্রৈমাসিক) । জুলাই ১৮৬৫ ।

‘সত্যজ্ঞান-প্রদায়িনী’ একখানি ত্রৈমাসিক পত্রিকা। ১৮৬৫ সনের জুলাই মাসে ইহা বোড়াসাঁকো প্রাত্যহিক ব্রাহ্মসমাজ হইতে লালমাহব মুখোপাধ্যায়ের সম্পাদকত্বে প্রকাশিত হয়। ‘তত্ত্ববোধিনী পত্রিকা’র (ভৈশাখ, ১৭৮৭ শক) এই বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছে :—

অমরেশ্বর লোকদিগের জ্ঞানোন্নতি ও বর্নোদ্ধীপন কল্পে যদিও ইদানীং অশেষোপায় অবধারিত হইয়াছে, কিন্তু এই বিষয়ে সমধিক উন্নতি সাধনোদ্দেশ্যে এই রূপ সঙ্কল্পিত হইয়াছে, যে আগামী শ্রাবণ মাস হইতে ‘সত্য-জ্ঞান প্রদায়িনী’ নামী বিবিধোপদেশগর্ভা একখানি ত্রৈমাসিক পুস্তক কলিকাতা বোড়াসাঁকো প্রাত্যহিক ব্রাহ্মসমাজ হইতে প্রকাশিত হইবে। এই পুস্তকের পত্র সংখ্যা মাসিক পঞ্চাশ পৃষ্ঠা হইবে, ইহার অগ্রিম বার্ষিক মূল্য ১০ এক টাকা চারি আনা।...শ্রীলালমাহব মুখোপাধ্যায়। সম্পাদক। প্রাত্যহিক ব্রাহ্মসমাজ বোড়াসাঁকো মতন বসাকের গার্ডেন ষ্ট্রীট ৪৭ সংখ্যক ভবন।

জ্যোতির্ধর (পাক্ষিক) । সেপ্টেম্বর ১৮৬৫ ।

১২৭২ সালের আশ্বিন (১৮৬৫, অক্টোবর) সংখ্যা ‘প্রায়বর্তীপ্রকাশিকা’র এই পাক্ষিক পত্রিকা সম্বন্ধে যে সংবাদটুকু আছে, নিম্নে তাহা উদ্ধৃত করিতেছি :—

‘জ্যোতির্ধর’ নামে একখানি পাক্ষিক পত্রিকা আমাদিগের হস্তগত হইয়াছে। ইহার প্রথম সংখ্যক পত্রিকাখানি প্রাপ্ত না হওয়াতে বিশেষ দুঃখ এবং কোণা হইতে প্রকাশ হয় জানিতে পারি নাই। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সংখ্যক পাঠে এই মাত্র জানিতে পারিয়াছি বহরমপুর বঙ্গসিদ্ধ বন্ধে মুদ্রিত, সহকারী সম্পাদক শ্রীযুক্ত সিরিশচন্দ্র কর। মাসিক মূল্য ১০, পঞ্চাশের দুই করমা প্রকাশিত হয়। ইহার লেখার ভঙ্গি বেশিরা যৌবন বয়সের হইতে প্রকাশিত হইতেছে। যাহা হউক অল্প অল্প সংখ্যক পত্রিকা হইতে চতুর্থ সংখ্যক উৎকৃষ্ট বিষয়ে পরিপূর্ণ হইয়াছে। ইহাতেই ভরসা করিতেছি ক্রমে উন্নতি লাভ করিবে। ইহাতে আইন ঘটন বিষয়গুলিও লিখিত হয়। প্রেমান প্রেমান সকল জেলা হইতেই এক এক খানি সবাদ পত্রিকা প্রকাশ হয় ইহা আমাদিগের প্রার্থনীর।

* শ্রীকর্তার পরিচয় শ্রীযুক্ত বেদেননাথ দাস এই পত্রিকার পুরাতন সংখ্যাগুলি বেশিবার সুযোগ মিতা আমাকে স্মরণীয় করিয়াছেন।

চিকিৎসক (মাসিক) । জ্যুয়ারি ১৮৬৬ ।

বঙ্গভাষায় চিকিৎসা-বিজ্ঞা সম্বন্ধে পুস্তক-পত্রিকাব অভাব অল্পভব করিয়া—বিশেষতঃ মেডিকেল কলেজের বাংলা-বিভাগের ছাত্রদিগের উপকাব সাধন করিবার উদ্দেশ্যে ‘চিকিৎসক’ নামে একখানি মাসিক পত্রিকা প্রচারের আয়োজন হয় । ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’ (২৬ ডিসেম্বর ১৮৬৫) লেখেন :—

মুতন পত্র ।—আমরা সঙ্কট চিন্তে প্রকাশ করিতেছি মেডিকেল কলেজের বাদলা ক্লাশের ছাত্রগণ “চিকিৎসক” নামে একখানি মাসিক পত্র প্রকাশ করিবেন । ইহাতে যে যে বিষয় লিখিত হইবে, ইহার নামই তাহার পরিচয় প্রদান করিবে । বাদলা ক্লাশের ছাত্রগণ পরীক্ষোত্তীর্ণ হইয়া মকবলে গেলে যখন তাঁহাদিগের চিকিৎসা বিজ্ঞা শিক্ষার অথবা আলোচনার আয় বিশেষ উপায় নাই, তখন এই পত্রখানি তাঁহাদের পরম উপকারী হইবে । আমরা উহার অস্থগানপত্র পাইয়াছি চিকিৎসকপত্র শীঘ্রই প্রকাশিত হইবে ।

১৮৬৬ সনের জ্যুয়ারি মাসে ‘চিকিৎসক’ প্রকাশিত হয় । ‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়ে’ (১৭ ফেব্রুয়ারি ১৮৬৬) প্রকাশ :—

অত্রত্য মেডিকেল কলেজ হইতে “চিকিৎসাপত্র” নামে একখানি চিকিৎসা বিষয়ক পত্র প্রকাশ হইয়াছে । টিকিয়া গেলে হয় ।

সর্বার্থ সংগ্রহ (মাসিক) । ফেব্রুয়ারি ১৮৬৬ ।

১৮৬৬ সনের ফেব্রুয়ারি মাসে ‘সর্বার্থ সংগ্রহ’ নামে একখানি “বিচিত্রে রমণীয় উপাখ্যান এবং সাহিত্য বিজ্ঞান নীতি ও শিল্পশাস্ত্র বিষয়ক বিবিধ প্রবন্ধাঙ্ক মাসিক পত্র” প্রকাশিত হয় । প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ বিজ্ঞপ্তি আছে :—

সম্পাদকীয় উক্তি ।...এই পত্রিকাতে বিবিধ প্রসঙ্গ সম্বন্ধে করা হি়র করিলাম । বিলাতের লিঙ্কর আওয়ার কি কাসেলস্ কেমিলি পেপার প্রভৃতি যে সকল পত্রিকা আছে ইহাও প্রায় তদনুযায়ী হইবেক । ইহাতে সাহিত্য নীতি বিজ্ঞান ও শিল্পশাস্ত্র বিষয়ক বিবিধ প্রসঙ্গ প্রতি মাসে থাকিবেক এবং সংস্কৃত কাব্য নাটক প্রভৃতির অনুবাদ ও বাদলা কবিতা সময়ে সময়ে প্রকাশ করা যাইবেক । বাদলা ভাষায় আখ্যানিগের এ দেশে এ প্রকার পত্র নাই, বোধ হয় এ সংগ্রহ অনেকের মনোরম্য হইতে পারে ।...এই পত্রখানি আখ্যান মঞ্জরী নামে প্রকাশ করিবার সঙ্কল্প করিয়াছিলাম,...সেই নাম পরিবর্তন করা গেল ।

হিন্দুরাজিকা (মাসিক...) । মার্চ ১৮৬৬ ।

ব্রাহ্মধর্ম-প্রচারের সুবিধার জন্ত যেমন কতকগুলি সাময়িক-পত্রের উদ্ভব হয়, তেমনি আবার ব্রাহ্মধর্ম-স্রোত রোধ করিবার জন্তও কয়েকখানি পত্রিকা প্রচারিত হইয়াছিল । ইহার মধ্যে ব্রাহ্মালিয়া ধর্মসভা হইতে প্রকাশিত ‘হিন্দুরাজিকা’ অগ্রতম । ১৮৬৫ সনের

১১ই ডিসেম্বর (২৭ অগ্রহায়ণ ১২৭২) তারিখে 'সংবাদ পূর্ণচন্দ্রোদয়' 'হিন্দুরঞ্জিকা' সম্বন্ধে লিখিয়াছিলেন :—

হিন্দু হিতৈষিণের বিজ্ঞাপন স্থলে দৃষ্ট হইল, বোয়ালিয়া বর্ধসভা হইতে 'হিন্দুরঞ্জিকা' নামে একখানি মাসিক পত্রিকা প্রকাশিত হইবে। শ্রীমত শ্রীনাথ সিংহ রায় উহার সম্পাদক। হিন্দু ধর্ম সংক্রান্ত সংস্কৃত গ্রন্থ সকল উহাতে ক্রমশঃ প্রচার হইবে। হিন্দুদিগের এই সকল কার্য্য দ্বারা আমরা পরম সুখী হই। কিন্তু তাঁহারা অসাময়িক পরিশ্রম ও চেষ্টা করিতেছেন। ১২৭২ সালের ফাল্গুন মাসে পূর্ণিমার দিন (১ মার্চ ১৮৬৬) 'হিন্দুরঞ্জিকা' প্রথমে মাসিক আকারে প্রকাশিত হয়। ইহা ঢাকা জুলাই বস্ত্রে মুদ্রিত হইত। বোয়ালিয়া বর্ধসভার সম্পাদক শ্রীনাথ সিংহ রায় ইহার সম্পাদক ছিলেন।

১২৭৫ সালের বৈশাখ (১৮৬৮, এপ্রিল) মাস হইতে 'হিন্দুরঞ্জিকা' সাপ্তাহিক পত্রে পরিণত হয়। ১৮৬৮ সনের ১৩ই এপ্রিল তারিখের 'সোমপ্রকাশে' এই বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছিল :—

হিন্দুরঞ্জিকা। বোয়ালিয়া বর্ধসভা হইতে আগামী বৈশাখ মাসাবধি উক্ত নামে একখানি সাপ্তাহিক পত্রিকা প্রচারিত হইতে থাকিবে। তাহাতে হিন্দুধর্ম এবং হিন্দুসমাজের সংবাদ-পত্রোপযোগী বিবিধ বিষয় লিখিত হইবে। আয়তন ৬ কর্দী; মূল্য বার্ষিক ৫ টাকা। এতদ্ব্যতীত প্রদেশীয় গ্রাহকগণকে বার্ষিক ডাকমাণ্ডল ৩ টাকা দিতে হইবে। গ্রহণেচ্ছুক নিয়ন্ত্রককারীর নিকট পত্র লিখিলে পত্রিকা পাইতে পারিবেন।

বোয়ালিয়া বর্ধসভা

শ্রীশ্রীনাথ সিংহ রায়

১২৭৪। ৫ই চৈত্র

বোয়ালিয়া বর্ধসভার সম্পাদক।

নবপর্ষ্যায় 'হিন্দুরঞ্জিকা'র কণ্ঠে এই শ্লোকটি মুদ্রিত হইত :—

ধর্মেঐশ্বর জগৎ অরক্ষিতমিদং ধর্মো ধরাধারকঃ।

ধর্মান্বস্ত ন কিঞ্চিদন্তি ভুবনে ধর্মায় তন্মৈ নমঃ।

২১ জ্যৈষ্ঠ ১৩৪১ (৬৫ ভাগ, ৫ম সংখ্যা) তারিখের 'হিন্দুরঞ্জিকা'য় পত্রিকার জন্মকথা এইরূপ বিবৃত হইয়াছে :—

নবপর্ষ্যায় হিন্দুরঞ্জিকার দীর্ঘ ৬৫ বৎসরের কর্মময় কাহিনী।...অর্ধ শতাব্দীরও অধিককাল বাংলার মকঃবলের একটি স্ক্রুড সহরে বসিয়া রাজসাহীর কতিপয় উৎসাহী সাহিত্যিক...এই হিন্দুরঞ্জিকা পত্রিকাখানির-মুদ্রণ ও প্রকাশ করিতে সাহসী হইয়াছিলেন...। কলিকাতার তদানীন্তন হিন্দু কলেজে শিক্ষালাভ করিয়া হিন্দু যুবকগণের মনোভাব পরিব্যক্তি হইয়াছিল। যলে যলে হিন্দুগণ ব্রাহ্মধর্মে বীক্ষা লইয়াছিলেন। এই শ্রোত যোগ করিবার জন্ত—এবং হিন্দুধর্মের আদর্শকে সুগঠিত তাবে প্রচার করিবার জন্ত রাজসাহীতে একটি বর্ধসভার প্রতিষ্ঠা হয় এবং এই প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ প্রচার কার্যের নিমিত্ত এই হিন্দুরঞ্জিকা পত্রিকার প্রতিষ্ঠা করেন। "বোয়ালিয়া বর্ধসভা" এখনও সগৌরবে নিজ কার্যে রত আছে—এই বর্ধসভার কর্তৃপক্ষ সকলেই অবৈতনিক তাবে কার্য্য করিয়া

ধাকেম। এই বোয়ালিরা বর্ধসভার কর্তৃপক্ষগণ হিন্দুরঞ্জিকা পরিচালনা করেন।...বর্ধমান বর্ধসভা গৃহ হিন্দুরঞ্জিকার কার্যালয় ১৩৭২ সালে নাটোরাবিশপতি রাজা আনন্দনাথ রায় বাহাদুর নির্ধাণ করেন। তাহেরপুরের রাজা চন্দ্রশেখরের উক্ত সভার প্রথম সভাপতি হইয়াছিলেন। তখন রাজসাহীতে কোনও প্রেস ছিল না। কাজেই ১২৭২ [১২৭৮ ৭] সাল পর্যন্ত এই সভার পত্রিকা হিন্দুরঞ্জিকা ও ব্যবহাতি ঢাকা ও অজ্ঞাত স্থান হইতে মুদ্রিত করা হইত। হিন্দুরঞ্জিকার প্রথম সম্পাদক ছিলেন জীনাথ সিংহ। হিন্দুরঞ্জিকা তৎকালে মাসিক পত্রিকা ছিল। ঢাকার ছাপা হওঁতে অনুবিধা ও ব্যয়বিধি হইতে ষাকার ১২৭৮ সালে রাজসাহীর ছবলহাটীর রাজা ধরনাথ রায় চৌধুরী রাজা উপাধি লাভ করিয়া সভার এই অনুবিধা দূরীকরণার্থে পুস্তক, সংবাদপত্র ও ব্যবহাতি মুদ্রণের জ্ঞাত মুদ্রায়ন্ত্র বরিদ করিতে এক হাকার টাকা ও গৃহ নির্মাণের ব্যয় তার বহন করেন। তাঁহার অর্থে প্রেস আনয়ন করা ও গৃহ নির্মিত হয়। এই সময় হইতে হিন্দুরঞ্জিকা পত্রিকা রাজসাহী হইতে প্রকাশিত হইতে থাকে। তখন পত্রিকার সাধারণের জাতীয় বিষয়ের স্থতি শাস্ত্রের ব্যবহা প্রকাশিত হইত। ঐ ব্যবহা বর্ধসভার কার্যক্রম সমিতি আচার্যের দ্বারা অনুমোদিত করাইয়া প্রকাশ করিতেন। পত্রিকার তখন কেবল মাত্র সামাজিক ও বর্ধ সম্বন্ধে প্রবহা প্রকাশিত হইত। রাজনীতি বা অজ্ঞ কোন রকম বিষয় তখন প্রকাশিত হইত না। বর্ধশাস্ত্রের অনভিজ্ঞতারূপ তমঃ নাশ করিবার উদ্দেশ্য আছে বলিয়া হিন্দুরঞ্জিকার প্রেসের নাম তমোয় বজ্রালয় বলিয়া অভিহিত করা হইয়াছিল।

নব-প্রবন্ধ (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬৬।

১২৭৩ সালের ভাদ্র মাসে (১৮৬৬, সেপ্টেম্বর) “যোড়াসাঁকো বজরাম দেব ঠাঁট ১৮১২ নম্বর পাটী হইতে” তিনকড়ি ঘোষাল ‘নব-প্রবন্ধ’ প্রকাশ করেন। ইহা “সাহিত্য, কাব্য, ইতিবৃত্ত ও বিজ্ঞানাদি বিবিধ জ্ঞানগর্ভ সন্দর্ভ প্রকাশক মাসিক পত্র”; মাসিক মূল্য ১০, অগ্রিম বার্ষিক ২১০। ‘নব-প্রবন্ধ’র কঠে এই শ্লোকটি মুদ্রিত হইত :-

সদর্শসন্দোহ বিচারসদ্বঃ প্রশস্ত বৃত্তান্ত কৃতাহুসদ্বঃ।

সমস্ত সামাজিকচিন্তবদ্বঃ পরীক্ষ্যতামেব নবপ্রবদ্বঃ ॥

‘নব-প্রবন্ধ’র প্রথম ভাগ ১২৭৩ সালের ভাদ্র মাসে আবস্ত হইয়া চৈত্র মাসে শেষ হয়। দ্বিতীয় ভাগ আরম্ভ হয় ১২৭৪ সালের বৈশাখ মাসে।

বর্ধমান মাসিক পত্রিকা (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬৬।

১৮৬৬ সনের সেপ্টেম্বর (৭ আশ্বিন ১২৭৩) মাসে বর্ধমান ব্রাহ্মসমাজ হইতে ‘বর্ধমান মাসিক পত্রিকা’ প্রকাশিত হয়। ইহা বর্ধমান মহাজনটুলী ১১৭ নং ভবনে আর্ধ্যবজ্রে মুদ্রিত হইত। ১২৭৩, ২২এ আশ্বিন তারিখের ‘ঢাকাপ্রকাশে’ এই মাসিক পত্রিকার প্রথম সংখ্যার প্রাণিবীকার আছে।

১২৭৪ সালের পৌষ মাসে 'বর্ধমান মাসিক পত্রিকা' ভূদেব মুখোপাধ্যায়-পরিচালিত 'শিকাদর্পণে'র সহিত সম্মিলিত হইয়া যায়, এ-কথা পূর্বেই বলা হইয়াছে।

মুর্শীদাবাদ সংবাদসার (পাক্ষিক)। ডিসেম্বর ১৮৬৬।

'মুর্শীদাবাদ সংবাদসার' একখানি পাক্ষিক পত্র; খুব সম্ভব ১৮৬৬ সনের ডিসেম্বর (পৌষ ১২৭৩) মাসে বহরমপুর ধনসিদ্ধ যন্ত্র হইতে প্রকাশিত হয়। 'সোমপ্রকাশে' (৭ জ্যৈষ্ঠয়ারি ১৮৬৭) প্রকাশ :—

সংবাদসার। এখানি পাক্ষিক পত্রিকা। মুর্শিদাবাদ হইতে প্রচারিত হইতে আরম্ভ হইয়াছে।

তত্ত্ববিকাশিনী (মাসিক)। ১ জ্যৈষ্ঠয়ারি ১৮৬৭।

১৮৬৭ সনের জ্যৈষ্ঠয়ারি মাসে "তত্ত্ববিকাশিনী অর্থাৎ ধর্ম ও বিবিধ তত্ত্ব বিষয়ক মাসিক পত্রিকা" প্রকাশিত হয়। 'রহস্য-সন্দর্ভ' (১৯২৩ সংবৎ, ৪০ খণ্ড) লেখেন :—

"তত্ত্ববিকাশিনী অর্থাৎ ধর্ম ও বিবিধ তত্ত্ব বিষয়ক মাসিক পত্রিকা।" এই অভিধানে এক খানি নূতন মাসিকপত্র বর্তমান ইংরাজী বৎসরের প্রথমাবধি প্রকটিত হইতেছে। ইহার প্রধান উদ্দেশ্য ঈশ্বর ধর্মের পোষকতা করণ; পরন্তু ইহাতে নূতন কবিতা, মাসিক সংবাদ, পুঁথিব্যাতির বিবরণ বিষয়ক নানা প্রবন্ধ প্রকটিত হইয়া থাকে।

পল্লী-বিজ্ঞান (মাসিক)। জ্যৈষ্ঠয়ারি ১৮৬৭।

'পল্লী-বিজ্ঞান' বিক্রমপুর হইতে প্রকাশিত দ্বিতীয় মাসিক পত্র। ১২৭৩ সালের মাঘ (১৮৬৭, জ্যৈষ্ঠয়ারি) মাসে "এই মাসিকপত্রিকা ঢাকা মোগলটুলির সুলভ যন্ত্রে মুদ্রিত হইয়া ঢাকা—জৈনসার বিজ্ঞান হইতে শ্রীরাজমোহন চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত হয়।" প্রথম সংখ্যায় পত্রিকা-প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে এইরূপ লিখিত হইয়াছে :—

পল্লীসমূহের অবস্থা সংশোধনোপযোগী গ্রাম্য পত্রিকার যে একটা অভাব তাহা এপর্যন্ত বিচূর্ণিত হয় নাই। গ্রাম ও পল্লীসমূহের উন্নতিতেই দেশের প্রকৃত উন্নতি। যে দেশের অত্যন্তরে বিজ্ঞা ও শিক্ষার অভাব সে দেশ বিদ্যান্ ময়, যে দেশের গ্রাম ও পল্লীতে সত্যতা নাই, সে দেশ সত্য নয়, যে দেশের গ্রাম ও পল্লীতে বাস্তব নাই, সে দেশ সুস্থ নয়। অতএব আমরা উল্লিখিত অভাবটী মোচনের মানসে কতিপয় বছর পরামর্শাভাসারে এই পত্রিকাখানির প্রচার করিতেছি। ইহার নাম "পল্লীবিজ্ঞান" রাখা গেল। যাহাতে পল্লীসমূহের বিশেষতঃ বিক্রমপুরের বিজ্ঞা ও শিক্ষার উপযুক্তরূপ চর্চা হইতে পারে, যাহাতে আচার ব্যবহারাদি পরিমার্জিত হইয়া সমাজের উন্নতি হইতে পারে এবং যাহা কিছু সাধারণের মঙ্গলের সহিত অসুস্থ্যত সেই সকল বিষয়ই এই পত্রিকার আন্দোলিত হইবে।

‘পল্লী-বিজ্ঞানে’র প্রথম সংখ্যায় এই রচনাগুলি প্রকাশিত হয় :—

১। ভূমিকা, ২। পল্লীবিজ্ঞান, ৩। ভারতবর্ষের প্রাচীন সংস্কৃত ভাষা, ৪। সময়, ৫। গ্রাম্য বিদ্যালয়, ৬। দেশের প্রচলিত অক্ষর, ৭। ইতিহাস এবং পুরাতত্ত্ব, ৮। গভবর্ষীর মহামারী এবং জৈনসার ডিম্পেলারী, ৯। সেনেটরী কমিশন।

‘পল্লী-বিজ্ঞানে’র প্রথম ১০ সংখ্যা সম্পাদন করেন রাজমোহন চট্টোপাধ্যায়। অতঃপর জৈনসার বঙ্গবিদ্যালয়ের শিক্ষক আনন্দকিশোর সেন কার্যভার গ্রহণ করেন। দ্বাদশ সংখ্যা হইতে শিরোভূষণ-স্বরূপ পত্রিকায় এই কবিতাটি মুদ্রিত হইত :—

গেল পক্ষ গেল মাস কি করিলে কাজ।
তোষিতে আসেতে দক্ষ বন্ধের সমাজ।
দেশহিত কর সদা মুখেতে সাধিত।
হৃদয়ে সে ভাব কিহ্ন আছে কি নিহিত।

১২৭৫ সালে ‘পল্লী-বিজ্ঞানে’র প্রচার রহিত হয় বলিয়া জানা যায়।

প্রত্নকল্পনন্দিনী (মাসিক)। সেপ্টেম্বর ১৮৬৭।

১৮৬৭ সনের সেপ্টেম্বর মাসে কাশী হইতে ‘প্রত্নকল্পনন্দিনী’ নামে মাসিক পত্রিকা জন্মলাভ করে। ইহা “পৌর্ণমাসিকা”—অর্থাৎ প্রতি পূর্ণিমায় প্রকাশিত হইত। ইহার সম্পাদক ও স্বত্বাধিকারী ছিলেন পণ্ডিত সত্যব্রত সামশ্রমী। পত্রিকার কণ্ঠে নিয়োজিত শ্লোকমালা শোভা পাইত :—

ব্রহ্মাণ্ডকারং করণাভলিপুং কারুণ্যসিদ্ধুং সমশক্তিমন্তম্ব।
বোধান্ধিবেষুং মননেন মাত্তং বন্দেহমীশং জগদেকবজ্জুম্ব।
সংস্টীকসাদ্বেদদর্শনাদিকার্শিনী সাধুবোধবর্দ্ধিনী হনেকশাস্ত্রশালিনী।
রাজতাদসৌ মুচিস্তিচিংপ্রফুল্লকারিণী প্রত্নকল্পনন্দিনী চিরং ধরাবিহারিণী।

‘প্রত্নকল্পনন্দিনী’ একখানি ধর্মমূলক মাসিক পত্রিকা। মুখ্যত বৈদিক ধর্মের আলোচনা ও প্রচারই ইহার উদ্দেশ্য ছিল। সংস্কৃত ব্যাখ্যা সহ (এবং কোন কোন সংখ্যায় বঙ্গভূবাদ সহ) মূল বেদ এবং মৌমাংসাদি দর্শন ইহাতে প্রকাশিত হইত। বৈদিক ধর্মের আলোচনা-বিষয়ক সংস্কৃত প্রবন্ধ ও তাহার বঙ্গভূবাদ প্রায় প্রত্যেক সংখ্যাতেই স্থান পাইত। সংস্কৃত সাহিত্য-বিষয়ক আলোচনাও থাকিত, তবে তাহার বঙ্গভূবাদ দেওরা হইত না।

অবকাশ-বন্ধু (মাসিক)। অক্টোবর ১৮৬৭।

‘অবকাশ-বন্ধু’ নামে একখানি মাসিক পত্র আশুতোষ মুখোপাধ্যায়ের সম্পাদকত্বে কলিকাতা হইতে প্রকাশিত হয়। ইহার প্রথম সংখ্যার প্রকাশকাল—আশ্বিন ১২৭৪ (অক্টোবর ১৮৬৭)। প্রথম সংখ্যার শেষে এই বিজ্ঞাপনটি মুদ্রিত হইয়াছে :—

এই অবকাশকল্প পত্র সাহিত্য বিজ্ঞান ও বিবিধ বিষয়ক প্রবন্ধে একত্রিত হইবে। ইহা দ্বয়মাঘাটা ষ্ট্রীটে (খোকুরা পোতা) ১৭ নম্বর ভবনে ত্রীআন্ততোর্য দুবোপাধ্যায়ের নিকট পাণ্ডুরা বাইবে, বার্ষিক মূল্য ১০ আনা বাৎসরিক ১০ আনা ত্রৈমাসিক দুই আনা প্রতি সংখ্যার মূল্য তিন পয়সা। ত্রীআন্ততোর্য দুবোপাধ্যায়। সম্পাদক

প্রথম সংখ্যার হুটী এইরূপ :—ভূমিকা। জন্মভূমি। কিং কাজৌ পণ্ডর বিবরণ। যৌবনের উন্নত আশা (কবিতা)। অস্তিমচিন্তা (কবিতা)। পরদোষ কখন (গোলেন্ডা হইতে)—কবিতা।

দ্বিতীয় সংখ্যায় (৩০ কার্তিক ১২৭৪) প্রথম পৃষ্ঠার শিরোনামাব পরেই এই শ্লোকটি উদ্ধৃত আছে :—

“কাব্য নাম বিমোহেন কালো গচ্ছতি বীমতাং।

ব্যসনেন চ বৃথাবাং শিল্পনা কলাহেন বা।”

নব পত্রিকা (মাসিক)। নবেম্বর ১৮৬৭।

১২৭৪ সালের অগ্রহায়ণ মাসে ‘নব পত্রিকা’ প্রকাশিত হয়। এই মাসিক পত্রিকাব সম্পাদক ছিলেন হীরাচাঁদ চট্টোপাধ্যায়। ইহা ১২-২০ নং কুমারটুলি ষ্ট্রীট হইতে মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত হইত। ‘নব পত্রিকা’র প্রত্যেক সংখ্যায় ৬ পৃষ্ঠা পরিমাণ রচনা থাকিত।

হিতসাধক (মাসিক)। ফেব্রুয়ারি ১৮৬৮।

‘হিতসাধক’ নামে “সাধারণ পাঠোপযোগী প্রবন্ধ প্রকাশক মাসিক পত্র” ১২৭৪ সালের মাঘ মাসে (ফেব্রুয়ারি ১৮৬৮) প্রকাশিত হয়। ইহার সম্পাদক ‘এডুকেশন গেজেট’ ও *Wellwisher* সম্পাদক প্যারীচরণ সরকার। ‘হিতসাধক’র মাসিক মূল্য ১/১০ ও অগ্রিম বার্ষিক মূল্য ১- ছিল। ইহার আকার—ডিমাই, ২৪ পৃষ্ঠা। পত্রিকা-প্রচারের উদ্দেশ্য স্বরূপে সম্পাদকীয় “ভূমিকা” উদ্ধৃত করিতেছি :—


আমাদের ক্রমতা যত অল্প হউক না কেন, দেশবিতৈতবী সুশিক্ষিত মহাশয়দিগের সাহায্য নিতান্ত হুস্ত্রাপ্য নহে, এবং দেশীয় বিদেশীয় উত্তম উত্তম গ্রন্থ ও পত্রিকা হইতে হিতজনক এবং মনোরম প্রবন্ধাদি সংগ্ৰহন করণাও নিতান্ত কঠিন কার্য নহে। এই দুই সহপারের উপর নির্ভর করিয়া আমরা ‘হিতসাধক’ নামে একখানি ক্ষুদ্র পত্রিকা প্রতি মাসে প্রচার করিতে কৃতসংকল্প হইলাম।...বদেশীয়রাণী মহাশয়েরা যদি এই সামান্য চেষ্টাকে নিতান্ত তাচ্ছিল্য না করেন, এবং এই উত্তম যদি বদেশীয় এক জনেরও কোন প্রকার উপকার সাধিত হয়, তাহা হইলেই আমাদের প্রম লাভক হইবে। আপামর সাধারণ সকলেই গ্রহণ করিতে পারিবেন বলিয়া ইহার মূল্য অংগরোনাতি অল্প করা গেল। সুত্রান্তদের ব্যয় নির্বাহ করিয়া যদি কিছু ঙ্কা উদ্ধৃত থাকে, তাহা আমরা সুপ্রাপ্যনিবারণী সত্যর কার্যে সমর্পণ করিব।



ভূদেব মুখোপাধ্যায়



প্যারীচরণ সরকার



শিশিরকুমার বোষ

উক্ত সভার উদ্দেশ্য বাহাতে উত্তমরূপে সাধিত হইবার সম্ভাবনা, তদ্বিষয়ে যত্ন করিতে আমরা ক্রটি করিব না। মাদকদ্রব্যের দোষ, সমাজসংস্কার, সুনীতি, আচারব্যবহারসংশোধন, জ্ঞানোপার্জনের সুবিধা, প্রাকৃতিক সামাজিক নিয়মাদির ব্যাখ্যা, সভ্যতার দৃষ্টান্ত, বার্ষিকতার গুণাহুবাদ, পাণের তিরস্কার, উপকারজনক আবিষ্কারের সংক্ষেপ বর্ণনা, চিত্তরঞ্জক এবং উপদেশপূর্ণ আখ্যায়িকা, উত্তম উত্তম গ্রন্থ ও পত্রিকা হইতে উদ্ধৃত গভপভমর প্রবন্ধ, এবং সাধারণতঃ হিতসাধনবিষয়ের উল্লেখ, এই পত্রিকায় সন্নিবেশিত হইবে। বাহাতে কোন ব্যক্তির বা সম্প্রদায়ের অপকার হইবার সম্ভাবনা, বাহাতে ব্যক্তিবিশেষের চরিত্র হাতাস্পদ হইতে পারে, অথবা কোন প্রকার মদমুষ্ঠানের ব্যাঘাত জঘিতে পারে, তৎসমুদায় আমাদের নিতান্ত পরিত্যক্ত; এবং যে সমস্ত প্রেরিত পত্রে বা প্রবন্ধে ঐ বিষয়ের উল্লেখ থাকিবে, তাহা আমরা প্রকাশ করিব না। কলতঃ হিতসাধনই আমাদের উদ্দেশ্য, তচ্ছত্রই আমরা সর্বদা যত্নবান্ থাকিব।

‘হিতসাধকে’র ১ম সংখ্যায় এই কয়টি রচনা আছে :—ভূমিকা. দেশাচার, কৃষিকাৰ্ণেয় আবশ্যকতা, উদ্ধৃত কবিতা, সুরাপান কি ভয়ঙ্কর! (কবিতা)।

‘হিতসাধকে’র পরমায় এক বৎসর। ১২৭৫, অগ্রহায়ণ-পৌষ দ্ব্যয়সংখ্যার শেষে সম্পাদক জানাইলেন :—“প্রায় এক বৎসর নানাবিধ শারীরিক ও মানসিক কষ্টে নিতান্ত কাতর থাকায়, হিত-সাধক প্রচার রহিত করিতে হইল।”

জ্ঞানরত্ন (মাসিক)। ফেব্রুয়ারি ১৮৬৮।

১২৭৪ সালের ফাল্গুন মাসে (ফেব্রুয়ারি ১৮৬৮) “সাহিত্যাদি নীতিগর্ভ” এই মাসিক পত্র সুরেন্দ্রলাল সোমের সম্পাদনায় প্রকাশিত হয়। ৬ষ্ঠ সংখ্যা হইতে গুরুচরণ গুপ্ত ‘জ্ঞানরত্নে’র সম্পাদক হন। ইহার আকার ছিল—রয়েল, ৩২ পৃষ্ঠা; বার্ষিক মূল্য ১। পত্রিকার কঠে এই শ্লোকটি শোভা পাইত :—

অণ্ডভ্যন্ত মহন্ত্যন্ত শান্ত্রভ্যঃ কুশলো নরঃ।

সর্বতঃ সারমাদন্তে পুশ্পেভ্য ইব যটপদঃ ॥

অমৃত বাজার পত্রিকা (সাপ্তাহিক...)। ২০ ফেব্রুয়ারি ১৮৬৮।

১৮৬৮ খ্রীষ্টাব্দ এক বিষয়ে বিশেষভাবে স্মরণীয়। এই বৎসরেই শিশিরকুমার ঘোষের সম্পাদনায় ‘অমৃত বাজার পত্রিকা’ প্রকাশিত হয়। কবিবর নবীনচন্দ্র সেনের ভাবায় “তিনি ও তাঁহার পত্রিকাই প্রথম এই দেশে স্বদেশভক্তির পথপ্রদর্শক।”

‘অমৃত বাজার পত্রিকা’ প্রথমে বাংলা সাপ্তাহিক পত্র-রূপে জন্মগ্রহণ করে; “এই পত্রিকা যশোহর অমৃত বাজার অমৃত প্রবাহিণী যন্ত্রে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্রনাথ রায় দ্বারা প্রকাশিত হয়।” পত্রিকার আকার ছিল, ১৭" x ১০.৫", ৮ পৃষ্ঠা। ডাকমামুল-বাদে পত্রিকার মূল্য—প্রত্যেক সংখ্যা ১০, ত্রৈমাসিক ২০, ষাণ্মাসিক ৩০ ও বার্ষিক ৫০ ছিল।

‘অমৃত বাজার পত্রিকা’র প্রথম সংখ্যার প্রকাশকাল—“২ই ফাল্গুন বৃহস্পতিবার ১২৭৪ সাল। ২০ই ফেব্রুয়ারি ১৮৬৮ খ্রীঃ অব্দ।” ১৮৬৮ সনের এপ্রিল মাস হইতে দ্বিতীয় বর্ষের ৪র্থ সংখ্যা (১১ মার্চ ১৮৬৯) পর্যন্ত পত্রিকার কঠে এই কবিতাটি মুদ্রিত হইত :—

পরানীন কালকূটে মরি হার ২।

করেছে কি আর্ধ্যহুতে চেনা নাহি যায়।

পত্রিকা প্রচারের উদ্দেশ্য সম্বন্ধে প্রথম সংখ্যার প্রারম্ভে সম্পাদক লিখিতেছেন :—

আপনার পরিচয় আপনি দেওয়া বিষয় বিপদ, এই জন্ত বোধ হয় পূর্বকালে ভঙ্গলোকের পরিচয় ভাটেরা দিত। সংবাদপত্র সম্পাদকেরদের নিকট এটি ক্ষেত্রতত্ত্বের পক্ষ প্রতিজ্ঞা। এই দায় হইতে একবার কোন প্রকারে উদ্ধার হইতে পারিলে আর অধিক চিন্তার বিষয় থাকে না ; এক প্রকার করিয়া কাগজ পূর্ণ করিয়া দিতে পারিলেই হয়।

অনেকে এছ লিখিয়া ছুমিকায় ব্যক্ত করেন যে তাঁহাদের এছ লিখিবার কারণ বহুগণের, কি স্বপ্নের আদেশ। কিন্তু আমরা যুক্তকণ্ঠে স্বীকার করিতেছি, যে আমরা পত্রিকা প্রকাশ বিষয়ে স্বপ্নও দেখি নাই, বহুকণ্ঠক আদিষ্টও হই নাই। আমরা আপনারা ২ অনেক তর্ক বিতর্ক করিয়া পরিশেষে এই দুঃস্থ কার্যে প্রবর্ত হইয়াছি।

দেশের হিত সাধন করা আমাদের উদ্দেশ্য আছে কি না তাহা বলিতে পারি না, উদ্দেশ্য থাকিলেও বলিতে সাহস হয় না, কারণ দেশের মঙ্গল সাধন করিবার নাম করিয়া নানাবিধ লোক দেশের এত অমঙ্গল ঘটাইতেছে যে আপনাদিগকে সেই মঙ্গল বলিয়া পরিচয় দেওয়া গৌরব মনে করি না, তবে যে স্থান হইতে এই পত্রিকা বাহির হইতেছে, তাহার পশ্চিমে ও উত্তরে ৩ দিনের পথ, পূর্বে দেড় বৎসরের ও দক্ষিণে ৩ বৎসরের পথ পর্যন্ত একটীও মুদ্রায়ন্ত্র নাই ; সুতরাং সংবাদপত্র থাকাও অসম্ভব, এমত স্থলে এ পত্রিকা দ্বারা কিছু উপকার প্রত্যাশা করা যাইতে পারে কি কেমন বহুদর্শী ব্যক্তির বলিতে পারেন।

এই পত্রিকাতে কি কি বিষয় লিখিত হইবে তাহার তালিকা দেওয়ার ছইটি আপত্তি আছে ; প্রথমতঃ জানি না এখন যেরূপ প্রতিজ্ঞা করি, ভবিষ্যতে তাহা পালন করিতে পারি কি না ; দ্বিতীয়তঃ পাছে একটী লম্বা জায় দিলে আত্মাভিমান প্রকাশ হয়। আবার নিতান্ত নম্রতা দেখাইতে ভয় হয়, কি জানি পাছে আমাদের কথা বিশ্বাস করিয়া পত্রিকাটি সকলে ঘৃণা করেন। কিন্তু স্নীতি আছে, ব্যবসায়ীরা আপনাদের পণ্যক্রম্য প্রশংসা করিয়া থাকে ও তাহাতে লোকের নিকট নিন্দনীয় হয় না। হলেও সাহেব বরাবর জগত ব্যাপিনা রাষ্ট্র করিয়া আসিতেছেন যে তাঁহার বটিকা ও মলমের তুল্য ঔষধ পৃথিবীর কোথায় কখন জন্মে নাই, অথচ তাহাকে আত্মাভিমানি বলিয়া কেহ বিক্রম করে না। আমাদেরও এটি ব্যবসায়, সুতরাং আমাদের এসম্বন্ধে ছুটি একটী কথা কাঁক গেলে উল্লিখিত স্নীত্যহুসারে বোধ হয় দোষ বলিয়া গণ্য হইবে না।

আমরা মনস্থ করিয়াছি, যে এদেশীয় ও ইউরোপীয় বিবিধ সংবাদ, নূতন আইনের মর্ম, ব্রিটিশ ও এদেশস্থ অসভ্য রাজ্যের শাসনপ্রণালী ও তাহাদের পরম্পরের গুণাগুণ প্রকৃতি পত্রিকায় প্রকট করিব। আমাদের বিশেষ বড় থাকিবে যে, যে বার্ষিক মহাশয় ইংরাজ

বাহাদুরেরা আমাদের দেশ, পরম অত্যাচারি যখন অধিকার হইতে স্বীয় হস্তে লইয়া আমাদের এত উন্নতি করিয়াছেন—যাহারা কেবলমাত্র আমাদের হিত ও স্বচ্ছন্দতার নিমিত্ত, রাজ্যশাসনের শাস্তি ক্রেশকর ও কঠিন কার্যে আমাদেরিগকে হস্তক্ষেপ করিতে যেন না, তাহাদিগের নীতি, নীতি, উদ্দেশ্য, স্বার্থশূন্যতা, ও কৌশল যথাসাধ্য বর্ণনা করিয়া তাহাদিগের নিকট যে ঋণপাশে আবদ্ধ আছি, তাহা পরিশোধের স্বত্ব করি।

আমাদের পত্রিকার কাহার কুৎসা ও নিন্দা যে থাকিবে না এরূপ বলিতে পারি না, ও এক্ষণে বলিলেও পরে কথা রক্ষা করিতে পারিব না, কারণ তাহা হইলে ছুমগুলের সমুদয় সম্পাদক একত্রিত হইয়া আমাদেরিগকে সমাজচ্যুত ও একধরিত্তা করিবেন। বিশেষতঃ গালি ও নিন্দা সংবাদপত্রের জীবন, শুদ্ধ সংবাদপত্র কেন, গালি ও নিন্দা চর্চা রহিত করিলে মনুষ্যের মধ্যে পরস্পরের কথোপকথনও রহিত হইবার সম্ভাবনা। একথা নিতান্ত অসঙ্গত নয়, যে ঋণের নিন্দাচর্চা করিব না তবে পত্রিকা বাহির করার প্রয়োজন কি ?

সকল প্রকার কটু অশ্লথকর, কেবল অস্তের কটু বলা কি শ্রবণ করা ব্যতীত। আমরা কটু বাক্য প্রয়োগ করিতে যেরূপ তৎপর, এহণ করিতেও সেইরূপ তৎপর থাকিলাম। পাঠক, মনে রাখিও, এই কটু বাক্য যেন চিকিৎসকের অস্ত্রের শাস্ত্র ভীষ্ণ ও পূঁজক্ষারক হয়।

আমরা স্থানে স্থানে সংবাদদাতা নিযুক্ত করিয়াছি; সুতরাং প্রত্যাশা করি, যে পাঠকবৃন্দকে দেশ, বিদেশের মুতনং সংবাদ দিতে পারিব। এবং নিশ্চিত বলিতে পারি, যে যত দিন আভিসিনিয়ার যুদ্ধ, ফিনিয়ানদিগের দৌরাণ্ড্য শেষ না হয়, তত দিন সংবাদাবলী দ্বারা আমাদের পত্রিকা সুসজ্জিতা করিবার কোন চিন্তা থাকিবে না, কিন্তু সম্পাদকদিগের দুর্ভাগ্য ক্রমে যদি এ সমুদয় ক্ষান্ত হইয়া যায়, আর মুতন কোন রাজ্যবিপ্লব, ঝটিকা জলপ্লাবন প্রভৃতি উপস্থিত না হয়, তখন আমাদেরিগকে কিছু বিপদে পড়িতে হইবে সন্দেহ নাই। এরূপ দ্বারে যদি পড়ি, তখন আমরা সংবাদ প্রস্তুত করিতে জরুঁ করিব না, ও যদি কোন সম্পাদকের অহুগমন করিয়া সংবাদ প্রস্তুতে প্রবর্ত্ত হই, তবে আমরা এরূপ চমৎকার সংবাদ দিব, যাহা কোন কালে ঘটেও নাই, ঘটবার সম্ভাবনাও নাই।

২১শ সংখ্যায় (২ জুলাই ১৮৬৮) পত্রিকা-প্রচারের প্রধান উদ্দেশ্য সম্বন্ধে সম্পাদক সুস্পষ্ট ভাষায় বলিতেছেন :—

যাহারা কলিকাতা মহানগরীতে থাকেন, তাহারা আমাদের মফঃস্বলে লোকের ছয়বছর কথা অতি কম জানেন। আমাদের এখানে একজন কেনেটবলকে দেখিলে প্রাণ উড়িয়া যায়। আমাদের পত্রিকার উপর কোন কোন কর্তৃপক্ষীরেরা বৈরন্তি প্রকাশ করিয়াছেন। আমাদেরিগের পত্রিকার যদি মিথ্যা কথা লিখি, তবে কাহারও ক্ষতি হইতে পারে না। যদি সত্য কথা লিখি, তবে কর্তৃপক্ষীরদের আমাদেরিগকে তাড়া দিয়া ক্ষান্ত করিবার কিছু লাভ নাই। বলের দ্বারা সত্য লুকাইয়া রাখা এবং কাপড় দিয়া আঙুন বাঁধার চেটা সমান। আমরা প্রায়ই স্পষ্ট কথা বলি। যে ঘটনা যে রকম, তাহা সাধারণকে স্পষ্ট করিয়া দেখাই। কাহার অহুরোধে কিংবা কাহাকে বিরক্ত করিবার ভয়ে কোমল করিয়া লিখি না। কল আমরা পুকেই বলিয়াছি, যে কর্তৃপক্ষকে প্রার্থনা করা আমাদের তত উদ্দেশ্য

নয়; আমাদের দেশীয়েরা কিরূপ অকহার আছেন, সামাজিক ও রাজনৈতিক বিষয়ে কিরূপ হীনাবহার আছেন, তাহা তাঁহারদিগকে দেখানই আমাদের প্রধান উদ্দেশ্য। আমরা কটগ্রামের মাত্র। সামাজিক ও রাজনৈতিক কটগ্রাম লইয়া আমরা এদেশীয়দিগকে দেখাইয়া থাকি, যদি কটগ্রামিক তুলিতে এরূপ ছবি উঠে যে, কেহও অস্তের মুখের ভাত কাড়িয়া ধাইতেছে; বলবান দুর্বলের গলা টিপিতেছে; অভয় অপমান করিতেছে; একজনের ভাষা সত্ত্ব অস্তকে দেওয়া হইতেছে, বিচারক বিচার করিতেছেন, তবে আমাদের হাত কি?

কোনও প্রধান কর্তৃপক্ষ আমারদিগকে এরূপও বলিয়াছেন যে, আমাদের পত্রিকা কর্তৃক জাতিবৈরতা নষ্ট না হইয়া আরো বৃদ্ধি হইবে। এই উপদেশের নিমিত্ত তাঁহাকে ধন্যবাদ। কিন্তু জাতিবৈরতা নিবারণ করার কর্তব্য কে? আমরা অধিক ত কিছু চাই না, দুটি মিষ্ট কথা আর পাতেলের চারিটি প্রসাদ পাইলেই কৃতার্থ ও কৃতজ্ঞতার গদগদ হই। প্রতিবিশিৎসার স্থান হিন্দুদিগের মন নয়। আমরা প্রহার খাইয়া যদি প্রহারকের নিকট দুটি মিষ্ট কথা শুনি, তাহা হইলেই আমাদের মন গলিয়া যায়। আমরা ইংরাজ অপেক্ষা এদেশীয়দিগকে অধিক ভালবাসি, এ কথা স্বীকার করি। কিন্তু বোধ হয় ভ্রাতৃপন্থতা আমাদের কাছে সর্বাপেক্ষা প্রিয়। মনে একটি মুখে অস্ত প্রকার বাহার প্রকাশ করেন, তাহাদের অপেক্ষা মনের কথা বাহারী খুলিয়া বলেন, তাহার কি ভাল করেন না? অতএব সত্যকথা বলিতে যে কল হটক না কেন, আমরা তদ্বিষয় একবার চিন্তাও করি না।

‘অমৃত বাজার পত্রিকা’র প্রথম দুই বৎসরের সংখ্যাগুলি অতীব দুঃপ্রাপ্য; এমন কি, পত্রিকা-কার্যালয়েও পাইবার উপায় নাই। অধ্যাপক ত্রীদীনেশচন্দ্র ভট্টাচার্য্যের সাহায্যে চুঁচুড়ার ভুদেব-লাইব্রেরিতে আমিই প্রথম এগুলির সন্ধান পাই; ইহা হইতে কিছু কিছু প্রবন্ধ ও সংবাদ সংকলন করিয়া ‘শনিবারের চিঠি’তে (পৌষ-মাঘ ১৩৫৩) প্রকাশ করিয়াছি।* পত্রিকার সম্পাদকীয় প্রবন্ধগুলি স্মৃতিস্তিত ও স্মৃতিস্থিত; মাঝে মাঝে রস-রচনাও ইহার কলেবর পূর্ণ করিত। রসরাজ অমৃতলাল বসু স্মৃতিকথায় বলিয়াছেন :—

রস-সাহিত্য-রচনার ক্ষম আমি আর একজনের নিকট অত্যন্ত ধনী। তিনি ‘অমৃতবাজার পত্রিকা’র সম্পাদক শিশির বোম।...তখন কাগজখানি বাকালী ভাষায় পরিচালিত হইত; যশোর হইতে নিরমিত ভাবে কাগজ বাহির হইত; কলিকাতা সহরে তখনও বড় একটা জাহির হয় নাই। ‘অমৃতবাজার পত্রিকা’র হাত্তোদীপক প্রসঙ্গ ‘বিবিধ’ নামে প্রায়ই প্রকাশিত হইত। তেমন রসস oomic titbits আমাদের সাহিত্যে অত্যন্ত দুর্লভ। পকানন্দের প্রথম আমলে অনেকটা ইচ্ছনাথে সেই ষাঁট রস উপভোগ করা হইত। আমি পত্রিকার সেই অংশটার রসপ্রাচুর্য্যে মুগ্ধ হইয়া বাইতাম। (‘পুস্তক প্রসঙ্গ’, ২য় পর্ব্যার)

* ত্রীবোপেশচন্দ্র বাগল প্রথম ভিন্ন বৎসরের ‘অমৃত বাজার পত্রিকা’ হইতে উল্লেখযোগ্য প্রবন্ধ ও সংবাদাদি সংকলন করিয়া ‘ভারতবর্ষের স্বাধীনতা ও অভ্যন্তর প্রসঙ্গ’ পুস্তকের ১ম খণ্ড প্রকাশের আরোজন করিয়াছেন। পত্রিকার ১ম সংখ্যার প্রথম পৃষ্ঠার রসখানি তাঁহার সৌভাগ্যে প্রাপ্ত।

১২৭৮-৭৯ সালেও ইহার অস্তিত্বের প্রমাণ সাপ্তাহিক গ্রামবার্তায় আছে। ১২৮০ সালে মাসিক গ্রামবার্তা প্রকাশিত হয় নাই বলিয়া মনে হয়। এই বৎসরের জ্যৈষ্ঠ মাসের ৩য় সপ্তাহ হইতে সাপ্তাহিক গ্রামবার্তা কুমারখালী মথুরানাথ যন্ত্রে মুদ্রিত হইতে থাকে; ছাপাখানার গোলমাল মিটিলে ১২৮১ সালের বৈশাখ মাস হইতে মাসিক গ্রামবার্তা রয়াল ৮-পেজী আকার ধারণ করিয়া পুনঃপ্রকাশিত হইতে শুরু হয়। সাপ্তাহিক গ্রামবার্তায় (১০ জ্যৈষ্ঠ ১২৮১) প্রকাশ :—

মাসিক গ্রামবার্তা। গত বৈশাখ হইতে গ্রামবার্তা প্রকাশিকার মাসিক ৮ও পুনঃ প্রকাশিত হইতে আরম্ভ হইয়াছে। এবার ইহার আকার পরিবর্তন হইয়া রএল ৮ পেজী করমার ৪ করমা করিয়া বাহির হইতেছে। অগ্রিম বার্ষিক মূল্য ২।০০...

মাসিক গ্রামবার্তার মলাটে এই কবিতাংশ মুদ্রিত হইত :—

Some to the fascination of a name
Surrender judgement hoodwinked—
Cowper

মাসিক গ্রামবার্তার শেষ ভাগের সংখ্যা ১৯শ; আমরা ইহার এই কয়টি ভাগ দেখিয়াছি :—

১২শ ভাগ : ১২৮১ সাল

১৩শ ভাগ : ১২৮২, আশ্বিন—১২৮৩, ভাদ্র

১৯শ ভাগ : বৈশাখ-চৈত্র ১২৮৮।

১২৭৪ সালে প্রকাশিত আর একখানি সাময়িক-পত্রের নামোল্লেখ করিতে ভুল হইয়াছে; উহা 'রাজসাহী পত্রিকা'। 'গ্রামবার্তাপ্রকাশিকা' (বৈশাখ ১২৭৫) বিগত বৎসর ঘটনাস্থার প্রসঙ্গে লেখেন :—

রাজসাহী।...এই স্থানে রাজসাহী নামে একখানি মাসিক সংবাদপত্র জন্ম গ্রহণ করিয়াছে এবং একটি মুদ্রাযন্ত্রও আনীত হইয়াছে।

পর-বৎসর 'রাজসাহী পত্রিকা' রাজসাহী হইতে স্থানান্তরিত হয়।

পৃ. ২০৮, প. ১০ :— ১২৭৫ (ইং ১৮৬৮) সালে 'হিন্দুরঞ্জিকা' সাপ্তাহিক আকার ধারণ করিলে হরিশ্চন্দ্র মিত্র কিছু দিন ইহার সম্পাদকতা করিয়াছিলেন। 'গ্রামবার্তাপ্রকাশিকা' (আশ্বিন ১২৭৫) লেখেন :—

'বঙ্গবালা'...পুস্তকখানি এক্ষণে হিন্দুরঞ্জিকার সম্পাদক ত্রীমুক্ত হরিশ্চন্দ্র মিত্র মহাশয়ের যত্নে বোয়ালিয়া ভবনায় যন্ত্রে মুদ্রিত।

পৃ. ২১১, প. ১২ :— ১২৭৬ সালের বৈশাখ-সংখ্যা 'গ্রামবার্তাপ্রকাশিকা' পাঠে 'পল্লী-বিজ্ঞান' সম্বন্ধে এই সংবাদটুকু জামা যায়—

গত-বার্ষিক প্রকাশ প্রথম ঘটনা।—জৈনসার ফুল হইতে... 'পল্লী-বিজ্ঞান' নামে যে একখানি মাসিকপত্র প্রকাশিত হইতেছিল, বিগত আষাঢ় হইতে তাহার প্রচার বন্ধ হইয়াছে।

সূচীপত্র

অক্ষয়কুমার দত্ত	৮০-১, ৮৩-৪	ঔৎসবানন্দ বিভাবাগীশ	১৭২
অক্ষয়কুমার মৈত্রেয়—‘গ্রামবার্তাপ্রকাশিকা’	১৮৩	উত্তরপাড়া পাব্লিক পত্রিকা	১৪২-৫০
অক্ষয়চন্দ্র সরকার	১৫৪	উদয় মার্ভণ্ড	৭৩
অদ্বয়ভদ্রপ্রদর্শিকা পত্রিকা	১৪৮-৪৯	উদয়চন্দ্র আচ্য—‘সংবাদ পূর্ণচন্দ্রোদয়’	৫২
অদ্বৈতচন্দ্র আচ্য	৫২, ১৩৮	উত্তোগবিদ্যালয়	১২৩
অম্বুদিকা	৪২-৪৩	উপদেশক	৯১
অবকাশ-বন্ধু	২১১-১২	উমাকান্ত ভট্টাচার্য্য	২০, ২৪, ১০৪, ১০৭
অবকাশরঞ্জিকা	১৭৬-৭৭	উমাচরণ ভদ্র	২৫
অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়—‘বর্ষপ্রচারিণী’	১২৮	উমেশচন্দ্র চট্টোপাধ্যায়	১৬৪
অবোধবন্ধু	১৮৪-৮৬	উমেশচন্দ্র দত্ত, মন্ডলপুর	১৮৮-৯২
অভয়ানন্দ বন্দ্যোপাধ্যায়	১৭৩	উমেশচন্দ্র মিত্র—‘জগবন্ধু’	২০
অমলচন্দ্র গাঙ্গুলি—‘বিজ্ঞানসেবসি’	৪৫	উলাটন, ডবলিউ, এম—‘বিজ্ঞানসারসংগ্রহ’	৪৯
অমাবস্তা	১৭৬		
অমৃতপ্রবাহিণী	১৭৭	এডুকেশন গেজেট ও সাপ্তাহিক বার্তাবহ	১৪২-৬
অমৃত বাজার পত্রিকা	২১৩-১৮	গুরুদেব, জে—‘উপদেশক’	২১
অম্বোধ্যানাথ পাকড়াশী	৮৪		
অরুণোদয়	১৪৭-৪৮	কবিওয়লা, প্রাচীন	৩৮
		কবিতাকুসুমাবলী	১৬২-৬৪
আইন, সংবাদপত্র-সম্বন্ধীয় ২, ২৬, ২৯, ৫৫, ১৫৩		কমলকৃষ্ণ বাহাদুর, শোভাবাজার	৬৪-৬
আইনা-ই-সিকন্দর	৭২	কলিকাতা পত্রিকা	১৫৬-৭
আইকলগুস্তুম	২৯	কলিকাতা : প্রথম বাংলা সংবাদপত্র	১১
আধ্বারে ত্রীমামপুর	৭১-২	কলিকাতা বার্তাবহ	১৫৫-৫৬
আনন্দকিশোর সেন—‘পল্লী-বিজ্ঞান’	২১১	কাল্প হরিনাথ—‘হরিনাথ মজুমদার’ ঋষ্টব্য	
আনন্দচন্দ্র মুখোপাধ্যায়—‘সম্বাদ কোম্বুলী’	১৯	কাঠধোদাই চিত্র	২০, ১১৩
আয়ুর্বেদ দর্পণ:	৭৫-৬	কানাইলাল ঠাকুর	৩৭-৩৮
আয়ুর্বেদ পত্রিকা	১৭৮	কানাইলাল পাইন	১৪২-৩, ১৫২, ১৫৬
আলীমুল্লা, কলিকাতা—‘সমাচার-সভারাজ্যে’	৩৯	কাব্যপ্রকাশ	১৯৪
আন্ততোর মুখোপাধ্যায়—‘অবকাশ-বন্ধু’	২১১-২	কায়হ কোম্বড	৮৫
		কালচাঁদ দত্ত—‘সংবাদ সৌদামিনী’	৫৭
ঈশ্বরচন্দ্র গুপ্ত	৩২-৮, ৪৭-৮, ৯৬-৭	কালিদাস বন্দ্যোপাধ্যায়—‘সংবাদ বর্ধমান’	১১৭
ঈশ্বরচন্দ্র ভায়রভ ভট্টাচার্য্য	১৭২	কালিদাস মৈত্র, ত্রীমামপুর	১২৬-৭
ঈশ্বরচন্দ্র বিভাসাগর	৮৩, ১১৫, ১২৩, ১৫৭-৮		

কালীকান্ত গদ্যোপাধ্যায়	৬১, ৬৩	গল্প মাসিক	১৭৩
কালীকান্ত ভট্টাচার্য—‘সংবাদ হুজাবলী’	১০০	গবর্ণমেণ্ট গেজেট	৭৬-৭
কালীচন্দ্র রায় চৌধুরী, কুণ্ডী	৯৫	গমপেল মাগাজীন	১৫
কালীপ্রসন্ন সিংহ ১২৪-৫, ১৩৬, ১৪৬-৭, ১৬৯-৭০		গিরিশচন্দ্র বসু, শ্রামপুত্র	৫৬
কালীশঙ্কর দত্ত, বটতলা	৫৬	গিরিশচন্দ্র বিহারত্ব	১৮০-৮১
কালী : সাময়িক-পত্র ৭৩, ১০৪, ১০৭, ১২০, ২১১		গিরিশচন্দ্র মুখোপাধ্যায়	১১১
কালীদাস মিত্র—‘কালীবার্তাপ্রকাশিকা’	১২০-২১	গিরিশচন্দ্র রায় চৌধুরী, বালিয়াটি	২০১-২
কালীনাম মিশ্র—‘পাবনাদর্পণ’	১২৫	গিরীশচন্দ্র দেব	৩৭
কালীপ্রসাদ ঘোষ	৩৭, ৪৫	গুরুচরণ রায়—‘রত্নপুর বাস্তাবহ’	৯৫
কালীবার্তাপ্রকাশিকা	১২০-২২	গুরুদয়াল চৌধুরী—‘মুর্শিদাবাদ সম্বাদপত্রী’	৭৪
কৃষ্ণকমল ভট্টাচার্য	১৫৫, ১৫৯, ১৮৫-৬	গৌসাইদাম গুপ্ত—‘সংবাদ দ্বিজরাজ’	১৬০
কৃষ্ণচন্দ্র কর্মকার, ত্রীরামপুর	১২৫	গোপালচন্দ্র দে—‘সংবাদ মনোরঞ্জন’	৯৯
কৃষ্ণচন্দ্র মজুমদার	১৬৩, ১৬৬-৭, ২০১-৩	গোবিন্দচন্দ্র আঢ্য	৫২
কৃষ্ণধন মিত্র—‘জ্ঞানোদয়’	৪৪-৫	গোবিন্দচন্দ্র কোণ্ডার—‘সম্বাদ কৌমুদী’	১৮-১৯
কৃষ্ণনাথ রায়, রাজা	৬৪, ৭৪	গোবিন্দচন্দ্র গুপ্ত—‘সংবাদ সঙ্কনবল্লন’	১০৭-৮
কৃষ্ণমোহন দাস—‘সম্বাদ তিমিরনাশক’	২৯	গোবিন্দচন্দ্র দে—‘সত্যধর্মপ্রকাশিকা’	১০৫
কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ৩৭, ৭৬, ৮৬-৭, ১১৬		গোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১০৬, ১২২
কেশবনাথ দত্ত—‘চমৎকারমোহন’	১৫৬	গোবিন্দপ্রসাদ রায়	১৬৭-৮
কেশবনাথ বন্দ্যোপাধ্যায়	২০৮	গৌরীশঙ্কর তর্কবাগীশ	৪০-১, ৫৭-৬৬, ১৫০
কেন্দ্রী, উইলিয়ম	৫	গ্রামবার্তাপ্রকাশিকা	১৮০-৮৩, ১১৮-৯
কেশবচন্দ্র সেন—‘বামাবোধিনী পত্রিকা’	১২১	চন্দ্রকুমার চট্টোপাধ্যায়	১০৮
কৈলাশচন্দ্র সরকার	১৬৬	চন্দ্রশেখর মুখোপাধ্যায়	১২২
কৌত্তভ কিরণ	১০৬	চন্দ্রোদয় মজলিস, ত্রীরামপুর	১২৫, ১২৭
কেন্দ্রমোহন দত্ত—‘বামাবোধিনী পত্রিকা’	১২১	চমৎকারমোহন	১৫৬
কেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়	১০১-২	চার আনা পত্রিকা	৫০
কেন্দ্রমোহন ভট্টাচার্য	৬৩, ৬৬	চিকিৎসক	২০৭
ক্রীটের রাজ্যবৃদ্ধি	২৫	চিকিৎসা রত্নাকর	১৩৪
ক্লীদাকিশোর ভট্টাচার্য, বহরা	১১-১৫	চিন্তরঞ্জিকা	১৭৫-৭৬
কদাচরণ সেনগুপ্ত—‘বিজ্ঞানসারসংগ্রহ’	৪৯	চৈতন্তচরণ অধিকারী	৯২-৩
কদাধর ভট্টাচার্য—‘সম্বাদ রসরাজ’	৬৩	ছোট কাগলিয়া হিতৈষি মাসিক পত্রিকা	১৩১, ১৩৩
কদাসারামণ বসু	৫৭, ৮৫, ৯৮	ছোট কাগলীয়া হিতৈষি সভার বক্তৃতা	১৩০ ৩১
কর্ত্তপ্রসন্ন	১৭৩		

মুঠাপত্র

২২৩

জগদ্বীপক ভাস্কর	৮৮-৯	তারকচন্দ্র চূড়ামণি	১৫৭, ১৬৮
জগদ্বীপ	৯০-৯১	তারকচন্দ্র বসু	৪২
জগন্নাথ অমিহোত্রী	১৬৭, ২০২	তারকনাথ দত্ত—'বর্ষস্নাতক'	১২৮
জগন্নাথ সরকার	১৬৬	তারানাচন্দ চক্রবর্তী	৫০
জগন্নাথপ্রসাদ মল্লিক	৪৭	তারানাচন্দ দত্ত, কলুচৌধুরী	১৭-১৮
জগন্নারায়ণ মুখোপাধ্যায়	৬৭	তারানাচন্দ শিকদার	৬২, ১২৬
জগন্মোহন তর্কালঙ্কার	১৬৫, ১৬৯, ২০১	তারানাথন ভট্টাচার্য	১৫৫
জয়কালী বসু—'মহাজনদর্পণ'	১০৭	তারামোহন মিত্র—'বনারস আশ্ব'বার'	৭৩
জয়গোপাল তর্কালঙ্কার	৬, ৩৩	তারানাথন তর্করত্ন—'পশ্চাবলী'	২০
জয়ধর সেন—'গ্রামবার্তাপ্রকাশিকা'	১৮৩	তারানাথচরণ শিরোমণি—'সমাচার দর্পণ'	৬
জাম-ই-জাহান-নুমা	৬৯	তিনকড়ি ঘোষাল—'নব প্রবন্ধ'	২০৯
জ্যোতির্দয়	২০৬	ত্রিপুরা জ্ঞানপ্রসারিণী	১৬৬
জ্ঞানচন্দ্রিকা	১৬২		
জ্ঞানচন্দ্রোদয়	১০১	দক্ষিণাবল্লভ মুখোপাধ্যায়	৩৯-৪২
জ্ঞানদর্শন	১১৯	দলব্রহ্মসু	৪৫-৪৭
জ্ঞানদীপিকা	১০, ৭৭	দ্বিজদর্শন	৪
জ্ঞানবোধিনী	১৩৮	দীননাথ সেন	১৬৭
জ্ঞানরত্ন	২১৩	দীনবন্ধু মিত্র	৩৬
জ্ঞানসঞ্চারিণী	৯৮	দুর্জয় দমন মহানবমী	৯১-৯২
জ্ঞানসিন্ধু-তরঙ্গ	৪৮	দূরবীক্ষণিকা	১১২-৩
জ্ঞানান্বেষণ	৩৯-৪২	দ্বারকানাথ ঠাকুর	৩০, ৩৭
জ্ঞানারূপোদয়	১২৫-২৬	দ্বারকানাথ দাস দাস	২৮২
জ্ঞানোদয়	৪৪-৪৫	দ্বারকানাথ বিভাভূষণ—'সোমপ্রকাশ'	১৫৭-৯
		দ্বারকানাথ মজুমদার—'দূরবীক্ষণিকা'	১১২
ঠাকুরদাস বসু	৯২	দ্বারকানাথ মুখোপাধ্যায়—'সংবাদ দ্বিজয়'	৯৯
		দ্বারকানাথ ছোড়া	১৪৯
ঢাকা : সাময়িক-পত্র	১৬২, ১৬৪, ১৬৬, ১৭৩, ১৭৫-৬, ১৮৭, ২১০	দ্বারকানাথ রায়—'সুভ পত্রিকা'	১৩২-৩৩
ঢাকাদর্পণ	১৮৭	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	৮৪
ঢাকাপ্রকাশ	১৬৬-৬৮		
ঢাকাবার্তা প্রকাশিকা	১৭৬	ধর্মতত্ত্ব	১৯৯, ২০০
		ধর্মদাস মুখোপাধ্যায়	৬৩, ৬৬, ১৫০
তত্ত্ববিকাশিনী	২১০	ধর্মপ্রচারিণী	১৯৮
তত্ত্ববোধিনী পত্রিকা	৮২-৪	ধর্মমর্মেপ্রকাশিকা	১১০-১১
তত্ত্ববোধিনী সভা	৮২, ৮৪	ধর্মস্নাতক	১২৮-২৯

অক্ষয়কুমার কবিরত্ন	৮৬	প্রসন্নকুমার ভৌমিক	১৬৮
নন্দগোপাল মতিলাল	১৭৪	প্রসন্নকুমার সেন	১৬৩
নব পত্রিকা	২১২	প্রাণকৃষ্ণ বিজ্ঞানাগর	২৪-২৫
নব প্রবন্ধ	২০৯	প্রাণনাথ দত্ত	১৫৫, ১৮০
নবকিশোর সেন	১৯৯	প্রিয়মাধব বসু—'বিজ্ঞানদর্পণ'	১৩২
নবকুমার চক্রবর্তী—'বিজ্ঞানসারসংগ্রহ'	৪৯	প্রেমচাঁদ তর্কবাগিনী	৩৩, ৩৬, ৫৮, ১৫৬
নবকৃষ্ণ বসু	১৪১	প্রেমচাঁদ রায়, কাঁচড়াপাড়া	৩৮
নবকৃষ্ণ রায়—'সংবাদ সাধুসংগন'	৯৬-৭	শ্রীমতীজিক্যাল সোসাইটি, কলিকাতা	১১০
নবব্যবহার সংহিতা	১৬৪-৬৫	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	৩৬, ১৪৩
নবীনচন্দ্র আচ্য	১৩৯	বন্ধ বার্ভাবহ	১৩৮
নবীনচন্দ্র দে—'সংবাদ সুজনবন্ধু'	৯৮	বন্ধ হিতার্থিনী	১৬৮
নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়—'ভত্ত্ববোধিনী'	৮৪	বন্ধদূত	৩০-৩১
নিত্যধর্মীছুরঞ্জিকা	৮৬	বন্ধবিভা প্রকাশিকা পত্রিকা	১৩৯-৪০
নীলকমল দাস	৭৭, ৮১	বন্দোচ্ছল	১৭৬
নীলরত্ন হালদার	৩০	বর্ধমান চন্দ্রোদয়	১০৮
নীলাধর মুখোপাধ্যায়—'রঙ্গপুর বার্ভাবহ'	৯৫-৬	বর্ধমান মাসিক পত্রিকা	২০৯-১০
পঙ্কির বিবরণ	৮৫-৬	বনারস আখ'বার	৭২-৭৩
পকানন বন্দ্যোপাধ্যায়	১০০	বরদাপ্রসাদ রায়—'উত্তোগবিধানিনী'	১৯৩
পরিদর্শক	১৬৯-৭১	বলাইচাঁদ সেন—'জ্ঞানচন্দ্রিকা'	১৬২
পরিদর্শন	২০০	বসন্তকুমার ঘোষ—'অমৃতপ্রবাহিণী'	১৭৭
পদ্মী-বিজ্ঞান	২১০-১১	—'বামাবোধিনী'	- ১৮৯
পঞ্চাবলী	২০-২১	বসন্তকুমার দত্ত—'বামাবোধিনী পত্রিকা'	১৯১-২
পাবনাদর্পণ	১৯৫	বাকাল গেজেট	১১-১৫
পার্কীতীচরণ দাস—'সংবাদ স্মৃত্যঞ্জয়ী'	৫৭	বামাবোধিনী পত্রিকা	১৮৮-৯২
পাষাণীড়ন	৮৯	বারাণসী চন্দ্রোদয়	১০৪
পীয়ার্স, ডবলিউ, এইচ—'পঞ্চাবলী'	২০	বিচারক	১৫৫
পূর্ণিমা	১৫৯	বিক্রমকৃষ্ণ মুখোপাধ্যায়, উত্তরপাড়া	১৫০
প্যারীচরণ সরকার	১৪৩, ২১২	বিজ্ঞান কৌমুদী	১৬৫-৬৬
প্যারীচাঁদ মিত্র	৭৭, ১৩১, ১৩৫, ১৯১	বিজ্ঞানমিহিরোদয়	১৫১-৫২
প্রকৃত স্মরণ	১৩৫	বিজ্ঞানসারসংগ্রহ	৪৮-৫০
প্রত্নকল্পনামিনী	২১১	বিজ্ঞানসেবধি	৪৫
প্রসন্নকুমার ঘোষ—'বিজ্ঞানদর্শন'	৮০	বিজ্ঞাপনী	২০১-৩
প্রসন্নকুমার ঠাকুর	৩০, ৩৭, ৪৩		

বিভাচকল্পক্রম	৮৬-৭	ভারতবর্ষীয় কৃষিবিসয়ক বিবিধ সংগ্রহ	১৩১
বিভাচদর্পণ	১৩১-৩২	ভারতবর্ষীয় সভা । মাসিক বিজ্ঞাপনী	১৬০
বিভাচদর্শন	৮০-৮১	ভারতবর্ষীয় সমাচার পত্র	১৫৭
বিভাচধর দাস—‘গল্প মাসিক’	১৭০	ভারতবর্ষীয় সন্ধান পত্র	১৬৮-৬৯
বিভাচরত্ন	১২৬	ভারতরঞ্জন	১৯৮-৯
বিদ্যোৎসাহিনী পত্রিকা	১৩৬, ১৩৮	ভার্গুকুলার লিটারেচর কমিটি	১২৩
বিদ্যোন্নতিসামিহনী	২০৫-৬	ভূবনচল মুখোপাধ্যায়—‘পরিদর্শক’	১৭০
বিপিনবিহারী সরকার—‘সৌদামিনী’	১৬০	ভূদেব মুখোপাধ্যায়	১৪৩, ১৪৬, ১২৫
বিবিধার্থ-সংগ্রহ	১২৩-২৫	ভৈরবদণ্ড	১০৭
বিশ্ববিলোকন	১২৮	ভোলানাথ মুখোপাধ্যায়	১৫২
বিশ্বমনোবঞ্জন	১৭৩-৭৪	ভোলানাথ সেন	৩১, ৪২
বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায়	১০৮		
বিহারিলাল চক্রবর্তী	১৫৯, ১৮৫-৭	ঞঙ্গল উষা	১৬১-৬২
স্বভাষবাহক	৫০	মঙ্গলোদয়	১৭৪
বেঙ্গল হেবল্ড	৩০	মঙ্গলোপাখ্যান পত্র	৮১
বেঙ্গল স্পেক্টেটর	৭৭-৮০	মঞ্জিলপুর পত্রিকা	১৪৯
বেলী, এইচ. ভি.	১২২	মতিলাল চট্টোপাধ্যায়	১১৫
বেলী, ডবলিউ. বি.—মিনিট	২৬	মধুবানাথ তর্কভূষণ—‘সুধাকর’	১৭১
বেহালা হরিভক্তি প্রদায়িনী সভা		মধুবানাথ দত্ত—‘কলিকাতা পত্রিকা’	১৫৬
সাংসংসিক সংবাদ পত্রিকা	১৪১	মধুবানাথ যন্ত্র, কুমারখালী	১৮২
বৈদ্যনাথ চল—‘রচনা-রত্নাবলি’	১৫৫	মধুবামোহন দাস গুপ্ত	৯২
বৈষ্ণবচরণ দাস পণ্ডিত বাবাজী	১৭২	মধুরামোহন মিত্র—‘সমসুল আখবার’	৭০-৭১
ব্রজগোপাল মতিলাল	১৭৪	মদনমোহন গোস্বামী—‘পরিদর্শক’	১৬৯-৭০
ব্রজনাথ বসু—‘আক্কেল গুড়ুম’	৯৯	মদনমোহন তর্কালঙ্কার	১১৫
ব্রজমোহন চক্রবর্তী	৭৭-৮, ১০৬	মধুসূদন ভট্টাচার্য—‘রঙ্গপুর দিক্প্রকাশ’	১৬২
ব্রজলাল কাবফরমা—‘জগদ্বন্ধু’	৪০	মধুসূদন মুখোপাধ্যায়—‘বিবিধার্থ-সংগ্রহ’	১২৫
ব্রজমোহন মল্লিক	১৪২-৪৩	মধুসূদন সরকার	১৪৯
ব্রাহ্মণ সেবধি	১৫-১৭	‘মনতত্ত্ব সারসংগ্রহ’	১১০
		মমোমোহন বসু	১২৭, ১৩১
ভুক্তিসূচক	৫৪	মনোরঞ্জিক	১৬৪
ভগবতীচরণ চট্টোপাধ্যায়	১০, ২৪, ৭৭	মনোহর	১৬৪
ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়	১৭-৮, ২১-২, ২৪	মর্ষ ধূসর	১৪১
ভারত পরিদর্শন	১৮৭	মহাজনদর্পণ	১০৭
ভারত ভট্টাচার্য—‘উমাকান্ত ভট্টাচার্য’ দ্রষ্টব্য		মহেন্দ্রনাথ আঢ্য	৫২

মহেশচন্দ্র গঙ্গোপাধ্যায়	১৬৭, ১৭৩	রবীন্দ্রনাথ ঠাকুর—‘তত্ত্ববোধিনী পত্রিকা’	৮৪
মহেশচন্দ্র পাল—‘সংবাদ রত্নাবলী’	৪৭-৪৮	রমাশ্রমসদ রায়	৩৭, ৮৮
মহেশচন্দ্র রায়—‘বদদুত’	৩১	রসার্ণব	১৩৪
মার্টিন, মর্টগোমারী—‘বেকল কেরল্ড’	৩০	রসিককৃষ্ণ মল্লিক	৪১, ৪৮
মাহবুবচন্দ্র খোষা—‘সংবাদ রত্নবর্ষণ’	১০০	রহস্য-সন্দর্ভ	১৭৮-৮০
মাহবুবচন্দ্র মল্লিক—‘জানাত্বেষণ’	৪১	রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়	২৪
মার্শম্যান, জে. সি.	৪৬, ৮, ৭৬	রাজকৃষ্ণ সিংহ	৩০
মাসিক পত্রিকা	১৩৫, ১৩৭	রাজনারায়ণ উষ্টাচার্য	৪৭
মাহ্-ই-আলম্ আক্ৰোজ	৭২	রাজনারায়ণ মিত্র	৮৫, ১০৬
মীরাত-উল-আধ্বার	২৭-৮, ৭০	রাজনারায়ণ রায়, রাজা, আঁতুল	৫৮, ৬০, ১০০
মুদ্রায়ত্ত-বিষয়ক আইন	২, ২৬, ২৯, ৫৫, ১৫৩	রাজনীতি সংগ্রহ	২০৪-৫
মুর্শিদাবাদ সম্বাদপত্রী	৭৪	রাজপুর পত্রিকা	১৬৫
মুর্শিদাবাদ সংবাদসার	২১০	রাজমোহন চট্টোপাধ্যায়	২১০-১১
মুসলমান-পরিচালিত বাংলা সংবাদপত্র	৬২, ৮৮	রাজেন্দ্রনাথ গুহ—‘ধর্মপ্রচারিণী’	১২৮
মেদিনীপুর ও হিজলি অঞ্চলের অধ্যক্ষ	১২২-২৩	রাজেন্দ্রলাল মিত্র	১২৩-২৪, ১৭৮-৮০
মোহনলাল বিজ্ঞাবাগীশ—‘সোমপ্রকাশ’	১৫৮	রাধাচরণ চৌধুরী—‘সংবাদ সূজনবন্ধু’	৯৯
মহুনাথ চট্টোপাধ্যায়—‘জানাত্বেষণ’	১২৬	রাধানাথ বসু—‘জানচন্দ্রোদয়’	১০১
মহুনাথ তর্কভূষণ—‘পরিদর্শন’	১৮৭, ২০০	রাধানাথ শিকদার—‘মাসিক পত্রিকা’	১৩৫
মহুনাথ পাল—‘সংবাদ রসরত্নাকর’	১০৯	রাধাশ্রমসদ রায়—‘সম্বাদ কোমুদী’	১৯
মুগলকিশোর স্কুল	৭৩, ১৩০	রাধাবল্লভ দাস	১১০
মহমদ কর্ম শেরনি কল	১৭১-৭২	রাধামাধব মিত্র	১৩৪, ১৭১, ২১৯
মোগেন্দ্রনাথ খোষা	১৮৪-৮৬	রামগোপাল খোষা	৯, ৪১-২ ৭৭
মোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	১৩২, ১৩৬	রামগোপাল বসু মল্লিক	২০৪
মোগেন্দ্রনাথ ঠাকুর, পাণ্ডুরিয়াবাটা	৩৩-৪, ৩৭	রামচন্দ্র দিচ্ছিত—‘তত্ত্ববোধিনী’	১৫৪
মুকুন্দপুর দিকপ্রকাশ	১৬২	রামচন্দ্র পাল—‘সম্বাদ রত্নাকর’	৪৪
মুকুন্দপুর বার্তাবহ	২৫-৬	রামচন্দ্র বিজ্ঞাবাগীশ	৫০, ৮৩
মুকুন্দলাল বন্দ্যোপাধ্যায়	৩৬, ১০২, ১৪২	রামচন্দ্র ভৌমিক	১৬৪, ১৭৬
মুকুনাথ বেদান্তবাগীশ	১৪৮-৪৯	রামচন্দ্র মিত্র	২০-১, ৪২, ৪৪-৫, ৮৫
মুকুন্দমি	২০৫	রামচন্দ্র রায় কর্মকার, শ্রীরামপুর	১২৮
মুকুন্দাবলী	১৩৪	রামভারণ উষ্টাচার্য	১০৮
মুকুন্দা-রত্নাবলি	১৩৪-৫৫	রামমোহন রায়	১৫-৭, ২৬-৮, ৩০, ৩২, ৭০
মুকুন্দসন, জে.—‘মদলোপাধ্যায় পত্র’	৮১	রামসদর উষ্টাচার্য—‘ভক্তকরী’	১৭৪
		রামসুন্দর রায়—‘পাবনাদর্পণ’	১৩৫
		রিকর্ডার—‘প্রসন্নকুমার ঠাকুর’	৩১, ৪৫-৩

জং পাদরি—‘সত্যার্ঘবী’	১১৩	সংবাদ কৌশল	১০১
জম্মীনারায়ণ জ্ঞানরত্নাকর	৩২	সংবাদ জ্ঞানরত্নাকর	৯৯
জসন, পাদরি—‘পদ্মাবলী’	২০	সংবাদ জ্ঞানাজ্ঞান	৯২-৩
জালবিহারী দে	১৩৩, ১৪৭	সংবাদ জ্ঞানোদয়	১২২
জালমাধব মুখোপাধ্যায়	২০৬	সংবাদ দ্বিজয়	৯৯
লোক লোচন চন্দ্রিকা	১৫২	সংবাদ দিনকর	১৩৪
		সংবাদ দিনমণি	১০১
শঙ্কর রায় চৌধুরী, রত্নপুর	১৬২	সংবাদ দিবাকর	৫৭
শান্তিপুত্র : সাময়িক-পত্র	১৮৭, ২০৫	সংবাদ দ্বিজরাজ	৯৮, ১৬০-৬১
শাস্ত্রপ্রকাশ:	৩২	সংবাদ নিশাকর	৭৭
শিক্ষা দর্পণ ও সংবাদসার	১৯৫-৮	সংবাদ পাষাণদলন	১৩৩-৩৪
শিবকৃষ্ণ দত্ত—‘বঙ্গ হিতার্থিনী’	১৬৮	সংবাদ পূর্ণচন্দ্রোদয়	৫১-৫২
শিবনাথ শাস্ত্রী—‘সোমপ্রকাশ’	১৫৮	সংবাদ প্রভাকর	৩২-৩৮
শিবপ্রসাদ শর্মা—‘ব্রাহ্মণ সেবকি’	১৫-১৬	সংবাদ বর্ধমান	১১৭
শিশিরকুমার ঘোষ	১১৩	সংবাদ বর্ধমান জ্ঞানপ্রদায়িনী	১০৮
শিল্প কল্প লতিকা	১৭৩	সংবাদ বিভাকর	১২৭
শুভকরী	১৭৪-৭৫	সংবাদ ভারতবন্ধু	৭৭, ১৭৭-৭৮
শ্রীমহম্মদর সেন—‘সমাচার সুধাবর্ষণ’	১৩৫	সংবাদ ভৃঙ্গদূত	৮১
শ্রীমাচরণ বন্দ্যোপাধ্যায়	৩৬, ৭৭	সংবাদ মনোরঞ্জন	৯৯
শ্রীমাচরণ বসু—‘সত্যসংসারিণী পত্রিকা’	৯০	সংবাদ মুক্তাবলী	১০০
শ্রীমাচরণ সাম্রাণ—‘সৌদামনী’	১৬০	সংবাদ মৃত্যুঞ্জয়ী	৫৬-৫৭
শ্রীচৈতন্যকীর্তিকৌমুদী পত্রিকা	১৭২	সংবাদ রত্নবর্ষণ	১০০
শ্রীনাথ বন্দ্যোপাধ্যায়	১৪১	সংবাদ রত্নাবলী	৪৭-৪৮
শ্রীনাথ মল্লিক, আন্দুল	৫৮, ৬১	সংবাদ রসমুদগর	১০৬-৭
শ্রীনাথ রায়—‘সম্বাদ ভাস্কর’	৫৭-৮, ৬১	সংবাদ রসরত্নাকর	১০৯
শ্রীনাথ সিংহ রায়—‘হিন্দুরঞ্জিকা’	২০৮	সংবাদ রসসাগর	১০১-৪
শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধি	১৫১	সংবাদ রাজরাণী	৮৫
শ্রীনারায়ণ রায়, চাণক	৭৫-৬	সংবাদ শশধর	১২৭-২৮
শ্রীপতি মুখোপাধ্যায়—‘জ্ঞানদর্শন’	১১৯	সংবাদ সঙ্কনরঞ্জন	১০৭-৮
শ্রীরামপুর : পত্র-পত্রিকা	৪-৫, ২৫, ১১১, ১২৫, ১২৭	সংবাদ সাগর—‘সংবাদ রসসাগর’ দ্রষ্টব্য	
		সংবাদ সাধুরঞ্জন	৯৬-৮
		সংবাদ সুজনবন্ধু	৯৮-৯
সংবাদ অরুণোদয়	৬৬, ৬৭, ১০০-১	সংবাদ সুজনরঞ্জন	৭৫
সংবাদ কাব্যরত্নাকর	৯৪	সংবাদ সুধাংশু	১১৬-৭

সংবাদ সৌদামিনী	৫৭	সীতানাথ ঘোষ	৮৯-৯০
সংস্কারসংশোধিনী	১৬৬	সীতানাথ ঘোষ, যশোহর	৮৪
সচিহ্ন ভারত সংবাদ	১৯৩-৪	সুধাকর	১৭১
সত্যজ্ঞান-প্রদায়িনী	২০৬	সুবোধিনী	১৫৪
সত্য জ্ঞানসঞ্চারিণী পত্রিকা	১৪১	সুরেন্দ্রনাথ মজুমদার—'মঙ্গল উষা'	১৬১
সত্যধর্মপ্রকাশিকা	১০৪-৫	সুরেন্দ্রলাল সোম—'জ্ঞানরত্ন'	২১৩
সত্যপ্রদীপ	১১১-২, ১৬২	সুলতান-উল-আখ্বার	৭২
সত্যব্রত সামগ্রামী	২১১	সুলভ পত্রিকা	১৩২-৩৩
সত্যসঞ্চারিণী পত্রিকা	৮২-৯০	সোমপ্রকাশ	১৫৭-৫৯
সত্যার্ণব	১১৩-৪	সৌদামিনী	১৬০
সত্যাবেষণ	২০১		
সত্যেন্দ্রনাথ ঠাকুর—'তত্ত্ববোধিনী পত্রিকা'	৮৪	সুরকুমার সরকার	১৯১
সমসুল আখ্বার	৬৯-৭১	হরচন্দ্র চৌধুরী, সেরপুর	২০৫
সমাচার চন্দ্রিকা	২১-২৫	হরচন্দ্র ঞায়রত্ন	৩৬
সমাচার জ্ঞানদর্পণ	৯০	হরচন্দ্র বন্দ্যোপাধ্যায়	৫১-৫২
সমাচার দর্পণ	৫-১১	হরচন্দ্র রায়—'বাল্য গজেক্ট'	১২-১৩
সমাচার সভারাজেশ্বর	৩৯, ৭২	হরচন্দ্র রায় কৰ্মকার, শ্রীরামপুর	১২৮
সমাচার সুধাবর্ষণ	৭৩, ১৩৪-৫	হরমোহন চট্টোপাধ্যায়—'জ্ঞানাবেষণ'	৪২
সম্বাদ কৌমুদী	১৭-২০	হরিনাথ মজুমদার	১৮০-৮৩
সম্বাদ গুণাকর	৫৬	হরিনারায়ণ গোস্বামী	৯৩
সম্বাদ তিমিবনাশক	২৯-৩০	হরিশ্চন্দ্র মিত্র	১৬৩, ১৭৫-৭৭, ১৮৭, ২০৩
সম্বাদ ভাস্কর	৫৭-৬৩	হবিহর চট্টোপাধ্যায়	১২২
সম্বাদ রত্নাকর	৪৩-৪৪	হবিহর দত্ত	১৮, ২২, ৬৯
সম্বাদ রসরাজ	৬৩-৬৬	হলধর বসু	১৯
সম্বাদ সারসংগ্রহ	৪৪	হলধর সেন	১৩৪
সম্বাদ সুধাকর	৩৮	হারাণচন্দ্র মুখোপাধ্যায়	১৩৮
সম্বাদ সুধাসিন্ধু	৫৬	হিতবিলাসিনী পত্রিকা	১৫৯
সর্বতত্ত্বদীপিকা ও ব্যবহার দর্পণ	৩১-৩২	হিতসাধক	২১২-৩
সর্বতত্ত্বপ্রকাশিকা	১৪৬-৪৭	হিতৈষিণী পত্রিকা	১৫৬
সর্বরসরঞ্জিনী	৮৫	হিন্দু ইন্টারপ্রীটার	১৯৯
সর্বশুভকরী পত্রিকা	১১৪-১৬	হিন্দুধর্ম চন্দ্রোদয়	৯৩
সর্বার্থ পূর্ণচন্দ্র	১৩৮-৩৯	হিন্দুবন্ধু	৯৫
সর্বার্থ প্রকাশিকা	১৫২	হিন্দুরঞ্জিকা	২০৭-৯
সর্বার্থ সংগ্রহ	২০৭	হিন্দুরত্নকমলাকর	১৫০-৫১
সারদাকান্ত সেন—'চিত্তরঞ্জিকা'	১৭৫	হিন্দু হিতৈষিণী	২০৩-৪
সাহিত্য সংক্রান্তি	১৮৬-৮৭	হীরাচাঁদ চট্টোপাধ্যায়—'নব পত্রিকা'	৩২৮
সিদ্ধান্ত দর্পণ	১৩৬	হেমচন্দ্র বিহারত্ন—'তত্ত্ববোধিনী পত্রিকা'	৮৪
শিথ ও'ত্রায়ান	১৪২	হেরষচরণ মুখোপাধ্যায়	৭৫

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-সঙ্কলিত ও সম্পাদিত সংবাদপত্রে সেকালের কথা

প্রথম খণ্ড (১৮১৮-১৮৩০) : দ্বিতীয় খণ্ড (১৮৩০-৪০) । ভূমিকা ও টাক-টিপ্পনী সহ ।
মূল্য : প্রথম খণ্ড ৫০ ; দ্বিতীয় খণ্ড ৭৫ ।

সেকালের বাংলা সংবাদপত্রে বাঙালী-জীবন সম্বন্ধে যে-সকল তথ্য পাওয়া যায়, এই পুস্তকখানি তাহাবই সংকলন । বাংলা ভাষা ও সাহিত্যের বিকাশ, ইংবেজী শিক্ষা ও ইউরোপীয় প্রভাবের বিস্তার, দেশের সামাজিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক অবস্থা, সম্রাজ্ঞী বাঙালী পরিবারের ইতিহাস,—উনবিংশ শতাব্দীর বাঙালী-জীবনের এমন অল্প দিবই আছে, যাচাই সম্বন্ধে অমূল্য উপকরণ এই পুস্তকে না-পাওয়া যায় ।

শ্রী ব্রজেন্দ্রনাথ সরকার : “ব্রজেন্দ্রনাথ ইন্সপেক্টর হিঃসঃ বচনায় যে-সব গুণের পরিচয় দিয়াছেন, তাহ এই সংকলন ও সম্পাদন কাৰ্য্যেও পরিষ্কার হইয়াছে এবং এই গুণখানিকে এক দিকে পাঠ্য ও শিক্ষাপ্রদ সাহিত্য এবং অপর দিকে পাণ্ডিত্যের কীর্তিস্থলে পরিণত করিয়াছে । যথেষ্ট বঙ্গদেশ জৈতহাসিক ছাত্রের হস্তায় লইতে বাধ্য হইবে । সাহিত্য-পরিষৎ এজ্ঞা আদেব স্বগা করিব ব বিখ্যাত ।” (‘ভাবত-সং’ প্রকাশন ১৩৩৯)

ডাক্তার শ্রীমূলীকুমার দে : —“নিম্নপ্রদত্ত গণনা-কীর্তিপত্র, কীর্তিপত্র, গল্পপ্রবন্ধ সংবাদপত্রাদি যেখানে যাহা পাওয়া যায়, তাহা গল্প গল্প করিয়া অমূল্যকাম করিয়া অনন্যসাধারণ পরিচয় ও একাগ্রতার সহিত তাহ মিলাইয়া, নকল করিয়া, তাহা হইতে যে স্তম্ভ অজ্ঞাত ও মূল্যবান তথ্য সংগ্রহ করিয়াছেন, তাহাব দ্বারা বর্তমান গ্রন্থে তিনি মেই যথেষ্ট সুখ হুঃখ, গৌরব ও অশ্রোনের একটি নিরঙ্কর প্রমাণা চিত্র অঙ্কিত করিতে সক্ষম হইয়াছেন । তাহাব স্মরণ ও স্মরণসিদ্ধি সম্বন্ধে উনবিংশ শতাব্দীর সংগ্রহ ইতিহাস বচনাব ভিত্তিস্বরূপ হইবে ।

আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় : “Mr. Brajendra Nath Banerjee has been doing a public service by unearthing from the newspaper files of a century or more ago valuable materials” *Life and Experiences of a Bengali Chemist*, p 377.

দীনেশচন্দ্র সেন : “বাঙালীর এক শত বৎসরের ধর্ম, কর্ম, আচাৰ-ব্যবহাৰ, বৌদ্ধ-নীতি, সাহিত্য ও সমাজের যদি একখানি নিখৎ ছবি আপনাবা দেখিতে চাহেন, তবে এই বইখানি পাঠ করুন ।” (‘নিচিন্দ্রা,’ মাস ১৩৩৯)

শ্রীযোগেশচন্দ্র রায় বিজ্ঞানবিধি : —“যত দিন যাইবে ইহাব মূল্য তত বাড়িবে ।”

অমূল্যচরণ বিজ্ঞানভূষণ : “যিনি ইতিহাস লিখিবেন, যিনি উনবিংশ শতাব্দীর কোন কথা লিখিতে বা জানিতে চাহিবেন, তাহাব নিকট ‘সংবাদপত্রে সেকালের কথা’ অপরিহার্য্য ভাবে প্রয়োজন । এমন স্মরণকাচিত ও স্মরণসুস্থ গ্রন্থ ইহাব পূর্বে বাঙলা ভাষায় কখনও বাহির হয় নাই ।” (‘বঙ্গশ্রী,’ কার্তিক ১৩৪২)

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-প্রণীত বঙ্গীয় নাট্যশালার ইতিহাস

ডঃ শ্রীমুখীকুমার মুদ-লিখিত ভূমিকা সম্বলিত

পবিত্রীকৃত নূতন সংস্করণ—বহু চিত্রে স্মৃশোভিত...৪৮

১৭৯৫ হইতে ১৮৭৬ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত বাংলা দেশের সখের ও সাধাবণ নাট্যশালাব ইতিহাস। ইহাতে বাংলা নাট্যসাহিত্যের সূত্রপাত ও প্রতিষ্ঠাব বিবরণ সমসাময়িক উপাদানের সহায়্যে নিপুণভাবে আলোচিত হইয়াছে।

ডক্টর শ্রীমুখীকুমার চট্টোপাধ্যায় : “বাঙ্গালা সাহিত্য আলোচনার জন্ম এতাবৎ যতগুলি গ্রন্থ প্রকাশিত হইয়াছে, আলোচ্য গ্রন্থখানি সেগুলির মধ্যে প্রথম শ্রেণীতে স্থান পাইবার যোগ্য এবং এক হিসাবে বাঙ্গালা সাহিত্যের ইতিহাসের ক্ষেত্রে বইখানি অপূর্ণ ও একক। ...৩দ্বিতীয় ঐতিহাসিক ও সাহিত্যালোচকদের নিকট চিবকাল ধরিয়া source book অর্থাৎ অকবর সাধাবপুস্তক হইয়া থাকিবে। বইখানি ঐতিহাসিক প্রমাণের ভাণ্ডারস্বরূপ হইবেও, বিশেষতঃ বাংলা সাহিত্য-সমালোচক ভিন্ন সাধাবণ পাঠকগণও ইহাতে যথেষ্ট বস পাইবেন—এমনই চিত্তাকর্ষক কবিয়া নিপুণ ইতিহাস-সিদ্ধি ব্রজেন্দ্রনাথ তাঁহাব প্রমাণগুলি ও তদনুসরণে তাঁহাব ইতিহাস-কথা আনাদের সনার্হইয়াছেন। তিনি প্রাচীনদের মত হইবেও পৌরানিক কথার সনার্হইয়াছেন—প্রাচীনের সাবল্য ও সংস্কার ইহাতে অক্ষুণ্ণ থাকার পাঠকাল যে আনন্দ আনন্দন কবা যায়, তাহা নিছক অধুনাতন ঐতিহাসিকের মুক্তি কামর প্রমাণ-কণ্টক ও দোষায় পাওরী অসম্ভব। ...স্বনবিষয় নিছাসের কৌশল বইখানি একাধারে ইতিহাস ও সাহিত্য হইয়া দাড়াইয়াছে, এবং এইকপ পুস্তক প্রত্যেক শিক্ষিত বা শিক্ষিতমার্না বাঙ্গালীর আলোচ্য বা পাঠ্য হইবার যোগ্য। ...বাঙ্গালা নাটক ও বঙ্গমঞ্চ বিষয়ে সম্প্রতি যে কতকগুলি ইংবের্জী ও বাঙ্গালা পুস্তক ও প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, সেগুলির বহু ভ্রুটি-বিচ্যুতি ও ভ্রম-প্রমাদ এই প্রমাণ-ভাণ্ডার প্রকাশিত হওয়ায় জনসাধাবণের পক্ষে সংশোধন কবিয়া লইবার স্মযোগ মিঞ্জিল। এই প্রকার পুস্তক প্রকাশ কবা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের স্ম্য প্রতিষ্ঠানের পক্ষে অতি উপযুক্ত কার্য হইয়াছে। (‘বঙ্গশ্রী,’ শ্রাবণ ১৩৪০)

শ্রী ব্রজেন্দ্রনাথ সরকার : “অল্পান্ত পবিশ্রম ও যত্নেব সহিত...ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ‘বঙ্গীয় নাট্যশালাব ইতিহাস’ সংকলন কবিয়াছেন। তাঁহাব ‘সংবাদপত্রে সেকালের কথা’ব মত ইহা অমূল্য; কাবণ, এই তিনখানি আধাব একত্র না কবিলে বঙ্গ নবজীবনের (উদ্বোধন-এব) ইতিহাস জানা সম্ভব নহে। এই গ্রন্থে ব্রিটিশ-যুগের নাটক ও নাট্যশালাব ধাবাবাহিক ইতিহাস, তালিকা ও প্রমাণ সহিত বিবরণ দেওয়া হইয়াছে। সভ্যতা ও সাহিত্যের ইতিহাস-লেখকদের পক্ষে ইহা প্রথম শ্রেণীব উপকরণ, অর্থাৎ কার্যসে।” (‘ভাবতবর্ষ,’ জ্যৈষ্ঠ ১৩৪১)